দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব জিলা রঙ্গপুরের বৈকুণ্ঠপুর জমীদারীতেও মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

ময়মনসিংহের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি ডবলিউ উইলসন সাহেব ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৪২ সাল ১২ ফেব্রুআরি।

শ্রীযুত বি জে কল্বিন সাহেব পাটনা ও বেহারেতে বন্দোবস্তী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৪২ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত সি ডি রসেল সাহেবের আগমন না হওন কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ বি কেম্প সাহেব দিনাজপুরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন। অতএব বেহারের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবার গত মাসের ১১ তারিখে ঐ কেম্প সাহেবের যে

him to act as Collector of Behar, in which latter Office Mr J Reid will continue to officiate

নিয়োগ হইয়াছিল তাহা রহিত হইযাছে এবং শ্রীযুত জে রীড সাহেব ঐ কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

LEAVES OF ABSENCE

Mr B Golding, Civil and Sessions Judge of East Burdwan, during the Mohurrum vacation, subject to the Rules of 29th January, 1840

Mr H C Hamilton, Magistrate, Collector and Salt Agent of the Southern Division of Cuttack (Pooree), for fifteen days, under Medical Certificate in addition to the period allowed for joining his Station

Mr I T Trevor, exercising powers of Joint Magistrate and Deputy Collector in Cuttack, for one month, from 1st proximo under Section XI of the Rules of 29th January 1840

Mr H Atherton, Joint Magistrate and Deputy Collector of Pubna for three months under Section XI of the same Rules to enable him to proceed to Darjeeling for the benefit of his health

Baboo Brijenath Sein Principal Sudder Ameen of Jessore, during the Mohurrum Vacation

Moulvie Mahomed Kulleem, Officiating Ditto of Ditto, during ditto

Moulvie Abdoollah, Officiating Sudder Ameen of Ditto, during ditto

Moulvie Izzut Alli, late Principal Sudder Ameen of Nuddea, during ditto

The remaining portion of the leave of absence granted to Dr G N Cheek, of the Civil Station of West Burdwan under date the 21st December, 1841 has been cancelled from the 24th idem, the date on which he returned to his duties

F J Halliday,
Secy to the Govt of Bengal

ছুটি।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত বি গোল্ডিং সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির অধীনে মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

কটকের দক্ষিণাংশ অর্থাৎ পুরীর মাজিষ্ট্রেট ও কালেকটর এবং নিমকের এজেণ্ট শ্রীযুত এচ সি হামিল্টন সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনের নিমিত্তে যত দিনের ছুটী পাইয়াছিলেন তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকট ক্রমে পনের দিবসের ছুটী পাইযাছেন।

কটকের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ই টি ট্রিবর সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে আগামি মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এচ আথর্টন সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে দারজিলিঙ্গে গমনার্থ উক্ত বিধির ১১ ধারানুসারে তিন মাসের ছুটী পাইযাছেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু ব্রজনাথ সেন মহরমের বন্দে ছুটী পাইযাছেন।

ঐ স্থানের একটিং ঐ শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের একটিং সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল্লা ঐ বন্দে ছুটী পাইযাছেন।

নদীয়ার সাবেক প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ইজ্জৎ আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের সদর স্থানের চিকিৎসক শ্রীযুত জি এন চীক সাহেব ১৮৪১ সালের ২১ ডিসেম্বর তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ২৪ তারিখঅবধি অর্থাৎ যে তারিখে আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন তদবধি রহিত হইয়াছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT — নিমক।

এস্তেহার দেওযা যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মেং প্রিন্সেপ সাহেবের গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিযা খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওজুজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
প্রিন্সেপ সাহেবের বেলেঘাটা পাঙ্গা নেমক	বেলেঘাটা	১২৪৮ সাল	মোন ১০০০/	কোং ৪৫০৲টাকা

বোর্ড পরমিট নিমক ও আফিম তারিখ ১৪ ফিবরেল সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

NOTICE. — ইশ্‌তিহার।

এক্তাগারন মা কাছারী কালেক্টরি জেলা রঙ্গপুর সন ১৮৪২ ইঙ্গরেজী তারিখ ১৭ ফেব্রুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ৭ ফালগুণ।

মহাল আবকারীওগএরহ যে সন ১২৪৮ সালের বন্দোবস্ত হইয়াছিল তাহার মিয়াদ সমাপন হওনের উদ্যতপ্রযুক্ত সন ১৮৪২ ইঙ্গরেজীর ১ মেই মোতাবেক সন ১২৪৯ সালের ২০ বৈশাখহইতে পত্তন করা আর

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২২ ফেব্রুআরি]

শ্যক অতএব জেলা মজকুবেব মোতালকে বর্ত্তমান সনের শবাব ও গাঞ্জা ও তাড়ী ও আফীম বিক্রীব দোকান যে নিরিখে ইজাবা মোকবব আছে সেই সকল মহাল আএন্দা সনহইতে খাস হইয়া সবকাবেব সহিত বন্দোবস্ত হইবেক অতএব তাহাব তাইন নীচেব তপসীলে লিখিয়া ইস্তাহাব দেওগ' যাইতেছে যে কেহ ঐ সকল মহালাত প্রণালিমত নগদ তিন মাহাব টাকা আমানত দিয়া তালুক২ ও পবগনাওয়াবি থানা হিলিতে পত্তন হওয়াব বাঞ্ছা বাখে তবে সন ১৮৪২ ইঙ্গরেজীব ২৭ মার্চ মোতাবেক সন ১২৪৮ সালেব ১৫ চৈত্র হজুবে হাজিব আসিয়া দোকান লওয়াব প্রার্থনায় নগদ তিন মাহাব টাকা আমানত সম্বলিত দবখাস্ত দাখিল করিলে ঐ তাবিখ মজকুবে তাবৎ দবখাস্ত মোলাহেজা হইয়া জমা বেশী ও আমানত দৃষ্টে সন ১৮৪২ ইঙ্গবেজী মোতাবেক সন ১২৪৯ সালে বন্দোবস্ত আমলে আসিবেক ইতি। ১৮৪২ ইঙ্গবেজী তাবিখ সন ১২৪৮ সাল তাবিখ

তপসীল।

মহাল শবাব	মহাল গাঞ্জা	আফীম বিক্রী
ফী বোজ জমা	ফী বোজ জমা	ফী সেব মোট
মোট কোম্পানি——১৪৲	মোট কোম্পানি——১৭॥৶	কোম্পানি——২৩॥৩

Rungpore Collectorate, 17th Feb 1842 A. Dick, *Collector*

Required, a Treasurer for the Chittagong Collectorship Security of the value of Rs 32,079 must be tendered Salary, Rupees 50 per mensem

A Sconce, *Collector*

Chittagong Collectorate, the 29th January, 1842

[*Government Gazette, 22nd February,* 1842]

চাটিগাঁব কালেকটব সাহেবেব খাজানাখানাতে এক জন খাজাঞ্চীব আবশ্যক হইয়াছে কোন ব্যক্তি ঐ পদে নিযুক্ত হইতে চাহিলে তাঁহাকে ৪২০৭৯৲ টাকাব জামিন দিতে হইবেক ঐ পদেব মাহিয়ানা ৫০৲ টাকা।

চাটিগাঁব কালেকটবী কাছাবী। এ স্কন্স। কালেকটব। ১৮৪২। ২৯ জানুআবি।

শ্রীবামপুবেব যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত ।

CALCUTTA, TUESDAY, MARCH 1, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১ মার্চ ।

DRAFTS OF ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 14TH FEBRUARY, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 14th of February, 1842

Act No —— of 1842

An Act for repealing certain provisions of the Bengal Code regarding translations

I —Whereas the rules regarding the rate of payment for translations of proceedings and other documents for the use of the Sudder Dewanny Adawlut fixed by Section V Regulation XIX. 1797, and Section XXXIII Regulation IV 1803, of the Bengal Code, require amendment,—

It is hereby enacted, that Section V Regulation XIX 1797, and Sections XXXIII Regulation IV 1803, be repealed

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 14th day of April next.

T H MADDOCK,
Secy to the Govt of India

[*Third Insertion.*]
FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 6TH DECEMBER, 1841

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 6th of December 1841

আইনের মুসারিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট ।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ১৪ ফেব্রুআরি ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ১৪ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল ।

ইঙ্গরেজী ১৮৪২ সাল——আক্ট ।

তরজমা করণবিষয়ক বাঙ্গলা দেশের চলিত আইনের কোন২ বিধি বদকরণের আইন ।

১ ধারা। যেহেতুক সদর দেওয়ানী আদালতের নিমিত্তে রুবকারী এবং অন্যান্য কাগজপত্র তরজমাকরণের নিমিত্তে যে বেতন দেওয়া যায় তাহার হারের বিষয়ি যে বিধি বাঙ্গলা দেশের চলিত ১৭৯৭ সালের ১৯ আইনের ৫ ধারা এবং ১৮০৩ সালের ৪ আইনের ৩৩ ধারাতে নির্দ্দিষ্ট আছে তাহা মতান্তর করণ আবশ্যক বোধ হইল

অতএব ইহাতে হুকুম হইল যে ১৭৯৭ সালের ১৯ আইনের ৫ ধারা এবং ১৮০৩ সালের ৪ আইনের ৩৩ ধারা বদ হইবেক ইতি ।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয় ।

হুকুম হইল যে আগামি ১৪ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

[তৃতীয়বার প্রকাশিত।]
ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট ।
ইঙ্গরেজী ১৮৪১ সাল ৬ ডিসেম্বর ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪১ সালের ৬ ডিসেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল ।

ACT No —— OF 1841.

An Act for requiring Traders within Military Cantonments to be registered

It is hereby enacted, that no person residing within the limits of any Military Cantonment shall be allowed to recover in any Military Court of Requests the amount of any debt contracted within such Cantonment by any person amenable to Articles of War, unless the person seeking to recover such debt shall at the time of contracting the same have been duly registered as a Military Bazarman

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 6th day of March next

T H MADDOCK,
Secy to the Govt of India

[*Third Insertion*]

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT

THE 3D JANUARY, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 3rd of January, 1842

ACT No —— OF 1842

An Act for extending the provisions of Act XXI of 1839, to certain petty thefts, not being cases of simple larceny

I Whereas it has been found that property has been rendered insecure in many cases, by reason of the impunity with which petty thefts that are not of the description of simple larcenies, have been committed, it is hereby enacted, that Act No XXI of 1839, shall be applicable, besides cases of simple larceny where the property does not exceed 20 Rupees, to the following cases where the property stolen does not exceed the same amount, that is to say, stealing any goods or merchandize in any vessel, barge, or boat of any description whatsoever, or from any dock, wharf, or quay—stealing by any servant, of any chattel or money belonging to or in possession or power of his Master—stealing any chattel or money from the person of another

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 3rd day of March next

T H MADDOCK,
Secy to the Govt. of India

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১ মার্চ।]

ইঙ্গরেজী ১৮৪১ সাল —— আকট।

সৈন্যের ছাউনির মধ্যে ব্যবসায়িদিগকে রেজিষ্টরী হওনের হুকুম করণবিষয়ক আইন।

ইহাতে হুকুম হইল যে যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন ব্যক্তি সৈন্যের ছাউনির মধ্যে ঐ ছাউনির সীমার মধ্যনিবাসি কোন ব্যক্তির দেনদার হইলে ঐ পাওনিয়া ব্যক্তিযদি তৎসময়ে সৈন্যসম্পর্কীয় বাজারওয়ালার ন্যায় রেজিষ্টরী না ছিল তবে ঐ পাওনা টাকা যুদ্ধসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্টের দ্বারা আদায় করিতে পারিবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৬ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

[তৃতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ৩ জানুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৩ জানুআরি তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল —— আকট।

অস্থাবর বস্তু চুরীর অপরাধভিন্ন কোন২ ক্ষুদ্র চুরীর বিষয়ে ১৮৩৯ সালের ২১ আইনের বিধি খাটাইবার আইন।

১ ধারা। যেহেতুক দৃষ্ট হইয়াছে যে যে ক্ষুদ্র চুরী অস্থাবর সম্পত্তি চুরীর অপরাধের মধ্যে গণ্য নহে তাহা করিয়াও অপরাধিরদের দণ্ড না হওয়াতে অনেক২ গতিকে সম্পত্তির বিঘ্ন হইতেছে অতএব ইহাতে হুকুম হইল যে ১৮৩৯ সালের ২১ আইন যে অস্থাবর সম্পত্তির মূল্য কুড়ি টাকার উর্দ্ধ নহে ঐ প্রকার সম্পত্তি চুরীর বিষয়ে যেমন খাটে তেমনি পশ্চাৎ লিখিত যে২ গতিকে চুরী হওয়া সম্পত্তির মূল্য কুড়ি টাকার উর্দ্ধ না হয় তাহাতেও খাটিবেক। সেই২ গতিক এই কোন বড় বা ছোট জাহাজ বা কোন প্রকার নৌকা হইতে কিম্বা কোন গুদী বা ঘাট বা পোস্তাহইতে কোন জিনিস বা বাণিজ্যদ্রব্য চুরীকরণ এবং কোন চাকর আপনার মুনিবের অথবা মুনিবের দখলে কি অধীনে কোন দ্রব্য বা টাকা চুরী করণ অথবা অন্য ব্যক্তির শরীরহইতে কোন জিনিস বা টাকা চুরী করণ ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 3

To the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to request that you will report at an early date the result of the sales held under Act XII of 1841 on the 21st or 28th January in the several Districts of your Division, in the following form

Name of District	Number of Mehals Sold			Jumma of Mehals Sold			Amount Sale Price		
	Purchased on Acct of Govt	Purchased by Individuals	Total	Purchased on Acct of Govt	Purchased by Individuals	Total	Purchased on Acct of Govt	Purchased by Individuals	Total

E Currie, *Secretary*

Fort William, 9th February, 1842

[*Government Gazette, 1st March,* 1842]

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে ১৮৪১ সালের ১২ আইনানুসারে তোমার এলাকার নানা জিলায় জানুআরি মাসের ২১ বা ২৮ তারিখে যে নীলাম হইয়াছে তাহাতে যাহা হইয়াছে তাহার রিপোর্ট নীচের লিখিত শরওয়ামতে অবায় পাঠাইবা।

জিলার নাম।	যত মহাল বিক্রয় হইয়াছে।			বেক্রয়ওয়া মহালের জমা।			যে মূল্যে নীলাম হইয়াছে।		
	গবর্ণমেণ্টের নিমিত্তে যত খরীদ হইয়াছে।	নানা ব্যক্তির দ্বারা যত খরীদ হইয়াছে।	মোট।	গবর্ণমেণ্টের নিমিত্তে যত খরীদ হইয়াছে।	নানা ব্যক্তির দ্বারা যত খরীদ হইয়াছে।	মোট।	গবর্ণমেণ্টের নিমিত্তে খরীদ।	নানা ব্যক্তির দ্বারা খরীদ।	মোট।

ই করি। সেক্রেটারী

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৯ ফেব্রুআরি।

CIVIL APPOINTMENTS.

No 330
FORT WILLIAM,
SEPARATE DEPARTMENT.
The 16th February, 1842
APPOINTMENT

The Right Honourable the Governor is pleased to appoint Mr R Trotter to be Salt Agent at Chittagong in succession to Mr C Bury

GENERAL DEPARTMENT
The 21st February 1842

Mr W Monckton has been permitted to resign the East India Company's Civil Service, from the 1st of May next

G A Bushby,
Secy to the Govt of Bengal

No 212
ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT
APPOINTMENTS
The 15th February, 1842

Mr J H D'Oyly to be Special Commissioner under Regulation III of 1828, for the Calcutta Division, from the date on which Mr Curtis resigned the public service

Syed Jonab Alli to be Principal Sudder Ameen of East Burdwan, vice Cazee Russool Buksh retired The Office of Additional Principal Sudder Ameen in that District, hitherto held by Syed Jonab Alli, is abolished

Moulvie Abdoollah, Law Officer and Moonsiff of Jessore, to be Sudder Ameen of Sarun

Baboo Bhyrubchunder Bose, 1st grade Moonsiff of Midnapore, to be ditto ditto of Shahabad

The 19th February, 1842

Dr E Mitchell to be Civil Assistant Surgeon of Shahabad

Dr S Batson to be ditto ditto of Pubna

LEAVES OF ABSENCE
The 22d February 1842

Moulvie Mahomed Farookh, Sudder Ameen of Balasore, during the Mohurrum Vacation

Syed Monowher Ali, Principal Sudder Ameen of Shahabad, during ditto

Moulvie Mahomed Nazim, Sudder Ameen of Tipperah, during ditto

Moulvie Hedayet Alli Khan, 2d Principal Sudder Ameen of Behar, during ditto

Moulvie Assruff Hossein Khan, Sudder Ameen of ditto, during ditto

The unexpired portion of the leave of absence granted under date the 7th December 1841, to Moulvie Mahomed Adris Khan, Principal Sudder Ameen of Sylhet, has been cancelled from the 22d November last, the date on which he returned to his duties

F J Halliday,
Secy to the Govt of Bengal

রাজকর্ম্মে নিয়োগ।

৩৩০ নম্বর।
ফোর্ট উলিয়ম।
স্বতন্ত্র ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ১৬ ফেব্রুআরি।
নিয়োগ।

বাঙ্গলাদেশের শ্রীযুত গবরনর সাহেব শ্রীযুত সি বেরি সাহেবের বদলে শ্রীযুত আর ট্রটর সাহেবকে চাটিগাঁর নিমকের এজেন্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ মঙ্কটন সাহেব আগামি মে মাসের ১ তারিখঅবধি সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইশতাফা দেওনের অনুমতি পাইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

২৪২ নম্বর।
বাঙ্গলাদেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।
নিয়োগ।
১৮৪২ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত কর্টিস সাহেব যে তারিখে সরকারী কর্ম্মে ইশতাফা দিলেন সেই তারিখঅবধি শ্রীযুত জে এচ ডয়লি সাহেব ১৮২৮ সালের ৩ আইনানুসারে কলিকাতা এলাকার স্পেসিয়ল কমিস্যনর হইয়াছেন।

শ্রীযুত কাজী রসূল বক্স আপনার কর্ম্মে ইশ্‌তাফা দেওয়াতে শ্রীযুত সায়দ জোনাব আলী পূর্ব্ব বর্দ্ধমানের প্রধান সদর আমীন হইলেন। ঐ জিলাতে অতিরিক্ত প্রধান সদর আমীনী যে কর্ম্মেতে এইপর্য্যন্ত শ্রীযুত সায়দ জোনাব আলী নিযুক্ত ছিলেন তাহা উঠান গেল।

যশোহরের ব্যবস্থাদায়ক ও মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল্লা সারণের সদর আমীন হইবেন।

মেদিনীপুরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র বসু শাহাবাদের ঐ ঐ হইবেন।

১৮৪২ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত ডাক্তর ই মিচল সাহেব শাহাবাদের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত ডাক্তর এস বাটসন সাহেব পাবনার ঐ ঐ হইবেন।

ছুটী।
১৮৪২ সাল ২২ ফেব্রুআরি।

বালেশ্বরের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ফারুখ মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

শাহাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত সায়দ মনোহর আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

বেহারের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী হেদায়ৎ আলী খাঁ ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের সদর আমীন শ্রীযুত মৌলবী আশরফ হুসেন খাঁ ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ছিলটের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ইদ্রিস খাঁ ১৮৪১ সালের ৭ ডিসেম্বর তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত নবেম্বর মাসের ২২ তারিখঅবধি অর্থাৎ যে তারিখে তিনি আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন সেই তারিখঅবধি রহিত হইয়াছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১ মার্চ।]

No. 265

FORT WILLIAM,

JUDICIAL AND REVENUE DEPARTMENT,

The 22d February, 1842

NOTIFICATION

Nundlool Sahoo, late Treasurer of the Bhaugulpore Collectorate, having been convicted of embezzling the public money entrusted to his care, is, under Section IV Regulation II of 1813, hereby declared incapable of again serving the Government in any public capacity F J HALLIDAY,

Secy to the Govt of Bengal

No 266

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENTS

The 15th February, 1842

Mr F Cardew to be Civil and Sessions Judge of Beerbhoom from the 31st ultimo, vice Mr J H D'Oyly appointed Special Commissioner under Regulation III of 1828, for the Calcutta Division

The 22d February 1842

Mr T Taylor to Officiate as Civil and Sessions Judge of Nuddea in the room of Mr J C Brown who has obtained leave of absence for eight months from the 15th proximo, under Medical Certificate to proceed to Darjeeling for the benefit of his health

Mr G A C Plowden to Officiate as Civil and Sessions Judge of Sylhet

Mr A C Bidwell to Officiate as Collector of Sylhet, retaining charge at the same time of his own duties as Special Deputy Collector of Sylhet

Lieutenant C Scott to be a Principal Assistant to the Commissioner of Assam, vice Captain J Wemyss

Captain John Butler to be a Junior ditto to ditto, vice Lieutenant Scott promoted

Lieutenant G T Dalton to Officiate as a Junior ditto to ditto, during the absence of Lieutenant Sturt, or until further orders

Dr W H Boyes to be Civil Assistant Surgeon at Gowalparah

F J HALLIDAY,

Secy to the Govt of Bengal

১৬৫ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২২ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

ভাগলপুরের কালেকটরীর সাবেক খাজাঞ্চী নন্দলাল সাহু আপনার হস্তে সমর্পিত সরকারী টাকা তসরুফ বিষয়ে দোষিহওয়াতে ১৮১৩ সালের ২ আইনের ৪ ধারানুসারে সরকারের কোন কর্ম্মেতে নিযুক্ত হইতে আর পারিবেক না। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

২৬৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত জে এচ ডয়লি সাহেব ১৮২৮ সালের ৩ আইন অনুসারে কলিকাতা এলাকার স্পেসিয়ল কমিস্যনরী পদে নিযুক্তহওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত এফ কারডিউ সাহেব গত মাসের ৩১ তারিখঅবধি বীরভূমের সিবিল ও সেশন জজ হইবেন।

১৮৪২ সাল ২২ ফেব্রুআরি।

শ্রীযুত জে সি ব্রোণ সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে স্বীয় স্বাস্থ্যার্থে দারজিলিঙ্গে গমনার্থ আগামি মাসের ১৫ তারিখ অবধি ৮ মাসের ছুটী পাওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত টি টেলর সাহেব নদীয়ার সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এ সি প্লোডন সাহেব ছিলটে সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ সি বিডউএল সাহেব ছিলটে আপনার স্পেসিয়ল ডেপুটী কালেক্টরী কর্ম্ম আপন হস্তে রাখিয়া ছিলটের কালেক্টরী কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান জে উইমস সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত লেপ্টেনেন্ট সি স্কট সাহেব আসামের কমিস্যনরের প্রধান আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট স্কট সাহেব উচ্চ পদ প্রাপ্তহওয়াতে শ্রীযুত কাপ্তান জান বটলর সাহেব ঐ কমিস্যনরের দ্বিতীয় আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট স্টর্ট সাহেবের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট জি টি ডালটন সাহেব ঐ কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডাক্তর ডবলিউ এচ বয়স সাহেব গোআলপাড়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

SALT

বর্ত্তমান মাসের ৩ তারিখে যে ইস্তেহার জারি হইয়াছিল তাহাতে জেলা হিজলির মহসুল সন ১২৪৭ সালের ঘাট কৃষ্ণনগরের নেমক চালান করিলে তাহার সর্টিফিকেট অর্থাৎ নিদর্শন পত্র ঐ জেলার শ্রীযুত এজেন্ট সাহেবের দস্তখৎ মোহরে দাখিল করিলে কমদরে সেই পরিমাণ নেমক পুরস্কার পাইবার যোগ্য হইবেক এমত নিয়ম নির্দ্ধারিত আছে সে নিয়ম এক্ষণে বোর্ডের সাহেবান আলিশান রহিত করিলেন অর্থাৎ এক্ষণে আর সর্টিফিকেট দাখিল করিতে হইবেক না।

যাহারা উক্ত ঘাট কৃষ্ণনগরের নেমক ফিশত মোন কোৎ ৪২৮৲টাকা নিরিখদরে ৫০০/মোনের অধিক খরিদ করিবেক তাহারা ঐ নেমকের এবং কম্পেল সেশন ডে

গবর্ণমেন্টের ইশ্তিহার।

নিমক।

লিবরি বাবুদ তৎসমান পরিমাণ যে নেমক দ্বিতীয়বার পাইবার যোগ্য হয় তাহার ছাড় এক কালে পাইতে পারিবেক আর বোর্ডের সাহেবান উক্ত পরিমাবান প্রতি অনুগ্রহপূর্ব্বক অধিকন্তু এই হুকুম দিতেছেন যে ঐ সকল বেপারিয়ান কম্পেল সেশন ডেলিবরি অর্থাৎ পুরস্কার ওজন বাবুদে ইহার পূর্ব্বে ফিশত মোন ৪০০৲ টাকার দরে যেরূপ নেমক পাইতেছিল তাহাহইতে আরো অধিক কম কিম্মতে অর্থাৎ ফিশত মোন কোৎ ৩৯০৲ টাকা দরে পাইবার যোগ্য হইবেক।

বিয়োজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ১৮ ফিব্রুআরি।

এচ টরেন্স। সেক্রেটারী।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ২৮ ফিবরেল রোজ সোমবার বেলা দুই প্রহর এক ঘ টার পূর্ব্বে যে কোন সময়ে হউক নীচের লিখিত মোয়াজিহায় নেমক যাহা মোং ২৪ পরগনার নারায়ণপুরের গোলায় মৌজুদ আছে তাহার খরিদের জন্য দরখাস্ত সিল মোহর বন্দ করা এই দপ্তরখানায় লওয়া যাইবেক তদনন্তর ঐ নেমকের দর শ্রীযুত সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিমের হুকুমানুসারে নির্দ্ধারিত হইবেক ঐ সকল দরখাস্তে ফিশত মোন নেমকের উপর যে ব্যক্তি যত মূল্য দিতে চাহিবেক তাহা কোম্পানির টাকায় লিখিতে হইবেক আর ঐ দরখাস্তের উপর এমত জিকির থাকিবেক যে নারায়ণপুরের নেমকের বাবদ দরখাস্ত এবং দরখাস্তের শিরনামার উপর দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা তাহার গোমাস্তার নাম লিখিত থাকিবেক ও দরখাস্ত খুলিবার নিরূপিত সময়ে দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তা কেহ এক জন উপস্থিত না থাকিলে দরখাস্ত খোলা যাইবেক না এবং দরখাস্তের মাতবরির জন্য এক২ শত টাকা আমানতর স্বরূপ দাখিল করিতে হইবেক তদ্ব্যতীত কোন দরখাস্ত মাতবর জ্ঞান করা যাইবেক না ঐ ১০০৲ টাকা যে ব্যক্তির দরখাস্ত মনজুর হইবেক তাহার নামে এই নেমক খরিদের হিসাবে জমা হইবেক কিম্বা দরখাস্ত মনজুর না হইলে ফেরত দেওয়া যাইবেক।

যে সকল ব্যক্তি নেমক খরিদের জন্য দরখাস্ত করিবেক তাহারদিগের উচিত যে দরখাস্তকরণের পূর্ব্বে ঐ নেমকের নমুনা মোং নারায়ণপুরের গোলায় স্বচক্ষে দেখিয়া নেমকের রকম বুঝিয়া আপনার খাতির জমামতে দরখাস্ত করে ইতি।

নেমকের রেওরা।

এজেন্সি অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মোয়াজিয়ে নেমক
২৪ পরগনার তফাল ঐ নাহারসনি	নারায়ণপুর ঐ	সন ১২৪৭ সাল ঐ	মোন ১৪৪৩৩।২ ,, ৩৩৫০/ একুনে ১৭৭৮৩।২

বিমৌজির হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ তারিখ ২৩ ফিবরেল।
এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত করকচ নেমক পশ্চাদ্দক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং শালিখার গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
মান্দ্রাজ পরমিট নমক	শালিখা	১৮৪১।৪২	মোন ৬০০০/	কোং ৪১০৲টাকা

বোর্ড পরমিট নিমক ও আফিম তারিখ ২৪ ফিবরেল সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদ্দক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং ডাইমন হারবোরের সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতির জমা মত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পাহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ১০০/মোন
২৪ পরগনা	ডাইমনহারবোর	১২৪৭ সাল	মোন ১৪০০০৲	কোং টাকা ৪৩০৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২৫ ফেব্রেআরি সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত করকচ নেমক পশ্চাদ্দক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং শালিখার সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতির জমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের আমদানি	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
মান্দ্রাজ পরমিট নমক	শালিখা	১৮৪১।৪২	১০০০০/ মোন	কোং ৪১০৲ টাকা

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২৬ ফিব্রুআরি সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১ মার্চ]

SALES OF LAND — জমীদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে রামনারায়ণ দত্ত মোক্তারকারের দাখিলকরা জাল বেঙ্ক নোটের মুল্য ১৬ টাকা মধ্যে ৭ ।৶ আদায় বাদে বক্রী ৮ ॥৶ টাকা আদায় জন্য এই কালেক্টরির সন ১৮৪১ ইংরেজীর ১৮ অক্টোবর ও ১১নবেম্বর তারিখের আজ্ঞানুযায়ি উহার নীচের লিখিত জায়দাদ সরেজমীনে নিলাম হওনের ইস্তাহার প্রচার হইয়া নিলাম কারণ নাজীরের প্রতি হুকুম দেওয়া গিয়াছিল এইক্ষণে নাজীরের রিপোর্টে প্রকাশ যে ইস্তাহারের লিখিত জায়দাদ সরেজমীনে কেহ ডাক করে নাই মতে সন ১৮৪২ ইংরেজীর ১০ জানুআরি তারিখে আজ্ঞানুসারে এই কাছারিতে নিলাম হওনের ইস্তাহার জারিকরা আবশ্যক মতে সন১৮৪১ ইংরেজীর ১২ আইনের ৮ধারার মর্ম্মানুযায়ি তস্য জায়দাদ নীচের তপসীলমত সন১৮৪২ ইংরেজীর ৭ মার্চ মোতাবেক সন১২৪৮ সালের ২৫ ফাল্গুণ নিলামহওনের ইস্তাহার জারি হইল যদি উক্ত ব্যক্তি এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নিলামের পূর্ব্ব দিবস সূর্য্য অস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নিলামের নিরূপিত দিবসে দেনদার টাকা দিলেও তাহা গ্রহণ না করিয়া এই কালেকটরিতে নিলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিশ সমেত হাজীর হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইংরেজীর তারিখ ১১ ফিব্রুআরি মোতাবক সন ১২৪৮ সাল তারিখ ১ ফাল্গুণ।

নম্বর লাট	নাম মোকাম যে খানে জায়দাদ আছে	নাম পরগনা	নাম মালিক	তাইন জায়দাদ এই কালেক্টরির নাজীরের দাখিল করা ফর্দঅনুযায়ি নিলাম হইবেক।	তায়দাদ জাল বেঙ্ক নোটের মূল্যের বক্রী টাকা	কৈং
১	মৌজে প্রসাদপুর	ফতেসিংহ	রামনারায়ণ দত্ত	বসতবাটীর রকম ৶ দুই আনার কাত লাখেরাজ জমা ।৩ কাটা	৮॥৶	
২	ঐ	ঐ	ঐ	বসত বাটীর পূর্ব্ব লাখেরাজ পুষ্করিণীর রকম ৶ দুই আনা		

Moorshedabad Collectorate, 17th February, 1842 — P Taylor, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে মোকাম কলিকাতার সদর দেওয়ানী আদালতের ডিক্রীর টাক রাজা কৃষ্ণনাথ রায় বাহাদুর রেস্পাণ্ডেন্টের পাওনা রামকৃষ্ণ সরকার ও কৃষ্ণনাথ সরকার ও ভাগবতচরণ দাস আপীলাণ্টীয়ানের দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের প্রবলপ্রতাপ শ্রীযুত রেবিনিউর কমিস্যনর বাহাদুরের সন ১৮৪২ ইংরেজীর ২৭ জানুআরি তারিখের চিটী ও অত্র জেলার শ্রীযুত জজ সাহেবের উক্ত মাসের ১৩ তারিখের রুবকারির হুকুমানুযায়ি আপীলাণ্টীয়ানের মধ্যে ভাগবতচরণ দাসের সম্পত্তি সন ১৮৪১ ইংরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি নীচের তপসীল মত সন ১৮৪২ ইংরেজীর তারিখ ৭ মার্চ মোতাবক সন ১২৪৮ সালের তারিখ ২৫ ফাল্গুণ নিলাম হওনের ইস্তাহার জারি হইল যদি দেনদারান এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নিলামের নিরূপিত দিবসে দেনদারান টাকা দিলেও তাহা গ্রহণ না হইয়া এই কালেক্টরির কাছারিতে নিলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিসসমেত হাজীর হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ১১ ফেব্রুআরি মোতাবক সন ১২৪৮ সাল তাং ১ ফাল্গুণ।

নম্বর লাট	নম্বর রেজষ্টরি	নাম মহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা মাল থানাদারি	তাইন রকম যাহা নীলাম হইবেক	তায়দাদ খরচার টাকা মায় সুদ	কৈং
১	২৬০২	কীংপরগনা উজিরাবাদ	ভাগবতচরণ শিবনাথ ও বঙ্গলাল ও শ্যামাসুন্দরী দাসী ও গৌরগোবিন্দ ও গুরুদয়াল শাহা	১৯৪৯॥৩	ইঙ্গরেজী নক্শা অনুযায়ি এই দুই মাহালের চারি২ আনা রকম ভাগবতচরণ দাসের হক নিলাম হইবেক	১০৬৩০।১১ ইং ১৭ জুন সন ১৮৩৯ লাং ৬ মার্চ সন ১৮৪১ সাল মুদ্দত ২।৭।১০ দিনের সুদ ৩৩৬৬॥১১ / ১৩৯৯৬৶১০	
২	১৪৬৬	তং টেকারামপুর	ভাগবতচরণ ও শিবনাথ ও বঙ্গলাল ও শ্যামাসুন্দরী দাসী ও রামেশ্বর বাগচি	৪৭০।৮			

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বরের ২৫ নবেম্বরের সরকুইলের চিঠীর আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন করা যায় যে উক্ত ভূমির সাবেক মালিকের উপর যে সকল দায়আছে তাহা খরিদারকে অর্শিবেক এবং মাহালের পর সরকারের যে দাওয়া থাকে ঐ নিলামের দ্বারা কিছু লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 17th February, 1842. — P Taylor, *Collector.*

[*Government Gazette, 1st March*, 1842]

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে পরগনা কোওর প্রতাপওগয়রহের জমীদার রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুর ও রাণী অন্নপূর্ণার স্থানে উক্ত মহালের বাটোওয়ারার জুজ আমীনদিগের দরমাহার টাকা পাওনা মতে এই কালেক্টরির সন ১৮৪২ইংরেজীর ১৭ জানুআরি তারিখের আজ্ঞানুযায়ি তাহা আদায় জন্য সন ১৮৪১ ইংরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুসারে উক্ত মাহাল নীচের তপশীলমত সন ১৮৪২ ইংরেজীর তারিখ ৭ মার্চ মোতাবক সন ১২৪৮ সালের তারিখ ২৫ ফাল্গুণ নিলাম হওনের ইস্তাহার জারি হইল যদি ঐ জমীদারগণ এই ইস্তাহারের লিখিত সমুদয় দরমাহার টাকা নিলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নিলামের নিরূপিত দিবসে উক্ত জমীদারেরা টাকা দিলেও তাহা গ্রহণ না হইয়া এই কালেক্টরির কাছারিতে নিলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিস সমেত হাজীর হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইংরেজী তারিখ ১১ ফেব্রুআরি মোতাবক সন ১২৪৮ সাল তারিখ ১ ফাল্গুণ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা মায় খামা দারি	তাইন রকম যাহা নিলাম হইবেক	তায়দাদ জুজ আমীনদিগের দরমাহার টাকা	কৈং
১	১৬৮৭	পরগনে কোওর প্রতাপ ওগয়রহ	রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুর ও রাণী অন্নপূর্ণা	১৮২৬৪৭॥/৬	এই মহালের রকম ॥৮৴১১ রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুরের হিস্যা ও রকম ।৴১১৩৯ রাণী অন্নপূর্ণার হিস্যা পৃথক২ নীলাম হইবেক	দেনা রাজা কৃষ্ণ চন্দ্র বাহাদুর ৩২৯৵১০ দেনা রাণী অন্নপূর্ণার ৭৮৯১০ ১১১৮৵৴১০	

Moorshedabad Collectorate, 17th February, 1842 P TAYLOR, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে সদরের মোকদ্দমার খরচার টাকা মায়সুদ সরকার বাহাদুরের তরফ অত্র জেলার শ্রীযুত কালেক্টর সাহেব রিস্পাণ্ডেন্টের পাওনা গোলাম মরতাজ আপীলান্টের দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের প্রবলপ্রতাপ শ্রীযুত রেবিনিউর কমিস্যনর বাহাদুরের সন১৮৪১ ইংরেজীর ২ আগষ্ট তারিখের চিটী ও শহর মুরশিদাবাদের শ্রীযুত জজ সাহেবের ঐ সনের ২৭ জুলাই তারিখের রুবকারি অনুযায়ি আপীলান্টের সম্পত্তি নিলামের দিবস সন মজকুরের ২ অক্টোবর ধার্য্য হইয়া প্রশংসিত জজ সাহেবের ৩০ সেপ্টম্বর তারিখের রুবকারির আজ্ঞানুযায়ি নিলাম স্থগিত ছিল এক্ষণে প্রশংসিতের ৩০ ডিসেম্বর তারিখের রুবকারি আপীলান্টের সম্পত্তি লাটবন্দী করণের আদেশ পৌঁছিবাতে সন ১৮৪১ ইংরেজীর ১১ আইনের ৮ ধারানুযায়ি আপীলান্টের সম্পত্তি নীচের তপশীলমত সন ১৮৪২ ইংরেজীর তারিখ ৭ মাহ মার্চ মোতাবক সন ১২৪৮ সালের তারিখ ২৫ ফাল্গুণ নিলামহওনের ইস্তাহার জারি হইল যদি আপীলান্ট এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নিলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নিলামের নিরূপিত দিবসে দেনদার টাকা দিলেও তাহা গ্রহণ না হইয়া এই কালেক্টরির কাছারিতে নিলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ফিশত ২৫৲ টাকার হিসাবে ফিশ সমেত হাজীর হইয়া আইনমত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইংরেজী তারিখ ১১ ফেব্রুআরি মতারক সন ১২৪৮ সাল তারিখ ১ ফাল্গুণ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরি	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা	তাইন রকম যাহা নীলাম হইবেক	তায়দাদ খরচার টাকা মায় সুদ	কৈং
১	১৭২১	তরফ মহীন্দ্রপুর	গোলামমরতাজ	১৭১৪॥৭	ইঙ্গরেজী নকশা অনুযায়ি এই চারি মাহালের গোলামমরতাজের হক নিলাম হইবেক।	শ্রীযুত জজ সাহেবের রুবকারি অনুযায়ি ৩২৬৲ ঐ টাকার সুদ ইস্তক সন ১৮৪০। ১১ জুলাই লাগাইদ সন ১৮৪২ সালের ৬ মার্চ মুদ্দতে ১।৭।২৬ দিবসের কাত ৬৪৸৴ ৩৯০৸৴	
২	১৭০১	কিসমত মৌজে মাড়গাঁ	গোলামমরতাজ ও সুজাওদ্দোলা ও বাজল বিবি	৩৭৪৲১১			
৩	১৬৭২	কিসমত গাজীপুর	তথা	১৬২॥৵১০			
৪	২৩৮৪	কিসমত জোত মাচন চক শেনান	তথা	৩৫৴৮			

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১ মার্চ।]

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বরের সরকুলার চিঠীর আজ্ঞা প্রমাণ বিজ্ঞাপন করা যায় যে উক্ত ভূমির সাবেক মালিকের উপর যে সকল দায় আছে তাহা খরিদারকে অর্পিবেক এবং মহালের পর সরকা রের যে দাওয়া থাকে ঐ নিলাম দ্বারা লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 17th Feb 1842 — P TAYLOR, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে কিসমত পরগনে দাওয়ার বাটোওয়ারার জুম আমানের দরমাহা সন [illegible] সালের লাগাইত ভাদ্রের উসুলবাদে ৪৪৷৵ টাকা আর ইস্তক আশ্বিন লাগাইত পৌষ চারি মাহার কাত [illegible] টাকা একুনে ৬৮৷৵ টাকা ঐ মহালের তালুকদার গোপালকান্ত ভট্টাচার্য্য ও বিজয় গোবিন্দ চৌধুরী আদায় না করাতে এই কালেক্টরির চলিত সনের ২০ জানুআরি তারিখের আজ্ঞানুযায়ি তাহা আদায় জন্য সন ১৮৪১ সাল ইঙ্গরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি উক্ত মহাল নীচের তপশীলমত সন ১৮৪২ ইঙ্গরেজীর ৭ মার্চ মোতাবক সন ১২৪৮ সালের ২৫ ফালগুণ নিলাম হওনের ইস্তাহার জারি হইল যদি ঐ তালুকদারগণ এই ইস্তাহারের লিখিত সমুদয় দরমাহার টাকা নিলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দা খিল না করে তবে ঐ নিলামের নিরূপিত দিবসে উক্ত তালুকদারেরা টাকা দিলেও তাহা গ্রহণ না হইয়া এই কা লেক্টরির কাছারিতে নিলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ফিশত ২৫ টাকা হিসাবে জিম্মা সমেত হাজির হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ১১ ফেব্রুআরি মোতাবক সন ১২৪৮ সাল তারিখ ১ ফালগুণ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম তালুকদার	সদর জমা সা লিয়ানা	তাইন রকম যাহা নিলাম হইবেক	তায়দাদ জুম আমানদিগে র দরমাহার টাকা	কৈং
১	৪২৫	কিসমত পরগ নে দাওর	গোপালকান্ত ভট্টা চার্য্য ও বিজয় গো বিন্দ চৌধুরী	২৮২৭/৪	সমুদয় মহা ল	৬৮৷৵০	

Moorshedabad Collectorate 17th Feb 1842 — P TAYLOR, *Collector*

NOTICE — ইশ্তিহার।

এস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা রঙ্গপুর সন ১৮৪২ ইঙ্গরেজী তারিখ ১৭ ফেব্রুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ৭ ফালগুণ।

মহাল আবকারীওগএরহ যে সন ১২৪৮ সালের বন্দোবস্ত হইয়াছিল তাহার মিয়াদ সমাপন হওনের উদ্যতপ্রযুক্ত সন ১৮৪২ ইঙ্গরেজীর ১ মেই মোতাবেক সন ১২৪৯ সালের ১০ বৈশাখহইতে পত্তন করা আর শ্যক অতএব জেলা মজকুরের মোতালকে বর্ত্তমান সনের শরাব ও গাঞ্জা ও তাড়ী ও আফীম বিক্রীর দোকান যে নিরিখে ইজারা মোকরর আছে সেই সকল মহাল আএন্দা সনহইতে খাস হইয়া সরকারের সহিত বন্দো বস্ত হইবেক অতএব তাহার তাইন নীচের তপশীলে লিখিয়া ইস্তাহার দেওয়া যাইতেছে যে কেহ ঐ সকল মহা লাত প্রণালিমত নগদ তিন মাহার টাকা আমানত দিয়া তালুক২ ও পরগনাওয়ারি থানা কিলিতে পত্তন হওয়ার বাঞ্ছা রাখে তবে সন ১৮৪২ ইঙ্গরেজীর ২৭ মার্চ মোতাবেক সন ১২৪৮ সালের ১৫ চৈত্র হজুরে হাজির আসিয়া দোকান লওয়ার প্রার্থনায় নগদ তিন মাহার টাকা আমানত সম্বলিত দরখাস্ত দাখিল করিলে ঐ তারিখ মজকুরে তাবৎ দরখাস্ত মোলাহেজা হইয়া জমা বেশী ও আমানত দৃষ্টে সন ১৮৪২ ইঙ্গরেজী মোতাবেক সন ১২৪৯ সালে বন্দোবস্ত আমলে আসিবেক ইতি। ১৮৪২ ইঙ্গরেজী তারিখ   সন ১২৪৮ সাল তারিখ

তপশীল।

মহাল শরাব	মহাল গাঞ্জা	আফীম বিক্রী
ফী রোজ জমা	ফী রোজ জমা	ফী সের মোট
মোট কোম্পানি——১৪৲	মোট কোম্পানি——১৭৷৷৵	কোম্পানি——২৩৷৷৩

Rungpore Collectorate 17th Feb 1842 — A DICK, *Collector*

REQUIRED, a Treasurer for the Chittagong Collectorship Security of the value of Rs 32,079 must be tendered Salary, Rupees 50 per mensem

A SCONCE, *Collector*

Chittagong Collectorate, the 29th January, 1842

চাটিগাঁর কালেকটর সাহেবের খাজানাখানাতে এক জন খাজাঞ্চীর আবশ্যক হইয়াছে কোন ব্যক্তি ঐ পদে নিযুক্ত হইতে চাহিলে তাঁহাকে ৩২০৭৯৲ টাকার জামিন দিতে হইবেক ঐ পদের মাহিয়ানা ৫০৲ টাকা।

চাটিগাঁর কালেকটরী কাছারী এ কন্স। কালেক্টর। ১৮৪২। ২৯ জানুআরি।

SHERIFF'S SALE

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ৩ মার্চ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে কলিকাতার সরিফ সাহেব রাজনারায়ণ বসাক ও জয়কৃষ্ণ বসাকের বিরুদ্ধে বেণ্ডিসিয়োনৈ এক্সপোনাস নামক পরওয়ানাক্রমে নীচের লিখিত বিষয় বিক্রয় করিবেন।

১ দফা। কলিকাতা নগরের মাছুয়া বাজারের শামিল ও তমধ্যস্থিত সুরৎকুমার বাইর বাটী নামক যে এক দো তালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী তাহা এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি কমবেশ /৪ চারি কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে গঙ্গা ধর হালদারের বাটী ও ভূমি দক্ষিণ দিগে গৌরাঙ্গ দাস সেটের বাটী ও ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে শ্রীমতী ঠাকুরমণি দাসীর বাটী ও ভূমি।

২ দফা। এবং উক্ত কলিকাতা নগরে রতন সরকারের রাস্তার শামিল ও তমধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনি র্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি কমবেশ ১/ এক বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ব ও অধিকার

ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মৃত বৈষ্ণবচরণ মল্লিকের রাইয়তী ভূমি ও বাটী দক্ষিণ দিগে কোম্পানির রাস্তা পশ্চিম দিগে মুক্তাওয়ালীর বাটী নামে খ্যাত এক বাটী ও ভূমি পূর্ব্ব দিগে মহিষা দলের রাজার রাইয়তী ভূমি ও বাটী।

৩ দফা। এবং উক্ত কলিকাতা নগরের মনসাতলার বাজার ও শামিল তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ।১ ছয় কটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে যজ্ঞেশ্বর বসাকের বাটী ও ভূমি দক্ষিণ দিগে রামগোপাল বসাকের বাটী ও ভূমি পূর্ব্ব দিগে রামনাথ বসাকের বাটী ও ভূমি।

৪ দফা। এবং উক্ত কলিকাতা নগরের রতন সরকারের রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত মুক্তাওয়ালীর বাটী নামে খ্যাত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /১৮/ এক কাটা তের ছটাক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মৃত বৈষ্ণবচরণ মল্লিকের ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে হরিমোহন সেটের বাটী ও ভূমি পূর্ব্ব দিগে মৃত বৈষ্ণবচরণ মল্লিকের গোলা বাটী।

৫ দফা। এবং উক্ত কলিকাতা নগরের রতন সরকারের রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত রামমোহন আড্ডির বাটীনামে খ্যাত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /১ এক কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তরদিগে সরকারী রাস্তা দক্ষিণ ও পশ্চিম দিগে উদয়চরণ বাবুর বাটী ও ভূমি পূর্ব্ব দিগে উক্ত রাম মোহন আড্ডির বাটী ও ভূমি।

৬ দফা। এবং উক্ত কলিকাতা নগরের আড়কুলি স্থানের শামিল ও তন্মধ্যস্থিত আড়কুলি দীঘী নামে খ্যাত যে এক পুষ্করিণী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৩০/ ত্রিশ বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মুক্তারাম বাবুর বাগাৎ ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে গোবিন্দদাস সেটের রাইয়তী ভূমি পূর্ব্ব দিগে রাধাকৃষ্ণ বসাক ও কাশীনাথ বসাকের রাইয়তী ভূমি।

৭ দফা। এবং উক্ত কলিকাতা নগরের আড়কুলি স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ১৬৮০ ষোল বিঘা পনের কাটা তাহাতে ও তাহার মধ্যে ও [illegible] উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে ভবানীচরণ দত্তের বাগাৎ ভূমি পশ্চিম দিগে ইমামবাড়ী পূর্ব্ব দিগে হলধর বসাক ও গুরুদাস বসাকের রাইয়তী ভূমি।

৮ দফা। এবং উক্ত কলিকাতা নগরের চীনাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥২ বারো কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মৃত কৃষ্ণচন্দ্র কলিয়ার বাটী ও ভূমি দক্ষিণ দিগে কাশীনাথ বসাকের বাটী ও ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে রাধাকৃষ্ণ বসাকের ভাড়াটীয়া বাটী ও ভূমি।

৯ দফা। এবং উক্ত কলিকাতা নগরের মাছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত কলাবাগান নামে খ্যাত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ১১/ এগার বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে কোম্পানির নরদমা পশ্চিম দিগে শ্রীকৃষ্ণ বসাকের ভূমি পূর্ব্ব দিগে সেখ ফিদর আলীর দরগা।

১০ দফা। এবং বাঙ্গলা দেশের জিলা চব্বিশ পরগনার খুঁড়া স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাত ভূমি কমবেশ ৩০/ ত্রিশ বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মথুরমোহন সেনের বাগাত ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে টীকারাম ঘোষের বাগাৎ ভূমি পূর্ব্ব দিগে রামতনু বসাকের বাগাত ভূমি।

সরিফের দফতরে অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 8, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ৮ মার্চ।

DRAFTS OF ACTS

[*Third Insertion*]
FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 20TH DECEMBER, 1841

The following Extract from the Proceedings of the Right Hon'ble the Governor General of India in Council, in the Legislative Department, under date the 20th of December 1841, is published for general information

Read a second time the Draft of a proposed Act, dated 19th of July 1841, and published in the Calcutta Gazette of the 27th of the same month, for amending the Rules of Special Appeals

Resolution — The Right Hon'ble the Governor General in Council resolves that the following Amended Draft on the subject be re-published for general information

ACT No —— OF 1841

An Act for amending the Rules of Special Appeals

I It is hereby enacted, that from and after the a Special Appeal shall lie to the Courts of Sudder Dewanny Adawlut at Calcutta and Allahabad respectively, to the Court of Sudder Adawlut at Madras, and to the Court of Sudder Dewanny Adawlut at Bombay, from all decisions passed on regular Appeals in the Civil Courts subordinate to them respectively, which shall appear to be inconsistent with some law, or usage having the force of law, or some practice of the Courts, or shall involve some question of law, usage, or practice, upon which there may be reasonable doubts

II. And it is hereby enacted, that applications for Special Appeals shall not be admitted unless

আইনের মুসাবিদা।

[তৃতীয়বার প্রকাশিত।]
ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪১ সাল ২০ ডিসেম্বর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে লেজিসলেটিব ডিপার্টমেণ্টে ১৮৪১ সালের ২০ ডিসেম্বর তারিখের কার্য্যের বিবরণের নীচের লিখিত চুম্বক সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হইতেছে।

খাস আপীলের বিধি সংশোধনের নিমিত্ত ১৮৪১ সালের ১৯ জুলাই তারিখের যে প্রস্তাবিত আইন ঐ মাসের ২৭ তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে স্থির করিয়াছেন যে উক্ত বিষয়ে নীচের লিখিত সংশোধিত মুসাবিদা সর্ব্ব সাধারণ লোকের বিজ্ঞাপনার্থে পুনরায় প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪১ সাল——আক্ট।

খাস আপীলের বিধি সংশোধনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে অমুক দিবসাবধি এবং অমুক দিবসের পর কলিকাতার এবং আলাহাবাদের সদর দেওয়ানী আদালত ও মান্দ্রাজের সদর আদালত এবং বোম্বায়ের সদর দেওয়ানী আদালতের অধীন দেওয়ানী আদালতসকলে জাবেতামত আপীলের যে সকল নিষ্পত্তি কোন আইনের বিরুদ্ধ অথবা আইনের তুল্য প্রবল কোন ব্যবহারের বিরুদ্ধ কিম্বা আদালতের কোন রেওয়াজের বিপরীত দৃষ্ট হয় অথবা আইনের কিম্বা ব্যবহারের বা রেওয়াজের যে কোন বিষয়ে উপযুক্ত সন্দেহ হইতে পারে এইমত কোন নিয়মঘটিত হয় সেই আপীলের নিষ্পত্তির উপর খাস আপীল ঐ২ সদর আদালতে হইতে পারে ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জাবেতামত আপীলের দরখাস্ত দাখিলকরণের যে মিয়াদ নির্দিষ্ট

they are presented to the proper Court as aforesaid within the period limited for the presentation of regular Appeals

III And it is hereby enacted, that every application for a Special Appeal shall be accompanied by copies of the several decrees previously passed on the case

IV And it is hereby enacted, that every application for a Special Appeal duly presented to the proper Court as aforesaid shall be heard by a single Judge of the Court in the presence of the Special Appellant, or his Vakeel or Agent, and it shall be competent to the Judge at his discretion, to call for and peruse any document forming a part of the record of the cause, and to summon the opposite party to answer the application

V And it is hereby enacted, that if it shall appear to the Judge that a Special Appeal is admissible under this Act, he shall pass an order accordingly, and shall at the same time reduce the point or points to be determined to writing in English in the form of a Certificate, which shall be translated into the vernacular language in use in the Court, and the Special Appeal shall then be brought on the file of the Court to be heard and determined in due course.

VI And it is hereby enacted, that if it shall appear to the Judge that a Special Appeal is not admissible under this Act he shall reject the petition, and his order so rejecting a petition for a Special Appeal shall be final

VII And it is hereby enacted, that in every case of Special Appeal admitted as aforesaid, the Court of Sudder Dewanny Adawlut shall determine the point or points certified as above enacted, and no other point or part of the case whatever

VIII Provided that when the special ground of Appeal may have been incorrectly or incompletely certified, it shall be competent to the Court to amend the Certificate

IX And it is hereby declared, that the existing Laws and Regulations of the Presidencies of Bengal, Madras, and Bombay, relating to Special Appeals, shall continue in force so far as they are not inconsistent with the provisions of this Act

X And it is hereby enacted, that nothing contained in this Act shall affect the hearing of second or Special Appeals which shall have been admitted and be pending in Appeal at the time of the passing of this Act, and that all such second or Special Appeals shall be heard and decided in the same manner as if this Act had not passed

---

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 20th day of March next.

T H Maddock,
Secy to the Govt of India

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৮ মার্চ।]

আছে সেই মিয়াদের মধ্যে খাস আপীলের দরখাস্ত উপরের উক্তমতে উপযুক্ত সদর আদালতে দাখিল না হইলে তাহা গ্রাহ্য হইবেক না ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে মোকদ্দমার সম্পর্কে খাস আপীল হয় তাহাতে পূর্ব্বে যে সকল ডিক্রী হইয়াছিল তাহার নকল খাস আপীলের দরখাস্তের সঙ্গে দাখিল করিতে হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে খাস আপীলের প্রত্যেক দরখাস্ত উপরের উক্তমতে উপযুক্ত সদর আদালতে রীত্যনুসারে দাখিল হইলে তাহা খাস আপেলাণ্ট কি তাহার উকীল বা মোখ্তারকারের সম্মুখে ঐ আদালতের এক জন জজ সাহেব শুনিবেন এবং ঐ জজ সাহেব আপনার বিবেচনামতে ঐ মোকদ্দমার মিসিলের সম্পর্কীয় কোন দলীলদস্তাবেজ তলব করিয়া পাঠ করিতে পারেন্ এবং ঐ দরখাস্তের জওয়াব দেওনের নিমিত্ত বিপরীত পক্ষকে তলব করিতে পারেন্ ইতি।

৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে জজ সাহেবের যদি এই মত বোধ হয় যে এই আইনমতে খাস আপীল গ্রাহ্য হইতে পারে তবে তিনি তদনুসারে হুকুম দিবেন এবং সেই সময়ে আপীলের যে মূল বিষয় বা বিষয়সকলের বিচার করিতে হইবেক তাহা সর্টিফিকেটের ন্যায় ইঙ্গরেজী ভাষায় লিখিবেন পরে ঐ আদালতে যে দেশীয় ভাষা চলিত আছে তাহাতে তাহা তরজমা করা যাইবেক এবং তাহার পর ঐ খাস আপীল দাঁড়ামত শুননি ও নিষ্পত্তি হইবার নিমিত্ত আদালতের নথীর শামিল করা যাইবেক ইতি।

৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে জজ সাহেবের যদি এইমত বোধ হয় যে এই আইনমতে খাস আপীল গ্রাহ্য হইতে পারে না তবে তিনি দরখাস্ত নামঞ্জুর করিবেন এবং খাস আপীলের দরখাস্ত নামঞ্জুর করণের বিষয়ে তাঁহার হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উপরের উক্তমতে কোন খাস আপীল গ্রাহ্য হইলে উপরের উক্ত ধারামতে যে মূল বিষয় বা বিষয়সকল সর্টিফিকেটে লেখা যায় কেবল তাহার বিচার সদর দেওয়ানী আদালত করিবেন এবং ঐ মোকদ্দমার অন্য কোন বিষয় বা অংশের বিচার করিবেন না ইতি।

৮ ধারা। কিন্তু আপীলের বিশেষ কারণ যদি অশুদ্ধ বা অসম্পূর্ণরূপে সর্টিফিকেটের মধ্যে লেখা যায় তবে ঐ সদর আদালত ঐ সর্টিফিকেট শুদ্ধ করিয়া দিতে পারেন ইতি।

৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা এবং মান্দ্রাজ ও বোম্বায়ের রাজধানীর খাস আপীলের বিষয়ে যে সকল আইন ও বিধি আছে তাহা যেপর্য্যন্ত এই আইনের বিধির বিরুদ্ধ না হয় সেইপর্য্যন্ত প্রবল থাকিবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারীহওনের সময়ে যে দ্বিতীয় অর্থাৎ খাস আপীল গ্রাহ্য হইয়া মুলতবী থাকে এই আইনের কোন হুকুমের দ্বারা তাহা শুননির ব্যতিক্রম হইবেক না এবং এই আইন জারী না হইলে ঐ দ্বিতীয় অর্থাৎ খাস আপীলের যেরূপে শুননি ও নিষ্পত্তি হইত সেইরূপে শুননি ও নিষ্পত্তি হইবেক ইতি।

হুকুম হইল যে আগামি ২০ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C Marshman, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 275

To the Magistrates and Joint Magistrates in the Lower Provinces, and the Principal Assistants in the Hazareebagh and Assam Divisions

The Court are pleased to direct that Magistrates who may send Insanes to any of the Insane Hospitals at Patna, Dacca, Moorshedabad, and the Twenty-four Pergunnahs, shall forward with the patients a Descriptive Roll, in the annexed form, with the column of Remarks filled up by the Surgeon of the district, in those cases in which the patients may have been attended by him

Descriptive Roll of Insanes forwarded to the Insane Hospital of ———— from Zillah ————

Name of Patient	Names of near relatives or members of his family	Place of residence including names of Village, Pergunnah and Zillah.	Caste, occupation or Trade.	Age	List of articles, as cloths &c belonging to the Patient, and sent with him to the asylum	Circumstances that led to the patient having been put under restraint and sent for confinement in the asylum	Remarks A brief history of the case, the supposed cause of insanity, &c

W Kirkpatrick, *Deputy Register*
Fort William, 28th January, 1842

[*Government Gazette*, 8*th March*, 1842]

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

২৭৫ নম্বর।

বাঙ্গালাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিস্ট্রেট সাহেব ও শ্রীযুত জাইন্ট মাজিস্ট্রেট সাহেব এবং হাজারীবাগ ও আসামের শ্রীযুত প্রধান আসিষ্টান্ট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে মাজিস্ট্রেট সাহেবেরা কোন উন্মত্ত ব্যক্তিদিগকে পাটনা কি ঢাকা বা মুরশিদাবাদ অথবা চব্বিশ পরগনার পাগলাগারদে পাঠাইয়া দিলে তাহারদের সঙ্গে নীচের লিখিত পাঠানুসারে তাহারদের বেওরার এক ফর্দ্দ পাঠাইবেন এবং উক্ত কোন ব্যক্তিদিগকে জিলার চিকিৎসক সাহেব যদি চিকিৎসা করিয়াছিলেন তবে ঐ সাহেব মন্তব্য কথার শ্রেণীতে পূর্ণ করিয়া লিখিবেন।

অমুক জিলাহইতে অমুক জিলার পাগলাগারদে যেং উন্মত্ত লোককে পাঠান যায় তাহারদের বেওরার ফর্দ্দ।

উন্মত্ত ব্যক্তির নাম	তাহার আত্মীয় ব্যক্তি অথবা পরিবার লোকের নাম।	তাহার বাসস্থান অর্থাৎ জিলা ও পরগনা এবং গ্রামের নাম।	তাহার জাতি ও কর্ম্ম বা ব্যবসায়।	বয়ঃক্রম	উন্মত্ত ব্যক্তির বস্ত্র ইত্যাদি যে সকল দ্রব্য পাগলাগারদে তাহার সঙ্গে পাঠান যায় তাহার ফর্দ্দ।	যে কারণে উন্মত্ত ব্যক্তিকে বন্ধন করা গেল এবং পাগলাগারদে পাঠান গেল তাহা।	মন্তব্য কথা অর্থাৎ তাহার পীড়ার কিঞ্চিৎ বেওরা ও উন্মত্ত ভাব যে কারণ বোধ হয় ইত্যাদি।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৮ জানুআরি।

John C Marshman, *Bengalee Translator.*

৩৪১ নম্বর।
ফোর্ট উলিয়ম।
স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।
হাসিলপ্রভৃতি।
১৮৪২ সাল ১৬ মার্চ।

শ্রীযুত এচ এস লেন সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের দ্বিতীয় মেম্বরী পদ ধারণ করিলেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩৪২ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৮ মার্চ।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে আর কালবিন সাহেব লার্ড হঙ্গরফোর্ড নামক জাহাজে আরোহণ করিয়া ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ ১৬ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩৪৩ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৮ মার্চ।
ছুটী

সিবিলসম্পর্কীয় সাহেবেরদের এই বৎসরের শেষ ছুটী শ্রীযুত সি জি মানসেল সাহেবকে অগ্রগণ্য হওয়াতে দেওয়া গেল।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩৩৮ নম্বর।
বাঙ্গলাদেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
নিয়োগ।
১৮৪২ সাল ১২ মার্চ।

যুত ডবলিউ এ লা সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জে জি

Deputy Collector of Bograh, vice Mr W A Law deceased Mr Campbell will not join his appointment till after the expiration of the period for which he has been nominated to Officiate as Collector of Bhaugulpore

LEAVES OF ABSENCE

Baboo Hurro Colly Ghose, Deputy Collector under Regulation IX of 1833, in Dinagepore, for two months, under Medical Certificate

The 14*th March*, 1842

Mr E E H Repton, Magistrate, Collector and Assistant Superintendent of Tributary Mehals, at Balasore, for six months, to proceed to Darjeeling under Medical Certificate, in extension of the leave of absence granted to him on the 4th January last

APPOINTMENT

The 16*th March*, 1842

Mr P Taylor to officiate as Magistrate, Collector and Assistant Superintendent of Tributary Mehals at Balasore, during the absence of Mr Repton, or until further orders

F J Halliday,
Secy to the Govt of Bengal

কাম্বেল সাহেব বগুড়ার জাইন্ট মজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু যে কালের নিমিত্ত ঐ সাহেব ভাগলপুরের কালেকটরী কর্ম্ম করিতে হুকুম পাইয়াছেন তাহা অতীত না হইলে বগুড়াতে যাইবেন না।

ছুটী।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে দিনাজপুরের ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু হরকালী ঘোষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ১৪ মার্চ।

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও করদায়ি মহালের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ই ই এচ রেপটন সাহেবকে গত মাসের ৪ জানুআরি তারিখে যে ছুটী দেওয়া গিয়াছিল তদতিরিক্ত দারজিলিঙ্গে গমনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর ছয় মাসের ছুটী দেওয়া গিয়াছে।

নিয়োগ।

১৮৪২ সাল ১৬ মার্চ।

শ্রীযুত রেপটন সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত পি টেলর সাহেব বালেশ্বরের মাজিষ্ট্রেটী ও কালেক্টরী ও করদায়ি মহালের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টী কার্য্য নির্বাহ করিবেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS
গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT
নিমক।

বাকীজাত নমক সন ১৮৪২ সাল তারিখ ৩১ জানুআরি।

	হিজলী।	
দক্ষিণ কালীনগর	১২৪৬ সাল	২৬৩৭৮৫৸৫
ঐ ঐ	১২৪৭	৬০১৫১৯৷৹
ঐ ঐ	১২৪৮	২০/
উত্তর ঐ	১২৪৬	৫৯০৬৪/
ঐ ঐ	১২৪৭	২৯৮৭৯৪/
কৃষ্ণনগর	,,	২৬৫৯৯২/
ডের পাইকা	১২৪৮	২০/
	তমলুক।	
ঘাট নারায়ণপুর	১২৪৭	৪৩৮৬০৫৷৬৷
ক্রোকী ঐ	,,	৮৮৸৫৷৴
	২৪ পরগনা।	
নারায়ণপুর বাহিরবুনি	১২৪৭	৪৬০০/
ঐ ডাফাল	,,	৩৭৬২৩৸০
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের কাষ্ট কোয়ালিটী	,,	৯৫০/৯।
ঐ ঐ সিকাও ঐ	১২৪৮	১৩৭০৷০
ডাইমন হারবোর	১২৪৭	৩১০৩৪৸০
বাগুণ্ডী	,,	৬৫২৩২/
	চট্টগ্রাম।	
ভোমখালি	১২৪৭	৭১১৯৪/২
আরাকেন পাঙ্গা	১৮৪০।৪১	৭৪২২২৷৫
ঐ ঐ	১৮৪১।৪২	১৫৫৯৭৭৷০
ঐ ক্রোকী	১৮৪২	৭৸২
	শালিখা।	
মরুকা	১৮৩৯।৪০	১৮/৮
ঐ	১৮৪০।৪১	২৩/৫
ধুপী সৈন্ধব ইন ফিরিয়র	১৮৪০।৪১	৭৮৷৭৷/
ক্রোকী করকচ	১৮৪১।৪২	/১
বালেশ্বর করকচ	১২৪৭	২৪৫০৷৬
কটক পাঙ্গা	১২৪৬	১৭৭৭৭০৷০
ঐ	১২৪৭	২৬৬২৪৭৷০
খোরদা	১২৪৬	:০
ঐ	১২৪৭	৫৯০০/

[*Government Gazette, 22d March,* 1842]

বালেশ্বর	১২৪৬	৩৫০১৭৮১
ঐ	১২৪৭	৩৪৩৬২২/৫
ঐ	১২৪৮	২১১২৮৷৪
বালিয়াঘাটা	১২৪৭	১৮/০
ক্রোকী পাঙ্গা	১৮৪১।৪২	৩০৫৮১৷৷

বিদ্যোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি ১৮৪২ সাল তারিখ ৯ মার্চ।

এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND — ভূমিবিক্রয়।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে জেলা বীরভূমের সদর আমীনের ডিক্রীব টাকা জীবনকৃষ্ণ চৌধুরী ও রাধাকৃষ্ণ চৌধুরী বাদিগণের পাওনা রামলাল মুখুয্যা ও হরিনারায়ণ মুখুয্যা প্রতি বাদিগণেব দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগেব প্রবল প্রতাপ শ্রীযুত কমিস্যনর বাহাদুরের সন ১৮৪২ ইঙ্গরেজীর ১৯ ফেব্রুআরি তারিখের চিঠী ও জেলা বীরভূমের সদর আমীনের সন ১৮৪১ সালের ৬ ফেব্রুআরি তারিখেব রুবকারী অনুযায়ি প্রতিবাদিগণেব সম্পত্তি সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি নীচের তপসীলমত সন ১৮৪২ সালেব তারিখ ৫ আপরেল মোতাবেক সন১২৪৮ সাল তারিখ ২৪ চৈত্র নীলাম হওনের ইস্তাহার জারী হইল যদি প্রতিবাদিগণ এই ইস্তাহারেব লিখিত সমুদয় টাকা নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে দেনদাবান টাকা দিলেও তাহা গ্রহণ না হইয়া এই কালেক্টরির কাছারীতে নীলাম হইবেক যে কেহ খরীদের বাসনা রাখহ ডাক আরম্ভ হওনের পূর্ব্ব কিশত ২৫৲ টাকা হিসাবে কিস সমেত হাজির হইয়া আইনমত খরীদ কর এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ৮ মার্চ মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২৬ ফাল্গুণ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা	তায়দাদ রকম যাহা নীলাম হইবেক	তাইন ডিগরীব টাকা	কৈং
১	২১৮২	কিসমত পরগনে নসীপুর	রামলাল মুখুয্যা	১৫০৩৷৷১	জেলা বীরভূমের সদর আমীনের সন ১৮৪১ সালের ৬ ফেব্রুআরি তারিখের রুবকারি অনুযায়ি এই মহালের রকম ৵ দুই আনা প্রতি বাদিগণের হক নীলাম হইবেক।	উক্ত রুবকারী অনুযায়ি ১৪৪৲২ =	

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরের সরকুলের চিঠীর আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন করা যায় যে উক্ত ভূমির সাবেক মালিকের উপর যে সকল দায় আছে তাহা খরীদারকে অর্শিবেক এবং মহালের পর সরকারের যে দাওয়া থাকে ঐ নীলামের দ্বারা কিছু লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 12th March, 1842. C D Russell, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে এই জেলার আসিষ্টান্ট কালেক্টর সাহেবের চলিত সনের ১৪ ফেব্রুআরি তারিখের রুবকারি অনুযায়ি সরকারের বাজেয়াপ্তী দোএম কানুন সংক্রান্ত বিলজাজল হাটার মাজুল ইজারদার অগ্রদ্বীপনিবাসি গিরিশচন্দ্র ঘোষের উক্ত বিলের রাজস্বের তহবিল তছরূপাতি টাকা আদায় কারণ সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি ঐ ইজারদারের মাল জামিন শ্রীনাথ ঘোষের বন্ধকীয় বস্তু নীচের তপশীলমত সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ৫ আপরেল মোতাবেক সন ১২৪৮ সালের তারিখ ২৪ চৈত্র নীলাম হওনের ইস্তাহার জারি হইল যদি উক্ত ব্যক্তিরা এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে টাকা দিলে তাহা গ্রহণ না হইয়া এই কালেক্টরির কাছারিতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ডাক আরম্ভ হওয়ার পূর্ব্ব কিশত ২৫৲ টাকা হিসাবে কিস সমেত হাজির হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তাং ৮ মার্চ মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২৬ ফাল্গুণ।

নম্বর লাট	নম্বর রেজেষ্টরি	নাম মহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা	তায়দাদ রকম যাহা নীলাম হইবেক	তাইন টাকা	কৈং
১	৫০	কিসমত মণ্ডলপুর	শ্রীনাথ ঘোষ	১২৫/০	সমুদয় মহাল	৬৫৷৷/৭	

Moorshedabad Collectorate, 12th March, 1842. C. D Russell, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি গৌরসুন্দর রায়ের তাকিত তরফ রামনগরের সন ১২৪৮ সালের লাগাইদ কিস্তী ফাল্গুণের মালগুজারি আদায় কারণ উক্ত মহাল বিমজিম নীচের তপশীল সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ৫ আপরেল মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২৪ চৈত্র নীলামের ইস্তাহার জারি হইল যদ্যপি বাকীদার মজকুর নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত ইস্তাহারের লিখিত সমুদয় বাকী টাকা দাখিল না করে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে বাকী টাকা গ্রহণ না হইয়া জেলা মজকুরের সদর কালেক্টরির কাছারিতে নীলাম হইবেক যে কেহ খরীদের

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২২ মার্চ।]

বাসনা রাখহ ঐ নীলামের তারিখে কিশত ২৫৲ টাকা হিসাবে ফিসের টাকা সম্বলিত হাজীর হইয়া আইনমত খরীদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ৮ মার্চ মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২৬ ফাল্গুণ।

নম্বর লাট	নাম মহাল	নাম তালুকদার	জমা সদর	তায়দাদ রকম যাহা বিক্রী হইবেক	বাকী ইং কীং মায লাগাইদ কীং ফাল্গুণ সন ১২৪৮।
১	তরফ রামনগর	গৌরসুন্দর রায়	২৭০৯৫৬	মুসলম মহাল	৫৪৯৲

Moorshedabad Collectorate, 12*th March*, 1842 — C D Russell, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে এই জেলার প্রধান সদর আমিনের ডিগরির টাকা বাবু বেহারিলাল বাদির পাওনা রাধারমণ ও শ্রীমন্ত দাস ও মৃত কৃষ্ণ দাসের বনিতা তিনকড়ি দাস্যা প্রতিবাদিগণের দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের প্রবল প্রতাপ শ্রীযুত রিবনু কমিসনর বাহাদুরের সন ১৮৪১ এক চল্লিশ ইঙ্গরাজীর ১১ ডিজম্বর তারিখের চিটী ও সদর মুরশিদাবাদের শ্রীযুত জজ সাহেবের ঐ সনের ২৫ সেপ্টম্বর তারিখের রুবকারি আজ্ঞানুসারে প্রতিবাদিগণের পত্তনি মাহাল জোত সাদীপুর সন ১৮৪২ ইঙ্গরাজির ৭ ফেব্রুআরি নিলাম হওনের দিবস ধার্য্য হইয়াছিল পরে নসীপুরনিবাসি মথুরানাথ তালুকদার উক্ত মাহালের প্রতি কটের প্রসঙ্গে মোজাহেমেতে দরখাস্ত প্রধান সদর আমিনের নিকট দাখিল করিবাতে প্রশংসিত প্রধান সদর আমিনের উক্ত ৭ ফেব্রুআরি তারিখে এক কেতা রুবকারি এই মর্ম্মে পৌঁছে যে প্রতিবাদিগণের সম্পৃক্ত জোত সাদীপুরে মোজাহেম মজকুরে কটের দাবিথাকা প্রসঙ্গে পুনরায় ইস্তাহার জারি করিয়া নিলাম করা যায় মতে সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি ঐ পত্তনি মাহাল নীচের তপসিলমত সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ৫ আপরেল মোতাবক সন ১২৪৮ সালের ২৪ মাহ চৈত্র নিলাম হওনের ইস্তাহার জারি হইল যদি প্রতিবাদিগণ এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নিলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নিলামের নিরূপিত দিবসে দেনদার টাকা দিলেও গ্রহণ হইবেক না এই কালেক্টরি কাছারিতে নিলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ডাকআরম্ভ হওয়ার পূর্ব্ব কিশত ২৫ টাকা হিসাবে ফিসসমেত হাজির হইয়া আইন মত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়াগেল ইতি সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ১ মার্চ মোতবেক সন ১২৪৮ সাল তারিখ ২০ ফাল্গুণ।

নম্বর লাট	নাম পত্তনি মাহাল	নাম পরগনা	নাম পত্তনিদারান	পত্তনি জমা	তাইন রকম যাহা নিলাম হইবেক	তায়দাদ বিক্রীর টাকা কৈং
১	মৌজে জোত সাদীপুর	ইছলামপুর	রাধারমণ দাস ও শ্রীকান্ত দাস	২৬৮।০	সমুদয় মাহাল যা হাতে মথুরানাথ তালুকদার কটের প্রসঙ্গে আদালতে মোজাহেম দাখিল করে তাহা প্রধান সদর আমিনের সন ১৮৪২ সালের ৭ ফেব্রুআরির রুবকারি অনুযায়ি নিলাম হইবেক।	শ্রীযুত জজ সাহেবের সন ১৮৪১ ইঙ্গরাজির ২৫ সেপ্টেম্বর তারিখের রুবকারি অনুযায়ি ২২২॥৶৫ ঐ টাকার সুদ ইন্তক সন ১৮৪১ সালের ১৬ সেপ্টেম্বর লাগাইদ সন ১৮৪২ সালের ৪ মাহ আপরেল মুদ্দত ৬।১৯ দিনের কাত ১৪॥৴৫ ২৩৭।/১০

Moorshedabad Collectorate, 12*th March*, 1842 — C' D Russell, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে শহর মুরশিদাবাদের দেওয়ানী আদালতের ডিক্রীর টাকা খায় খরচা ও সুদ মৃত মহেশচন্দ্র চৌধুরীর বনিতা রত্নমণি চৌধুরাণী ও ভ্রাতা কৃষ্ণচন্দ্র চৌধুরী বাদিগণের পাওনা রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুর প্রতিবাদির দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের প্রবল প্রতাপ শ্রীযুত রেবিনিউ কমিস্যনর বাহাদুরের সন ১৮৩৮ ইঙ্গরেজীর ১৭ আগষ্ট তারিখের চিঠী ও এই জেলার প্রধান সদর আমীনের সন ১৮৪১ সালের ১৫ জুলাই ও ১১ সেপ্টেম্বর ও ১৮ নবেম্বরের রুবকারী অনুযায়ি প্রতিবাদির সম্পত্তি পরগনে কোতার প্রতাপওগয়রহ রকম ।০ চারি আনা সেওয়ায় পরগনে গয়সাবাদ ও পরগনে ধাওয়া ও চাকলে বোনহাট ও ডিহি মহরাপুর নীলামের দিবস সন ১৮৪২ সালের ৭ ফেব্রুআরি তারিখ ধার্য্য হইয়া ইস্তাহার জারী হওয়ার পর প্রতিবাদির দরখাস্ত সুরত ডিক্রীদারানের প্রাপ্য টাকার মধ্যে ১৫৫১৻৩ পাটউসুল মিনাহ দিয়া প্রতিবাদির উক্ত বস্তু পুনরায় লাটবন্দী করণের আদেশে প্রধান সদর আমীনের চলিত সনের ১ ফেব্রুআরি তারিখের রুবকারী পঁহুছিবাতে উক্ত তারিখের নীলাম স্থগিত থাকিয়া পুনরায় সন ১৮৪১ সালের ১২ আইনের ৮ ধারা অনুযায়ি প্রতিবাদির ভূমি নীচের তপশীলমতে সন ১৮৪২ সালের ৫ আপরেল মোতাবক সন ১২৪৮ সাল ২৪ মাহ চৈত্র নীলাম হওনের ইস্তাহার জারী হইল যদি প্রতিবাদী এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে দেনদারের টাকা গ্রহণ না করিয়া নিলাম হইবেক যে কেহ খরীদের বাসনা রাখহ ঐ তারিখে ডাক আরম্ভ হওয়ার পূর্ব্ব কিশত ২৫৲ টাকা ফিস সমেত হাজীর হইয়া আইনমত খরীদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ২ মার্চ মোতাবক সন ১২৪৮ সাল তারিখ ২০ ফাল্গুণ।

[*Government Gazette, 22d March*, 1842.]

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মহাল	নাম তালুকদারান	সদর জমা সালিয়ানা মায় থানা দারি	তাইন রকম যাহা নিলাম হইবেক	তায়দাদ ডিক্রীর টাকা	কৈং
১	১৬৮৭	পরগনে কোওর প্রতাপ ওগয়রহ	রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুর ও রাণী অন্নপূর্ণা	১৮২৬৪৭॥/৬	এই জেলার প্রধান সদরআমীনের সন ১৮৪০ সালের ৩ জানুআরি ও সন ১৮৪১ সালের ১৫ জুলাই ও ১১ সেপ্টেম্বর ও ১৮ নবেম্বর তারিখের করকারী অনুযায়ি এই মহালের মধ্যে পরগনে গয়সাবাদ ও পরগনে ধাওয়া ও চাকলে রোনহাট ও ডিহি মন্তরাপুর ব্যতীত রকম ।০ চারি আনা রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুরের হক নীলাম হইবেক।	উক্ত প্রধান সদর আমীনের সন ১৮৪২ সালের ১ ফেব্রুআরি তারিখের করকারী অনুযায়ি ৮৫৮৮৷/৫ ইং পৌষ লাং ২৩ চৈত্র সন ১২৪৮ সাল মুদ্দত ৩।২৩ দিনের ৮৪৭৭৷৯ পাইর সুদ ৩১৯৷১১ ৮৯০৭॥৶৪	

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরের সরকুইলের চিঠীর আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন করা যায় যে উক্ত ভূমির সাবেক মালিকের উপর যে সকল দায় আছে তাহা খরীদারকে অর্শিবেক এবং মহালের পর সরকারের যে দাওয়া থাকে ঐ নীলামের দ্বারা কিছু লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 12th March, 1842 — C D Russell, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি সন ১২৪৮ সালের লাগাএদ কিস্তি ফাল্গুণের বাকিরবাবতে কিং পরগণে ফতেসিংহ ওগএরহ এলাকা মহেন্দ্রনারায়ণ রায় নাবালগ ইজারদার জগদম্বা দেব্যার জিম্মার দেনা আদায় কারণ তাহার মালজামিন রামমণি দেব্যা ইত্যাদির তায়দাদ জেলা মজকুরের মোতালক মাফিক নীচের তপশীল সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ৫ আপরেল মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২৪ চৈত্র নীলামের ইস্তাহার জারি হইল যদ্যপি মাল জামিন মজকুরান ইস্তাহারের লিখিত সমুদায় টাকা নীলামের পূর্ব্ব দিবস সুর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নীলামের নিরুপিত দিবসে বাকি টাকা গ্রহণ না হইয়া এই কালেক্টরী বা সদর কাছারিতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ঐ নীলামের তারিখে ফিশত ২৫৲ টাকা হিশাবে ফিশের টাকা সম্বলিত হাজীর হইয়া আইনমত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গরেজী তারিখ ৮ মার্চ মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২৬ ফাল্গুণ।

নম্বর লাট	নম্বর রেজষ্টরী	নাম মহাল	নাম তালুকদার	জমা সালিয়ানা সদর	তায়দাদ রকম যাহা বিক্রী হইবেক	বাকী ইং কিস্তি মাঘ কিং লাং ফাল্গুণ সন ১২৪৮।
১	২৩৯৩	ডিহী মুস্তফাপুর	রামমণি দেব্যা ও বলভদ্র তেওয়ারি ও বিশ্বনাথ হাজরা	৭৭৭৯॥৶১০	উক্ত মহাল মধ্যে রামমণি দেব্যার লিখিত হক।	৬২৮৩৷৶৯
২	২১০২	মৌজে কেন্দিস্টা	বলভদ্র তেওয়ারি ও রামনারায়ণ ও নবকিশোর	৮৪২॥৶৯	উক্ত মহাল মধ্যে বেণিমাধব ও নিতাইসুন্দর ও পরশুনাথ ও রামনারায়ণ ত্রিবেদীর জামিনীর লিখিত যে হক।	
৩	১৯৬৪	কীং পরগনে মহনন্দী	ব্রজমোহন রায় ও গাহাম্মদ বক্স	১৬৭৮॥৶১১	উক্ত মহাল মধ্যে ব্রজমোহন রায়ের জামিনীর লিখিত হক।	
৪	৩৯৪	কীং মৌজে কোদলা কবিচন্দ্রপুর	কৃষ্ণকিঙ্কর রায়	১১৯৫৶০	মুস্তলেম মহাল	
৫	২৩১০	কীং মৌজে পাতনা	ঈশ্বরচন্দ্র দাস	৩৮২॥১০	ঐ।	

Moorshedabad Collectorate, 12th March, 1842. — C. D. Russell, *Actg. Collector.*

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ২২ মার্চ।]

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে জেলা বীরভূমের সংক্রান্ত মোকাম কান্দরার মুনসেফের ডিক্রীর টাকা রাধাকৃষ্ণ চৌধুরি ও জীবনকৃষ্ণ চৌধুরি বাদিগণের পাওনা কালিদাস মুস্তফি প্রতিবাদির দেনা আদায়কারণ চতুর্দ্দশবিভাগের প্রবল প্রতাপ শ্রীযুত রিবনু কমিস্যনর বাহাদুরের সন১৮৪১ ইংরেজীর ৭ অক্টোবর তারিখের চিঠির ও জেলা বীরভূমের শ্রীযুত জজ সাহেবের এই সনের ১৮ মাই ও সন ১৮৪২ ইংরেজির ২০ জানেওআরি তারিখের রুবকারি আদেশ মত প্রতিবাদির সম্পত্তি সন ১৮৪১ ইঙ্গরেজীর ১১ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি নীচের তপসিলমত সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ৫ মাহ আপরেল মোতাবক সন ১২৪৮ সালের তারিখ ২৪ মাহ চৈত্র নীলামহওনের ইস্তাহার জারি হইল যদি প্রতিবাদী এই ইস্তাহারের লিখিত, সমুদায় টাকা নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে দেনদার টাকা দিলেও তাহা গ্রহণ না হইয়া এই কালেক্টরীর কাছারিতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ডাক আরম্ভ হওয়ার পূর্ব্ব ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিস সমেত হাজির হইযা আইনমত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ২ মার্চ মোতাবক সন ১২৪৮ সাল ২০ ফাল্গুণ।

নম্বর নাম	নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা	তায়দাদ রকম যাহা নীলাম হইবেক	ডাইন ডিক্রীর টাকা কৈং
১	৫৬	কিসমত মৌজে পাকুড় হার	কৃষ্ণগোপাল ও আনন্দ কিশোর ওকাশী দাস্যা ও কালিদাস মুস্তফী ও সুধাময়ী ও প্রাণকমলা	৭৩৯৲১	এই মহাল মধ্যে নিজ পাকুড হার ও জানুর ও বানী পুরেররকম৵ দুই আনি কালিদাস মুস্তফীর হক নীলাম হইবেক।	শ্রীযুত জজ সাহেবের সন ১৮৪১ সাল ১৮ মেই তারিখের রুবকারি অনুযায়ি ৫৯।৵১২কো ইস্তক সন ১৮৪০ সালের মাহ মেই লাং সন ১৮৪২ সালের ৪ মাহ আপরেল মুদ্দত ১।১১।৪ দিনের ৩৫ টাকার সুদ ৮৶০ ৬৭॥৵১২ কোম্পানি

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরের সরক্যলের চিঠির আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন করা যায় যে উক্ত ভূমির সাবেক মালিকের উপর যে সকল দায় আছে তাহা খরিদারকে অর্শিবেক এবং মাহালের পর সরকারের যে দাওয়া থাকে ঐ নীলামের দ্বারা কিছু লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 12th March, 1842 — C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ সালের ১২ দ্বাদশ আইনের তৃতীয় ও ষষ্ঠ ধারার মর্ম্মানুযায়ি এ জেলার সংক্রান্ত বাটোবারু অধীন ও অন্য২ সমুদয় মাহালাতের সন ১২৪৮ সালের নাগাইদ কিস্তী ফাল্গুণের সরকারের বাকী রাজস্ব আদায় জন্য সদর বোর্ডের সাহেবান সন ১৮৪২ সালের ৫ আপরেল মোতাবেক সন ১২৪৮ সালের ২৪ চৈত্র নীলামের দিবস ধার্য্য করিয়াছেন অতএব উক্ত আইনের মর্ম্মানুযায়ি ইস্তাহার দেওয়া যাইতেছে যে উক্ত মাহালাতের তালুকদারান নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত আপন২ জেম্মার মালগুজারি বেবাক দাখিল না করে তবে উক্ত নীলামের দিবস বাকীদারের টাকা গ্রহণ না করিয়া মাহালাত নীলাম হইবেক যে কেহ খরিদের বাঞ্ছা রাখহ নীলামের দিবস নীলামের ডাক আরম্ভ হওয়ার পূর্ব্ব ফিশত ২৫৲ পঁচিশ টাকার হিসাবে ফিসের টাকা সম্বলিত হাজির হইয়া আইনমত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাতার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ৮ মার্চ মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২৬ ফাল্গুণ।

Moorshedabad Collectorate, 12th March, 1842 — C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেকটরি মোং বাঁকুড়া জেলা বর্দ্ধমান।

সন ১৮৪১ সালের ১২ আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতের বাঙ্গালা সন ১২৪৮ সালের লাং ফালগুণের কিস্তির সরকারী মালগুজারির বাকি টাকা আদায় কারণ প্রবলপ্রতাপান্বিত শ্রীযুত সাহেবান সদর বোর্ডের সন ১৮৪১ সালের ৬ অকটোবরের সরক্যুইলের চিঠীর আজ্ঞাপ্রমাণ সন ১৮৪২ সালের ৫ আপরেল মতাবক সন ১২৪৮ সালের ২ চৈত্র মঙ্গলবার দিবা দুই প্রহরের পর জেলা বর্দ্ধমান মোকাম বাঁকুড়ার কালেক্টরি কাছারিতে প্রকাশ্যরূপে নম্বরওয়ারি শ্রেণীমত নীলামে বিক্রয় হইবেক নীলামের দিবসের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে সরকারী বাকি দাখিল হইবেক তৎপরে নীলামের নিরূপিত দিবসে কোনক্রমে বাকি টাকা দাখিল হইবেক না যেহেতু ইস্তাহারী মহলাত খরিদ করিবার বাসনা রাখহ নির্দ্ধারিত দিবসে জেলা বর্দ্ধমান মোকাম বাকুড়ার কালেক্টরি কাছারীতে হাজির হইয়া দাখিল করিবা নীলাম শেষ হইলে পর মুল্যের টাকার চতুর্থাংশ অর্থাৎ সিকি টাকা নগদ কি বাঙ্গালবেঙ্ক নোট অথবা ঐ বেঙ্কের পোষ্টবিল কিম্বা দাঁড়ামত দস্তখৎকরা কোম্পানির প্রোমিসরি নোট রায়নার স্বরূপ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদারকে নীলামের দিবসাবধি ত্রিংশত্তম অর্থাৎ ত্রিশ দিবসের মধ্যে সূর্য্যাস্তের পূর্ব্ব অবশিষ্ট মুল্যের সমুদায় টাকা দিতে হইবেক ইতি।

নম্বর লাট	নাম মহাল ও পরগনা	মালিকের নাম	জমা সদর	তাবদীয় রকম যাহা বিক্রয় হইবেক	বাকী মালগুজারির লাং ফাল্গুণ।
৫ নং	কুচ্যাকোল	বীরসিংহ দে বাবু	৮২৮৪।৵৯	জমিদারি মুহুলম	৪২১৲৪
৬ নং	পচাল	রঘুনাথ মিত্র	৪০৮॥/৯	ঐ	৪৩৭/
৭ নং	জামতড়া	কৃষ্ণপ্রসাদ পাঠক দীং	৬৩৪১৸৵২	ঐ	৫৪২৶৯
৮ নং	মেলিযাড়া	আমালসিংহ অধ্যক্ষ	৫২৭৬।৯	ঐ	৲৪

Government Gazette, 22d March, 1842]

৯ নং পং সাহারজোড়া	রাজাশঙ্করনারায়ণ সিং	৬১১০৻৫	ঐ	৫১॥৵৮
১৩ নং লহমা	অযোধ্যানাথ হাজরা সিং	৫৫॥৵৪	ঐ	১৮॥৵৪

ইহারা মহালাত যাহা সকল মেয়াদি সুরত বন্ধক।

১৪ নং	চাতরা কৃষ্ণনগরের জঙ্গলের আবাদী	কিশোরদাসমহান্ত	৬০৲	২০৲
১৬ নং	পাইকবাশা	বেচারাম ভট্টাচার্য্য দফন	১৩১৵৮	৪৵৮
১৭ নং	গাজভোড়া	রাজা জয়সিংহ ও মির আজ্জাদ আলি	৪৪/৯	২২/৯
১৮ নং	জমুনাবান্দের আগান	শ্রীলশ্রীমহারাণী গোপালসিং	১৬৬৶৭	৫৶৭
১৯ নং	খোঈমাজডিহি	রাজা জয়সিংহ	১৯৩৫৵৬	২৭৮৵৪
২০ নং	জামসনা	মেহের আলি	১৮২৶	৬০॥৶
২১ নং	জুনসরা	বীরসিংহ দেব	২৩০৪।৶৪	১৩০৩।৶৪
২৩ নং	রাধারমণপুর	চন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী	৩০৪৶০	২৭॥৶০

Bancoorah Deputy Collectorate, 12*th March,* 1842 — R. P HARRISON, *Deputy Collector*

এস্তাহারনামা কাছারি কালেকটরি
জিলা ঢাকা জালালপুর এই যে

১৮৪১ সনের ১২ আইনের ৩ তিন ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধিঅনুসারে লেখা যাইতেছে যে যে সকল মহালের সদর জমা মং ১০৲ টাকার অধিক তাহার ১২৪৮ সনের লাগায়ত কিস্তি ফাল্গুণের বাকি আদায় জন্যে ও যে সকল মহালাতের সদর জমা দশ টাকার অধিক নহে ঐ রকমের মহালাতের বাকি আদায় না হইলে ১৮৪২ সনের ৫ আপ্রেল মোং ১২৪৮ সনের ২৪ চৈত্র এ জিলার কালেক্টরি কাছারিতে নিলামে বিক্রয় হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানের উচিত যে আপন জিম্মার বাকি খাজানা ৪ আপ্রেল সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে যদি বাকীদারান উক্ত নিয়ম মতে বাকি আদায় না করে তবে ঐ বাকী টাকা না লইয়া বাকীর মহালাত নিলাম করা যাইবেক আর খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না ও যে কেহ নিলাম খরিদের বাসনা রাখহ ঐ তারিখে হাজির হইয়া খরিদ করহ ইতি সন ১৮৪২ ইং ২৫ ফেব্রুআরি মো° ১২৪৮ সন বাং ১৫ ফাল্গুণ।

W J ALLEN, *Offg Collector*

Dacca Collectorate, 24th February, 1842

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২ । ২২ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 29, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ২৯ মার্চ।

DRAFTS OF ACTS

[*Second Insertion*]

FORT WILLIAM,

LEGISLATIVE DEPARTMENT,

THE 14TH FEBRUARY, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 14th of February, 1842

ACT No —— OF 1842

An Act for repealing certain provisions of the Bengal Code regarding translations.

I —Whereas the rules regarding the rate of payment for translations of proceedings and other documents for the use of the Sudder Dewanny Adawlut fixed by Section V Regulation XIX 1797, and Section XXXIII Regulation IV 1803, of the Bengal Code, require amendment,—

It is hereby enacted, that Section V Regulation XIX 1797, and Sections XXXIII Regulation IV 1803, be repealed

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 14th day of April next.

T H MADDOCK,
Secy to the Govt of India.

আইনেব মুসাবিদা।

[দ্বিতীয়বাব প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ১৪ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিতমুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ১৪ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গবেজী ১৮৪২ সাল——আক্ট।

তরজমা করণবিষয়ক বাঙ্গলা দেশের চলিত আইনের কোন২ বিধি বন্দকরণের আইন।

১ ধারা। যেহেতুক সদর দেওয়ানী আদালতের নিমিত্তে কবকারী এবং অন্যান্য কাগজপত্র তরজমাকরণের নিমিত্তে যে বেতন দেওয়া যায় তাহার হারের বিষয়ে যে বিধি বাঙ্গলা দেশের চলিত ১৭৯৭ সালের ১৯ আইনের ৫ ধারা এবং ১৮০৩ সালের ৪ আইনের ৩৩ ধারাতে নির্দ্দিষ্ট আছে তাহা মতান্তর করণ আবশ্যক বোধ হইল

অতএব ইহাতে হুকুম হইল যে ১৭৯৭ সালের ১৯ আইনের ৫ ধারা এবং ১৮০৩ সালের ৪ আইনের ৩৩ ধারা বন্দ হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোকেকে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৪ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

CONSTRUCTIONS

আইনের অর্থ।

[*Government Gazette, 29th March,* 1842]

CONSTRUCTIONS

1829
Regulation X
Schedule B
Article 8

A, having obtained a decree, points out certain lands for sale in satisfaction thereof, the property, as he alleges, of the Defendant B, a claimant, however, interposes his claim, which is allowed, and the sale stopped, when A is recommended, if he has still any claim, to file a regular suit He accordingly brings a suit to obtain the sale of certain lands in realization of his decree The question arises, how is A to estimate the value of his suit, according to the note on Article 8, Schedule B Regulation X of 1829?

It was held that as the suit in question was brought, not for possession, but to obtain leave to sell the interests of the original Defendant in the Estate, and to appropriate the proceeds of sale in liquidation of A's claim, or, in other words, as the suit was for the amount that the Estate would sell for, the value should have been computed at the estimated selling price, (or the amount of plaintiff's claim under the decree, supposing the selling price to have been in excess of that claim) according to the 4th Clause of the Note on Article 8, Schedule B Regulation X 1829, the suit being viewed rather as for an interest in Malgozaree land, not capable of valuation under the 1st Clause of the Note

Western Court, 25th June, Calcutta Court, 16th July

1834
Regulation II
Section 6

Held that it is not competent to a Session Judge, to award stripes under Section 6 Regulation II 1834, the law not contemplating such award by any other authority than the Magistrate, the officer directly responsible for the maintenance of the discipline of the Jail

Western Court, 2d July, Calcutta Court, 30th July

1831
Regulation VIII
Section 6

The provisions of Section 6, Regulation VIII 1831, are held to be applicable to the summary decrees of the judicial authorities passed prior to the enactment of that law, that is, all regular suits to contest the summary awards of the judicial authorities should have been instituted within one year of the promulgation of that regulation

Calcutta Court, 16th July, Western Court, 6th August

1831
Regulation V
Section 5,
Clause 2

Held that an *undefended* suit for an instalment below 300 Rs on a bond for an aggregate sum above that amount, is cognizable by the Moonsiff —

The same principle is applicable to an *undefended* action for an arrear of rent below 300 Rs due on a farming engagement, or lease of higher value

Calcutta Court, 16th July, Western Court, 13th August

1819
Regulation VI
Section 6,
Clause 1

A contravention of the rule laid down in Clause, 1, Section 6, Regulation VI 1819, by parties, contrary to order plying their boats in the vicinity of a Government Ferry, held to be a misdemeanor punishable by the Magistrate under the general powers vested in him by the provisions of Section 19, Regulation IX 1807

Calcutta Court, 16th July, Western Court, 20th August

1829
Regulation X
Schedule A
Clause 2

A Memorandum of agreement for the time of the services of a Mookhtar, specifying a fixed sum as his monthly stipend in money, and guaranteeing to him his daily food, must be written on a stamp under the rule in Clause 2, Schedule A Regulation X 1829

Western Court, 20th July, Calcutta Court, 20th August

1817
Regulation XX

Held on a reference from the Session Judge of Jessore, that appeals from the orders of a Magistrate enforcing penalties under Clause 5, Section 10, Regula-

আইনেব কনষ্ট্রুকসন অর্থাৎ অর্থ।

কোন মোকদ্দমাতে গোপালের পক্ষে ডিক্রী হয় ঐ ডিক্রী জারী করিবার নিমিত্তে সে ব্যক্তি আসামীর সম্পত্তি বলিয়া কতক২ ভূমি নীলামহওনার্থ দেখাইয়া দেয়। ইতিমধ্যে রামনামক দাওয়াদার ঐ ভূমির উপর দাওয়া করে ঐ দাওয়া মঞ্জুর হয় এবং নীলাম স্থগিত হয় তাহাতে গোপালকে হুকুম দেওয়া গেল যে তোমার যদি কোন দাওয়া থাকে তবে জাবেতামত মোকদ্দমা কর অতএব সে ব্যক্তি আপন পক্ষের ডিক্রী জারীকরণার্থ কতক২ ভূমি বিক্রয় করাইবার নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করে তাহাতে এই জিজ্ঞাসা হইল যে ১৮২৯ সালের ১০ আইনের B তফসীলের ৮ প্রকরণের মন্তব্য কথার অনুসারে গোপালের আপন মোকদ্দমার কত টাকা মূল্য ধরিতে হইবেক।

১৮২৯ সাল ১০ আইন B তফসীল ৮ প্রকরণ।

বিধান হইল যে উক্ত মোকদ্দমা দখল পাইবার নিমিত্ত উপস্থিত করা যায় না কিন্তু ঐ ভূমিতে প্রথম আসামীর স্বত্ত্ব বিক্রয় করিবার এবং ঐ নীলামের উৎপন্ন টাকাতে গোপালের দাওয়া শোধ করিবার নিমিত্ত অনুমতি পাইতে মোকদ্দমা হয় অর্থাৎ ঐ সম্পত্তি যত মূল্যে নীলাম হইতে পারে তত টাকার মোকদ্দমা হওয়াতে ১৮২৯ সালের ১০ আইনের B তফসীলের ৮ প্রকরণের মন্তব্য কথার ৪ দফার অনুসারে ভূমির আন্দাজী মূল্যেতে মোকদ্দমার মূল্যের হিসাব করিতে হইবেক অথবা যদি নীলামের প্রাপ্ত মূল্য তাহার দাওয়ার অধিক হয় তবে ডিক্রীর অনুসারে ফরিয়াদীর দাওয়ার তুল্য তাহার মোকদ্দমার মূল্য হিসাব করিতে হইবেক যেহেতুক যে মালগুজারীর ভূমির স্বত্ত্বের মূল্য ঐ আইনের মন্তব্য কথার ১ প্রকরণানুসারে নিশ্চয় হইতে পারে না এমত স্বত্ত্বের বিষয়ি মোকদ্দমা জ্ঞান হইতেছে।

পশ্চিম দেশের সদর আদালত ১৮৪১। ২৫ জুন।
কলিকাতার সদর আদালত ১৮৪১। ১৬ জুলাই।

বিধান হইল যে সেশন জজ সাহেব ১৮৩৪ সালের ২ আইনের ৬ ধারানুসারে বেত মারিবার দণ্ড করিতে পারেন না যেহেতুক মাজিষ্ট্রেট সাহেব জেলখানার প্রকৃতপ্রস্তাবে শাসন করিবার বিষয়ে দায়ী অতএব ঐ আইনানুসারে তিনি সেওয়ায় অন্য কেহ ঐ মত দণ্ড করেন এমত অভিপ্রায় আইনের নহে।

১৮৩৪ সাল ২ আইন ৬ ধারা।

পশ্চিম দেশের সদর আদালত। ২ জুলাই।
কলিকাতার সদর আদালত। ৩০ জুলাই।

বিধান হইল যে ১৮৩১ সালের ৮ আইন জারীহওনের পূর্ব্বে বিচারকেরা যে সকল সরাসরী ডিক্রী করিয়াছিলেন তাহাতে ঐ আইনের ৬ ধারার বিধি খাটিবেক অর্থাৎ ঐ বিচারকেরদের করা সকল সরাসরী ডিক্রীর অন্যথা করিবার নিমিত্তে জাবেতামত সমস্ত মোকদ্দমা ঐ আইন জারীহওনের পর এক বৎসরের মধ্যে করিতে হয়।

১৮৩১ সাল ৮ আইন ৬ ধারা।

কলিকাতার সদর আদালত। ১৬ জুলাই।
পশ্চিম দেশের সদর আদালত। ৬ আগষ্ট।

বিধান হইল যে সর্ব্বসুদ্ধ ৩০০৲ টাকার অধিক কোন খতের উপর ৩০০৲ টাকার ন্যূন কিস্তীবন্দীর বিষয়ে মোকদ্দমা হইলে এবং তাহাতে আসামী জওয়াব না দিলে মুনসেফ ঐ মোকদ্দমা শুনিতে পারেন।

৩০০৲ টাকার ঊর্দ্ধ কোন ইজারার বন্দোবস্ত বা পাট্টার উপর যদি ৩০০৲ টাকার ন্যূন বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমা হয় এবং তাহাতে আসামী জওয়াব না দেয় তবে মুনসেফ ঐ মোকদ্দমা শুনিতে পারেন।

১৮৩১ সাল ৫ আইন ৫ ধারা ২ প্রকরণ।

কলিকাতার সদর আদালত। ১৬ জুলাই।
পশ্চিম দেশের সদর আদালত। ১৩ আগষ্ট।

বিধান হইল যে ১৮১৯ সালের ৬ আইনের ৬ ধারার ১ প্রকরণের হুকুমের অন্যথা করিয়া যদি কোন লোকেরা আপনারদের নৌকা সরকারী গুদারার নৌকার নিকটে পারাপার করে তবে তাহা অপরাধ জ্ঞান হইবেক এবং ১৮০৭ সালের ৯ আইনের ১৯ ধারার বিধির অনুসারে মাজিষ্ট্রেট সাহেবকে যে সাধারণ ক্ষমতা দেওয়া গিয়াছে তদনুসারে তিনি তাহার দণ্ড করিতে পারেন।

১৮১৯ সাল ৬ আইন ৬ ধারা ১ প্রকরণ।

কলিকাতার সদর আদালত। ১৬ জুলাই।
পশ্চিম দেশের সদর আদালত। ২০ আগষ্ট।

যদি কোন মোখ্তারের সঙ্গে এইমত বন্দোবস্ত হয় যে কর্ম্মে নিযুক্ত থাকনের সময়ে সে ব্যক্তি মাসিক বেতন বলিয়া কতক নগদ টাকা পাইবেক এবং তাহার খোরাকও তাহাকে দেওয়া যাইবেক তবে এইমত বন্দোবস্ত ১৮২৯ সালের ১০ আইনের A তফসীলের প্রকরণানুসারে ইষ্টাম্পের উপর লিখিতে হইবেক।

১৮২৯ সাল ১০ আইন। A তফসীল ২ প্রকরণ।

পশ্চিম দেশের সদর আদালত। ২০ জুলাই।
কলিকাতার সদর আদালত। ২০ আগষ্ট।

যশোহরের সেশন জজ সাহেব জিজ্ঞাসাকরাতে বিধান হইল যে ১৮১৭ সালের ২০ আইনের ১০ ধারার ৫ প্রকরণানুসারে মাজিষ্ট্রেট সাহেব দণ্ডের হুকুম করিলে তাহার

১৮১৭ সাল ২০ আইন

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৯ মার্চ।]

Section 10
Clause 5

tion XX 1817, lie to the Session Judge, and not to the Superintendent of Police

Calcutta Court, 30th July, Western Court, 20th August

1814
Regulation XXIII
Section 25
Clause 3

A prosecutes B in the Moonsiff's Court for possession of real property in virtue of a deed of sale *After* the suit is instituted, but *before* its decision, the rights and interests of B, in the said property are sold by the Collector to C, in satisfaction of a decree of Court

Has the Moonsiff authority to receive an amended plea, including C, amongst the defendants, or can the Judge give him such authority

It was held that the application by the plaintiff to include C, as a defendant in his action under the circumstances stated is not of the nature of a suplemental plaint (which the Moonsiff is not competent to receive) contemplated by the regulations which provide a remedy for enabling parties to supply omissions arising from mistake, inadvertence or other cause (Section 5, Regulation IV 1793) The case submitted does not embrace either the rectification of any error, or the supplying of any omission, but involves the competency or otherwise of a plaintiff to make application to the Court with a view to meet circumstances arising subsequently to the institution of the suit over which the Moonsiff had no control whatever It was ruled accordingly that the Moonsiff is competent to receive an application from the plaintiff to include C in his action, and to proceed with it accordingly

Western Court, 28th August, Calcutta Court, 17th September

1833
Regulation XII
Section 2
Clause 5

Held that the provisions of Clause 5, Section 2, Regulation XII 1833, are applicable to pauper as well as to other cases

Western Court, 15th September, Calcutta Court, 22d October

1823
Regulation VI
Sections 5
Clause 4

A question having been referred by the Judge of Allahabad, whether it was intended by Clause 4, Section 5, Regulation VI of 1823, to be ruled that the highest amount of penalty including interest on the sum advanced awardable against a contractor, is not to exceed three times the sum advanced, or whether the penalty may be to the amount of three times the sum advanced and of any interest that may have accrued upon that sum at the time of the suit being decided ? It was held that the meaning of the enactment is, that interest is included in the " three times the sum advanced "

Western Court, 24th September, Calcutta Court, 22d October.

The Civil Courts cannot interfere with the estate of a lunatic, consisting only of personal property

The estate of a Lunatic being restricted to personal property, there is no law which authorizes the intervention of the Civil Courts

Western Court, 15th October, Calcutta Court, 5th November

1814
Regulation XXVIII
Case of a plaintiff having instituted his action originally on stamp paper, but pleading pauperism, when required to fill a supplementary plaint to amend his original plaint

A sues B, having paid the stamp duty and his Vakeel's fees —pending the trial, B takes out execution of a decree, and sells A's landed property After decision of the suit, A appeals to the Sudder Dewanny Adawlut, and the case is remanded for re-trial to amend the plaint, in consequence of which amendment a higher stamp would be required, and the amount of Vakeel's fees &c considerably enhanced, A's property having been sold in satisfaction of the defendant's decree, A pleads that he is a pauper, and, therefore, unable to pay for the additional stamp required to fulfil the orders of the Court. The Principal Sudder Ameen, holding that a party cannot be admitted a pauper in the middle of the suit not having been one at the commencement, strikes the case off the file on default. A summary appeal is preferred to the Sudder Dewanny Adawlut, and the question is, whether A should have been allowed to carry on his suit as a pauper, after due enquiry made on that point, or should have been non-suited and allowed to institute a suit de novo for the whole claim.

[*Government Gazette*, *29th March*, 1842.]

আপীল সেশন জজ সাহেবের নিকটে হইবেক পোলীসের সুপরিন্টেণ্ডেন্টের নিকটে হই বেক না।

১০ ধারা
৫ প্রকরণ।

কলিকাতার সদর আদালত। ৩০ জুলাই।
পশ্চিম দেশের সদর আদালত। ২০ আগস্ট।

১৮১৪ সাল
২৩ আইন
২৫ ধারা
৩ প্রকরণ।

এক বিক্রয়পত্রের অনুসারে স্থাবর সম্পত্তির দখল পাইবার নিমিত্তে গোপাল রামের নামে মুনসেফের আদালতে নালিশ করে। মোকদ্দমা উপস্থিত হইলে পর কিন্তু নিষ্পত্তি হইবার পূর্ব্বে ঐ সম্পত্তিতে রামের যে স্বত্ব ও সম্পর্ক ছিল তাহা আদালতের ডিক্রী জারীকরণার্থ কালেক্টর সাহেব কৃষ্ণকে বিক্রয় করেন্।

অতএব জিজ্ঞাসা হইতেছে যে কৃষ্ণকে আসামীর শামিল করিবার এক সংশোধিত নালিশ মুনসেফ লইতে পাবেন্ কি না অথবা জজ সাহেব তাঁহাকে এই মত নালিশ লই বার ক্ষমতা দিতে পাবেন কি না।

তাহাতে বিধান হইল যে উক্ত এজহার দৃষ্টে কৃষ্ণকে ঐ মোকদ্দমাতে আসামীকরণার্থ ফরিয়াদী যে দরখাস্ত করে তাহা আইনের বিহিত অবশেষ আরজীর ন্যায় নহে ঐ অব শেষ আরজীর অভিপ্রায় এই যে ১৭৯৩ সালের ৪ আইনের ৫ ধারানুসারে যাহারা ভ্রম কি বিস্মৃতি কিম্বা অন্য হেতুতে আপনার দাওয়ার আবশ্যক কোন মর্ম্ম আরজীতে না লিখিয়া থাকে তাহারদের সেই অবশিষ্ট কথা লিখিবার উপায় হয় এবং মুনসেফেরা ঐ প্রকার অবশেষ আরজী লইতে পাবেন্ না। কিন্তু যে মোকদ্দমার বিষয়ে এইক্ষণে জিজ্ঞাসা হইয়াছে তাহাতে কোন ভ্রম সংশোধনের বিষয় অথবা যাহা ছাড়া গিয়াছিল তাহা লি খিয়া দিবার বিষয় নহে কিন্তু তাহার মর্ম্ম এই যে যে ব্যাপারের উপর মুনসেফের কোন কর্ত্তৃত্ব নাহি এমত ব্যাপার মোকদ্দমা উপস্থিতের পর ঘটিলে তাহার বিষয়ে উপায় কর ণার্থ ফরিয়াদী মুনসেফের আদালতে দরখাস্ত করিতে পাবে কি না। তাহাতে বিধান হইল যে ফরিয়াদী আপনার মোকদ্দমাতে কৃষ্ণকে আসামীকরণার্থ যে দরখাস্ত করে তাহা মুনসেফ লইতে পাবেন্ এবং তদনুসারে কার্য্য করিতে পারেন্।

পশ্চিম দেশের সদর আদালত। ২৮ আগস্ট।
কলিকাতার সদর আদালত। ১৭ সেপ্টেম্বর।

১৮৩৩ সাল
১২ আইন
২ ধারা
৫ প্রকরণ।

বিধান হইল যে ১৮৩৩ সালের ১২ আইনের ২ ধারার ৫ প্রকরণের বিধি যেমন অন্য বিষয়ে খাটে তেমনি যোত্রহীনেরদের বিষয়েও খাটে।

পশ্চিম দেশের সদর আদালত। ১৫ সেপ্টেম্বর।
কলিকাতার সদর আদালত। ২২ অক্টোবর।

১৮২৩ সাল
৬ আইন
৫ ধারা
৪ প্রকরণ।

১৮২৩ সালের ৬ আইনের ৫ ধারার ৪ প্রকরণে এইমত হুকুম আছে যে কবুলিয়ৎ লিখিয়া দেওয়া ব্যক্তি যদি আপনার একরার মত কার্য্য না করে তবে তাহার ঊর্দ্ধ সং খ্যক দাদনী টাকার সুদসমেত তিনগুণ দণ্ড হইতে পাবে। আলাহাবাদের জজ সাহেব ঐ আইনের তাৎপর্য্যের বিষয়ে এই জিজ্ঞাসা করিলেন যে ঐ দণ্ড কেবল দাদনী টাকার তিনগুণ হইবেক কি দাদনী টাকার তিনগুণ এবং তদতিরিক্ত মোকদ্দমা নিষ্পত্তিহওনের সময়ে যে সুদ হইয়া থাকে তাহাসুদ্ধ হইতে পাবে। তাহাতে এই বিধান হইল যে ঐ আইনের অর্থ এই যে দাদনী টাকার এবং তাহার সুদের তিনগুণ দণ্ড হইতে পারে।

পশ্চিম দেশের সদর আদালত। ২৪ সেপ্টেম্বর।
কলিকাতার সদর আদালত। ২২ অক্টোবর।

উন্মাদ ব্যক্তির সম্পত্তি কেবল অস্থাবর বিষয় হইতে পাবে অতএব দেওয়ানী আদালত তাহাতে হাত দিবেন না।

উন্মাদ ব্যক্তির সম্পত্তি কেবল অস্থাবর বিষয় লইয়া হইতে পারে অতএব দেওয়ানী আদালতের তাহাতে হাতদেওনের কোন আইন নাহি।

পশ্চিম দেশের সদর আদালত। ১৫ অক্টোবর।
কলিকাতার সদর আদালত। ৫ নবেম্বর।

১৮১৪ সাল
২৮ আইন।

ফরিয়াদী প্রথমে ইষ্টাম্প কাগজে নালিশ করে কিন্তু আসল আরজী সংশোধন করিবার নিমিত্ত অবশেষ আরজী দাখিল করিতে হুকুম হইলে সে আপনাকে যোত্রহীন কহে।

গোপাল ইষ্টাম্পের রসুম এবং উকীলের খরচা দিয়া রামের নামে নালিশ করে মো কদ্দমার শেষ না হইতে রাম ডিক্রী জারী করে এবং গোপালের ভূমি সম্পত্তি নীলাম করে। মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর গোপাল সদর দেওয়ানী আদালতে আপীল করে এবং ঐ মোকদ্দমার আরজী সংশোধনের জন্যে ঐ মোকদ্দমা পুনর্ব্বার বিচারহওনের নিমিত্তে ফিরিয়া পাঠান যায়। আরজীর সংশোধন হওয়াতে পূর্ব্বাপেক্ষা অধিক ইষ্টাম্পের মাসুল এবং উকীলের বেশী খরচাপ্রভৃতি দেওনের আবশ্যক হয়। গোপালের জায়দাদ আসামীর ডিক্রী জারী করিবার নিমিত্ত বিক্রয় হইয়া গিয়াছে। গোপাল দরখাস্ত করে যে আমি এক্ষণে যোত্রহীন অতএব আদালতের হুকুম প্রতিপালনের নিমিত্ত যে অধিক ইষ্টাম্পের আবশ্যক তাহা দিতে পারি না। প্রধান সদর আমীন বিবেচনা করেন যে যে ব্যক্তি মোকদ্দমার আরম্ভ সময়ে যোত্রহীন ছিল না মোকদ্দমা হওনের সময়ে সে ব্যক্তি যো ত্রহীনরূপে সওয়াল জওয়াব করিতে পারে না অতএব ঐ মোকদ্দমা কসুর হইয়াছে বলিয়া আপনার নথীহইতে উঠাইয়া ফেলেন। তাহাতে সদর দেওয়ানী আদালতে সরাসরী আপীল হয় অতএব জিজ্ঞাসা এই যে গোপালের যোত্রহীনতার বিষয়ে রীতিমত তজবীজ হইলে পর যোত্রহীনরূপে তাহার মোকদ্দমা চালাইতে অনুমতি দেওয়া উচিত ছিল কি নমঞ্জুর করিয়া সমস্ত দাওয়ার বিষয়ে গোড়াঅবধি নূতন মোকদ্দমা উপস্থিত করিতে তাহাকে অনুমতি দেওয়া উচিত।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৯ মার্চ।]

It was held that, when a plaintiff, on the plea of pauperism, urges his inability to comply with the permission of the Court to file an amended plaint, his pauperism should be inquired into, and, if established, his prayer granted, and that, supposing the suit to be pending before the Principal Sudder Ameen or Sudder Ameen, and plaintiff to plead inability to give the amended plaint, the Court before which the suit is, should allow him time to present a petition to the Judge, setting forth his pauperism, with a Schedule of his property, when the Judge would refer it to the Principal Sudder Ameen, or investigate it himself

Western Court, 3d December, Calcutta Court, 31st December

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 441

To the Civil Judges in the Lower Provinces and the Authorities in the Extra Regulation Provinces

The Court are pleased to direct that the annexed Forms be made use of in cases coming under the provisions of Act XX 1841

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 11th February, 1842

Form of Engagement of a party to whom a Certificate is granted for collection of debts on succession

Whereas a Certificate has been granted to me by the Judge of Zillah under the provisions of Act XX of 1841, to collect the debts due to the estate of the late C D, I promise and engage to give acquittances for all sums of money collected by me as debts on account of the estate of the late C D I further promise and engage to adhere strictly to such laws as have been or may be passed by the Governor General in Council for the guidance of persons holding Certificates for the collection of debts due to the estates of deceased persons

A B

Form of Security Bond

Whereas a Certificate has been granted to A B by the Judge of Zillah under the provisions of Act XX of 1841, to collect the debts due to the estate of the late C D, I hereby engage and bind myself to stand security for the said A B and to be answerable for any sums realized by him under the Certificate granted to him, which may legally be demandable from him under the provisions of Act XX of 1841 I further bind myself, my heirs and successors, not to sell, give, or otherwise transfer or dispose of the property mentioned in the annexed Schedule, which I hereby pledge for the purposes of this engagement until the conditions thereof have been completely fulfilled

E F

Schedule of Property
(to follow here)

Form of Certificate

To A B

Whereas in pursuance of the orders of this Court dated the in the matter of the estate of the late C D this Certificate is granted to you

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ২৯ মার্চ]

সদর দেওযানী আদালতের সরকুলর অর্ডর।

৪৪১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব এবং আইনবহিভূর্ত প্রদেশের শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে ১৮৪১ সালের ২০ আইনের বিধির সম্পর্কে কোন বিষয় উপস্থিত হইলে নীচের লিখিত পাঠানুসারে ব্যবহার করিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১১ ফেব্রুআরি।

উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকা আদায় করণের নিমিত্তে যে ব্যক্তিকে সর্টিফিকট দেওয়া যায় তাহার একরারনামার পাঠ।

লিখিতং শ্রী অমুকস্য একরার পত্রমিদং কার্য্যঞ্চাগে যেহেতুক মৃত অমুকের যে টাকা পাওনা আছে তাহা আদায় করিতে অমুক জিলার জজ সাহেব ১৮৪১ সালের ২০ আইনের বিধির অনুসারে আমাকে সর্টিফিকট দিয়াছেন আমি অঙ্গীকার এবং একরার করিতেছি যে মৃত অমুক ব্যক্তির পাওনা যত টাকা আমি আদায় করি তত টাকার ফারখত দিব। আরো আমি অঙ্গীকার এবং একরার করিতেছি যে মৃত ব্যক্তির পাওনা টাকা আদায় করণের নিমিত্তে যাহারা সর্টিফিকট পায় তাহারদের কার্য্যনির্ব্বাহের নিমিত্তে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে সকল আইন জারী করিয়াছেন বা করিবেন তদনুসারে আমি অবিকলরূপে কার্য্য করিব। অমুক।

জামিনী পত্রের পাঠ।

লিখিতং শ্রী অমুকস্য জামিনী পত্রমিদং কার্য্যঞ্চাগে যেহেতুক মৃত অমুক ব্যক্তির পাওনা টাকা আদায় করণের নিমিত্তে অমুক জিলার জজ সাহেব ১৮৪১ সালের ২০ আইনের বিধির অনুসারে অমুক ব্যক্তিকে সর্টিফিকট দিয়াছেন অতএব উক্ত অমুকের জামিন হইতে এবং ঐ সর্টিফিকটক্রমে তাহার দ্বারা আদায়হওয়া যে সকল টাকার ১৮৪১ সালের ২০ আইনের বিধির অনুসারে আইনমতে দাওয়া হইতে পারে তাহার বিষয়ে আমি দায়ী হইতে ইহার দ্বারা অঙ্গীকার ও একরার করিতেছি। আরো আমি একরার লিখিয়া দিতেছি যে আমি ও আমার উত্তরাধিকারিরা এবং আত্মস্বরূপ জনেরা ইহার সঙ্গে গাঁথা নীচের লিখিত তফসীলের সম্পত্তি বিক্রয় কি দান অথবা অন্য কোন প্রকারে হস্তান্তর কি অর্পণ করিব না এবং এই একরারনামার সমস্ত নিয়ম যেপর্য্যন্ত সম্পূর্ণরূপে সিদ্ধ না হয় সেইপর্য্যন্ত এই একরারনামার কার্য্যের নিমিত্তে ঐ সম্পত্তি আমি বন্ধক রাখিলাম। অমুক।

[সম্পত্তির তফসীল এই স্থানে লিখিতে হইবেক।]

সর্টিফিকটের পাঠ।

শ্রীঅমুক প্রতি আগে।

এই আদালতের অমুক তারিখের হুকুমানুসারে মৃত অমুক ব্যক্তির সম্পত্তির বিষয়ে ১৮৪১ সালের ২০ আই

তাহাতে বিধান হইল যে ফরিয়াদী যখন কহে যে সংশোধিত আরজী দিবার বিষয়ে আদালত অনুমতি করিয়াছেন কিন্তু আমি যোত্রহীন অতএব ঐ অনুমতিক্রমে কার্য্য করিতে পারি না তখন তাহার যোত্রহীনতার বিষয়ের তজবীজ করিতে হইবেক এবং যদি তাহা সত্য হয় তবে তাহার দরখাস্ত মঞ্জুর করিতে হইবেক। এবং যদ্যপি মোকদ্দমা প্রধান সদর আমীন অথবা সদর আমীনের নিকটে উপস্থিত থাকে এবং ফরিয়াদী কহে যে আমি সংশোধিত আরজী দিতে অক্ষম তবে যে আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে তাঁহার উচিত যে যোত্রহীনতার বিষয়ে এক দরখাস্ত এবং আপনার সম্পত্তির এক তফসীল জজ সাহেবকে দিবার নিমিত্তে ফরিয়াদীকে সময় দেন। পরে জজ সাহেব ঐ যোত্রহীনতার বিষয়ে হয় আপনিই বিচার করিবেন নতুবা তাহার বিচার হইবার নিমিত্তে ঐ প্রধান সদর আমীনের নিকটে অর্পণ করিবেন।

পশ্চিম দেশের সদর আদালত। ৩ ডিসেম্বর।
কলিকাতার সদর আদালত। ৩১ ডিসেম্বর। ✗

---

agreeably to the provisions of Act XX of 1841 You are hereby authorized and empowered to collect all debts due to the estate of the said C D, giving acquittances for all sums received by you

" You are further empowered to receive interest on Government Notes and Dividends, or on shares of any Bank or parts thereof belonging to the said estate, and to negotiate such securities You are also empowered to receive a share of such interest or dividends that may be due to the said estate, or to negotiate a share of such securities "*

You shall further adhere strictly to such laws as have been, or may be passed, by the Governor General in Council for the guidance of persons holding Certificates for the Collection of debts due to the estates of deceased persons

L S

Judge

W Kirkpatrick *Deputy Register*

No 442

To the Civil Authorities in the Lower Provinces

The Court are pleased to prescribe the subjoined Forms for use in cases under Act XIX 1841

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 11th February, 1842

Form of Engagement of Curator

I A B having been appointed by the Judge of Zillah under the provisions of Act XIX of 1841, to take temporary possession of the property of the late C D, do hereby solemnly promise and engage diligently and faithfully to discharge the trust committed to me, and to act in every respect according to the instructions given me, and to the best of my judgment for the interest of the proprietors I also promise to obey all orders of the Judge, regarding the institution or the defence of suits, concerning or connected with the property committed to my charge I further promise and engage to give acquittances for all sums

* This clause to be omitted when such power is not intended to be conferred

[*Government Gazette, 29th March*, 1842]

নের বিধির অনুসারে এই সর্টিফিকট তোমাকে দেওয়া যাইতেছে ইহার দ্বারা উক্ত অমুক ব্যক্তির পাওনা সমস্ত টাকা আদায় করিতে তোমাকে হুকুম ও ক্ষমতা দেওয়া গেল এবং তুমি যত টাকা আদায় কর তাহার ফারখত্ত দিবা।

" আরো উক্ত মৃত ব্যক্তির সম্পত্তির মধ্যে গবর্ণমেণ্টের যে নোট থাকে তাহার সুদ অথবা কোন ব্যাঙ্কের স্যার কি তাহার কোন অংশ থাকিলে তাহার ডিবিডেণ্ড লইতে এবং ঐ নোটইত্যাদি ক্রয় বিক্রয় করিতে তোমাকে ক্ষমতা দেওয়া গেল আরো উক্ত মৃত ব্যক্তির পাওনা কোন সুদ অথবা ডিবিডেণ্ডের কোন অংশ লইতে এবং ঐ নোটইত্যাদির কোন অংশ ক্রয় বিক্রয় করিতে তোমাকে ক্ষমতা দেওয়া গেল।"*

আরো মৃত ব্যক্তির পাওনা টাকা আদায়করণের নিমিত্তে যাহারদিগকে সর্টিফিকট দেওয়া যায় তাহারদের কার্য্যনির্ব্বাহের নিমিত্তে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে সকল আইন জারী করিয়াছেন বা করিবেন তদনুসারে অবিকলরূপে কার্য্য করিবা।

মোহরের স্থান। অমুক জজ।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

John C Marshman, *Bengalee Translator*

---

৪৪২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে ১৮৪১ সালের ১৯ আইনক্রমে কোন বিষয় উপস্থিত হইলে নীচের লিখিত পাঠানুসারে ব্যবহার করিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১১ ফেব্রুআরি।

সম্পত্তিরক্ষকের একরারনামার পাঠ।

লিখিতং শ্রী অমুকস্য একরার পত্রমিদং কার্য্যঞ্চাগে আমি ১৮৪১ সালের ১৯ আইনের বিধির অনুসারে মৃত অমুক ব্যক্তির সম্পত্তি কিছু কালপর্য্যন্ত আপনার দখলে রাখিতে অমুক জিলার জজ সাহেবের দ্বারা নিযুক্ত হওয়াতে আমি ইহার দ্বারা ধর্ম্মতঃ অঙ্গীকার এবং একরার করিতেছি যে আমাকে যে কার্য্য অর্পণ হইয়াছে তাহা আমি যত্নপূর্ব্বক এবং বিশ্বস্তরূপে নির্ব্বাহ করিব এবং আমাকে যে সকল হুকুম দেওয়া যাইবেক তাহার অনুসারে সর্ব্বপ্রকারে কার্য্য করিব এবং সম্পত্তির মালিকেরদের লাভের নিমিত্তে আমার বিবেচনার সাধ্যপর্য্যন্ত কার্য্য করিব। আরো আমার হাতে যে সম্পত্তি অর্পিত হইয়াছে তাহার বিষয়ে কি তাহার সম্পর্কে মোকদ্দমা উপস্থিত করণের

* মন্তব্য। এইমত ক্ষমতা যদি সর্টিফিকটধারি ব্যক্তিকে না দেওয়া যায় তবে এই " " চিহ্নের মধ্যের কথা সর্টিফিকটে লেখা যাইবেক না।

of money collected by me, as debts or rents on account of the Estate of the said C D, and to render a true and just account for whatever may be received by me on account of the said Estate, filing at the earliest practicable period an inventory of the property received by me, and also monthly in the Judge's Office accounts in abstract, and at the end of every three months, and on giving up possession of the property, accounts in detail of my administration of the said property I further promise and engage, to adhere strictly to such Laws as may be passed, for the guidance of Curators, by the Governor General in Council, and to such orders as I may receive from the Judge, and to derive no personal advantage whatever, directly or indirectly, from the trust committed to me beyond the allowance granted to me as stated in my sunnud of appointment

A B

Form of Security Bond

Whereas A B has been appointed by the Judge of Zillah under the provisions of Act XIX of 1841 to take possession of the property of C D deceased I, E F do hereby engage and bind myself to stand security, and to be answerable, for the faithful discharge of his trust by the said A B, agreeably to the terms of his Sunnud of appointment, a copy of which has been duly delivered to me I also bind myself, my heirs, and successors, not to sell, give, or otherwise transfer or dispose of the property mentioned in the annexed Schedule, which I hereby pledge for the purposes of this engagement, until the conditions thereof have been completely fulfilled

E F

Schedule of Property
(to follow here)

Form of Sunnud

Sunnud to A B

Whereas you A B have been appointed under the provisions of Act XIX of 1841, to take temporary possession of the property of the late C D, you shall diligently and faithfully discharge the trust committed to you, and act in every respect according to the instructions given you, and to the best of your judgment for the interest of the proprietors, you shall obey all orders of the Judge regarding the institution or the defence of suits, concerning or connected with the property committed to your charge, you shall further receive payments of debts and rents due to the estate of the said C D until otherwise ordered, such power of collecting debts however to cease on the granting of a certificate under the provisions of Act XX of 1841, or in the event of a probate or letters of administration to the estate of the said C D being granted by Her Majesty's Supreme Court of Judicature, and you shall give acquittances for all sums of money collected by you, as debts or rents, on account of the estate of the said C D, and you shall render a true and just account of whatever may be received by

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৯ মার্চ।]

অথবা জওয়াব দেওনের বিষয়ে জজ সাহেবের সমুদয় হুকুম মানিব। আরো আমি অঙ্গীকার এবং একরার করিতেছি যে মৃত অমুক ব্যক্তির পাওনা যত টাকা অথবা খাজানা আদায় করি তাহার ফারখত দিব এবং মৃত ব্যক্তির যে বিষয় অ দায় করি তাহার ঠিক ও যথার্থ হিসাব দিব এবং ঐ সম্পত্তির যাহা পাইয়াছি তাহার এক তালিকা যত শীঘ্র দিতে পারি দিব এবং মাসে২ ও তিন২ মাসের পরে মোট হিসাব জজ সাহেবের দপ্তরখানায় দাখিল করিয়া দিব এবং ঐ সম্পত্তির দখল ত্যাগকরণ সময়ে ঐ সম্পত্তির বিষয়ে আমি যে সকল কার্য্য করিয়াছি তাহার হিসাব বেওরা করিয়া দাখিল করিব। আরো আমি অঙ্গীকার এবং একরার করিতেছি যে সম্পত্তিরক্ষকের কার্য্য নির্ব্বাহের নিমিত্তে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে২ হুকুম করিবেন তাহার এবং জজ সাহেবের স্থানহইতে যে সকল হুকুম পাইব তাহার অনুসারে অবিকলরূপে কার্য্য করিব এবং আমার নিযুক্ত হওনের সনদে আমার যে মেহনতানা নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত আমারে যে কর্ম্ম অর্পণ হইল তাহার দ্বারা প্রকাশরূপে বা অপ্রকাশরূপে নিজে কিছু লাভ করিব না। অমুক।

জামিনী পত্রের পাঠ।

নদীয়ার মাজিষ্ট্রেট সাহেব ১৮১২ সালের ৫ আইনের ৭—১০ ধারা এবং ১৮২২ সালের ১১ আইনের ৩২ এবং ৩৩ ধারা দৃষ্টে অনুমান করিলেন যে কোন ব্যক্তি নীলামে জমীদারী খরীদ করিলে তাহার মধ্যে যেং তালুক সাবেক ভূম্যধিকারী পত্তনী দিয়াছিলেন তাহা ঐ খরীদার সুদ্ধ ক্রোককরণের দ্বারা অন্যথা করিতে পারেন না কিন্তু তাঁহার অন্যথাকরণের যে অধিকার আছে ইহা পূর্ব্বে আদালতে সাব্যস্ত না করিলে অন্যথা করিতে পারেন না। এবং ১৮৪০ সালের ৪ আইনের ১০ ধারা দৃষ্টে তিনি বোধ করিলেন যে এমত গতিকে ঐ পত্তনী তালুকের দখল পাওনের নিমিত্ত আইনের মধ্যে যে পথ নির্দ্দিষ্ট আছে তাহাছাড়া নীলামী খরীদারের অন্য কোন পথ নাহি।

তাহাতে বিধান হইল যে ১৮৪০ সালের ৪ আইনানুসারে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহাতে যদি কোন মহালের নীলামী খরীদার কহেন যে আইনমতে আমার যে স্বত্ব আছে তদনুসারে কার্য্য করিতেছি তবে মাজিষ্ট্রেট সাহেবের উচিত যে যে ভূমিহইতে মোকদ্দমাকরণ বিনা ঐ আইনের ১০ ধারাক্রমে বেদখল করিতে নাই বিরোধি ভূমি সেই প্রকার কি না ইহা নিশ্চয় করেন্। এবং যদ্যপি ভূমি সেই প্রকার না হয় তবে খরীদারের আপনার স্বত্বের অনুযায়ি কার্য্য করিবার নিমিত্ত কোন আদালতে দরখাস্ত করিবার আবশ্যক নাহি।

কলিকাতার সদর আদালত। ২২ অক্টোবর।
পশ্চিম দেশের সদর আদালত। ২৬ নবেম্বর।

১৮৩৯ সাল ৯ আইন।

সদর আদালতে নীচের লিখিত বিষয়ে জিজ্ঞাসা করা গিয়াছে।

অধস্থ আদালতে পাপর অর্থাৎ যোত্রহীন ফরিয়াদীর পক্ষে যে ডিক্রী হইয়াছে তাহার উপর আসামী পাপর না হইলে ১৮৩৯ সালের ৯ আইনের বিধি এবং ১২৫০ নম্বরী আইনের অর্থের অনুসারে সাদা কাগজে আপীল করিতে পারে কি না।

এবং ঐ প্রকার আসামীকে আপনার আপীলের দরখাস্তের সঙ্গে দরপেশ করিবার নিমিত্ত ঐ অধস্থ আদালতের ডিক্রীর নকল সাদা কাগজে লইতে অনুমতি দেওয়া যাইতে পারে কি না।

তাহাতে বিধান হইল

১। অধস্থ আদালত পাপর ফরিয়াদীর পক্ষে যে ডিক্রী করেন তাহার উপর আসামী পাপর না হইলে সাদা কাগজে আপীল করিতে পারে না।

২। অধস্থ আদালতের ডিক্রীর নকল আপেলান্ট আপনার আপীলের দরখাস্তের সঙ্গে দরপেশ করিবার নিমিত্ত সাদা কাগজে পাইতে পারে।

কলিকাতার সদর আদালত ১৮৪১। ১০ ডিসেম্বর।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ১০ জানুআরি।

১৮৪১ সাল ২৯ আইন ১ ধারা।

যখন আপীলের দরখাস্ত সদর দেওয়ানী আদালতে দেওয়া যায় তখন যে তারিখে দরখাস্ত আদালতে গুজরাণ যায় সেই তারিখঅবধি আপীল উপস্থিতহওয়া সুতরাং গণ্য হইবেক। কিন্তু যে আদালতে মোকদ্দমা হইয়াছিল তথায় যখন আপীলের দরখাস্ত গুজরাণ যায় তখন ১৭৯৭ সালের ১২ আইনের ৩ ধারানুসারে যে তারিখে সদর আদালতে ঐ আপীলের দরখাস্ত দেওয়া যায় অর্থাৎ যে তারিখে দরখাস্ত ঐ আদালতে পঁহুছে সেই তারিখঅবধি আপীল উপস্থিতহওয়া গণ্য করিতে হইবেক। ইহার উভয় গতিকে আপীল উপস্থিতহওনের তারিখঅবধি ছয় সপ্তাহের মধ্যে মোকদ্দমা চালাইতে আপেলান্টের প্রতি ১৮৪১ সালের ২৯ আইনের ১ ধারায় হুকুম আছে অতএব জিজ্ঞাসা হইতেছে যে "মোকদ্দমা চালাইতে" ইহার অর্থ কি।

তাহাতে বিধান হইল যে আপেলান্টকে যে ছয় সপ্তাহের মিয়াদ দেওয়া গিয়াছে তাহার মধ্যে যদি স্বয়ং অথবা উকীলের দ্বারা আপীলের হেতু না গুজরায় তবে তাহার কসুর হইয়াছে বোধ করিতে হইবেক এবং তাহার আপীল ডিসমিসহওনের যোগ্য হইবেক। সুদ্ধ উকীল নিযুক্তকরণেতে তাহার আপীল ডিসমিসহওনের প্রতিবন্ধক হইবেক না।

কলিকাতার সদর আদালত। ১৮৪১। ৩১ ডিসেম্বর।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ৭ জানুআরি।

দিল্লীর জজ সাহেব নীচের লিখিত বিষয় জিজ্ঞাসা করিলেন।

১। ১৮৪১ সালের ২০ আইনের নিরূপিত সর্টিফিকটের দরখাস্ত ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক কি না এবং যদি লিখিতে হয় তবে কত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

২। সর্টিফিকটের দরখাস্ত ইঙ্গরেজী ভাষায় কি উর্দ্দূ ভাষায় লিখিতে হইবেক।

৩। ঐ সর্টিফিকট ইষ্টাম্প কাগজে লিখিয়া দিতে হইবেক কি না।

তাহাতে বিধান হইল।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৫ আপ্রিল।]

1st That under Section 2 of the Act, petitions for certificates are required to be presented to the Judge of the Zillah or district Court, and ought consequently to be engrossed on a stamp of the value prescribed in the 7th Article of Schedule B Regulation X 1829

2d That the petition should be couched in the official language prescribed by the Legislature, that is, the Vernacular, that objectors, who in the majority of cases will be those who are best acquainted with that language, may know the nature of the appellant's claim in order to answer it Parties, however, may if they please, accompany such petition with an English translation

3d That neither in Act XX 1841, nor in any other law, is it provided directly or constructively that certificates of representation shall be written on stamp, they should therefore be granted on plain paper

Western Court, 14th January, Calcutta Court, 11th February 1842

1793 Regulation IV Section 3
1803 Regulation III Section 6

On a reference from the Judge of Ghazeepoor, as to the proper course to be pursued in the event of a defendant absenting himself, after having filed an answer to a plaint in an original suit —

It was held that under the rule of Section 6, Regulation IV 1793, and Section 6, Regulation III 1803, the proper course would be to affix in the Court House a notice of 8 days as therein directed, and in the event of the Defendant not appearing within that time, to decide the case ex-parte

Western Court, 18th January, Calcutta Court, 11th February 1842

1841 Act XXXI

Held that all criminal appeals pending at the date of the promulgation of Act XXXI 1841, must be disposed of with reference to the provisions of that Act

Western Court, 28th January, Calcutta Court, 11th February 1842

1841 Act XIX Section 3

Held with reference to the provisions of Section 3, Act XIX of 1841, that the complainant must appear in person to make the solemn declaration thereby required, and that such declaration cannot be made through an authorized Agent

Calcutta Court, 11th February, Western Court, 4th March

1793 Regulation XVI Section 2

Held that under the provisions of Section 2, Regulation XVI 1793, Sudder Ameens and Moonsiffs are competent, with consent of parties, to refer suits to arbitration

Calcutta Court, 11th February, Western Court, 4th March 1842

J HAWKINS, *Register*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 513

To the Civil Judges in the Lower Provinces

1 The Court are pleased to prescribe the following Rules in modification of the Circular Order No 54, of the 18th October (Western Provinces 31st October) 1839

2 It is to be left to the option of the party filing an English document to accompany it with a translation in the Urdu or Bengalee language, but the native Judge, before whom the suit may be pending, is competent to call on such party to file a translation when it may seem to him to be wanted

3 No question is to be entertained as to the correctness of any translation, if both parties agree to receive it as correct, or if the point on which

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৫ আপ্রিল।]

শ্রী

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৫১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১। ১৮৩৯ সালের কলিকাতা আদালতের ১৮ অক্টোবর ও পশ্চিম দেশের সদর আদালতের ৩১ অক্টোবর তারিখের ৫৪ নম্বরী সরকুলর অর্ডর মতান্তর হইয়া সদর আদালত নীচের লিখিত হুকুম করিতেছেন।

২। যে ব্যক্তি ইঙ্গরেজী ভাষায় কোন দলীলদস্তাবেজ আদালতে গুজরায় তাহার এক উর্দ্দু অথবা বাঙ্গলা ভাষার তরজমা ঐ ব্যক্তি আপন ইচ্ছাক্রমে দিতে পারে বা না পারে কিন্তু এতদ্দেশীয় যে বিচারকের সমক্ষে এ মোকদ্দমা উপস্থিত থাকে তিনি যখন এমত বোধ করেন যে তাহার তরজমা দেওয়া উচিত তখন তাহাকে তরজমা দিতে হুকুম করিতে পারেন্।

৩। যদ্যপি ফরিয়াদী ও আসামী কোন তরজমা যথার্থ হওনের বিষয়ে স্বীকৃত হয় অথবা যে বিষয়ে ঐ তরজমা শুদ্ধ হওনবিষয়ে সন্দেহ থাকে তাহা যদি মোকদ্দমা নিষ্পত্তি করণের বিষয়ে আবশ্যক না হয় তবে ঐ তরজ

১। ঐ আইনের ২ ধারানুসারে সর্টিফিকেটের দরখাস্ত জিলা অথবা প্রদেশের আদালতের জজ সাহেবের নিকটে দিতে হুকুম আছে এইপ্রযুক্ত ১৮২৯ সালের ১০ আইনের B তফসীলের ৭ প্রকরণের নির্দ্ধারিত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

২। গবর্ণমেণ্ট আদালতের কার্য্যের নিমিত্তে যে ভাষা নিরূপণ করিয়াছেন অর্থাৎ দেশীয় ভাষা তাহাতে দরখাস্ত লিখিতে হইবেক। তাহা হইলে ঐ দরখাস্তের আপত্তিকার কেবা আপেলাণ্টের দাওয়ার মর্ম্ম বিলক্ষণরূপে জ্ঞাত হইয়া তাহার জওয়াব দিতে পারিবেক যেহেতুক তাহারা প্রায়ই ঐ ভাষা উত্তমরূপে জ্ঞাত আছে কিন্তু কোন ব্যক্তি ইচ্ছা করিলে ঐ দরখাস্তের সঙ্গে ইঙ্গরেজী ভাষার এক তরজমা দিতে পারে।

৩। ১৮৪১ সালের ২০ আইনে অথবা অন্য কোন আইনে এইমত স্পষ্টতঃ অথবা ভাবের দ্বারা হুকুম নাই যে প্রতিনিধি হওনের সর্টিফিকট ইষ্টাম্পকাগজে লিখিতে হইবেক অতএব তাহা সাদা কাগজে দিতে হইবেক।

পশ্চিম দেশের সদর আদালত। ১৪ জানুআরি।
কলিকাতার সদর আদালত। ১১ ফেব্রুআরি।

গাজীপুরের জজ সাহেব জিজ্ঞাসা করিলেন যে আসল মোকদ্দমায় যদি আসামী নালিশের জওয়াব দিলে পর গরহাজির হয় তবে কি কর্ত্তব্য।

তাহাতে বিধান হইল যে ১৭৯৩ সালের ৪ আইনের ৬ ধারা এবং ১৮০৩ সালের ৩ আইনের ৬ ধারার বিধির অনুসারে এইমত গতিকে ঐ আইনের নিরূপিতমতে আট দিন মিয়াদের ইশতিহার কাছারীতে লটকাইতে হইবেক এবং যদ্যপি আসামী ঐ মিয়াদের মধ্যে হাজির না হয় তবে মোকদ্দমা একতরফা ডিক্রী করিতে হইবেক।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮ জানুআরি।
কলিকাতার সদর আদালত। ১১ ফেব্রুআরি।

১৭৯৩ সাল ৪ আইন ৩ ধারা। ১৮০৩ সাল ৩ আইন ৬ ধারা।

বিধান হইল যে ১৮৪১ সালের ৩১ আইন জারীহওনের তারিখে যে সকল ফৌজদারী বিষয়ক আপীল মুলতবী ছিল তাহা ঐ আইনের বিধির অনুসারে নিষ্পত্তি হইবেক।

পশ্চিম দেশের সদর আদালত। ২৮ জানুআরি।
কলিকাতার সদর আদালত। ১১ ফেব্রুআরি।

১৮৪১ সাল ৩১ আইন।

১৮৪১ সালের ১৯ আইনের ৩ ধারার বিধির বিষয়ে বিধান হইল যে ঐ আইনে যে প্রতিজ্ঞাকরণের হুকুম আছে তাহা দরখাস্তকারির স্বয়ং উপস্থিত হইয়া করিতে হইবেক এবং ঐ প্রকার প্রতিজ্ঞা কোন মোখ্তারের দ্বারা করা যাইতে পারে না।

কলিকাতার সদর আদালত। ১১ ফেব্রুআরি।
পশ্চিম দেশের সদর আদালত। ৪ মার্চ।

১৮৪১ সাল ১৯ আইন ৩ ধারা।

বিধান হইল যে ১৭৯৩ সালের ১৬ আইনের ২ ধারার বিধির অনুসারে সদর আমীন ও মুনসেফেরা উভয় বিবাদির সম্মতিক্রমে মোকদ্দমা সালিসীতে অর্পণ করিতে পারেন্।

কলিকাতার সদর আদালত। ১১ ফেব্রুআরি।
পশ্চিম দেশের সদর আদালত। ৪ মার্চ।

১৭৯৩ সাল ১৬ আইন ২ ধারা।

জে হকিন্স। রেজিষ্টর।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

---

the correctness is doubted be one not essential to the decision of the case

4 The native Judges are, however, to be at liberty to refer to the Judge any doubt as to the accuracy of a translation, on which they may wish to obtain his instructions

W KIRKPATRICK, *Deputy Register*
Fort William, 18th February, 1842

মার শুদ্ধতার বিষয়ে কোন জিজ্ঞাসা করিতে হইবেক না।

৪। কিন্তু এদেশীয় বিচারকেরা যদ্যপি কোন তরজমার শুদ্ধতার বিষয়ে সন্দেহ করেন এবং তদ্বিষয়ে জজ সাহেবের হুকুম পাইবার ইচ্ছা রাখেন্ তবে তাঁহারা সেই বিষয় জজ সাহেবের নিকটে অর্পণ করিতে পারেন্।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৮ ফেব্রুআরি।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

No 521

To the Several Zillah and City Judges in the Lower Provinces

1 An instance of the destruction by fire, in the Goruckpore district, of the greater part of the records of pending suits in a Moonsiff's Court, having been the cause of much embarrassment and delay, the Court call the attention of the Judges to the importance of assigning a distinct place of deposit for the records of the subordinate Courts, (which under the rule requiring the monthly transmission

৫২১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলা ও শহরের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

জিলা গোরক্ষপুরে মুনসেফর আদালতে উপস্থিত মোকদ্দমার রোয়দাদের অধিকাংশ দগ্ধ হওয়াতে অনেক ক্লেশ ও বিলম্ব ঘটিয়াছে এইপ্রযুক্ত সদর দেওয়ানী আদালত জজ সাহেবেরদের প্রতি হুকুম করিতেছেন যে যাহাতে অধস্থ আদালতের রোয়দাদে অগ্নি না লাগে অথবা অন্য কোন প্রকারে ক্ষতি না হয় এমত এক স্বতন্ত্র স্থান নির্দ্দিষ্ট করা অত্যাবশ্যক। যে মোকদ্দমা ঐ অধস্থ আদালতের বিচারকেরা নিষ্পত্তি করিয়াছেন

of suits decided by them to the Judge's office, ought not to comprise more than the papers of cases under investigation,) with a view to their security from fire or other injury

2 The Court request the Judges will after enquiry, submit a report respecting the system of deposit adopted in the Native Courts, particularly those of the Moonsiffs who, being left to provide their own office accommodation, are likely to neglect this point more than if their Cutcherries were supplied at the expense of Government, in order that to such defects as may be found to exist a suitable remedy may be applied

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 18th February, 1842

No 565

To the Civil Judges in the Lower Provinces

1 I am directed to transmit to you for your information and guidance, the accompanying extract from the Court's proceedings, dated 30th December 1836, on the subject of security tendered to this Court by appellants to the Queen in Council

2 With reference to the Resolution of the Court it has been the practice to forward to the Zillah Court the Security tendered by an appellant to Her Majesty in Council, in order that it may be verified and returned to this Court the time given for such enquiry being six months frequent intermediate returns being sent to the Court, stating the progress made in the verification and ascertainment of the validity of the Security

3 In modification of the present practice, the Court intend in future to require, by their precepts in such cases, a complete return on or before the expiration of six months, and to stay all intermediate returns, save one quarterly in the English and Native languages, exhibiting what may have been done in each case, according to the form herewith annexed This measure will save the time of the officers of the Courts Sudder and Mofussil, and relieve them of much unnecessary trouble

4 At the same time the Court request that you will pay strict attention to this part of your duties, endeavouring in every instance to have the enquiries into the Security completed at as early a period as possible, and taking care never to exceed the prescribed time This is the more necessary, as the order for the complete return to be made in six months will be peremptory and unconditional, and conveying no authority to the Zillah Judge to enhance the time for enquiry, the application for which must in every instance be made to this Court In the event of the enquiry not having been completed within the period allowed, you will state fully and specifically in your final return the cause of such incompleteness, shewing clearly the party to whose neglect it is to be attributed

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৫ আপ্রিল।]

তাহা মাসে২ জজ সাহেবের কাছারীতে পাঠাইবার হুকুম আছে অতএব যে কাগজপত্রের বিষয়ে এক্ষণে হুকুম হইতেছে তাহা কেবল বিচারাধীন মোকদ্দমার কাগজপত্র।

২। সদর আদালত জজ সাহেবেরদের প্রতি হুকুম করিতেছেন যে দেশীয় বিচারকেরদের আদালতে বিশেষতঃ মুনসেফের আদালতে রোয়দাদ রাখিবার যে উপায় এক্ষণে হইতেছে তাহার নিয়মের বিষয়ে এক রিপোর্ট করেন ঐ মুনসেফেরদের প্রতি আপন২ খরচে কাছারী তৈয়ার করিবার ভার আছে এবং হইতে পারে যে তাঁহারা এই বিষয়ে শৈথিল্য করিতে পারেন্ এবং সরকারী খরচে ঐ কাছারী প্রস্তুত হইলে তাদৃশ শৈথিল্য হইত না। এইরূপ হুকুম দেওনের অভিপ্রায় এই যে যে অপকার এইক্ষণে হইতেছে দৃষ্ট হয় তাহার উপযুক্ত উপায় করা যায়।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৮ ফেব্রুআরি।

John C Marshman, *Bengalee Translator*

৫৬৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

ইঙ্গলণ্ড দেশে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে যাহারা আপীল করেন তাঁহারদের এই সদর আদালতে জামিন দেওনের বিষয়ে ১৮৩৬ সালের ৩০ ডিসেম্বর তারিখের এই আদালতের কার্য্যের বিবরণের পশ্চাৎ লিখিত চুম্বক তোমার বিজ্ঞাপন ও কার্য্য নির্ব্বাহের নিমিত্তে আজ্ঞানুসারে তোমার নিকটে পাঠাইতেছি।

২। এই সদর আদালতের নির্দ্ধারণানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপেলাণ্ট যে জামিনের প্রস্তাব করে তাহা তহকীক করিয়া এই সদর আদালতে ফিরিয়া পাঠাইবার নিমিত্ত জিলা আদালতে তাহা পাঠাইবার ব্যবহার হইতেছে এবং তহকীককরণের ছয় মাস করিয়া মিয়াদ দেওয়া গিয়া থাকে কিন্তু ঐ সময়ের মধ্যে জামিনের মাতবর্রীর বিষয়ে তহকীক ও নিশ্চয়করণে যে পর্য্যন্ত কার্য্য হইয়াছে তাহার মিয়াদী রিটর্ণ বারম্বার এই আদালতে পাঠান গিয়া থাকে।

৩। অতএব সদর আদালত চলিত ব্যবহার মতান্তর করিয়া উত্তর কালে আপনারদের প্রিসেপ্টের দ্বারা হুকুম দিবেন যে এইমত গতিকে ছয় মাস অতীত হইলে বা তাহার পূর্ব্বে একটা সম্পূর্ণ রিটর্ণ করিতে হইবেক এবং সমস্ত মিয়াদী রিটর্ণ মৌকুফ হইবেক। কেবল তিন মাসের পর ইঙ্গরেজী ও এ দেশীয় ভাষার এক রিটর্ণ করিতে হইবেক এবং প্রত্যেক মোকদ্দমায় যে কার্য্য হইয়াছে তাহার বিবরণ নীচের লিখিত পাঠানুসারে ঐ রিটর্ণের মধ্যে লিখিতে হইবেক। এই নিয়মকরাতে সদর ও মফঃসল আদালতের আমলারদের অনেক সময় বাচিবেক এবং তাঁহারা অনেক অনাবশ্যক ক্লেশহইতে মুক্ত হইবেন।

৪। কিন্তু সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে তোমার এই কর্ত্তব্য কার্য্যের বিষয়ে তুমি বিশেষ মনোযোগ কর এবং প্রত্যেক গতিকে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র জামিনের তহকীককরণের কার্য্য নিষ্পত্তি করিতে উদ্যোগ কর এবং নিরূপিত মিয়াদের অতিরিক্ত কদাচ না হয় এমত সাবধান কর। ছয় মাসের মধ্যে সম্পূর্ণ রিটর্ণকরণের যে হুকুম তোমার নিকটে পাঠান যাইবেক তদনুসারে কার্য্য না করিলেই নয় এইরূপ জ্ঞান করিতে হইবেক। এবং তহকীককরণের মিয়াদ কিঞ্চিৎ অধিক করণের কোন ক্ষমতা জজ সাহেবকে সেই হুকুমে দেওয়া যাইবেক না। এবং যদি ঐ মিয়াদ বাড়াইবার কোন্ দরখাস্ত করিতে হয় তবে তাহা এই আদালতে করিতে হইবেক যদ্যপি নিরূপিত মিয়াদের মধ্যে ঐ তহকীককরণের শেষ না হইয়াছে তবে তোমার শেষ রিটর্ণের মধ্যে তাহা সম্পূর্ণ না হওনের সমস্ত কারণ বিশেষ করিয়া লিখিবা এবং যে ব্যক্তির ত্রুটিতে তাহার শেষ না হয় তাহার নাম স্পষ্ট করিয়া লিখিবা।

5 You will of course not consider the foregoing orders as precluding your transmitting to the Court any proceedings or reports that may be filed by the Nazir, or other officer directed to make the enquiry, subsequently to the despatch of the return to be made within the period of six months

W KIRKPATRICK *Deputy Register*

Fort William, 25th February, 1842

Extract from the Proceedings of the Presidency Court of Sudder Dewanny Adaulut, dated 30th December 1836

A Security bond for the payment of all such costs of suit as are likely to be incurred by the appeal (now fixed at Sicca Rupees 10 000) shall be filed with the petition of appeals within six calendar months from the day of the date of the judgment or decree complained of, otherwise the appellant shall not be considered to have preserved his right of appeal The Security bond shall then be sent to the Judge of the Zillah, to ascertain that the same is good and sufficient, and a further period of six calendar months shall be allowed to the appellant for this purpose If at the expiration of that period, the appellant shall not have satisfied the Court of Sudder Dewanny Adawlut that the security is good, he shall be called upon to deposit in Court the amount of security required, in money or Government Promissory Notes, and in default of doing so within a further period of three calendar months, he shall be considered as having forfeited his right of appeal to the King in Council, under the provisions of Regulation XVI 1797

Form of Return to precepts issued by the Sudder Dewanny Adawlut in cases of Security for costs tendered by an appellant to Her Majesty in Council

1	2	3	4	5	6	7
No of case with date of decision of Sudder Dewanny Adawlut	No of precept with date of its issue	Names of Parties	Names of Sureties	Detail of Security to amount to 10,000 Rs	Date and purport of intermediate return	Date on which prescribed period of six months will expire

W KIRKPATRICK, *Deputy Register*

৫। ছয় মাস মিয়াদের মধ্যে যে রিটর্ণ করিতে হইবেক তাহা পাঠাওনের পর নাজির অথবা অন্য যে আমলার প্রতি ঐ তহকীককরণের ভার অর্পণ হইয়াছিল তিনি যে কোন কার্য্যের বিবরণ অথবা রিপোর্ট তোমার আদালতে দাখিল করেন তাহা সদর আদালতে প্রেরণ করিতে যে নিষেধ হইয়াছে এইমত এই সরকুলরের অর্থ করিবা না।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৫ ফেব্রুআরি।

১৮৩৬ সালের ৩০ ডিসেম্বর তারিখের সদর দেওয়ানী আদালতের কার্য্যের বিবরণের চুম্বক।

ইঙ্গলণ্ড দেশে যে মোকদ্দমার আপীল হইতে পারে তাহার মূল্য এক্ষণে সিক্কা দশ হাজার টাকা নির্দ্ধার্য্য হইয়াছে। অতএব সেই প্রকার আপীলে যে সকল খরচা হইতে পারে তাহার বিষয়ে এক জামিনী পত্র আপীলহওয়া ফয়সলা অথবা ডিক্রীর তারিখঅবধি ছয় মাসের মধ্যে আপীলের দরখাস্তের সঙ্গে দাখিল করিতে হইবেক তাহা দাখিল না করিলে আপেলান্টের আপীলকরণের অধিকার বজায় আছে এমত জ্ঞান করা যাইবেক না। তাহার পর ঐ জামিনী পত্র জিলার জজ সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং তাহা যাতবর ও প্রচুর ইহা তিনি নিশ্চয় করিবেন এবং এই নিমিত্ত আপেলান্টকে আরো ছয় মাসপর্য্যন্ত সময় দেওয়া যাইবেক। ঐ সময় অতীত হইলে আপেলান্ট যদি সদর দেওয়ানী আদালতের এমত হৃদ্বোধ করিতে না পারেন যে ঐ জামিন যাতবর তবে ঐ জামিনীর সংখ্যা নগদ টাকায় অথবা গবর্ণমেণ্টের প্রোমিসরি নোটে ঐ আদালতে দাখিল করিতে তাহার প্রতি হুকুম হইবেক এবং যদি আরো তিন মাসের মধ্যে তিনি তাহা না করেন তবে ১৭৯৭ সালের ১৬ আইনের বিধানানুসারে শ্রীশ্রীযুক্ত ইঙ্গলণ্ডের বাদশাহের হজুর কৌন্সেলে আপীল করিতে তাঁহার যে অধিকার আছে তাহা রহিত হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপেলান্টের যে খরচা দিতে হয় তাহার জামিনীর বিষয়ে সদর দেওয়ানী আদালতের প্রিসেপ্টের যে রিটর্ণ করিতে হইবেক তাহার কৈফিয়ৎ।

১	২	৩	৪	৫	৬	৭
মোকদ্দমার নম্বর ও সদর দেওয়ানী অদালতে তাহার নিষ্পত্তি হইবার তারিখ	প্রিসেপ্টের নম্বর এবং তাহা যে তারিখে বাহির হয় তাহা	উভয় পক্ষের নাম	জামিনদিগের নাম	দশ হাজার টাকা পর্য্যন্ত জামিনীর বেওরা	ছয় মাসের মধ্যে মিয়াদী রিটর্ণের তারিখ ও তাৎপর্য্য	যে তারিখে ছয় মাসের নির্দ্দিষ্ট সময় অতীত হইবেক তাহা

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

EDUCATION

TO SECRETARY COUNCIL OF EDUCATION

SIR,

I am directed by the Right Honourable the Governor General of India in Council to acknowledge the receipt of your letter dated 14th February, No 137, forwarding for information and approval two Memoranda—one (A) relative to the award of the Senior Scholarships, and the other (B) relative to the award of the Junior Scholarships allotted to the English Departments of the several institutions referred to

2 His Lordship in Council is pleased fully to approve and to confirm the results as reported in the Memoranda by the Examiners (the Beaulcah Scholarship to Brijlal Chowdree included), and to tender to those gentlemen his best thanks for the care and zeal with which they have conducted their duties

I have, &c

H V BAYLEY, *Deputy Secretary*

Council Camber, March 2d, 1842

A

MEMORANDUM

The undersigned who have been appointed to examine, and have undertaken the examination of the papers of the Candidates for the Senior Scholarships in the English Departments of the institutions noted in the margin,* having met at the office of the Council of Education, proceed to consider and confer upon, and to report the results of, their examinations

They beg to premise that it has been their strenuous care throughout to be guided by the Rules laid down regarding the award of Scholarships in pages ccii to ccxii, and especially by those in page ccvi of the Appendix to the General Report of the Committee of Public Instruction for the year 1839-40

MADRISSA

The undersigned beg to state that they concur in lamenting that no Candidates have appeared for the Senior Scholarships attached to the English Department of this Institution

HOOGHLY COLLEGE

The undersigned beg to concur in allotting four (4) Senior Scholarships to the English Department of this Institution, to wit—1, Juddonath Banerjee—2, Nowruttun Mulluk—3, Hurrymohun Chatterjee—4, Gungachurun Sircar

---

* Hindoo College, previously assigned and distributed

Madrissa
Hooghly College.
Agra College
Delhi College
Dacca College
Benares College

বিদ্যাধ্যাপন।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেব বরাবরেষু।

গত ১৪ ফেব্রুআরি তারিখের ১৩৭ নম্বরী যে পত্র আপনি ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের বিজ্ঞাপন ও অনুমতির নিমিত্তে পাঠাইয়াছিলেন তাহা তিনি প্রাপ্ত হইয়াছেন তাহার মধ্যে নানা বিদ্যালয়ের ইঙ্গরেজী ভাষার ছাত্রেরদিগকে যে প্রথম শ্রেণীর বৃত্তি দেওয়া গিয়াছে তদ্বিষয়ে (A চিহ্নিত) এক ফর্দ্দ এবং দ্বিতীয় শ্রেণীর যে বৃত্তি নির্দ্দিষ্ট হইয়াছে তাহার বিষয়ে (B চিহ্নিত) এক ফর্দ্দ ছিল।

২। পরীক্ষক সাহেবেরদের ঐ ফর্দ্দে যে রিপোর্ট করা গিয়াছে তাহাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সম্মত আছেন ও তাহা মঞ্জুর করিয়াছেন। বোআলিয়ার ছাত্রবৃত্তি ব্রজলাল চৌধুরীকে দিবার যে পরামর্শ হইয়াছিল তাহাও মঞ্জুর করিয়াছেন। এবং ঐ সাহেব লোকেরা যেরূপে মনোযোগ ও উৎসাহ পূর্ব্বক ঐ কর্ম্ম নির্ব্বাহ করিয়াছেন তাহাতে শ্রীযুত অত্যন্ত বাধ্য আছেন।

এচ বি বেলি।
ডেপুটী সেক্রেটারী।

কৌন্সেল ঘর ১৮৪২। ২ মার্চ।

A

লিপি।

আমরা নীচের লিখিত* বিদ্যালয়ের ইঙ্গরেজী সম্প্রদায়ের প্রথম শ্রেণীর বৃত্তির আকাঙ্ক্ষি ব্যক্তিরদের ইমতিহানের কাগজের বিবেচনাকার্য্যে নিযুক্ত হইয়া এবং ঐ বিবেচনা করিবার নিমিত্ত বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দফ্তরখানায় একত্র হইয়া তদ্বিষয়ের বিচার ও কথোপকথন ও রিপোর্ট করিতেছি।

আমারদের প্রথমে লিখিতে হয় যে ১৮৩৯। ৪০ সালের বিদ্যাধ্যাপনের কমিটির সাধারণ রিপোর্টের এপেণ্ডিক্সের মধ্যে ২০২ পৃষ্ঠাঅবধি ২১২ পৃষ্ঠাপর্য্যন্ত বিশেষত. ২০৬ পৃষ্ঠার লিখিত বৃত্তি নির্দ্ধার্য্যকরণের বিধির অনুসারে অতি মনোযোগপূর্ব্বক কার্য্য করিয়াছি।

মদরসা।

এই বিদ্যালয়ের ইঙ্গরেজী সম্প্রদায়ের নিমিত্তে প্রথম শ্রেণীর যে বৃত্তি নির্দ্দিষ্ট হইয়াছিল তাহার নিমিত্ত কোন আকাঙ্ক্ষি ব্যক্তি উপস্থিত হয় নাই ইহাতে আমারদের অত্যন্ত খেদ জন্মিয়াছে।

হুগলীর কালেজ।

আমরা এক পরামর্শ হইয়া এই বিদ্যালয়ের ইঙ্গরেজী সম্প্রদায়ের প্রথম শ্রেণীর চারি বৃত্তি নির্দ্দিষ্ট করিয়া দিয়াছি অর্থাৎ ১ যদুনাথ বাঁড়ুয্যাকে। ২ নবরত্ন মল্লিককে। ৩ হরিমোহন চাটুয্যাকে। ৪ গঙ্গাচরণ সরকারকে।

---

* হিন্দু কালেজের বৃত্তি পূর্ব্বে নিরূপণ হইয়া বিলি করা গিয়াছিল।

মদরসা।
হুগলীর কালেজ।
আগরার কালেজ।
দিল্লীর কালেজ।
ঢাকার কালেজ।
বারাণসের কালেজ।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৫ আপ্রিল।

AGRA COLLEGE

The undersigned beg to concur in regretting that in their opinion no Candidate has attained the prescribed qualifications for Senior Scholarships —Mr Cameron, the Examiner on the subject of General Literature, begs to record as follows

"I do not think any of the Students at this College, whose answers have been sent, are qualified for a Senior Scholarship, but Sham Loll and Sheo Sein deserve praise and encouragement They shew talents, which, with strenuous attention, might earn a Senior Scholarship

'The answers in Political Economy have little value, but it is to be observed that the students have had uncorrected copies of the Questions, some of which must therefore have been quite unintelligible"

DELHI COLLEGE

"I think Petumber is qualified, in respect of Literature, for a Senior Scholarship

"I am by no means so certain about Ramchand He has answered some questions as well as Petumber, but one of his answers is so silly and so flippant, that it ought not merely to go for nothing, but to operate as a negative quantity Being asked to give an example from Milton, or from any other Poet, of such a simile as Addison had spoken of in the passage selected for Examination, he answers, 'I humbly beg to observe that I little thought that we are expected to have almost every line of Milton by heart'

"Thus he endeavours to excuse his ignorance of the subject by the ridiculous assumption, that in order to give an example from Milton, or any other Poet, it is necessary to know almost every line of Milton by heart

"Upon the whole, the utmost I can say in his favour is, that if he is *quite clearly* qualified for a Senior Scholarship in other respects, his answers in Literature may pass for sufficient"

The other Examiners having read and considered the above, and having reconsidered the several papers submitted by the Candidates, and having conferred on the generally superior papers given in by Petumber and Ramchand, concur in allowing the flippancy alluded to by Mr Cameron to be considered no bar to the award of the Scholarship to Ramchand, and think that the two Senior Scholarships should be allotted to Petumber and Ramchand

DACCA COLLEGE.

The Examiners beg to concur in determining that none of the Candidates have attained the qualifications prescribed for Senior Scholarships

BENARES COLLEGE

The undersigned beg to state that they concur in lamenting that no Candidates have appeared for

[*Government Gazette, 5th April,* 1842]

আগরার কালেজ।

আমরা অতি খেদপূর্ব্বক লিখিতেছি যে প্রথম শ্রেণীর বৃত্তি পাইবার নিমিত্তে যে প্রকার যোগ্যতার আবশ্যক তাহা কোন ছাত্রের হয় নাই। শ্রীযুত কামিরণ সাহেব তাহারদের ইমতিহান লইয়া সাধারণ বিদ্যার বিষয়ে নীচের লিখিতমতে রিপোর্ট করিয়াছেন।

"এই কালেজের ছাত্রেরদের যে উত্তর আমার নিকটে পাঠান গিয়াছে তাহার দ্বারা বোধ হয় না যে কোন ব্যক্তি প্রথম শ্রেণীর বৃত্তির যোগ্য কিন্তু শ্যামলাল ও শিব সেন প্রশংসার যোগ্য ও তাহারদিগকে প্রবোধ দিতে হয়। তাহারদের স্বাভাবিক বুদ্ধি আছে এবং যত্ন করিলে প্রধান বৃত্তি পাইবার যোগ্য হইতে পারে।

"পোলিটিকাল ইকনমি অর্থাৎ দেশের ধন উৎপত্তি ও বিতরণের বিদ্যাতে তাহারা যে উত্তর করিল তাহা অনুপযুক্ত কিন্তু ইহা মনে রাখিতে হইবেক যে প্রশ্নের যে নকল তাহারদিগকে দেওয়া গিয়াছিল তাহা অশুদ্ধ এবং হইতে পারে যে তাহার মধ্যে কোন২ প্রশ্ন বুঝা ভার।"

দিল্লীর কালেজ।

বিদ্যার বিষয়ে আমার বোধ হয় যে পীতাম্বর প্রথম শ্রেণীর বৃত্তির যোগ্য।

রামচাঁদের বিষয়ে আমি তাদৃশ নিশ্চয় কহিতে পারি না পীতাম্বর যেমন উত্তমরূপে কোন২ প্রশ্নের উত্তর দিয়াছে সেও তেমনি কিন্তু তাহার এক উত্তর এমত মিথ্যা ও আলুয়ামালুয়া যে তাহা উত্তর নয় কেবল ইহা জ্ঞান করিতে হয় না কিন্তু তাহা দোষ জ্ঞান করিতে হয় বিশেষতঃ ইমতিহানের নিমিত্ত যে কথা দেওয়া গিয়াছিল তাহার মধ্যে আডিসন যে দৃষ্টান্তের বিষয়ে লেখেন তাহার এক উদাহরণ মিল্টন অথবা অন্য কোন কবিহইতে দিতে তাহার প্রতি হুকুম হইল। তাহাতে সে উত্তর করিল যে আমার এমন বোধ ছিল না যে মিল্টন কবির প্রত্যেক পঁক্তির অভ্যাস করিতে হইবেক।

এইরূপে সে আপনার অজ্ঞতা ঢাকিবার নিমিত্ত পরিহাস করিয়া কহিল যে মিল্টন অথবা অন্য কোন কবিহইতে এক উদাহরণ দিবার নিমিত্ত ঐ মিল্টন কবির প্রত্যেক পঁক্তি অভ্যাস করিতে হইবেক।

সমস্ত বিষয় বিবেচনা করিয়া তাহার পক্ষে এইমাত্র কহিতে পারি যে যদ্যপি অন্য২ বিদ্যার বিষয়ে প্রথম শ্রেণীর বৃত্তি পাইবার নিতান্ত যোগ্য তবে সাধারণ বিদ্যাতে তাহার উত্তর চলিতে পারে।

অন্য২ পরীক্ষক সাহেবেরা ইহা পাঠ ও বিবেচনা করিয়া এবং বৃত্তির আকাঙ্ক্ষি ছাত্রেরা যে কাগজ দিয়াছিল তাহা পুনর্ব্বার বিবেচনা করিয়া এবং পীতাম্বর ও রামচাঁদ যে ইমতিহানের উত্তম কাগজ দিয়াছিল তাহার বিষয়ে পরামর্শ করিয়া এই স্থির করিলেন যে শ্রীযুত কামিরণ সাহেব যে পরিহাসের বিষয় উল্লেখ করিলেন তাহা রামচাঁদের বৃত্তি পাইবার প্রতিবন্ধক হইবেক না অতএব প্রথম শ্রেণীর দুই বৃত্তি পীতাম্বর ও রামচাঁদকে দিতে পরামর্শ করিলেন।

ঢাকার কালেজ।

পরীক্ষক সাহেবেরা ঐক্য হইয়া নিশ্চয় করিতেছেন যে ঐ বিদ্যালয়ের কোন ছাত্র প্রথম শ্রেণীর বৃত্তি পাইবার যোগ্যতা পায় নাই।

বারাণসের কালেজ।

আমরা সকলেই ঐক্য হইয়া অতিখেদপূর্ব্বক লিখিতেছি যে এই বিদ্যালয়ের ইঙ্গরেজী সম্প্রদায়ের নিমিত্ত

the Senior Scholarships attached to the English Department of this Institution

C H Cameron
John H Pratt
J Kerr
J Ireland

I have no doubt of the correctness of this Report, but should prefer not signing it as I was not present at the Meeting

H W. SETON.

B

MEMORANDUM

The undersigned who have been appointed to examine, and have undertaken the Examination of the papers of the Candidates for the Junior Scholarships allotted to the English Departments of the Institutions noted in the margin,* having met at the office of the Council of Education, proceed to consider and confer upon, and to report the results of their examinations

They beg to premise that it has been their strenuous care throughout to be guided by the Rules laid down regarding the award of Scholarships in page ccii to ccxii, especially by those in page ccvi of the Appendix to the General Report of the Committee of Public Instruction for the year 1839-40

The Examiners beg to concur in making the following awards

MADRISSA

1 Abdool Lateef
2 Waheed Al Nabee

HOOGHLY COLLEGE

1	Juddonauth Doss,	3d Class
2	Kadarnauth Dey,	1st C sec B
3	Gobindchunder Bose,	2d Class
4	Bobunmohun Sen,	2d Class
5	Harrochunder Bose,	1st C sec B

There being no out-competitor according to the scheme of page ccii of the Appendix of the General Report before quoted, the Examiners proceeded to report upon the further papers from the Hooghly College and Branch School, and after full consideration concur in considering Suderam Bises

* Hindoo College, previously assigned and distributed
1 Madrissa
2 Hooghly College.
3 Hooghly Branch School.
4 Benares College
5 Delhi College
6 Agra College
7 Dacca College
8 Allahabad School
9 Patna School
10 Saugor School.
11 Midnapore School
12 Jessore School.
13 Azimgurh School
14. Bauleah School

যে প্রথম শ্রেণীর বৃত্তি নিযুক্ত হইয়াছিল তাহা পাইবার নিমিত্তে কোন ছাত্র উপস্থিত হয় নাই।

সি এচ কামিরণ।
জান এচ প্রাট।
জে কর।
জে আইলাণ্ড।

এই রিপোর্টের যাথার্থ্যের বিষয়ে আমার কিছু সন্দেহ নাই কিন্তু বৈঠকে উপস্থিত ছিলাম না এই নিমিত্তে সহী করিতে চাহি না।

এচ ডবিলউ সিটন।

B

লিপি।

আমরা নীচের লিখিত* বিদ্যালয়ের ইঙ্গরেজী সম্প্রদায়ের দ্বিতীয় শ্রেণীর বৃত্তির আকাঙ্ক্ষি ব্যক্তিরদের ইম্‌তিহানের কাগজের বিবেচনাকার্য্যে নিযুক্ত হইয়া এবং ঐ বিবেচনা করিবার নিমিত্ত বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দফ্তরখানায় একত্র হইয়া তদ্বিষয়ের বিচার ও কথোপকথন ও রিপোর্ট করিতেছি।

আমারদের প্রথমে লিখিতে হয় যে ১৮৩৯। ৪০ সালের বিদ্যাধ্যাপনের কমিটির সাধারণ রিপোর্টের এপেণ্ডিক্সের মধ্যে ২০২ পৃষ্ঠাঅবধি ২১২ পৃষ্ঠাপর্য্যন্ত বিশেষতঃ ২০৬ পৃষ্ঠার লিখিত বৃত্তি নির্দ্ধার্য্যকরণের বিধির অনুসারে অতি মনোযোগপূর্ব্বক কার্য্য করিয়াছি।

আমরা একবাক্য হইয়া নীচের লিখিত ছাত্রেরদিগকে বৃত্তি নিরূপণ করিয়া দিলাম।

মদরসা।

১ আবদুল লতীফ।
২ ওয়াহেদ আল নবী।

হুগলির কালেজ।

১ যদুনাথ দাস	তৃতীয় ক্লাস।
২ কেদারনাথ দে	প্রথম ক্লাস B চিহ্নিত।
৩ গোবিন্দচন্দ্র বসু	দ্বিতীয় ক্লাস।
৪ ভুবনমোহন সেন	দ্বিতীয় ক্লাস।
৫ হরচন্দ্র বসু	প্রথম ক্লাস B চিহ্নিত।

কমিটির সাধারণ রিপোর্টের এপেণ্ডিক্সের ২০২ পৃষ্ঠায় যে নিয়ম লেখা আছে তদনুসারে কালেজের অসম্পর্কীয় কোন ব্যক্তি বৃত্তির নিমিত্ত প্রতিযোগিতা না করাতে পরীক্ষক সাহেবেরা হুগলীর কালেজ এবং তাহার শাখা পাঠশালার ইম্‌তিহানের কাগজের বিষয়ে পুনর্ব্বার রিপোর্ট করিতে উদ্যত হইলেন এবং সম্পূর্ণরূপে বিবেচনা করিলে পর সদীরাম বিশ্বাস ষষ্ঠ বৃত্তি পাইবার

* হিন্দু কালেজের বৃত্তি পূর্ব্বে নিরূপণ হইয়া বিলি করা গিয়াছিল।
১ মদরসা।
২ হুগলীর কালেজ।
৩ হুগলীর শাখাপাঠশালা।
৪ বারাণসের কালেজ।
৫ দিল্লীর কালেজ।
৬ আগরার কালেজ।
৭ ঢাকার কালেজ।
৮ আলাহাবাদের পাঠশালা।
৯ পাটনার পাঠশালা।
১০ সাগরের পাঠশালা।
১১ মেদিনীপুরের পাঠশালা।
১২ যশোহরের পাঠশালা।
১৩ আজীমগড়ের পাঠশালা।
১৪ বোআলিয়ার পাঠশালা।

qualified for, and entitled to, the sixth Scholarship, which they award to him accordingly

HOOGHLY BRANCH SCHOOL

1 Gobindchunder Koar

BENARES COLLEGE

The undersigned concur in lamenting that not only do no Students appear qualified, but the Local Committee in letters of 29th and 30th November 1841, seem to speak very unfavorably of the progress of this Institution—and in the last column of the enclosure A of the former, they report, that none are fit for Scholarships No Examination papers of Candidates for these Scholarships seem to have reached Calcutta

DELHI COLLEGE

1 Durum Narain
2 Hosein Buksh
3 Kanaie Loll
4 Joynarain
5 Luchmund Doss

There was no out competitor for the sixth assigned to this Institution, and the Examiners do not consider any other Candidates to have attained the prescribed qualifications

AGRA COLLEGE

1 Gunga Bishen,
2 Isree Persad,

are the only Candidates qualified in the opinion of the Examiners

DACCA COLLEGE

1 Bisumber Doss
2 Reskerto Paul

ALLAHABAD SCHOOL

1 Thakoor Persad

PATNA SCHOOL

1 Lewis D'Abreo

SAUGOR SCHOOL

1 Seopersaud Avestee

MIDNAPORE SCHOOL

1 Ketter Mohun Jan

JESSORE SCHOOL

1 Annundo Mohun Moojoomdar

AZIMGURH SCHOOL

The undersigned concur in lamenting that no Scholarships can be awarded to this School, and that the Students seem especially deficient in History, and to have but little knowledge of Geography (See Local Committee's letter dated 22d October, 1841)

BAULEAH SCHOOL

The papers from this School have been only received very lately, and since the new constitution of the Council, the Examiners have not therefore been able to examine the qualifications of the Candidates, but observe from the Local Committee's letter dated 10th ultimo, that that body, after considering the claims of the Candidates, recom-

[*Government Gazette, 5th April*, 1842]

যোগ্য বোধ হইল এবং ঐ বৃত্তি তদনুসারে তাহাকে দেওয়া গেল।

হুগলীর শাখাপাঠশালা।

১ গোবিন্দচন্দ্র কুওার।

বারাণসের কালেজ।

আমরা একবাক্য হইয়া খেদপূর্ব্বক লিখিতেছি যে ঐ কালেজের কোন ছাত্র বৃত্তির যোগ্য নহে ইহা কেবল নহে কিন্তু তৎস্থানের কমিটির সাহেবেরা ১৮৪১ সালের ২৯ এবং ৩০ নবেম্বর তারিখের পত্রে ঐ বিদ্যালয়ের চলিত কার্য্যের বিষয়ে অশুভ করিয়া লেখেন এবং প্রথমোক্ত পত্রের A চিহ্নিত লিপির শেষ শ্রেণীতে তাঁহারা রিপোর্ট করেন্ যে ঐ কালেজের কোন ছাত্র বৃত্তি পাইবার যোগ্য নহে। ছাত্রবৃত্তির আকাঙ্ক্ষিরদের কোন ইমতিহানের কাগজ কলিকাতায় পঁহুছে নাই বোধ হয়।

দিল্লীর কালেজ।

১ ধরমনারায়ণ।
২ হুসেন বক্স।
৩ কানাই লাল।
৪ জয়নারায়ণ।
৫ লক্ষ্মণ দাস।

এই কালেজের অসম্পর্কীয় ব্যক্তিরদের নিমিত্ত যে বৃত্তি নির্দ্দিষ্ট হইয়াছিল তাহার আকাঙ্ক্ষি কোন ব্যক্তি উপস্থিত হইল না এবং পরীক্ষক সাহেবেরা বোধ করেন্ যে অন্য২ বৃত্তির আকাঙ্ক্ষি ব্যক্তিরা নিয়মিত যোগ্যতা অদ্যাপি প্রাপ্ত হয় নাই।

আগরার কালেজ।

১ গঙ্গাবিষ্ণু।
২ ইশ্রীপ্রসাদ।

ইহারাছাড়া পরীক্ষক সাহেবেরদের বিবেচনায় অন্য কোন ছাত্র বৃত্তির যোগ্য নহে।

ঢাকার কালেজ।

১ বিশ্বম্ভর দাস।
২ রেক্কেরটো পাল।

আলাহাবাদের পাঠশালা।

১ ঠাকুরপ্রসাদ।

পাটনার পাঠশালা।

১ লুইস ডাব্রিয়ো।

সাগরের পাঠশালা।

১ শিউপ্রসাদ আবেষ্টী।

মেদিনীপুরের পাঠশালা।

১ ক্ষেত্রমোহন জান।

যশোহরের পাঠশালা।

১ আনন্দমোহন মজুমদার।

আজীমগড়ের পাঠশালা।

আমরা একবাক্য হইয়া অতিখেদপূর্ব্বক লিখিতেছি যে এই পাঠশালাতে কিছু বৃত্তি দেওয়া যাইতে পারে না এবং ছাত্রেরা পুরাবৃত্ত বিদ্যায় বিশেষরূপে অজ্ঞ এবং ভূগোলের বিদ্যাবিষয়ে তাহারদের প্রায় কিছু জ্ঞান নাই। তৎস্থানের ১৮৪১ সালের ২২ অক্টোবর তারিখের পত্র দেখ।

বোআলিয়ার পাঠশালা।

এই পাঠশালার ইমতিহানের কাগজ কেবল সম্প্রতি এবং কৌন্সেলের নূতন নিয়ম হওনের পর পঁহুছিয়াছে এইপ্রযুক্ত পরীক্ষক সাহেবেরা বৃত্তির আকাঙ্ক্ষি ব্যক্তিরদের যোগ্যতার বিষয়ের বিবেচনা করিতে পারিলেন না কিন্তু তাঁহারা দেখিতেছেন যে তৎস্থানের কমিটি নানা আকাঙ্ক্ষি ব্যক্তিরদের যোগ্যতার বিষয়ে বিবেচনা করিয়া

mend the award of the Scholarship to Brijloll Chowdrie

F Millett
Fred Jas Halliday
J Kirr
J Ireland

Note —The Honourable S r H Seton was also an Examiner, but vide Note on Memorandum A by Sir H

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 26th March, 1842

Syud Uhmeed is appointed Acting Moonsiff of Sundeep, Zh Chittagong, during the absence of the Incumbent

Juggernathpershad Bonnerjee (who has obtained a Diploma) is appointed Acting Moonsiff of Radhanagore, Zillah West Burdwan, during the absence of the Incumbent

Baboo Gopeemohun Roy (who has obtained a Diploma) is appointed Acting Moonsiff of Talma, Zillah Dacca, during the absence of the Incumbent

J Hawkins, *Register*

CIVIL APPOINTMENTS

FORT WILLIAM, FINANCIAL DEPARTMENT,

The 23d March, 1842

Mr W H Oakes delivered over charge of the General Treasury to Mr G Adams on the 18th instant.

G A Busby,
Secy to the Govt of Bengal

No 344
FORT WILLIAM, GENERAL DEPARTMENT,

The 26th March, 1842

Mr J F Cathcart, of the Civil Service, embarked for the Cape of Good Hope on board the Ship "Thomas Arbuthnot," which Vessel was left by the Pilot at Sea on the 24th instant

G A. Busby,
Secy to the Govt of Bengal

No 345
FORT WILLIAM, SEPARATE DEPARTMENT,

The 9th March, 1842

Mr C Bury assumed charge of the offices of Salt Agent and Superintendent of Tumlook Salt Chokies, on the 5th instant

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৫ আপ্রিল।]

আপনারদের গত মাসের ১০ তারিখের পত্রে ব্রজলাল চৌধুরীকে বৃত্তি দিতে পরামর্শ দেন।

এফ মিলেট।
ফেদরিক জেমস হালিডে।
জে কর।
জে আইর্লাণ্ড।

মন্তব্য কথা। শ্রীযুত সর হেনরি সিটন সাহেব পরীক্ষক সাহেবেরদের মধ্যে ছিলেন কিন্তু A চিহ্নিত লিপির নীচে যাহা লিখিয়াছিলেন তাহা দেখ।

John C Marshman, *Bengalee Translator*

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ২৬ মার্চ।

চাটিগাঁ জিলার সন্দীপ স্থানের মুনসেফের অনুপস্থান পর্য্যন্ত শ্রীযুত সায়দ আহমদ ঐ স্থানের একটিং মুনসেফী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমান জিলার রাধানগরের মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জগন্নাথপ্রসাদ বাড়ুয্যা যোগ্যতার পত্র প্রাপ্তহওয়াতে ঐ স্থানের একটিং মুনসেফী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

ঢাকা জিলার তালমার মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু গোপীমোহন রায়যোগ্যতার পত্র প্রাপ্তহওয়াতে ঐ স্থানের একটিং মুনসেফী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২৩ মার্চ।

শ্রীযুত ডবলিউ এচ ওক্স সাহেব বর্ত্তমান মাসের ১৮ তারিখে শ্রীযুত জি আডামস সাহেবের প্রতি জেনরল ট্রেজুরীর কর্ম্মের ভার অপর্ণ করিলেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

৩৪৪ নম্বর। ফোর্ট উলিয়ম। জেনরল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২৬ মার্চ।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব "তামস আরবথনট" নামক জাহাজের দ্বারা কেপে গমন করিয়াছেন এবং ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৪ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

৩৪৫ নম্বর। ফোর্ট উলিয়ম। স্বতন্ত্র ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ৯ মার্চ।

শ্রীযুত সি বেরি সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে তমলুকের নিমকের এজেন্টী ও নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেন্টী কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

The 23d March, 1842

LEAVE

Mr John Hunter, Assistant Collector, has obtained leave of absence, for one month, from the 1st proximo, preparatory to his departure to Europe

GENERAL DEPARTMENT

Mr John Hunter has been permitted to resign the East India Company's Civil Service, from the 30th proximo

G A BUSHBY
Secy to the Govt of Bengal

No 346

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT,

The 16th March, 1842

Mr C W Steer has been dismissed by the Honourable the Court of Directors from the Civil Service of this Establishment

Published by Order of the Right Honourable the Governor of Bengal

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 400

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENT

The 17th March, 1842

Lieutenant H Oakes, of the Ramghur Light Infantry, to assume charge of the Districts of Colehan and Singbhoom during the absence of Lieutenant Tickell, or until further orders

LEAVES OF ABSENCE

The 18th March 1842

Mr G F Houlton, Collector of Patna, for two months, under Section XI of the Rules of 29th January, 1840, for the purpose of repairing to the Presidency, preparatory to applying for leave for two years under Section XII of the same Rules to enable him to proceed to the Cape of Good Hope for the benefit of his health

The 22d March, 1842

Mr F W Russell, Civil and Sessions Judge of Hooghly, for two months, from the 1st proximo, under Medical Certificate Mr G C Cheap will officiate as Judge of that District during Mr Russell s absence

APPOINTMENT

The 26th March, 1842

Mr J H Young to officiate as Collector of Patna

The remaining portion of the leave of absence granted to Dr J Edge, under date the 28th December 1841, has been cancelled from the 3d instant, the date on which he resumed charge of his office

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

[*Government Gazette, 5th April*, 1842]

১৮৪২ সাল ২৩ মার্চ।

ছুটী।

আসিষ্টাণ্ট কালেক্টর শ্রীযুত জান হণ্টর সাহেব ইউরোপে গমনের পূর্ব্বে আগামি মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

জেনরল ডিপার্টমেণ্ট।

শ্রীযুত জান হণ্টর সাহেব আগামি মাসের ৩০ তারিখ অবধি কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইশতাফা দেওনের অনুমতি পাইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩৪৬ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ১৬ মার্চ।

শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা শ্রীযুত সি ডবলিউ ষ্টীর সাহেবকে বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় কর্ম্মহইতে তগীর করিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুমক্রমে প্রকাশিত।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৪০০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ১৭ মার্চ।

শ্রীযুত লেপ্টেনেণ্ট টিকল সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত রামগড়ের লঘু অস্ত্রধারি পদাতিক সৈন্যেরদের লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ ওক্স সাহেব সিংহভূম ও কোলহান জিলার কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

ছুটী।

১৮৪২ সাল ১৮ মার্চ।

পাটনার কালেক্টর শ্রীযুত জি এফ হৌল্টন সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে কেপে গমনের নিমিত্তে ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১২ ধারানুসারে দুই বৎসরের ছুটীর দরখাস্তকরণের পূর্ব্বে রাজধানীতে আগমনের উপলক্ষে ঐ বিধির ১১ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ২২ মার্চ।

হুগলীর সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ ডবলিউ রসল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত রসল সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জি সি চীপ সাহেব ঐ জিলার জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নিয়োগ।

১৮৪২ সাল ২৬ মার্চ।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব পাটনার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪১ সালের ২৮ ডিসেম্বর তারিখে শ্রীযুত ডাক্তর জে এজ সাহেব যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি অর্থাৎ যে তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্ তদবধি রহিত হইয়াছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 415

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

The 26th March, 1842

APPOINTMENT

Mr C Chapman, Superintendent of Surveys in Patna, to exercise the powers described in Section III Reg IX of 1825, in the Pergunnahs of Sarun and Tirhoot, which lie along the banks of the Ganges

LEAVES OF ABSENCE

Baboo Obhoychurn Mullick, Deputy Collector under Regulation IX of 1833, in the Jessore Division, from the 3d to the 7th January 1842, in extension

The 29th March, 1842

Doctor G N Cheek, Civil Assistant Surgeon of Bancoorah, for one month, on private affairs, from the date on which he may quit his Station

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

৪১৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২৬ মার্চ।

নিয়োগ।

পাটনার জরিপের কর্ম্মের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত সি চাপমান সাহেব গঙ্গানদীর তীরস্থ সারণ ও ত্রিহুত পরগনার মধ্যে ১৮২৫ সালের ৯ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে যশোহর জিলার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অভয়চরণ মল্লিক ১৮৪২ সালের ৩ জানুআরিঅবধি ৭ জানুআরি তারিখপর্য্যন্ত অতিরিক্ত ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ২৯ মার্চ।

বাঁকুড়ার দেওয়ানী আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জি এন চীক সাহেব যে তারিখঅবধি আপনার মোকাম হইতে প্রস্থান করেন সেই তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

SALES OF LAND — জমিদারী নীলাম।

ইস্তাহার নামা কাছারি ডিপুটি কালেক্টরি।
জেলা মেদিনীপুর।
এজলাস শ্রীযুত রায় গোবিন্দচন্দ্র বসাক বাহাদুর ডিপুটিকালেক্টর।
মধুসূদন মাইতি সাং তেতুলমুড়ি পং শিবপুর মজহর।

মজহর মজকুর একক্রেতা দরখাস্ত মাফিক নীচের তফসীল তালুকে আপন নাম জারীর প্রার্থনায় সেরেস্তায় দাখিল করিয়াছে অতএব ১ এক মাসের মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যদি কেহ তালুক মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে কাছারী মজকুরে হাজির হইয়া তাহার মুক্তাহিমি দরখাস্ত দস্তাবেজসম্বলিত দাখিল করে নতুবা মেয়াদ গত হইলে সেরেস্তা তহকিকাতে ইং সন ১৭৯৭ সালের ১৫ আইনের মাফিক সরকারের রসুম দাখিল হইলে ইং সন ১৮০০ সালের ৮ আট আইনের এক বিংশতি ধারা মতে মজহরের নাম সরকারী সেরেস্তায় জারি হইবেক পশ্চাৎ কাহার ওজর শুনা যাইবেক না।

তফসিল।

পরগনার নাম	মৌজার নাম	কাত তশখিস	রকম ••	নাম সাবেক তালুকদার	হস্তান্তরের বিবরণ।
শিপুর	তেতুলমুড়ি	৫/১৬ ✓	৲১০॥	বর্দ্দমাইতি	খরিদার

সন ১৮৪২ সাল তাং ২৫ মার্চ
Midnapore Collectorate, 25th *March*, 1842

G C BYSACK, *Depy Collector*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে কীং তরফ শ্রীকণ্টপুর তালুকে ৺ শ্রীধর শালগ্রাম ঠাকুর সেবাইত রতনমণি দেব্যা উক্ত মহালের সন ১২৪৮ সালের লাগাইদ কীস্তী পৌষের সরকারের রাজস্ব আদায় কারণ চলিত সনের ২৯ জানুআরি তারিখে নীলাম হওয়ায় কৃষ্ণলাল চাটুর্য্যা ৩২০০ টাকা মুল্যে খরিদ করিয়া ফিশের টাকা দাখিল করে পরে বাকী পোণবাহার টাকা দাখিল না করাতে এই কালেক্টরির ১৯ মার্চের হুকুমানুযায়ি ফিশের টাকা সরকারে জব্দ হইয়া জানি লাটবন্দির আজ্ঞা প্রকাশ হয় মতে সন ১৮৪১ ইংরেজীর ১২ আইনের অষ্টম ধারার মর্ম্মানুসারে সন ১২৪৮ সালের লাগাইদ কীস্তী ফাল্গুণের সরকারের রাজস্ব আদায় কারণ উক্ত মহাল বিমজিম নীচের তপশীল সন ১৮৪২ ইংরেজীর তারিখ ২০ আপরেল মোতাবেক সন ১২৪৯ সালের তারিখ ১০ বৈশাখ নীলাম হওনের ইস্তাহার জারী হইল যদ্যপি উক্ত বাকীদার নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত ইস্তাহারের লিখিত বেবাক বাকী দাখিল না করে তবে উক্ত মহাল নীলাম হইবেক কেহ খরিদের বাসনা রাখহ ঐ নীলামের তারিখে ডাক আরম্ভ হওয়ার পূর্ব্বে ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিশের টাকা সম্বলিত হাজির হইয়া আইন মত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাতার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইংরেজী তারিখ ২৯ মার্চ মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ১৭ চৈত্র।

নম্বর লাট	নম্বর রেজিষ্টর	নাম মহাল	নাম তালুকদারের	জমা সালিয়ানা সদর	তায়দাদ রকম যাহা বিক্রয় হইবেক	বাকী মালগুজারী কিংবা ইং কার্ত্তিকলাং ফালগুণ ১২৪৮
১	২০০৮	কীংতরফ শ্রীকণ্টপুর	৺ শ্রীধর শাল গ্রাম সেং রতন মণি দেব্যা	৫১২৲	মজমুম মহাল	৫৩১৶

Moorshedabad Collectorate, 29*th March*, 1842.

C D RUSSELL, *Actg Collector*

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৫ আপ্রিল।]

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা মুরশিদবাদ এই যে।

ত্রৈলোক্যনাথ মজুমদার এক কেতা দরখাস্ত এই মর্ম্মে দাখিল করে যে কিং যোত রামেশ্বর সরকারের বাকী কারণ নীলাম হওয়ায় রামকুমার সরকার ১৯০ টাকায় খরিদ করিয়া পণের বেবাক তহবিলে আমানত করিয়াছে তাহার পর মজহর নীলামের খবর শুনিয়া উক্ত মহালের বাকী টাকা তহবিলে আমানত করায় তত্রাচ নীলাম রদ হইল না মতে প্রার্থনা রাখে যে উক্ত পণের টাকা উহাকে দেওয়া যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহর আর কেহ উক্ত টাকার দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল তা° ১৫ মার্চ মং সন ১২৪৮ সাল তাং ৩ চৈত্র।

Moorshedabad Collectorate, 15th March, 1842 — C D Russell, *Actg Collector*

FIVE HUNDRED RUPEES REWARD

Will be paid to any person who may apprehend or give information leading to the apprehension of Surroop Dutt, formerly Ghatmanjee at Bhugwangola in the district of Moorshedabad, and a notorious Jemadar of Thugs, who has hitherto evaded search

Surroop Dutt, son of Raj Chunder Dutt, caste Kait—resident of Pookhereah, Pergunnah Chand Pertab—Thannah Jaffergunge—Zillah Furreedpore, is about Sixty years old, but appears younger, fair in face and body, hair, beard, and Moustache grey inclining to white, above the middling height and stout, with front teeth a little broken, and of a respectable appearance

Surroop Dutt or Surroop Ghat Manjee, as he is more generally termed, is reputed to be the most skilful and experienced Jemadar of River Thugs in the Lower Provinces, and has carried his excursions as high as Benares

W Dampier,
Superintendent of Police, and for the suppression of Thuggee, L P

Office of Superintendent of Police L P
Monghyr, 24th March, 1842

ONE HUNDRED RUPEES REWARD

Will be paid for the apprehension of the two undermentioned Persons —

Ujoodhia Rai, 33 years old, son of Busraj Rai, inhabitant of Mouzah Naraienpore, Pergunnah Arrah, Zillah Shahabad,—

Wheat Colour, broad forehead, joined eyebrows, beard and whiskers black, stout in body coarse curling hair, some Pock marks on his forehead, is a notorious horse stealer and bad character, and always goes armed to resist any attempt to arrest him

Boolakee Tewary, 22 years old, son of Hunooman Tewary, Inhabitant of Mouzah Chundous, Pergunnah Musoura, Zillah Patna

Wheat Colour, broad forehead, open eyebrows, sheep's eyes, high nose, and middle stature—stands charged with murder ———And

FIFTY RUPEES

For the apprehension of Rungoo Gwallah, 28 years old, son of Muhoongoo, inhabitant of Mouzah Chunda, Pergunnah Burragaon, Zillah Shahabad

Wheat Colour, broad forehead, high nose, middle stature, beard and whiskers black—stands committed on a charge of highway robbery

[*Government Gazette, 5th April,* 1842.]

৫০০৲ টাকা পুরস্কার।

জিলা মুরশিদাবাদের ভগবান গোলার সাবেক ঘাট মাঞ্জি অথচ ঠগেরদের অতিপ্রসিদ্ধ জমাদার সরূপ দত্ত নামক যে ব্যক্তিকে এইপর্য্যন্ত গ্রেক্তার করিতে পারা যায় নাই তাহাকে যে কোন ব্যক্তি গ্রেক্তার করে অথবা গ্রেক্তারকরণের উপযুক্ত কোন সম্বাদ দেয় তাহাকে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

ঐ সরূপ দত্ত রাজচন্দ্র দত্তের পুত্র কায়স্থ জাতি এবং জিলা ফরিদপুরের জাফরগঞ্জ থানার চাদ প্রতাপ পরগনার পুখেরিয়া গ্রামবাসী। তাহার বয়ঃক্রম প্রায় ষাটি বৎসর কিন্তু দৃষ্টিতে কিছু কম বয়ঃক্রম বোধ হয় তাহার মুখ ও শরীর গৌর বর্ণ তাহার চুল দাড়ি গোঁপ প্রায় শুক্লবর্ণ এবং মাঝামাঝি অপেক্ষা কিছু লম্বা ও মোটা এবং সম্মুখের কএকটি দাঁতভাঙ্গা আছে কিন্তু দেখিতে বিশিষ্ট ব্যক্তির ন্যায়।

২৩	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ কীর্ত্তি চন্দ্র চৌধুরী	তথা	১৯৩৮৷৵৮	তথা	
২৪	০	পং তথা হিস্যা /১৫ গণ্ডা	গোলোকনাথ চৌধুরী গয়রহ	২৬৪৩৷৴১১	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্পর্কীয় গোলোকনাথ চৌধুরী মালজামিনের যে হক আছে তাহার ।০ আনা হিস্যা নীলাম হবেক।	
২৫	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ রাজ চন্দ্র চৌধুরী	নন্দমোহন চৌধুরী গয়রহ	১৯৩৮৷৵৮	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্পর্কীয় রাধামোহন চৌধুরী মালজামিনের যে হক আছে তাহার ।০ আনা হিস্যা নীলাম হবেক।	
২৬	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ কীর্ত্তি চন্দ্র চৌধুরী	তথা	১৯৩৮৷৵৮	তথা	
২৭	৪০৭	করবাড়ী বনামে বনদী আটা তাং কানুরাম সেন পং পুখরিয়া	রামকৃষ্ণ দেব	৪৩৩৷৵৫	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্পর্কীয় রামানন্দ দেব ভূমিক জামীনদারের যে হক তাহার চারি আনা হিস্যা নীলাম হবেক।	
২৮	৩৩১	কিং বৈষ্ণব বাড়ী তাং রাধাবল্লভ দেব পং তথা	রামানন্দ দেব	৩৩৷৴১১	তথা	
২৯	৪৫১	কিং উচ্চগ্রাম তাং রামকিশোর রায় পং তথা	কৃষ্ণকিশোর দেব	৩৷০ ৬	তথা	
৩০	১৬০	মৌজে সীঙ্গুয়া আগত বনদী আটা হিস্যা ।৵ আনা রাজ গোবিন্দ রায় পং তথা	রামনাথ দেব নীলাম খরিদার	১১।৵৩	তথা	
৩১	৪১৫	কিং সুতি তাং রাধামোহন দেব পং তথা	রাধামোহন দেব	৯০।/৮	তথা	
৩২	৪৩	কিং দীগপাইত দিগর তাং রামগোবিন্দ দেব পং তথা	রামগোবিন্দ দেব	৮১৫৷/২	তথা	
৩৩	০	পং শেরপুর হিস্যা /৫ গণ্ডা মুঃ রাজচন্দ্র চৌধুরী	নন্দমোহন চৌধুরী গয়রহ	১৯৩৮৷৵৮	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্বন্ধীয় নন্দমোহন চৌধুরী জামিনদারের যে হক আছে তাহার ।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৩৪	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ কীর্ত্তিচন্দ্র চৌধুরী	তথা	১৯৩৮৷৵৮	তথা	

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১০ মে।]

নম্বর লাট	নম্বর রেজিষ্টরি	ইসিম মাহাল	ইসিম মালিক	সদর জমা কোম্পানি	বিক্রি হিস্যার তায়ন অর্থাৎ যাহার হক নীলাম হবেক	মোকর্‌রা তক্‌কপ খাজাঞ্চি টাকা কোম্পানি
৩৫	০	পং শেরপুর হিস্যা /৫ গণ্ডা মুঃ রাজচন্দ্র চৌধুরী	নন্দমোহন চৌধুরী গয়রহ	১১৩৮॥৶৮	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দক সম্বন্ধীয় গোলোকমোহন চৌধুরী মালজামিনের যে হক আছে তাহার ।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৩৬	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ কীর্ত্তিচন্দ্র চৌধুরী	তথা	১১৩৮॥৶৮	তথা	
৩৭	০	পং তথা হিং /১৫ গণ্ডা	গোলোকনাথ চৌধুরী গয়রহ	২৬৪৩।৵১১	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্পর্কীয় গোলোকনাথ চৌধুরী মালজামীনের যে হক আছে তাহার ।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৩৮	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মু রাজচন্দ্র চৌধুরী	নন্দমোহন চৌধুরী গয়রহ	১১৩৮॥৶৮	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্পর্কীয় রাধামোহন চৌধুরী মালজামীনের যে হক আছে তাহার ।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৩৯	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ কীর্ত্তিচন্দ্র চৌধুরী	তথা	১১৩৮॥৶৮	তথা	
৪০	৪০৭	করবাড়ী বনামে বনদী আটা তাং কানুরাম সেন পং পুখরিয়া	রামকৃষ্ণ দেব	৪৩৬॥৵৫	তৃতীয় খানার লিখা মহালে জামিনার লিখিত বন্দকসম্পর্কীয় রামানন্দ দেব ভূমিক মাল জামিনের যে হক আছে তাহার ।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৪১	৩৩১	কিং বৈষ্ণব বাড়ী তাং রাধাবল্লভ দেহ পং তথা	রামানন্দ দেব	৩৩ ।৵১১	তথা	
৪২	৪৫১	কিং উচ্চগ্রাম তাং রামকিশোর রায় পং তথা	কৃষ্ণকিশোর দেব	৩৵৬	তথা	
৪৩	১৬০	মৌজে সীজুয়া আগত বনদী আটা সিহ্যা ।৶ আনা রাজগোবিন্দ রায় পং তথা	রামনাথ দেব নীলাম খরিদার	১২৶৩	তথা	
৪৪	৪১৫	কিং সুতি তাং রাধামোহন দেব পং তথা	রাধামোহন দেব	২০।৮	তথা	
৪৫	৪৩	কিং দীগপাইত দিগর তাং রামগৌরী দেব পং তথা	রামগৌরী দেব	৮২৫৵২	তথা	
৪৬	০	পং শেরপুর হিস্যা /৫ গণ্ডা মুঃ রাজচন্দ্র চৌধুরী	নন্দমোহন চৌধুরী গয়রহ	১১৩৮॥৶৮	তৃতীয় খানার লিখিত মহালে জামিনীর লিখা বন্দক সম্বন্ধীয় নন্দমোহন চৌধুরী মালজামিনের যে হক তাহার ।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৪৭	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ কীর্ত্তিচন্দ্র চৌধুরী	তথা	১১৩৮॥৶৮	তথা	

নম্বর লাট	নম্বর রেজিষ্টরি	ইসিম মহাল	ইসিম মালিক	সদর জমা কোম্পানি	বিক্রী হিস্যার তায়ন অর্থাৎ যাহার হক নীলাম হবেক।	মোকররা তহ্রূপ খাজা ঞ্চি টাকা কোম্পানি
৪৮	০	পং শেরপুর হিস্যা /৫ গণ্ডা মুঃ রাজ চন্দ্র চৌধুরী	নন্দমোহন চৌধুরী গয়রহ	১১৩৮॥৶৮	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্পর্কীয় গোলোকমোহন চৌধুরী মালজামিনের যে হক তাহার।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৪৯	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ কীর্ত্তি চন্দ্র চৌধুরী	তথা	১১৩৮॥৶৮	তথা	
৫০	০	পং তথা হিস্যা /১৫ গণ্ডা	গোলোকনাথ চৌধুরী গয়রহ	২৬৪৩।৵১১	তৃতীয়খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্বন্ধীয় গোলোকনাথ চৌধুরী মালজামীনের যে হক আছে তাহার।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৫১	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ রাজ চন্দ্র চৌধুরী	নন্দমোহন চৌধুরী গয়রহ	১১৩৮॥৶৮	তৃতীয় খানার লিখা মহালে জামিনীর লিখিত বন্দকসম্পর্কীয় রাধামোহন চৌধুরী মালজামিনের যে হক আছে তাহার।০ আনা হিস্যা নীলাম হবেক।	
৫২	০	পং তথা হিস্যা /৫ গণ্ডা মুঃ কীর্ত্তি চন্দ্র চৌধুরী	তথা	১১৩৮॥৶৮	তথা	
						৬৭২৪৫৸/৫

মং সাতষাট্টি হাজার দুইশত পচ্চল্লিশ টাকা তের আনা পাঁচ পাই মাত্র।

Mymensingh Collectorate, 14th April, 1842 R M SKINNER *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ময়মনসিংহ এতি যে শর্ত্তে যুগলকিশোর সেন খাজাঞ্চীর তহরূপি টাকা আদায় কারণ শহর ঢাকাওগয়রহ কমিস্যনর সাহেবের হুকুমানুসারে নীচের লিখা মহালে জামীনদারানের হক জিলা মজকুরের কালেক্টরি কাছারিতে নীলাম করা আবশ্যক জানিয়া তাহার নীলামের তারিখ ৯ মাহে জুন সন ১৮৪২ ইঙ্গরেজী মোতাবকে ২৮ মাহে জ্যৈষ্ঠ সন ১২৪৯ বাঙ্গলা রোজ বৃহস্পতিবার মোকরর করা গেল ত্রারিখ মজকুরে বেলা দুই প্রহরের কালে সকল লোকের দৃষ্টি স্থানে জামিনদারানের হক নীলামে বিক্রী হবেক অতএব ইস্তাহার দেওয়া যাইতেছে যে কেহ দেনদারানের হক খরিদের বাসনা রাখহ তাহারদিগের উচিত যে নীলামের তারিখের পূর্ব্বে কাছারি মজকুরে পঁহুছিয়া মহাল মজকুরের জমাজমির কাগজ ওয়াকিফ হইয়া নীলাম খরিদ করহ ইতি সন ১৮৪২ সাল তাং ১৪ আপরেল মোং সন ১২৪৯ সাল তাং ৩ বৈশাখ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	ইসিম মহাল	ইসিম মালিক	সদর জমা	ইসিম হকদার যাহার হক নীলাম হবেক ও তাইন হিস্যা	মোকররা তহরূপ খাজাঞ্চি সেও য়ায় উসুল	হকীকত
১	০	পরগনে শেরপুর হিস্যা ৩॥ কড়া	নবকুমার চৌধুরী গয়রহ	২৬৪।/৮	তৃতীয় খানার লিখিত মহালে জামিনীর লিখা বন্দকসম্পর্কীয় নবকুমার চৌধুরী মালজামিন ও মৃত নন্দকুমার চৌধুরী জামিনদারের পত্নী মণিকর্ণিকা চৌধুরাণীর যে হক আছে তাহা নীলাম হবেক।		শ্রীযুত কমিস্যনর সাহেবের উক্ত হুকুমানুসারে লাট বন্দী প্রস্তুত করিয়া ইস্তাহার দেওয়া গেল।
২	০	পং তথা হিস্যা /১৫ গণ্ডার মোতালক হিস্যা ৫গণ্ডা	তথা	৩৯৭॥৶৩	তথা		
৩	০	পং তথা হিস্যা ৷১০ আনা মুঃ রাজ চন্দ্র চৌধুরী	তথা	৭৭৫।১৫।	তথা		
৪	০	পং তথা হিস্যা ৷১০ আনা মুঃ কীর্ত্তিচন্দ্র চৌধুরী	তথা	৭৭৫।৵৫॥			
				১৫৫০৸৶১১			
৫	০	পং তথা হিস্যা ৶১॥ দুই আনা ছয় কড়া	তথা	৩১৩৪।৶১০	তথা		
						৩৯৮৩৷৭	

মং তিন হাজার নয় শত তিরাশি টাকা সাত পাই।

Mymensingh Collectorate, 14th April, 1842 R. M SKINNER, *Collector.*

১১৫ নং নাম জারি।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

রামলোচন বসু চৌধুরী তালুকদার মহাল সাথিয়া পং হাবিলী জলেশ্বর। মজহর।

যেহেতু মজহর মজকুর নীচের লিখিত তালুকে আপন নাম জারির প্রার্থনায় দরখাস্ত দাখিল করিয়াছে অতএব ১ এক মাসের মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যদি কেহ তালুক মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোখ্তারের দ্বারা হজুরে হাজির আসিয়া দস্তাবেজ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহার কোন ওজর শুনিবার যোগ্য হইবেক না ইহাতে ভাগীদ জানিবে ইতি সন ১৮৪২ সাল তাং ২২ আপরেল।

নাম পং হাবিলী	নাম মৌজা	কাত তস্কীস	রকম তং	সাবেক মালিক	হস্তান্তরের বিবরণ
জলেশ্বর	সাথিয়া ও মনসবপুর ও পড়্যাব পুর	১৭১।৪।৭	৸৵	চন্দ্রশেখর বসু চৌধুরী	খরীদগী

Midnapore Collectorate, 22d April, 1842 — G C BYSACK, *Depy Collector*

---

১৭৭ নং ডাক ফাজিল।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

মধুসূদন নন্দী সাং চক গোপাল পং শাহাপুর রামপ্রসাদ বেরা সাং ভাণ্ডারিয়া পরগনে খান্দার ও মুক্তারাম দে সাং যশবাজপুর পরগনে সবঙ্গ। মজহরান।

মজহরান মজকুর এক কেতা দরখাস্ত এই মর্ম্মে দাখিল করে যে খান্দার পরগনার মহাল পাঁচপাড়া যাহার তস্কীস সালিয়ানা ৪০৭৩/৩॥ কুচলরাম ভুঞাওগয়রহের নামে জারি ছিল ইহার মধ্যে কুচলরাম ভুঞা ও রামচাঁদ কর ও কৌড়িমণি ও ঈশ্বরচন্দ্র বসুর হিস্যা মং ২৮১১।৵৵ বাদে বাকী মহাল কালীচরণ ঘোষ ও মজহরানওগয়রহের হিস্যা মং ১২৫৩৸৵২৸ তালুক সরকারের বাকী খাজানা আদায় কারণ গত সনের ৩ আগষ্ট তারিখে নীলামে বিক্রী হইবাতে সরকারের দেনাবাদে বাকী ডাক ফাজীল টাকার অন্দরে উহাদের হারহারী সুরত ডাক ফাজীল টাকা উহাদিগকে দেওয়া যায় অতএব ১ এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ উক্ত ডাক ফাজীল টাকার দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোখ্তারের দ্বারা হজুরে হাজির হইয়া সাবুদ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহার কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ২৭ আপরেল।

Midnapore Collectorate, 27th April, 1842 — G. C. BYSACK, *Depy Collector*

---

৪৯ নং জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু অত্র জেলার মহিমার্ণব শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের বর্ত্তমান মাহার ২৩ আপরেল তারিখের রুবকারির আদেশ মতে নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে ১ এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোখ্তারের দ্বারা হজুরে হাজির হইয়া সাবুদ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহার কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল ৩০ আপরেল।

নাম জামিনীদারক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
আনন্দচন্দ্র ঘোষ ইজারদার	গৌরমোহন পাহাড়ি ও রাম লোচন ঘোষ	পং সবঙ্গ হদ্দা টঙ্গুর তালুক নামিত গৌরমোহন পাহাড়ি লক্ষ্মীচরণ অধিকারী তস্কীস মং ৪৬২॥৵৩॥ মধ্যে হিস্যা গৌরমোহন ২৩১/১৸ পং শাহাপুর হদ্দা ভগবান বশাক তালুক নামিত ঐ তস্কীস ১৮৫॥৵ মধ্যে হিস্যা গৌরমোহন ৯১৸/১১ পং খান্দার হদ্দা টকনা তালুকে রাম লোচন ঘোষ তস্কীস কোং ১০৮১৵৮

Midnapore Collectorate, 30th April, 1842. — G C BYSACK, *Depy Collector*

FIFTY RUPEES REWARD

Fifty Rupees will be paid to any person who may apprehend or give information leading to the apprehension of Cheragh Allee, charged with the Murder of Sheikh Muddoo

Cheragh Allee, Son of Sheikh Deedary, aged 25 years, birth-place and residence, Bungoy, Thannah

৫০৲ টাকা পুরস্কার।

চরাগালি নামক ব্যক্তির নামে সেখ মধুকে খুনকরণের নালিশ হওয়াতে যে কোন ব্যক্তি তাহাকে গ্রেপ্তার করিতে পারে অথবা তাহাকে গ্রেপ্তারকরণের কোন সম্বাদ দিতে পারে তাহাকে ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

সেখ দীদারির পুত্র চরাগালির পঁচিশ বৎসর বয়ঃক্রম জন্ম ও বাসস্থান বঙ্গায় থানা ধমরাই জিলা ঢাকা

Dhumrye, Zillah Dacca, caste Mussulman, swarthy complexion, rather tall, nose long eyes of middling size, and eyebrows disunited, has a mark of ringworm in both wrists and on the waist, and is supposed to have fled to Calcutta

W DAMPIER,
Supt of Police, L P

Office of Supt Pol L P
Monghyr, the 22d April, 1842

THREE HUNDRED RUPEES REWARD

Will be paid for the apprehension of Azim Khan, an absconded Thug

Azim, son of Lall Khan, alias Laloo, a Jemadar of Thugs Height five feet eight or nine inches, stout made and square shouldered, fair and good looking, with freckled cheeks, separated eyebrows, middling nose, hair black He is between forty and fifty years of age

Azim was some time back apprehended on suspicion of Thuggee, and released, since then he entered in the late Colonel Presgrave's service, and, on that officer's death, committed an act of Thuggee at Cossipore, and absconded

W DAMPIER,
Supt of Police, L P

Office of Supt Pol L P
Monghyr, the 12th April, 1842

মুসলমানজাতি কৃষ্ণবর্ণ কিঞ্চিৎ লম্বা নাকও লম্বা চক্ষু মাজামাজি ভ্রূ যোড়া নহে উভয় কবজার এবং কোমরে দক্রুর দাগ। বোধ হয় যে এই ব্যক্তি কলিকাতায় পলায়ন করিয়াছে।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের দপ্তরখানা। মুঙ্গের ১৮৪২ সাল ২২ আপ্রিল।

৩০০৲ টাকা পুরস্কার।

আজিমখাঁ নামক পলাতক এক ব্যক্তি ঠগকে যে কোন ব্যক্তি গ্রেপ্তার করে তাহাকে ঐ পুরস্কার দেওয়া যাইবেক।

ঐ আজিমখাঁ ঠগেরদের জমাদার লালখাঁর অথবা লালুর পুত্র। পাঁচ ফুট আট নয় ইঞ্চি লম্বা স্থূলকায় তাহার কাঁধ চৌড়া গৌরবর্ণ সুদৃশ্য বটে কিন্তু তাহার গালে মাচত্যা পড়িয়াছে তাহার ভ্রূ যোড়া নহে তাহার নাক লম্বাও নহে থাবড়াও নহে চুল কাল বয়ঃক্রম চল্লিশ পঞ্চাশ বৎসর হইবেক।

ঐ আজিমখাঁ কএক বৎসর পূর্ব্বে ঠগী ব্যাপার করিয়াছে এমত সন্দেহ হওয়াতে ধৃত হইয়া পরে খালাস হয় তৎপরে ঐ ব্যক্তি মৃত কর্ণেল প্রেসগ্রেব সাহেবের কর্ম্মে নিযুক্ত হইল কিন্তু ঐ সাহেবের মৃত্যু হইলে পর ঐ লোক কাশীপুরে ঠগী ব্যাপার করিয়া পলাইয়াছে।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের দপ্তরখানা। মুঙ্গের ১৮৪২ সাল ১২ আপ্রিল।

SHERIFF'S SALE

সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ১৯ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহর সময়ে রাজকৃষ্ণ বসুর নামে ফাইরাই ফেসিয়স নামক যে পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় বিক্রয় করিবেন।

১ দফা। কলিকাতা নগরের সীমলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১/৩ এক বিঘা তিন কাঠা তাহার চতুর্থাংশে ও তাহার চতুর্থাংশের মধ্যে ও তাহার চতুর্থাংশের উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে সরকারী নর্দ্দমা দক্ষিণ দিগে কাশীনাথ ঘোষের বাটী ও ভূমি উত্তর দিগে রাস্তা।

২ দফা। এবং জিলা চব্বিশ পরগনার ররিসহাটি পরগনায় বড়র শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬০ ষাটি বিঘা তাহার চতুর্থাংশে ও তাহার চতুর্থাংশের মধ্যে ও তাহার চতুর্থাংশের উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে জলপূর্ণ গড় এবং রামরাম গাঙ্গুলির বাটী ও ভূমি পূর্ব্ব দিগের এক ভাগে চণ্ডীচরণ ন্যায়ালঙ্কারের বাটী অপর ভাগে শ্যামচাঁদ দের বাটী এবং পশ্চিম দিগে দর্পনারায়ণপ্রভৃতির বাটী ও ভূমি।

৩ দফা। এবং ঐ স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক পুষ্করিণী তাহার আদ্যগঙ্গা নামে পাকা ঘাট এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১৪/ চৌদ্দ বিঘা তাহার চতুর্থাংশে ও তাহার চতুর্থাংশের মধ্যে ও তাহার চতুর্থাংশের উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা উত্তর ও পশ্চিম দিগে বৈদ্যনাথ বসুর বাগান ভূমি পূর্ব্ব দিগে ফকির মুসলমানের বাটী ও ভূমি।

৪ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত খাঁ পুকুর নামে যে এক পুষ্করিণী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১৩/ তের বিঘা এবং তাহাতে নানা জাতীয় বৃক্ষ তাহার চতুর্থাংশে ও তাহার চতুর্থাংশের মধ্যে ও তাহার চতুর্থাংশের উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পূর্ব্ব দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগের এক ভাগে রামচাঁদ তেলির বাটী ও ভূমি অপর ভাগে পরমানন্দ ভাটের বাটী ও ভূমি এবং পশ্চিম দিগে পরাণ দাসের বাটী ও ভূমি।

৫ দফা। এবং উক্ত জিলা ও পরগনার মথুরাপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১।০ এক বিঘা পাঁচ কাঠা এবং তাহাতে গোলা বাড়ী নামে কএক খড়ুয়া ঘর আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১০ মে।]

চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা উত্তর ও পূর্ব্ব দিগে কাশীনাথ ঘোষের বাটী ও ভূমি পশ্চিম দিগে মুকুন্দ কৈবর্ত্তের বাগান।

৬ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ১॥০ এক বিঘা দশ কাঠা তাহা পূর্ব্বে পঞ্চানন্দ বসুর সম্পত্তি ছিল তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এই রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে উক্ত পঞ্চানন্দ বসুর এক খণ্ড ভূমি পশ্চিম দিগে রামজয় বন্দ্যোপাধ্যায়ের এক খণ্ড ভূমি পূর্ব্ব দিগে মহেশচন্দ্র ঘোষের এক খণ্ড ভূমি।

৭ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ৸০ পনের কাঠা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মদনমোহন ঘোষের বাটী ও ভূমি পশ্চিম দিগে ঈশ্বরচন্দ্র রায়ের বাটী ও ভূমি এবং উত্তর ও দক্ষিণ দিগে পঞ্চানন্দ বসুর ভূমি।

৮ দফা। এবং উক্ত জিলা ও পরগনার শ্রীপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি কমবেশ ১০০/ একশত বিঘা তাহাতে এক পুষ্করিণী ও নানা জাতীয় বৃক্ষ তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে রামসুন্দর মুখুয্যের ধান্য ভূমি দক্ষিণ দিগে দর্পনারায়ণ দাসের বাটী ও ভূমি পশ্চিম দিগে শ্যামসুন্দর ঠাকুরের ভূমি পূর্ব্ব দিগে ভৈরবচন্দ্র মুখুয্যের ধান্য ভূমি।

৯ দফা। এবং উক্ত জিলা ও পরগনার আলিপুর তাজপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি কমবেশ ১০/ দশ বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে ডাঙ্গাজমি উত্তর দিগে তাজু মুসলমানের ভূমি পূর্ব্ব দিগে কৃষ্ণমোহন ভঞ্জের ভূমি পশ্চিম দিগে রাধামোহন ঘোষের ভূমি।

১০ দফা। এবং উক্ত জিলা ও পরগনার রাজপুর গোকর্ণের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি কমবেশ ১৬/ বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক।

১১ দফা। এবং উক্ত জিলার হাতিয়াগড় পরগনার খন্যার শামিল ও তন্মধ্যেস্থিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি কমবেশ ১৮/ আঠার বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাজকৃষ্ণ বসুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে এই নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিবর্গের ইশ্তিহার।

GENERAL MOFUSSIL AGENCY
FOR THE
CIVIL SERVICE AND ARMY

Established by Messrs Thos Wiltshire and Co of No 91, Wellesley-Street, Calcutta, exclusively for the Honourable Company's Civil Service, and the Queen's and Honourable Company's Army, attached to the different Mofussil Stations of the Bengal, Agra, Bombay and Madras Presidencies

MESSRS THOMAS WILTSHIRE AND CO

Have the honour to inform the gentlemen of the Honourable Company's Civil Service, and the Queen's and Honourable Company's Army, attached to the different Mofussil Stations of the Bengal, Agra Bombay and Madras Presidencies, that, at the earnest recommendation of several influential personages, they have been induced to establish themselves, *only as General Mofussil Agents, exclusively for the Civil Service and Army*, conducted on such economical principles, and so well suited to the exigency of the present times, as to animate them invariably to import their own Wines, Beer, Spirits, &c of first rate quality, direct from Europe, and to undertake the transaction of any kind of Agency business from the Mofussil without charging any Commission

Messrs Thomas Wiltshire and Co beg very respectfully to be most distinctly understood that, simply in consideration of their constituents pledging themselves permanently to take all their supplies of Wines, Beer, Spirits, &c solely from their Establishment, and their, moreover, unanimously guaranteeing to subscribe perpetually to the subjoined rates of monthly payment, (which would never pay even for the wages of a common Sircar, if each individual employed one,) receivable either in advance, or as they fall due, at the end of every month Messrs. Thomas Wiltshire and Co will immediately and continuously, undertake to execute all orders or commissions, for any description and quantity of Articles or goods, that might be required by Regimental Messes, or individuals from the Mofussil procurable at the lowest retail market prices of the day in Town, without charging any Commission In fact, with reference to the conditions set forth in this Circular, Messrs Thomas Wiltshire and Co will be happy to undertake any kind of Mofussil business, without charging any Commission whatever, provided they are previously amply furnished with funds, by Drafts, or Hoondies, &c at either short, or long dates

☞ *In the event of Messrs Thomas Wiltshire and Co succeeding in obtaining universality of Support, and a sufficient number of Subscribers from the Presidencies of Bengal, Agra, Bombay and Madras, and, should pressing advances be required, they also purpose ultimately granting Loans of Money to their constituents, in both services, so as to enable them to proceed to Europe, or elsewhere, on Furlough, upon sick certificate, or urgent private affairs, without charging them the usual Agency Interest and Commission*

[*Government Gazette, 10th May,* 1842]

MESSRS THOMAS WILTSHIRE AND CO, NEED HARDLY PLEDGE THEMSELVES TO DEVOTE THEIR UNDIVIDED AND ENTIRE ATTENTION TO THEIR GENERAL MOFUSSIL AGENCY FOR THE CIVIL SERVICE AND ARMY, AND THE FOLLOWING ARE THE MONTHLY RATES OF SUBSCRIPTION ADVERTED TO ABOVE —

Senior Merchants in the Civil Service, and Generals of the Queen's and Company's Army	Co Rs	6	0	0
Junior Merchants ditto, Colonels and Superintending Surgeons,	ditto	5	0	0
Factors ditto, Majors, Chaplains, and Surgeons,	ditto	4	0	0
Writers ditto, Captains, and Assistant Surgeons,	ditto	3	0	0
Lieutenants of the Queen's and Company's Army,	ditto	2	0	0
Cornets and Ensigns,	ditto	1	0	0

Messrs Thomas Wiltshire and Co, have the honour to state for the information of those Out-Station Gentlemen, or the Mofussil Community in general, who may not feel disposed to subscribe to mensem, or annum payments, and thereby forego the advantage of Furlough Loans, nevertheless, their miscellaneous business shall always be attended to, without Commission, provided their constituents simply pledge themselves invariably to take all their supplies of Wines, Beer Spirits &c, exclusively from their Establishment, and previously remit them ample funds

☞ *In conclusion, Messrs Thomas Wiltshire and Co, beg to bring to the very prominent notice of the highly discerning Mofussil public, that no Contemporary Agencies, in or out of Town, offer such advantageous terms, as to grant Furlough Loans to the sick, &c, in the event of their subscribing nor do they profess to transact only Out-Station business, without charging any Commission whatever, even when their Constituents do not subscribe to annual payments in advance*

Just published at the Serampore Press

A GUIDE TO THE CIVIL LAW OF THE PRESIDENCY OF FORT WILLIAM

Containing all the unrepealed Regulations, Acts, Constructions, and Circular Orders, to which is prefixed, an Epitome of every Enactment and Rule Compiled by JOHN CLARK MARSHMAN, and corrected to the 31st Dec 1841 Price 20 Rupees

Applications may be made to Mr John Cashman at the Serampore Press, or to any of the Booksellers of Calcutta

A Bengalee Edition is in the Press

[গবর্ণমেন্ট গে[illegible]৪২ । ১০ মে ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত ।

Numb. 99. ১১)

(২৪১)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 17, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৭ মে।

DRAFTS OF ACTS

FORT WILLIAM, LEGISLATIVE DEPARTMENT

THE 21ST MARCH, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 21st March, 1842

ACT No —— OF 1842

An Act concerning the acquirement and extinction of rights by prescription in the territories subject to the Government of the East India Company, without the local jurisdiction of Her Majesty's Courts, at Calcutta, Madras and Bombay, and in the Straits Settlements, and for the limitation of Suits in the Courts of the East India Company

Prescription —Section I It is hereby enacted, that subject to the exceptions hereinafter mentioned, a title by prescription shall be acquired in respect of property, moveable and immoveable, and hereditary offices, by uninterrupted possession, mediate or immediate, as proprietor, for six years, in the case of moveable property, and for twelve years in the case of immoveable property and hereditary offices, provided that if any other title be proved, the possession shall have been adverse thereto—and provided that nothing herein contained shall be construed to affect any right arising from possession of moveable property now recognized by Law

Section II And it is hereby enacted, that in the case of any benefits, liberties, or privileges, derived out of, or affecting any immoveable property which shall have been enjoyed without interruption for twelve years, a right to the enjoyment thereof against the owner of the property shall be acquired by prescription, subject to the exceptions hereinafter mentioned, unless such benefits, liberties, or privileges shall have been enjoyed by some consent or agreement expressly given or made for that purpose by some Deed or writing

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম। লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ২১ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ২১ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল——আক্ট।

কোম্পানি বাহাদুরের অধীন দেশের মধ্যে ও কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই ও পিনাঙ্গ ও মলাকা এবং সিঙ্গাপুরের শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের নিজ এলাকার বাহিরে ব্যবহারপ্রযুক্ত স্বত্ব প্রাপ্তহওন এবং লোপ হওনের বিষয়ি এবং কোম্পানি বাহাদুরের আদালতের মধ্যে মোকদ্দমার মিয়াদকরণের বিষয়ি আইন।

ব্যবহার।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে পশ্চাৎ লিখিত বর্জ্জিত বিষয়ব্যতিরেকে স্থাবর এবং অস্থাবর সম্পত্তির এবং মৌরসী পদের স্বত্ব ব্যবহারের দ্বারা জন্মিতে পারে। অর্থাৎ কোন ব্যক্তি স্থাবর সম্পত্তির ছয় বৎসরপর্য্যন্ত আপনি বা অন্যের দ্বারা মালিকের ন্যায় অবিচ্ছেদে দখল করিলে এবং অস্থাবর সম্পত্তির ও মৌরসী পদের বারো বৎসরপর্য্যন্ত সেইরূপ দখল করিলে ব্যবহারপ্রযুক্ত তাহার স্বত্ব জন্মিবেক। এবং যদি সেই বিষয়ের আর কোন স্বত্বের প্রমাণ হয় তবে ঐ দখল ঐ স্বত্বের বিরুদ্ধ জ্ঞান করা যাইবেক। কিন্তু এই আইনের কোন ভাগের এমত অর্থ করিতে হইবেক না যে স্থাবর সম্পত্তির দখলপ্রযুক্ত যে কোন স্বত্ব এক্ষণে আইনের দ্বারা সিদ্ধ আছে তাহার ব্যাঘাত হয়।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পশ্চাৎ লিখিত বর্জ্জিত বিষয়ব্যতিরিক্ত অস্থাবর সম্পত্তিসম্পর্কীয় কিম্বা ঐ সম্পত্তিহইতে উৎপন্ন যে কোন লাভ বা ক্ষমতা কি অধিকার অবিচ্ছেদে বারো বৎসরঅবধি ভোগ হইয়া আসিতেছে ঐ সম্পত্তির মালিকের বিরুদ্ধে ঐ বিষয়ের ভোগকরণের স্বত্ব ব্যবহারের দ্বারা জন্মিবেক। কিন্তু যদ্যপি কোন দলীল অথবা লিপির দ্বারা বিশেষ রূপে দেওয়া কোন অনুমতি বা বন্দোবস্তের দ্বারা ঐ লাভ বা ক্ষমতা কি অধিকার ভোগ হইয়াছে তবে ব্যবহারের দ্বারা স্বত্ব জন্মিবেক না ইতি।

[*Government Gazette,* 17*th May,* 1842]

Section III. And it is hereby enacted, that when a right to any such benefits, liberties, or privileges, as aforesaid, whether acquired by prescription or otherwise, shall have been disused for twelve years, the right shall be extinguished.

Section IV. And it is hereby enacted, that when a party shall have been forcibly dispossessed of immoveable property, or shall have been prevented from enjoying some benefit, liberty or privilege, derived out of, or affecting immoveable property, and shall have applied within the time limited by any law now in force, or within one month, to the proper authority, for assistance to recover the possession or the use thereof, and shall have recovered the same—the period during which his possession or enjoyment was interrupted in such manner shall not be considered an interruption within the meaning of this Act.

Section V. And it is hereby enacted, that when the possession upon which a title by prescription is claimed shall have been acquired by the deprivation of another party who was previously in possession, or in opposition to a title which had accrued but upon which possession had not been taken, or having been taken had been previously interrupted, it shall be deemed adverse in respect of the party so deprived of possession, and of any one claiming in the same right, or in respect of the parties interested in the said title, as the case may be, from the time at which the possession actually commenced and that when an adverse title shall have accrued after the possession was acquired, the possession shall be deemed adverse to the parties interested therein from the time at which such title accrued.

Section VI. And it is hereby enacted, that possession acquired by a bonâ fide purchaser for valuable consideration from a Trustee, or from a Depository or Mortgagee, shall be deemed adverse to the Mortgagor, or Depositor, or Beneficial Owner under the Trust, from the time of the acquisition by purchase.

Section VII. And it is hereby enacted, that a title by prescription shall be acquired by possession by or through a Depository or Mortgagee, which shall have continued without interruption for thirty years in the case of moveable property, and sixty years in the case of immoveable property, unless in the meantime an acknowledgment of the title of the Mortgagor or Depositor, or of his right of redemption shall have been given to him, or some person claiming his interest, in writing signed by the Mortgagee or Depository, or the person claiming through him, in which case prescription shall not take effect until possession shall have been had without interruption for 30 or 60 years, as the property may be moveable or immoveable, from the date of such acknowledgment.

Section VIII. And it is hereby enacted, that in the case of a concealed fraud by which a party shall have been deprived of any property, the possession thereof shall not be deemed adverse to the party entitled until the time at which such fraud shall or with reasonable diligence might have been first known by him, except when it shall have been acquired by a bonâ fide purchaser for a valuable

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত যে লাভ বা ক্ষমতা কি অধিকারের স্বত্ত্ব ব্যবহারের দ্বারা বা অন্য কোন প্রকারে প্রাপ্ত হওয়া গিয়াছে যদ্যপি বারো বৎসরপর্য্যন্ত ঐ স্বত্বের কার্য্য না হইয়া থাকে তবে সেই স্বত্ত্ব লোপ হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন কোন ব্যক্তি স্থাবর সম্পত্তিহইতে বলপূর্ব্বক বেদখল হইয়াছে অথবা স্থাবর সম্পত্তিসম্পর্কীয় অথবা তাহাহইতে উৎপন্ন কোন লাভ বা ক্ষমতা কি অধিকার ভোগ করিতে বাধিত হইয়াছে এবং এক্ষণকার চলিত কোন আইনের নিরূপিত মিয়াদের মধ্যে অথবা এক মাসের মধ্যে ঐ সম্পত্তির দখল কি ব্যবহার পুনঃ পাইবার জন্যে উপযুক্ত রাজকর্ম্মকারকের সাহায্যের প্রার্থনা করিয়াছে এবং তাহা পুনর্ব্বার পাইয়াছে তখন যত কাল এইরূপে তাহার দখল অথবা ভোগ বাধিত হইয়াছিল তত কাল এই আইনের অর্থানুসারে বিচ্ছেদের ন্যায় গণ্য হইবেক না ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে দখলের দ্বারা ব্যবহারপ্রযুক্ত স্বত্বের দাওয়া হয় তাহা যদ্যপি পূর্ব্বের দখীলকার অন্য ব্যক্তির বেদখলকরণের দ্বারা হইয়াছে অথবা যে স্বত্ত্ব ইহার পূর্ব্বে জন্মিয়াছিল কিন্তু দখল পাওয়া গেল না অথবা পাওয়া গেলে তাহার পূর্ব্বে বিচ্ছেদ হইয়াছিল এইমত স্বত্বের বিরুদ্ধে ঐ দখল হইয়াছে তবে যে ব্যক্তি ঐরূপে বেদখল হইয়াছিল অথবা তাহার হকে যে কেহ দাওয়া করে কিম্বা যে২ ব্যক্তির ঐ স্বত্বে লাভালাভ থাকে তাহারদের সম্পর্কে ঐ দখল আরম্ভের কালঅবধি প্রতিকূল জ্ঞান হইবেক। এবং দখল পাওনের পর যদ্যপি কোন প্রতিকূল স্বত্ত্ব জন্মে তবে যে কালে ঐ স্বত্ত্ব জন্মিয়াছিল সেই কালাবধি ঐ স্বত্ত্বসম্পর্কীয় ব্যক্তিরদের প্রতিকূল ঐ দখল জ্ঞান করিতে হইবেক ইতি।

৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ট্রষ্টী অথবা গচ্ছিতলওনিয়া কি বন্ধকলওনিয়া মহাজনের স্থানে যদি কোন ব্যক্তি উপযুক্ত মূল্যে প্রকৃতার্থে দ্রব্য খরীদ করিয়া দখল পাইয়া থাকে তবে খরীদের দ্বারা প্রাপ্তহওনের সময়অবধি বন্ধকদেওনিয়া খাতক কি গচ্ছিতদেওনিয়া অথবা ট্রষ্টের অনুসারে লাভভোগি স্বামির প্রতিকূল ঐ দখল জ্ঞান হইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি কোন ব্যক্তি গচ্ছিতলওনিয়া অথবা বন্ধকলওনিয়া মহাজনের দ্বারা কিম্বা তাহার মারফতে কোন দ্রব্যের দখল পাইয়া থাকে এবং অস্থাবর দ্রব্য হইলে ত্রিশ বৎসরপর্য্যন্ত অবিচ্ছেদে দখল করিয়াছে এবং স্থাবর সম্পত্তি হইলে ষাইট বৎসরপর্য্যন্ত অবিচ্ছেদে দখল করিয়াছে তবে ব্যবহারের দ্বারা তাহার স্বত্ত্ব জন্মিবেক। কিন্তু যদি ইতিমধ্যে বন্ধকলওনিয়া মহাজন অথবা গচ্ছিতলওনিয়া কি তাহার হকে যে ব্যক্তি দাওয়া করে সে ব্যক্তি যদি দস্তখৎ করা লিখনের দ্বারা বন্ধকদেওনিয়া খাতক অথবা গচ্ছিতদেওনিয়া ব্যক্তির স্বত্ত্ব অথবা তাহার খালাস করণের স্বত্ত্ব তাহার নিকটে অথবা তাহার হকে যে দাওয়া করে তাহার নিকটে স্বীকার করিয়া থাকে তবে ঐ স্বীকারের তারিখঅবধি যাবৎ অস্থাবর সম্পত্তির অবিচ্ছেদে ত্রিশ বৎসরপর্য্যন্ত দখল হইয়াছে অথবা স্থাবর সম্পত্তির ষাইট বৎসরপর্য্যন্ত দখল হইয়াছে তাবৎ ব্যবহারপ্রযুক্ত স্বত্ত্ব জন্মিবেক না ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি অপ্রকাশ প্রতারণার দ্বারা কোন ব্যক্তি আপনার সম্পত্তিহইতে বেদখল হইয়াছে তবে ঐ ব্যক্তি যে সময়ে ঐ প্রতারণা প্রথম অবগত হইল অথবা উপযুক্ত যত্ন করিলে অবগত হইতে পারিত কেবল সেই সময়অবধি সেই সম্পত্তির দখল ঐ স্বত্ত্ববিশিষ্ট ব্যক্তির প্রতিকূল গণ্য হইবেক। কিন্তু যদি ঐ সম্পত্তি উপযুক্ত মূল্য দিয়া কেহ প্রকৃতার্থে খরীদ করিয়া থাকে তবে যে ব্যক্তির স্বত্ত্ব আছে সে ব্যক্তি

consideration, or when a party shall have succeeded to it by inheritance or devise in the former case adverse possession shall be deemed to have commenced from the time that the party entitled was deprived of the property by means of such fraud—in the latter from the time of the succession—provided it shall not appear that the party to whom the possession devolved assisted in the commission of the fraud, or at the time he entered into possession, knew, or had reason to believe, that the fraud had been committed

Section IX And it is hereby enacted, that when a party having a right to any Estate or interest in reversion or remainder shall have become entitled to the same in possession by reason of any forfeiture or breach of condition, but shall have waived his action to recover thereupon, possession shall not be deemed adverse to him, or any party claiming in the same right until the determination of the previous right

Limitation of suits

Section X And it is hereby enacted, that suits other than for property and rights to which the above rules are applicable shall not be admitted in the Courts of Judicature of the East India Company except as hereinafter provided, unless they are instituted respectively within the period specified in the following Section

Section XI First Within one year from the time the cause of action arose

Suits for penal damages or pecuniary penalties, or forfeitures, for the breach of any law or regulation

Suits for damage for injury to the person and personal property, or to the reputation

Suits for debt, on account of wages of servants, artizans, and labourers for hire of animals and vehicles, for retail supplies of victuals and articles of daily consumption, for tavern bills and bills for board and lodging, and for lodging only, for the rent of building, and on any other account subject by established custom to settlement by the month, or a shorter period

Suits to alter or set aside summary decisions or orders of the ordinary Courts of Judicature

Suits to alter or set aside summary awards by Collectors and other Officers of Revenue, in disputes regarding arrears and exactions of rent

Suits founded on the right of pre emption in cases to be governed by a law or usage which recognizes such right

Second Within six years from the time the cause of action arose

All suits for debts and damages upon contracts, or for wrongs, other than are described in Clause first of this Section, and for the enforcement of contracts

Third Within twelve years from the time the cause of action arose

[*Government Gazette*, 17*th May*, 1842]

যে তারিখে ঐ প্রতারণার দ্বারা সম্পত্তিছাড়া হইয়াছিল সেই সময়অবধি প্রতিকূল ব্যক্তির দখল আরম্ভ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক। অথবা যদি কোন ব্যক্তি উত্তরাধিকারিত্বের দ্বারা কি উইলের দানের দ্বারা ঐ সম্পত্তি পাইয়া থাকে তবে সেইরূপে সম্পত্তি পাওনের সময়অবধি ঐ সম্পত্তির প্রতিকূল দখল গণ্য হইবেক। কিন্তু যে ব্যক্তি এইরূপে দখল পাইল সে যদি ঐ প্রতারণার অংশী ছিল অথবা দখল পাইবার সময়ে প্রতারণা যে হইয়াছিল ইহা জানিল অথবা বোধ করিল তবে উক্ত নিয়ম চলিবেক না ইতি।

৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কোন বিশেষ গতিকহওনের পর বা কোন ব্যক্তির মরণের পর যে ব্যক্তি ভূমি সম্পত্তি বা লাভ পাইবার স্বত্ব রাখে সেই ব্যক্তির যদি কোন নিয়মের লঙ্ঘনপ্রযুক্ত ঐ সম্পত্তির দখল পাইবার অধিকার জন্মে কিন্তু তাহা পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করে নাই তবে পূর্ব্বকার স্বত্ব নির্ণয় না হওয়াপর্য্যন্ত অন্য ব্যক্তির সেই বিষয়ের দখল রাখাতে ঐ দখল তাহার অথবা সেই হকে অন্য যে ব্যক্তি দাওয়া করে তাহার প্রতিকূল জ্ঞান হইবেক না ইতি।

মোকদ্দমার মিয়াদ।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে সম্পত্তি এবং স্বত্বের বিষয়ে পূর্ব্বোক্ত বিধি খাটে তাহার বিষয়ের মোকদ্দমাছাড়া অন্য প্রকার মোকদ্দমা যদি পরের ধারার নির্দ্দিষ্ট বিশেষ২ মিয়াদের মধ্যে উপস্থিত না করা যায় তবে কোম্পানি বাহাদুরের কোন আদালতে তাহা গ্রাহ্য হইবেক না কিন্তু পশ্চাৎ লিখিত বিষয় বর্জ্জিত থাকিল ইতি।

১১ ধারা। ১প্রকরণ। মোকদ্দমার হেতু আরম্ভ হইবার পর এক বৎসরের মধ্যে নীচের লিখিত মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক।

কোন আইন বা বিধান উল্লঙ্ঘনকরণের দণ্ডরূপ ক্ষতিপূরণ বা অর্থদণ্ড কি জরীমানার বিষয়ের মোকদ্দমা।

শারীরিক কোন ক্ষতির বা অস্থাবর সম্পত্তির ক্ষতির কি বেহুরমতের বিষয়ি টাকার নালিশ।

চাকরের এবং কারিগরের ও মজুরেরদের মাহিয়ানা বাবতে পাওনা টাকার বিষয়ি এবং পশু ও গাড়ির ভাড়ার বিষয়ি এবং আহারের খুজরা উটনার এবং রোজরোজের ব্যয়ের দ্রব্যের বিষয়ি এবং সরাইয়ের খরচ এবং খোরাক ও ভাড়ার এবং কেবল ভাড়ার বিষয়ি এবং কোন এমারতের ভাড়ার বিষয়ি এবং অন্য যে কোন বিষয়ে দস্তুরমতে মাসে২ কিম্বা তদপেক্ষা অল্প কালে চুকাইয়া দেওনের রীতি আছে তাহার বিষয়ি মোকদ্দমা।

সামান্য আদালতের সরাসরী ফয়সলা অথবা হুকুম মতান্তর কি অন্যথা করিবার নিমিত্ত মোকদ্দমা।

মালগুজারীর বাকীর বিষয়ের কি তাহা অন্যায়েতে তহসীলকরণের বিষয়ের বিরোধে কালেক্টর সাহেবের কি রাজস্বের অন্য কর্ম্মকারকেরদের সরাসরী নিষ্পত্তি মতান্তর বা অন্যথাকরণের মোকদ্দমা।

যে স্থলে আইন অথবা ব্যবহারের দ্বারা পূর্ব্বে ক্রয়করণের স্বত্ব থাকে সেই স্থলে পূর্ব্বে ক্রয়করণের স্বত্বের বিষয়ি নালিশ।

২ প্রকরণ। মোকদ্দমার হেতু আরম্ভ হইবার পর ছয় বৎসরের মধ্যে নীচের লিখিত মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক।

এই ধারার প্রথম প্রকরণের নির্দ্দিষ্ট বিষয়ব্যতিরিক্ত চুক্তিক্রমে পাওনা টাকা এবং ক্ষতিপূরণের নিমিত্ত অথবা অপকারের নিমিত্ত এবং চুক্তি সিদ্ধ করিবার নিমিত্ত মোকদ্দমা।

৩ প্রকরণ। মোকদ্দমার হেতু আরম্ভ হইবার পর বারো বৎসরের মধ্যে নীচের লিখিত মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক

Suits for the recovery of Legacies

Section XII Provided, that suits against Trustees shall not be barred by any length of time

Section XIII And provided that where by any law a shorter period is specially prescribed for the institution of a particular suit, the limitation so prescribed shall still be observed notwithstanding this Ac

Section XIV 1st And it is hereby enacted, —with respect to suits for the recovery of legacies and for debts, that if an acknowledgment shall have been made by the party liable within the period of limitation applicable to the case, either by writing signed by him, or by part payment or part satisfaction on account of principal, or interest due thereon, then a new period of limitation shall be reckoned, according to the nature of the case from the date of such acknowledgment, or payment, or satisfaction

2d Provided, that if there be two or more parties liable no one of them shall be chargeable by reason only of a written acknowledgment made or signed by any other

Section XV And it is hereby enacted, that in suits for balances upon accounts current between Merchants and Traders who have had mutual dealings, the period of limitation shall be computed from the close of the year in the accounts of which there is the last entry indicating the continuance of mutual dealings, reckoning the year as it is reckoned in the accounts

Section XVI And it is hereby enacted, that in suits for damages for wrong done by a concealed fraud the cause of action shall be deemed to have first arisen at the time at which such fraud shall or with reasonable diligence might have been first known by the party wronged

Section XVII And it is hereby enacted, that in computing the periods of prescription specified in Sections I and II the time shall be excluded during which some party entitled to interrupt the possession or enjoyment shall have been under the disability of infancy or unsoundness of mind or shall have been absent out of the Territories of the East India Company, and the contiguous Territories, and the Island of Ceylon, provided that no longer time than 18 years shall be excluded on account of any such disability, and no longer time than 5 years on account of such absence, and provided that the absence shall have been continuous from the time the title accrued

Section XVIII And it is hereby enacted, that in computing the period of prescription specified in Section I in the case of moveable property the time shall be excluded during which the party in possession shall have been absent out of the Territories of the East India Company

Section XIX And it is hereby enacted, that in computing the periods of prescription specified in Section I and II the time shall be excluded during which any suit brought bonâ fide to interrupt the possession shall have been pending and shall

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৭ মে।]

দানপত্রের দ্বারা দেওয়া বস্তু পাইবার মোকদ্দমা।

১২ ধারা। কিন্তু হুকুম হইল যে ট্রষ্টীরদের নামে নালিশ করণের কোন মিয়াদ নিরূপণ নাহি ইতি।

১৩ ধারা। এবং হুকুম হইল যে যদি কোন আইনের দ্বারা কোন বিশেষ মোকদ্দমা উপস্থিত করণের নিমিত্তে ইহাহইতে অল্প মিয়াদ বিশেষরূপে নির্দ্দিষ্ট হইয়াছে তবে এই আইনের বিধি থাকিতেও ঐ নিরূপিত মিয়াদঅনুসারে কার্য্য করা যাইবেক ইতি।

১৪ ধারা। প্রথম। এবং দানপত্রের দ্বারা দত্ত বস্তু এবং পাওনা টাকা পাইবার নিমিত্ত মোকদ্দমার বিষয়ে ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তি দায়ী যদি সে ব্যক্তি দস্তখৎকরা লিপির দ্বারা অথবা কতক অংশ দেওনের দ্বারা অথবা আসল টাকা কি তাহার উপর প্রাপ্য সুদের বাবতে কিছু পরিশোধ করণের দ্বারা সেই বিষয়ের নিরূপিত মিয়াদের মধ্যে আপনার দেনা স্বীকার করিয়াছে তবে ঐ বিষয়ের ভাবদৃষ্টে ঐ স্বীকার অথবা টাকা দেওন অথবা পরিশোধের তারিখঅবধি নূতন মিয়াদের সময় গণ্য হইবেক।

দ্বিতীয়। কিন্তু যদি দুই বা ততোধিক ব্যক্তি সেই বিষয়ের দায়ী হয় তবে এক জন লিখনের দ্বারা বা দস্তখতের দ্বারা দেনা স্বীকার করিলে তৎপ্রযুক্ত অন্যেরা দায়ী হইবেক না ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে সওদাগর ও ব্যবসায়িরদের মধ্যে পরস্পর দেনাপাওনা থাকে তাহারদের টানা হিসাবের ফাজিল টাকার বিষয়ে মোকদ্দমা হইলে যে বৎসরের হিসাবে তাহারদের দেনাপাওনা থাকনের প্রমাণস্বরূপ শেষ কোন বিষয় লেখা থাকে সেই বৎসরের শেষঅবধি মিয়াদের সময় গণ্য হইবেক এবং ঐ হিসাবে যেরূপ বৎসর ধরা যায় সেইরূপ বৎসর গণ্য হইবেক ইতি।

১৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ছাপান প্রতারণার দ্বারা যে ক্ষতি হয় তাহা পূরণের নিমিত্ত মোকদ্দমা হইলে ক্ষতিবিশিষ্ট ব্যক্তি যে সময়ে ঐ প্রতারণা প্রথম জ্ঞাত হইল অথবা উপযুক্ত উদ্যোগ করিলে জ্ঞাত হইতে পারিত সেই সময়অবধি ঐ মোকদ্দমার হেতু আরম্ভ হয় এমত বোধ করিতে হইবেক ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে প্রথম ও দ্বিতীয় ধারার নির্দ্দিষ্ট ব্যবহারের কাল গণনা করণেতে দখল বা ভোগের ব্যাঘাত করিতে যাহার স্বত্ব আছে এমত কোন ব্যক্তি যত কাল নাবালক অথবা উন্মাদ প্রযুক্ত অযোগ্য ছিল কিম্বা কোম্পানি বাহাদুরের রাজ্য এবং তাহার নিকটবর্ত্তি দেশ এবং সিংহলদ্বীপ ছাড়া ছিল তত কাল বাদ দেওয়া যাইবেক। কিন্তু এইমত অযোগ্যতার নিমিত্ত আঠার বৎসরের অধিক এবং দেশে না থাকনের নিমিত্ত পাঁচ বৎসরের অধিক বাদ দেওয়া যাইবেক না এবং যে সময়ে স্বত্ব আরম্ভ হইল সেই সময়অবধি যদি সেই ব্যক্তি অনবরত অবর্ত্তমান ছিল তবে সেই সময় বাদ দেওয়া যাইবেক ইতি।

১৮ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে অস্থাবর সম্পত্তির বিষয়ে প্রথম ধারার নির্দ্দিষ্ট ব্যবহারের সময় হিসাবকরণেতে যত কাল দখীলকার ব্যক্তি কোম্পানি বাহাদুরের রাজ্যের বাহিরে ছিল তত কাল বাদ দেওয়া যাইবেক ইতি।

১৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে প্রকৃতার্থে দখলের ব্যাঘাতকরণের নিমিত্ত কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করা গিয়া যদি ঐ আদালত সেই বিষয়ের এলাকা না থাকাতে অথবা অন্য কারণে তাহা নিষ্পত্তি করিতে পারিলেন না অথবা নিষ্পত্তি করিলে ঐরূপ

have been diligently prosecuted in any Court of Judicature, which from defect of jurisdiction or other cause shall have been unable to decide upon it, or shall have passed a decision which shall have been annulled on appeal for any such cause

Section XX And it is hereby enacted, that the provision of Section III shall not have effect when the party entitled to use the benefits, liberties or privileges therein referred to, shall have been under any of the disabilities specified in Section XVII except as subject to the provisions contained in that Section

Section XXI And it is hereby enacted, that in computing the periods of limitation specified in Section XI the time shall be excluded during which the claimant or any person through whom he claims shall have been under the disability of infancy or unsoundness of mind, provided in respect of the suits described in Clauses 2 or 3 of the said Section that no longer time than 18 years shall be so excluded, and in respect of the suits specified in Clause 1 of the same Section, excepting suits for penal damages, that no longer time than 5 years shall be so excluded, provided further, that suits for penal damages shall never be admitted after the expiration of 1 year

Section XXII And it is hereby enacted, that in all suits described in Section XI, except suits for penal damages, when the claimant or the person through whom he claims shall have been absent out of the Territories of the East India Company, and the contiguous territories and the Island of Ceylon at the time the cause of action arose, and shall have continued so absent, the time of such continued absence shall be excluded in computing the prescribed period of limitation, provided that no longer time than 5 years shall be so excluded

Section XXIII And it is hereby enacted, that in all suits described in Section XI the time during which the defendant shall have been absent out of the Territories of the East India Company, shall be excluded in computing the prescribed period of limitation

Section XXIV And it is hereby enacted, that in computing the period of limitation applicable to any case the time shall be excluded, during which the claimant or the person through whom he claims shall have been engaged in prosecuting a suit upon the same cause of action against the same party or some party whom he represents, bonâ fide and with due diligence, in any Court of Judicature, which from defect of jurisdiction or other cause shall have been unable to decide upon it, or shall have passed a decision which on appeal shall have been annulled for any such cause

Section XXV And it is hereby enacted, that when by the provisions of this Act a person is barred from bringing a suit for the recovery of any legacy, debt or damages, his right to the legacy, debt, or damages, for which a suit might have been brought by him but for those provisions, shall be extinguished, unless such right is secured by some mortgage, pledge or lien

[*Government Gazette, 17th May,* 1842]

কোন কারণপ্রযুক্ত তাহার উপর আপীল হইয়া তাহা বদ হইল তবে ঐ আদালতে সেই মোকদ্দমা যত কাল মুলতবী ছিল এবং মনোযোগপূর্ব্বক চালান গিয়াছিল তত কাল প্রথম ও দ্বিতীয় ধারার নির্দ্দিষ্ট ব্যবহারের সময় হিসাবকরণেতে বাদ দেওয়া যাইবেক ইতি।

২০ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে তৃতীয় ধারার লিখিত লাভ বা ক্ষমতা কি অধিকার পাইতে যাহার স্বত্ব আছে সে জন ১৭ ধারার নির্দ্দিষ্ট প্রকারে অযোগ্য থাকিতে ঐ ধারার নির্দ্দিষ্ট বিধিব্যতিরেকে তৃতীয় ধারার বিধান তাহার বিষয়ে খাটিবেক না ইতি।

২১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ১১ ধারার লিখিত মিয়াদ হিসাবকরণেতে দাওয়াদার অথবা তাহার দ্বারা দাওয়াকারি অন্য ব্যক্তি যত কাল নাবালক কি উন্মাদপ্রযুক্ত অযোগ্য ছিল তত কাল বাদ দেওয়া যাইবেক। কিন্তু ঐ ধারার ২। ৩ প্রকরণের লিখিত মোকদ্দমার বিষয়ে আঠার বৎসরের অধিক কাল এইরূপে বাদ দেওয়া যাইবেক না এবং অর্থদণ্ডের নিমিত্ত মোকদ্দমাব্যতিরেকে ঐ ধারার প্রথম প্রকরণের নির্দ্দিষ্ট মোকদ্দমার বিষয়ে পাঁচ বৎসরের অধিক কাল এইরূপে বাদ দেওয়া যাইবেক না। কিন্তু অর্থদণ্ডের নিমিত্ত মোকদ্দমা এক বৎসর অতীত হইলে পর গ্রাহ্য হইবেক না ইতি।

২২ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে অর্থদণ্ডের মোকদ্দমাব্যতিরিক্ত ১১ ধারার নির্দ্দিষ্ট সকল মোকদ্দমায় দাওয়াদার অথবা যে ব্যক্তির হকে সে দাওয়া করে সে ব্যক্তি যদি মোকদ্দমার হেতু আরম্ভের সময়ে কোম্পানি বাহাদুরের রাজ্য এবং তাহার নিকটবর্ত্তি দেশ এবং সিংহল দ্বীপে ছিল না এবং তৎপরে ঐ২ দেশে অনবরত অবর্ত্তমান ছিল তবে ঐ অনবরত অবর্ত্তমান সময় মিয়াদের নিরূপিত কাল হিসাবকরণেতে বাদ দেওয়া যাইবেক। কিন্তু পাঁচ বৎসরের অধিক কাল এই নিমিত্ত বাদ দেওয়া যাইবেক না ইতি।

২৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ১১ ধারার নির্দ্দিষ্ট মোকদ্দমাসকলে যত কাল আসামী কোম্পানি বাহাদুরের রাজ্যে ছিল না তত কাল মিয়াদের নিরূপিত সময় হিসাবকরণেতে বাদ দেওয়া যাইবেক ইতি।

২৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে আদালত মোকদ্দমার এলাকা না থাকন কি অন্য কারণপ্রযুক্ত মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিলেন না অথবা নিষ্পত্তি করিলে ঐ কারণপ্রযুক্ত আপীলের মুখে তাহার ফয়সলার অন্যথা করা গেল এমত আদালতে দাওয়াদার অথবা যে ব্যক্তির হকে সে দাওয়া করে সে ব্যক্তি মোকদ্দমার সেই কারণে সেই ব্যক্তির অথবা অন্য যে কোন ব্যক্তির স্থলাভিষিক্ত হয় তাহার নামে যত কাল মোকদ্দমা করিতেছিল তত কাল কোন মোকদ্দমার নিরূপিত মিয়াদ হিসাবকরণেতে বাদ দেওয়া যাইবেক ইতি।

২৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কোন দানপত্রের দত্ত বিষয় অথবা পাওনা টাকা কি ক্ষতিপূরণের টাকা পাইবার নিমিত্ত যখন এই আইনের বিধিপ্রযুক্ত কোন ব্যক্তি নালিশ করিতে নিবারিত হয় তখন ঐ বিধি না থাকিলে সে জন যে বিষয়ে মোকদ্দমা করিতে পারিত এমত দানপত্রের দত্ত বস্তু অথবা পাওনা টাকা কি ক্ষতিপূরণের টাকাতে তাহার যে স্বত্ব তাহা যদি কোন বন্ধক বা জামিন কি স্বত্বাধিকারের দ্বারা রক্ষিত না হইয়া থাকে তবে তাহার সেই স্বত্ব লোপ হইবেক ইতি।

Section XXVI And it is hereby enacted, that no complaint or information shall be proceeded upon by any Magistrate or Justice of the Peace against any person for any offence punishable by fine only, or by any Officer of Revenue against any person liable to any penalty or forfeiture, unless such complaint or information shall have been received within one year from the commission of the act charged, or within any shorter period that may be prescribed by any existing law for preferring such complaint or information.

Section XXVII And it is hereby provided, that this Act shall not be construed to affect the provisions of Section X Regulation XIX 1793, extended to Cuttack by Section XXIV Regulation XII 1805, Section X Regulation XLI 1795, and Section VI Regulation XXXI 1803, extended to the Territories ceded by Dowlut Rao Scindiah and the Peishwah by Section XXI Regulation VIII 1805, of the Bengal Code

Section XXVIII And it is hereby provided, that this Act shall not extend to any public property or right, nor to any suits for the recovery of the public Revenue, or for any public claim whatever

Section XXIX And it is hereby enacted, that all suits that may be now pending, or that may be instituted within the period of 6 months from the date of the passing of this Act, shall be tried and determined as if this Act had not been passed

Section XXX And it is hereby enacted, that the provisions of this Act concerning the acquisition and extinction of rights shall not be of force in respect of any property situated or being within the local jurisdiction of Her Majesty's Supreme Courts at Calcutta Madras, and Bombay, and of the Recorder's Court in the Straits of Malacca, and that the Rules of limitation contained in this Act shall not be applied to any suits or actions in those Courts

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council after the 21st day of June next

T H MADDOCK,

Secy to the Govt of India

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 29TH APRIL 1842

The following Extract from the Proceedings of the Honourable the President in Council, in the Legislative Department, under date the 29th of April 1842, is published for general information

Read a second time the Draft of a proposed Act, dated the 6th of December 1841, and published in the Calcutta Gazette of the 8th of the same month,

২৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে অপরাধ কেবল জরীমানার দ্বারা দণ্ডনীয় সেই অপরাধের বিষয়ে কোন ব্যক্তির নামে নালিশ বা এজহার হইলে যদি সেই অপরাধহওনের পর এক বৎসরের মধ্যে অথবা নালিশ বা এজহার দেওনের নিমিত্ত চলিত আইনে যদ্যপি তদপেক্ষা কম মিয়াদ নির্দ্দিষ্ট থাকে তবে সেই কম মিয়াদের মধ্যে নালিশ বা এজহার না করা যায় তবে কোন মাজিষ্ট্রেট সাহেব অথবা জুষ্টিস অফ দি পীস ঐ ব্যক্তির বিরুদ্ধে নালিশ বা এজহার গ্রাহ্য করিবেন না এবং রাজস্বের কোন কর্ম্মকারক অর্থদণ্ড কি জরীমানার যোগ্য কোন ব্যক্তির বিরুদ্ধে নালিশ শুনিবেন না ইতি।

২৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের এমত অর্থ করিতে হইবেক না যে বাঙ্গলা দেশের চলিত ১৮০৫ সালের ১২ আইনের ২৪ ধারার দ্বারা কটকে বিস্তারহওয়া ১৭৯৩ সালের ১৯ আইনের ১০ ধারার বিধান এবং ১৭৯৫ সালের ৪১ আইনের ১০ ধারার বিধান এবং ১৮০৫ সালের ৮ আইনের ২১ ধারার দ্বারা দৌলতরাও সিন্ধিয়ার ও পেশওয়ার দেশে দত্ত ভূমিতে বিস্তারহওনা ১৮০৩ সালের ৩১ আইনের ৬ ধারা মতান্তর হইল ইতি।

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সরকারী কোন সম্পত্তি বা স্বত্বের বিষয়ে অথবা সরকারী মাল গুজারী আদায় করণার্থ কোন মোকদ্দমার বিষয়ে অথবা কোন প্রকার সরকারী দাওয়ার বিষয়ে এই আইন চলন হইবেক না ইতি।

২৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে সকল মোকদ্দমা এক্ষণে উপস্থিত আছে অথবা এই আইন জারী হওনের তারিখের পর ছয় মাসের মধ্যে উপস্থিত করা যায় তাহা এই আইন না হইলে যেরূপ বিচার ও নিষ্পত্তি হইত সেইরূপ বিচার ও নিষ্পত্তি হইবেক ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে স্বত্বপ্রাপ্ত হওনে ও লোপহওনের বিষয়ে এই আইনের বিধি কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের নিজ এলাকার এবং মলাকার মহনার শ্রীযুত রিকার্ডর সাহেবের নিজ এলাকার মধ্যে থাকা কোন সম্পত্তির বিষয়ে চলন হইবেক না। এবং এই আইনের লিখিত মিয়াদের বিধান ঐ২ আদালতের কোন নালিশ কি মোকদ্দমায় খাটিবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি জুন মাসের ২১ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

ফোর্টউলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ২৯ আপ্রিল।

লেজিসলেটিব ডিপার্টমেণ্টে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলে ১৮৪২ সালের ২৯ আপ্রিল তারিখের কার্য্যের নীচের লিখিত চুম্বক সর্ব্ব সাধারণ লোকের বিজ্ঞাপনার্থে প্রকাশ হইয়াছে।

সৈন্যসম্পর্কীয় বাজারের পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করিবার নিমিত্তে এবং সৈন্য সমভিব্যাহারি লোকেরদের উপর যে২ দায় হইতে পারে সেই২ দায় নির্ণয়করণার্থে প্রস্তাবিত আইনের ১৮৪১ সালের ৬ ডিসেম্বর তারিখে যে মুসাবিদা ঐ মাসের ১৪ তারিখে বাঙ্গলা গবর্ণ

for the better regulation of Military Bazars and defining the liabilities of Camp followers

Resolution—The Honourable the President in Council resolves that the following Amended Draft on the subject, be re published for general information

ACT No —— OF 1842

An Act for the better Regulation of Military Bazars, and defining the liabilities of Camp followers

I It is hereby enacted, that no person residing within the limits of any Military Cantonment shall be allowed to recover, in any Military Court of Requests for the Native Troops of the East India Company, held within such Cantonment, any debt contracted in the way of trade, or for the loan of money within such Cantonment, by any person subject to the jurisdiction of such Court, unless the person seeking to recover the debt, shall, at the time of the contracting thereof, have been registered as a Military Bazarman within such Cantonment

II And it is hereby declared, that the several descriptions of persons specified in Regulation XX of 1810, of the Bengal Code, Sections 2, 4, and 22, shall be subject to the provisions of Acts No XI of 1841, and No XXVIII of 1841, in like manner as enlisted Soldiers

---

Ordered, that the Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 29th day of July next

F J HALLIDAY
Offg Secy to the Govt of India

No 496
FORT WILLIAM,
JUDICIAL AND REVENUE DEPARTMENT,
The 18th April, 1842

Read a Letter from the Register of the Sudder Dewanny Adawlut, (No 1104, of the 26th ultimo) submitting the results of the Examinations held in January last, by the several Committees for the examination of Candidates for Moonsiffships

Judicial Dept Resolution } 1 The Honourable the Deputy Governor of Bengal observes that the thanks of Government are due to the Members of the several Committees for the care with which they have conducted the duties of the Examinations, and to the Presidency Committee Government is especially indebted, not only for the zeal and ability which has characterized its proceedings, but also for the many valuable suggestions and remarks contained in the Report submitted by its Members

2 The Deputy Governor will first remark upon the results of the several Examinations, after which His Honor will proceed to notice such other parts of the documents before him as may appear to require comment

[*Government Gazette*, 17*th May*, 1842]

মেণ্ট গেজেটে প্রকাশ হইয়াছে তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে এই নির্দ্ধারণ করিতেছেন যে ঐ বিষয়ে নীচের লিখিত সংশোধিত মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে পুনর্ব্বার প্রকাশ হয়।

১৮৪২ সাল —— আক্ট।

সৈন্যসম্পর্কীয় বাজারের পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করিবার নিমিত্ত এবং সৈন্য সমভিব্যাহারি লোকেরদের উপর যে২ দায় হইতে পারে সেই২ দায় নির্ণয় করিবার নিমিত্ত আইন।

১ধারা। ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে কোর্ট রিক্কেস্ট সৈন্যের ছাউনিতে স্থাপন হয় সেই আদালতের এলাকার অধীন কোন ব্যক্তি ব্যবসায়ক্রমে অথবা নগদ টাকার কর্জ্জেতে দেনদার হইলে যে ব্যক্তি ঐ পাওনা টাকা আদায় করিতে উদ্যোগ করে সে ব্যক্তি ঐ যুদ্ধসম্পর্কীয় ছাউনির সীমার মধ্যে বাস করিলেও যদ্যপি দেনা হওন সময়ে ঐ ছাউনির মধ্যে সৈন্যসম্পর্কীয় বাজারওয়ালার ন্যায় রেজিস্টরী না হইয়াছিল তবে ঐ যুদ্ধসম্পর্কীয় কোর্ট রিকেস্টের দ্বারা ঐ টাকা আদায় করিতে পারিবেক না ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ১৮১০ সালের ২০ আইনের ২।৪ এবং ২২ ধারার নির্দ্দিষ্ট নানাপ্রকার লোক রেজিস্টরী হওয়া সিপাহীরদের মত ১৮৪১ সালের ১১ আইনের এবং ১৮৪১ সালের ২৮ আইনের বিধির অধীন হইবেক ইতি।

হুকুম হইল যে আগামি ২৯ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাইবেক।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

৪৯৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৮ আপ্রিল।

নানা কমিটির সাহেবেরা গত জানুআরি মাসে মুনসেফী কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদের যে ইমতিহান লইলেন তাহার ফল সদর দেওয়ানী আদালতের রেজিস্টর সাহেব জ্ঞাত করিয়া গত মাসের ২৬ তারিখের ১১০৪ নম্বরী যে পত্র পাঠাইলেন তাহা পাঠ করা গেল।

জুডিসিয়ল ডিপার্টমেণ্ট।
নির্দ্ধারণ।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব কহিতেছেন যে নানা কমিটির মেম্বর যে মনোযোগপূর্ব্বক ইমতিহানের কার্য্য চালাইয়াছেন তাহাতে তাঁহারা গবর্ণমেণ্টের কৃতজ্ঞতার যোগ্য হইয়াছেন এবং রাজধানীর কমিটির সাহেবেরা যেরূপ উৎসাহ এবং নিপুণতাপূর্ব্বক আপনারদের কার্য্য নির্ব্বাহ করিয়াছেন এবং বিশেষতঃ তাহারদের মেম্বরেরদের কৃত রিপোর্টে যে নানা উত্তম পরামর্শ এবং কথা লিখিয়াছেন তদ্বিষয়ে তাঁহারদিগকে গবর্ণমেণ্ট আপনার বিশেষ কৃতজ্ঞতার যোগ্য বোধ করেন।

২। শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব প্রথমে নানা ইমতিহানের ফলের বিষয়ে কিঞ্চিৎ কহিবেন এবং তাহার পরে আপনার নিকটে অর্পণহওয়া নানা কাগজপত্রের অন্য যে২ বিষয়ে কিঞ্চিৎ বক্তব্য বোধ হয় তাহার বিষয় কহিবেন।

Presidency Committee

3 Seventy five Candidates were admitted to examination—of whom 14 were remanded to be re-examined after the expiration of a year, and 36 after a period of six months The remainder (25) were admitted to the oral examination—6 of these were considered deficient, and were consequently remanded for a period of six months—to 18, Diplomas of fitness were granted, and the case of one individual, otherwise qualified, was suspended for the orders of the Sudder Court, owing to it having been discovered that he had once been criminally convicted

4 The names of the successful Candidates are as follow

Gooroodass Sein
Mahomed Monniam,
Kylass Day
Nobinchunder Mitter
Essanchunder Dutt
Ramnarain Roy
Rajmohun Mitter
Poornochund Mitter
Doorgapershad Roy
Juggonathpershad Bannerjea
Monumohun Baboo
Faqueerchund Singh
Golam Batool Tumkin
Syed Itruth Hossein
Jummooruddeen Ahmed
Peareemohun Bannerjee
Syud Fuzzul Ruhoma
Rakaldoss Chowdrie

Dacca Committee

5 Of eleven Candidates who were admitted to examination none were faultless, but it appears that two,

Ubhy Comar Dutt,
Gopeemohun Roy,

evinced such qualifications as to induce the Committee to recommend them specially for Diplomas, a measure in which the Presidency Committee concurred

Patna Committee

6 Fourteen Candidates were examined, and Diplomas were granted to the following individuals, viz

Khyrat Hosein,
Futhut Ali,
Rajchunder Chuckerbutty,
and
Ulee Uzeem

7 Five Candidates were directed to appear for re-examination in July next, and the remaining 5 Candidates,

Mahomed Zynool Abdeen,
Sheikh Azhur Ali,
Muhee Ooddeen,
Fakeer Hosein,
and
Mr Almeida,

were, on the special recommendation of the Committee, admitted to Diplomas by the Presidency Committee

রাজধানীর কমিটি।

৩। ৭৫ জন কর্ম্মাকাঙ্ক্ষী ইমতিহান দিবার নিমিত্তে গ্রাহ্য হইলেন ইঁহারদের মধ্যে ১৪ জন এক বৎসর পরে এবং ৩৬ জন ছয় মাসের পরে অন্য ইমতিহান দিবার হুকুম পাইলেন। অবশিষ্ট ২৫ জন জোবানী ইমতিহান দিতে অনুমতি পাইলেন ইহাতে ৬ জন অনভিজ্ঞ বোধ হওয়াতে ছয় মাসের পরে পুনবায় ইমতিহান দিবার হুকুম পাইলেন। ১৮জনকে যোগ্যতার পত্র দেওয়া গেল এবং এক জন যোগ্য বোধ হইলেও পূর্ব্বে একবার ফৌজদারী আদালতে দোষী হইয়াছিলেন ইহা টেরপাওয়াতে সদর আদালতের হুকুমের নিমিত্ত তাঁহার বিষয় মবেন্দুরে থাকিল।

৪। কৃতকার্য্য কর্ম্মাকাঙ্ক্ষি লোকেরদের নাম এই২।

শ্রীগুরুদাস সেন।
„ মহম্মদ মনীয়াম।
„ কৈলাস দে।
„ নবীনচন্দ্র মিত্র।
„ ঈশানচন্দ্র দত্ত।
„ রামনারায়ণ রায়।
„ রাজমোহন মিত্র।
„ পূর্ণচন্দ্র মিত্র।
„ দুর্গাপ্রসাদ রায়।
„ জগন্নাথপ্রসাদ বাঁড়ুয্যা।
„ মনমোহন বাবু।
„ ফকিরচাঁদ সিংহ।
„ গোলাম বতুল তমকীন।
„ সায়দ ইরথ হুসেন।
„ জমীরুদ্দীন আহমদ।
„ প্যায়ারীমোহন বাঁড়ুয্যা।
„ সায়দ ফজল রহমা।
„ রাখালদাস চৌধুরী।

ঢাকার কমিটি।

৫। ১১ জন কর্ম্মাকাঙ্ক্ষী ইমতিহান দিবার নিমিত্ত গ্রাহ্য হইলেন কিন্তু ইঁহারদের এক জনও নির্দ্দোষী ছিলেন না পরন্ত দৃষ্ট হইতেছে যে

শ্রী অভয়কুমার দত্ত।
শ্রী গোপীমোহন রায়।

এই দুই জনের এমত যোগ্যতা বোধ হইল যে তথাকার কমিটি তাঁহারদিগকে বিশেষরূপে যোগ্যতার পত্র দিবার পরামর্শ দিলেন এবং রাজধানীর কমিটির সাহেবেরা তাহাতে সম্মত হইলেন।

পাটনার কমিটি।

৬। ১৪ জন কর্ম্মাকাঙ্ক্ষির ইমতিহান হইল এবং নীচের লিখিত ব্যক্তিরদিগকে যোগ্যতার পত্র দেওয়া গেল।

শ্রী খয়রাৎ হুসেন।
„ ফতহৎ আলী।
„ রাজচন্দ্র চক্রবর্ত্তী।
এবং
„ অলী অজীম।

৭। ৫ জন কর্ম্মাকাঙ্ক্ষী আগামি জুলাই মাসে পুনর্ব্বার ইমতিহান দিবার নিমিত্তে হুকুম পাইলেন এবং অবশিষ্ট ৫ জনকে অর্থাৎ

শ্রীমহম্মদ জয়নুল আবদীন।
„ সেখ আজহর আলী।
„ মহী উদ্দীন।
„ ফকির হুসেন।
এবং
„ আলমেডা সাহেব।

কমিটির বিশেষ পরামর্শেতে রাজধানীর কমিটির স্থানে যোগ্যতার পত্র প্রাপ্ত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৭ মে।]

Moorshedabad Committee

8 Six Candidates were examined and a Diploma was granted to

Sreekunt Sing,

four others of the Candidates were recommended by the Committee for Diplomas, but it appears that the Presidency Committee did not see reason to comply with the recommendation

9 The result then is, that at the examinations held in January last, by the several Committees, 30 young men have been declared competent to enter the Judicial service of Government, and His Honor has much pleasure in observing that out of the number of Candidates who have hitherto received Diplomas, 31 have already been appointed to Moonsiffships exclusive of others who have been temporarily provided for it is gratifying to observe too, that as far as the recentness of these appointments will admit of a judgment being formed on the subject, the nominees appear to have given satisfaction to their superiors

10 With respect to the individual from whom a Diploma was withheld by the Presidency Committee, the Deputy Governor has only to observe that he perfectly concurs with the Committee and the Court that it is of the highest importance that Diplomas be granted to none whose characters are not without stain—and His Honor quite approves of the Presidency Committee's suggestions for amending the present system of granting Certificates to Candidates for Examination, viz

11 That notice be given to the Sudder Court, by the several Judges of the number of Candidates whose names are registered for examination—and in order that the Judges may be enabled to state correctly the number of Candidates to the Court, that no Certificates be granted within a less period than one month previous to the assembly of the Committees

12 That the restriction which now prevents the Judges of Patna, Moorshedabad, Dacca, and the 24-Pergunnahs from granting Certificates to Candidates for examination be withdrawn, and that no Judges grant Certificates to any individuals who may not reside, or be employed in their respective Districts, and also that all Certificates shall bear on the face of them the result of the Judge's enquiries into the character and respectability of the Candidates, together with any particulars relative to their family and connexions as may seem worthy of notice

13 That the Chief Magistrate of Calcutta may, under similar Rules and according to the manner in which such Certificates are granted by the several Zillah Judges, grant Certificates for examination to persons inhabitants of or employed in Calcutta

14 And that the Principals of the several Schools and Colleges under the control of the Council of Education be also in like manner authorized to grant similar Certificates to bonâ fide Students of their respective Schools or Colleges, such Certificates to be countersigned by the Judge of the Zil-

[*Government Gazette, 17th May,* 1842]

মুরশিদাবাদের কমিটি।

৮। ছয় জন কর্ম্মাকাঙ্ক্ষী ইমতিহান দিয়াছিলেন এবং

শ্রীকান্ত সিংহকে

যোগ্যতার পত্র দেওয়া গেল। অন্য ৪ জনকে যোগ্যতার পত্র দিবার পরামর্শ কমিটি দিলেন কিন্তু দৃষ্ট হইতেছে যে রাজধানীর কমিটির সাহেবেরা তাঁহারদের ঐ পরামর্শেতে সম্মত হইবার উচিত কারণ দেখিলেন না।

৯। অতএব গত জানুআরি মাসে নানা কমিটি যে ইমতিহান লইলেন তাহার এই ফল হইল যে ৩০ জন যুব লোক গবর্ণমেণ্টের আদালতসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত হইবার উপযুক্ত বোধ হইলেন। যে২ কর্ম্মাকাঙ্ক্ষী ইহার পূর্ব্বে যোগ্যতার পত্র প্রাপ্ত হইযাছেন তাঁহারদের মধ্যে কিঞ্চিৎ কালের নিমিত্ত কর্ম্মপ্রাপ্ত ব্যক্তিছাড়া ৩১ জন মুনসেফী কর্ম্মে সম্পূর্ণরূপে নিযুক্ত হইয়াছেন ইহা দেখিয়া শ্রীযুত গবরনর সাহেব অত্যন্ত আহ্লাদিত হইয়াছেন। ঐ সকল নিয়োগ সম্প্রতি হইয়াছে তথাপি তাহার বিষয়ে যে পর্য্যন্ত এক্ষণে বিবেচনা হইতে পারে সেইপর্য্যন্ত বোধ হয় যে ঐ মুনসেফেরা কর্ত্তৃত্বকারি সাহেবেরদের সন্তোষ জন্মাইযাছেন ইহাও আহ্লাদের বিষয়।

১০। যে ব্যক্তিকে রাজধানির কমিটি যোগ্যতার পত্র দিলেন না তাহার বিষয়ে শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের এই বক্তব্য যে তিনি কমিটির এবং সদর আদালতের সঙ্গে একবাক্য হইয়া বোধ করেন যে যাহারদের কোন প্রকার কলঙ্ক নাই কেবল এমত ব্যক্তিরদিগকে যোগ্যতার পত্র দেওয়া অত্যাবশ্যক। এবং ইমতিহানের আকাঙ্ক্ষিদিগকে সর্টিফিকট দেওনের বর্ত্তমান রীতির সংশোধনের বিষয়ে রাজধানীর কমিটি নীচের লিখিত যে২ পরামর্শ দিয়াছেন তাহাতে শ্রীযুত সম্মত আছেন।

১১। সেই পরামর্শ এই২ যত কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তির নাম ইমতিহানের নিমিত্তে রেজিষ্টরী হয় তাহার সংখ্যা নানা জজ সাহেবেরা সদর আদালতে জ্ঞাত করেন্ এবং কর্ম্মাকাঙ্ক্ষিরদের যথার্থ সংখ্যা জজ সাহেবেরা সদর আদালতে এইরূপে জ্ঞাত করিতে পারেন এই নিমিত্তে কমিটির বৈঠকের পূর্ব্বে এক মাসের কমে কোন সর্টিফিকট দেওয়া যাইবেক না।

১২। পাটনা ও মুরশিদাবাদ ও ঢাকা এবং চব্বিশ পরগনার জজ সাহেবদিগের প্রতি ইমতিহানের আকাঙ্ক্ষি ব্যক্তিরদিগকে সর্টিফিকট দেওনে যে নিষেধ আছে তাহা রহিত হইবেক এবং জজ সাহেবেরদের জিলার মধ্যে যে ব্যক্তিরা বাস করে অথবা কর্ম্মে নিযুক্ত থাকে সেই২ ব্যক্তিভিন্ন ঐ জজ সাহেব অন্য কাহাকে সর্টিফিকট দিবেন না। এবং কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদের আচার ব্যবহার ও মানাভার বিষয়ে জজ সাহেব অনুসন্ধান করিয়া যাহা জ্ঞাত হন্ তাহা এবং তাহারদের বংশ ও পরিবারেরদের বিষয়ে যে কোন রেওলা লিখিবার যোগ্য বোধ হয় তাহা সর্টিফিকটের উপর লিখিবেন।

১৩। নানা জিলার জজ সাহেবেরা যে নিয়মানুসারে এবং যে প্রকারে সর্টিফিকট দিয়া থাকেন সেই নিয়মানুসারে এবং সেইমতে কলিকাতার প্রধান মাজিষ্ট্রেট সাহেব কলিকাতানিবাসি অথবা কলিকাতায় কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরদিগকে ইমতিহানের সর্টিফিকট দিতে পারেন্।

১৪। এবং বিদ্যাধ্যাপনের কৌন্সলের অধীন নানা বিদ্যালয় ও কালেজের অধ্যক্ষেরা সেইরূপে আপন২ বিদ্যালয় ও কালেজের প্রকৃত ছাত্রেরদিগকে সর্টিফিকট দিতে ক্ষমতাপ্রাপ্ত হইলেন। যে জিলার মধ্যে ঐ বিদ্যালয় অথবা কালেজ থাকে তাহার জজ সাহেব ঐ কর্ম্মা

ih in which the School or College may be situate, after that Officer shall have satisfied himself that the Candidate is a fit person to be admitted to examination according to the Rules now in force

15 The Deputy Governor approves of the Court's proposal that the Local Judges be instructed to mention in the Certificates which they grant the number of times which the Candidate has already been examined, and that the Sudder Court decide with reference thereto whether they will admit the Candidate to re examination His Honor also agrees with the Court that no Candidates under the age of 21 be eligible to examination, and he is pleased to direct that individuals whose names are at the head of the list of Candidates who have received Diplomas, shall, on refusal to proceed to any station to which they may be appointed, have their names placed at the bottom of the list, and wait their turn accordingly

16 With a view to additional publicity and convenience, the Examinations of the Presidency Committee may in future as recommended by the Committee be held at the Town Hall Calcutta

Resolved, that the foregoing observations be published in the several Government Gazettes, and that a copy hereof be forwarded to the Court of Sudder Dewanny Adawlut, with a view to the necessary instructions being issued upon His Honor's orders

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

কাঙ্ক্ষি ব্যক্তি চলিত নিয়মানুসারে ইমতিহানের নিমিত্তে গ্রাহ্য হওনের যোগ্য আছেন এই বিষয় নিশ্চয় অবগত হইলে ঐ সর্টিফিকটে দস্তখৎ করিবেন।

১৫। সদর আদালত এই প্রস্তাব করিয়াছেন যে কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তির পূর্ব্বে যতবার ইমতিহান হইয়াছিল তাহার সংখ্যা সর্টিফিকটের মধ্যে লিখিতে জিলার জজ সাহেবের প্রতি হুকুম দেওয়া যায় এবং সদর আদালত তাহা বিবেচনা করিয়া কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তির পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি দিবেন বা না দিবেন শ্রীযুত ডেপুটী গবরনর্ সাহেব সদর আদালতের এই পরামর্শেতে ঐক্য আছেন। এবং সদর আদালতের পরামর্শানুসারে শ্রীযুত স্থির করিয়াছেন যে ২১ বৎসরবয়স্ক না হইলে কোন ব্যক্তি ইমতিহান দিবার যোগ্য হইবেন না। এবং শ্রীযুত আরো হুকুম করিতেছেন যে যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়া কর্ম্মাকাঙ্ক্ষিরদের ফর্দ্দে যাহারদের নাম অগ্রে লেখা থাকে তাঁহারা কোন মোকামে মোকরর হইলে যদি তথায় যাইতে অস্বীকৃত হন তবে তাঁহারদের নাম ঐ ফর্দ্দের শেষে লেখা যাইবেক এবং তৎক্রমে তাঁহারা মোকরর হইবেন।

১৬। পূর্ব্বাপেক্ষা অধিক প্রকাশিতমতে এবং সুগমরূপে ইমতিহান হইবার নিমিত্ত কমিটিরদের পরামর্শক্রমে রাজধানীর কমিটি কলিকাতার টৌনহালে ইমতিহান লইতে পারিবেন

নির্দ্ধার্য্য হইল যে পূর্ব্বোক্ত প্রস্তাব নানা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় এবং তাহার এক নকল সদর দেওয়ানী আদালতে পাঠান যায় এবং শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম জারী করিবার নিমিত্ত ঐ আদালতের সাহেবেরা হুকুম দেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশেব গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 9

To the Commissioner of Revenue for the Division of ———

In compliance with a suggestion of the Court of Sudder Dewanny Adawlut, the Sudder Board of Revenue desire me to request that you will bring to the notice of the Collectors of your Division, that the new Sale Law (as indeed was the case with Regulation XI of 1822,) has reference only to arrears of Government revenue, or other claims of Government recoverable as arrears of revenue, and that the rules in force for the Sale of Lands in execution of Decrees of Court are those prescribed in Regulation XLV 1793 *

E CURRIE, *Secretary*

Fort William, 27th April, 1842

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের পরামর্শানুসারে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা তোমাকে হুকুম দিতেছেন যে তুমি আপনার এলাকার কালেক্টর সাহেবদিগকে জানাইবা যে জমীদারী নীলামবিষয়ক নূতন আইন কেবল সরকারের বাকী মালগুজারীর বিষয়ে অথবা সরকারের অন্য যে কোন দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় করা যাইতে পারে তাহার বিষয়ে খাটে (১৮২২ সালের ১১ আইনও কেবল সেই বিষয়ে খাটিত) এবং ১৭৯৩ সালের ৪৫* আইনে যে সকল বিধি নির্দ্দিষ্ট আছে তাহা আদালতের ডিক্রী জারীকরণার্থ ভূমি নীলামকরণের বিষয়ে চলন আছে।

ই করি। সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৭ আপ্রিল।

No 10

To the Commissioner of Revenue for the Division of ———

With reference to Circular Order No 4, dated 9th February, I am directed by the Sudder Board of Revenue to inform you that the sanction of the

১০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেব বরাবরেষু।

৯ ফেব্রুআরি তারিখের ৪ নম্বরী সরকুলর অর্ডরের বিষয়ে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে কমিসানর সাহেবের অনুমতি হইলেই

---

* See also Regulation XII of 1796, and C O No 25 September 10th, 1841

* ১৭৯৬ সালের ১২ আইন এবং ১৮৪১ সালের ১০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরী সরকুলর অর্ডর দেখ।

Commissioner will be sufficient authority for the Collectors, or Khass Mehal officers, to write off their accounts, at the end of each year the uncollected Khass balances of the year preceding In asking for this sanction, it will not be necessary for the Collector (or other officer) to submit any detailed explanation of the several items, unless such explanation shall be specially required by the Commissioner

E CURRIE, *Secretary*

Fort William, 30th April, 1842

No 11

To the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to request that you will intimate to the Collectors and independent Deputy Collectors of your Division, that "when Government Securities are taken "as deposit under Section XV Act XII of 1841, "they must be received at such value as will be "sufficient, if brought to Sale, to meet the amount "for which they are deposited * Collectors will of course understand that Government Securities are not a legal tender in payment of purchase money, or of any public demand, they are receivable only in deposit to secure a certain amount which must be paid, when due, in the legal currency of the Country

L CURRIE, *Secretary*

Fort William, 27th April, 1842

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 1322

To the Civil Judges in the Lower Provinces

The Sicca Rupee having ceased to be a legal tender on the 1st January 1838, (Act XIII 1836,) the Court of Sudder Dewanny Adawlut for the Lower and Western Provinces have been pleased to determine, in supersession of construction, No 1068, that all questions regarding the value of stamp paper, and the amount of suits recognizable by the different classes of Native Judges, shall be determined with reference to the existing and not to the old currency In accordance with this rule, the Moonsiffs (for instance) will not have cognizance of suits in which the amount contested may exceed 300 Company's Rupees, and the stamp required for a plaint in a suit for the sum abovementioned will be valued at 16 Rupees

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 15th April, 1842

---

* Orders of Government of India in the Financial Department 23d March, 1842

[*Government Gazette, 17th May,* 1842]

প্রতিবৎসরের শেষে তাহার পূর্ব্ব বৎসরের যে খাস বকেয়া খাজানা আদায় হয় নাই তাহা কালেক্টর সাহেবেরা অথবা খাস মহালের কার্য্যকারকেরা আপনারদের হিসাবহইতে উঠাইয়া ফেলিতে পারেন। কমিসানর সাহেব প্রত্যেক মহালের বিশেষ রেওরা না চাহিলে ঐ অনুমতি প্রার্থনাকরণ সময়ে কালেক্টর সাহেবের অথবা অন্য কার্য্যকারকের তাহার বিশেষ রেওরা ঐ কমিসানর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবার আবশ্যক হইবেক না।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৩০ আপ্রিল।

---

১১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেব বরাবরেষু।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে আদেশ করিতেছি যে তুমি আপন এলাকার কালেক্টর এবং স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবদিগকে জানাইবা যে ১৮৪১ সালের ১২ আইনের ১৫ ধারানুসারে তাঁহারা কোন প্রোমিসরি নোট আমানৎস্বরূপ লইলে তাহার এইমত মূল্য ধরিতে হইবেক যে তাহা বিক্রয় হইলে যত টাকার নিমিত্ত আমানৎ হইয়াছিল তত্তুল্য টাকা পাওয়া যাইতে পারে।* কালেক্টর সাহেবেরা অবশ্যই অবগত আছেন যে আইনমতে গবর্ণমেন্টের কোন প্রোমিসরি নোট কোন ভূমির মূল্য টাকা অথবা অন্য কোন সরকারী দাওয়া পরিশোধ করণের নিমিত্তে লওয়া যাইতে পারে না কিন্তু যে টাকা পরিশোধ করিতে হইবেক সেই টাকা উপযুক্ত সময়ে দেশের চলিত মুদ্রাতে দেওনের বিষয়ে ঐ নোট কেবল আমানৎস্বরূপ লওয়া যাইবেক।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৭ আপ্রিল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৩২২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১৮৩৬ সালের ১৩ আইনানুসারে ১৮৩৮ সালের ১ জানুআরি তারিখঅবধি সিক্কা টাকা আইনমতে দিবার প্রস্তাব হইলে তাহা লওয়া যাইতে পারে না অতএব কলিকাতা এবং আলাহাবাদের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা ১০৬৮ নম্বরী কনষ্ট্রুকসন অর্থাৎ আইনের অর্থ রদ করিয়া স্থির করিয়াছেন যে ইষ্টাম্পকাগজের মূল্য এবং এদেশীয় নানা বিচারকেরা যে২ মোকদ্দমার বিচার করিতে পারেন তাহার মূল্য পূর্ব্বকালের সিক্কা টাকাতে গণ্য না হইয়া বর্ত্তমান চলিত টাকাতে গণ্য হইবেক। তাহার উদাহরণ এই যে এই বিধানানুসারে কোম্পানির ৩০০৲ টাকার অধিক মূল্যের মোকদ্দমার বিচার মুনসেফেরা করিতে পারিবেন না এবং উক্ত মূল্যের মোকদ্দমার নালিশ ১৬৲ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৫ আপ্রিল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator,*

---

* ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৪২ সালের ২৩ মার্চ তারিখের হুকুম।

EDUCATION
VERNACULAR CLASS BOOKS

Extract from Proceedings of the Council of Education at their General Meeting held on the 26th April, 1842

Read Proceedings of Section for Vernacular Class Books, dated April 9th, 1842, and circulated in a printed form to each Member of the Council of Education

Resolved,—That the Recommendations 1 and 2 be approved That 3 be approved with the reservation that the local Arithmetic be adapted to the European system of study, (including the rule of proportions with fractions decimal as well as Vulgar and the extraction of the Square and Cube Root,) though expressed in the forms, tables, and numbers peculiar to the locality

That Recommendations 4 and 5 be approved

That in regard to 6 it be suggested that while the aggregate of all the works do not exceed an amount which would allow a rate of 250 Duodecimo pages to each—that limit be not enforced for such particular work (say, for instance, General History and the History of India, which may be imperfect if so limited) as may require more space

That Recommendation 7 be approved, and that the Report therein referred to be furnished to the next General Monthly Meeting

That Recommendation 8 involves a matter which the Council of Education do not consider within the province of the Section, but only within that of the General Council or the Government

That the Section for Vernacular Books be requested to report further particulars regarding the terms, dates of completion, and proposed compilers—of the works by the next General Monthly Meeting

(True Extract,)

H V BAYLEY,

Secretary

বিদ্যাধ্যাপন।
দেশীয় ভাষাব পুস্তক।

১৮৪২ সালেব ২৬ আপ্রিল তারিখে বিদ্যাধ্যাপনেব কৌন্সেলেব সাধারণ বৈঠকে যে কার্য্য হইয়াছিল তাহার চুম্বক।

দেশীয় ভাষার পুস্তকেব সম্প্রদায়ের ১৮৪২ সালের ৯ আপ্রিল তাবিখের যে কার্য্যের বিবরণ ছাপা হইয়া বিদ্যাধ্যাপনেব কৌন্সেলেব প্রত্যেক মেম্বরেব নিকটে পাঠান গিয়াছিল তাহা পাঠ কবা গেল।

নির্দ্ধার্য্য হইল যে প্রথম এবং দ্বিতীয় পবামর্শ গ্রাহ্য হয়। তৃতীয় পরামর্শ গ্রাহ্য হইল বটে কিন্তু স্থানবিশেষেব অঙ্কবিদ্যাপুস্তক ঐ স্থানেব চলিত পাঠ ও টেবিল ও অঙ্কেতে লিখিত হইয়া ইউরোপীয় অঙ্কবিদ্যাব নিয়মানুসাবে প্রস্তুত কবা যায়। ঐ পুস্তকের মধ্যে ত্রৈরাশিকেব হিসাব এবং সামান্য অথবা দশকেব ছিট এবং বর্গমুল ও ঘনমুল নির্ণীত কবা থাকিবেক।

৪ ও ৫ নম্বরী পবামর্শ গ্রাহ্য হইয়াছে।

৬ নম্বরী পবামর্শেব বিষয়ে এইরূপ প্রস্তাব হইয়াছে যে মোটে সমস্ত পুস্তকেব যদ্যপি এত পৃষ্ঠা হয যে গড়ে ২৫০ আড়াই শত কবিয়া পড়ে তথাপি বিশেষ২ পুস্তকে অধিক পৃষ্ঠাব আবশ্যক হয় অর্থাৎ সাধারণ ইতিহাস এবং ভাবতবর্ষেব ইতিহাসপ্রভৃতি পুস্তকেব বিষয়ে ঐ নিয়ম খাটিবেক না যেহেতুক ঐ প্রকাব পুস্তকেব এইরূপ সীমা নির্দ্দিষ্ট কবিলে তাহা সম্পূর্ণ হইতে পাবে না।

৭ নম্বরী পরামর্শ গ্রাহ্য হইয়াছে এবং তাহাব মধ্যে যে রিপোর্টেব কথা হইয়াছে তাহা আগামি মাসিক সাধারণ বৈঠকে দাখিল কবিতে হইবেক।

৮ নম্বরী পরামর্শেতে যে বিষয় লেখা আছে তাহা বিদ্যাধ্যাপনেব কৌন্সেলের সাহেবেবা ঐ সম্প্রদাযেব এলাকাব মধ্যে বোধ করেন না কিন্তু কেবল সাধারণ কৌন্সেলেব অথবা গবর্ণমেণ্টেব এলাকাব মধ্যে।

দেশীয় ভাষা পুস্তকেব সম্প্রদায়েব সাহেবদিগকে আদেশ কবা যাইবেক যে ঐ সকল পুস্তক যে মুল্যে প্রস্তুত হইবেক ও যে তাবিখে সমাপ্ত হইবেক এবং যাহাব দ্বারা প্রস্তুত কবা যাইবেক ইত্যাদি বেওরাব আগামি মাসিক সাধারণ বৈঠকে রিপোর্ট করেন।

এচ বি বেলি।

সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIVIL APPOINTMENTS

No 653

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT

EDUCATION

The 27th April, 1842

The Honourable the President in Council has been pleased to appoint Lieutenant Thomas Brodie, Principal Assistant to the Commissioner, and Lieutenant C S Reynolds, Acting Adjutant of the Assam Light Infantry Battalion, Members of the Local Committee of Education at Sibsaugor

H V BAYLEY,

Deputy Secy. to Govt

রাজকর্ম্মে নিয়োগ।

৬৫৩ নম্বর

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

বিদ্যাধ্যাপন।

১৮৪২ সাল ২৭ আপ্রিল।

শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে আসামের কমিস্যনব সাহেবেব প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট টামস ব্রোডি সাহেবকে এবং আসামেব লঘু অস্ত্রধারি পদাতিক সৈন্যেবদেব একটিং আজুটাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট সি এস রেমলড্স সাহেবকে শিবসাগরে বিদ্যাধ্যাপনেব কমিটির মেম্বরী কর্ম্মে নিযুক্ত কবিযাছেন।

এচ বি বেলি।

গবর্ণমেণ্টেব ডেপুটী সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৭ মে।]

No 524

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENTS, &c

The 6th May, 1842

Mr J Lowis to be Junior Member of the Sudder Board of Revenue, from the 1st instant, vice Mr C W Smith resigned

The 9th May, 1842

The temporary appointment by the Judge of Rungpore of Syed Sudderool Hussein, to officiate as Register of Deeds, under Act XXX of 1838, in that Zillah, during the late absence of the Registrar (Dr Edge) is confirmed

To be Members of a Committee for the management of the Surplus Ferry Funds of the District of Bograh

Mr J W Pavter,
Mr A D Coull,
Mr W McDougall,
Mr M Mackenzie,
Mr R W J Frith,
Mr H H Huett

The remaining portion of the leave of absence granted to Dr J Macansh, of the Civil Station of East Burdwan, has been cancelled from the 1st instant, the date on which he rejoined his Station

NOTIFICATION

Mr W J Allen resumed charge of the Treasury of the Collectorate of Dacca from Mr B H Cooper on the 25th ultimo

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

No 534,

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENT

The 25th April, 1842

Mr E F Latour, Assistant to the Joint Magistrate and Deputy Collector of Malda, to exercise the special powers described in Sec XXI Reg VIII of 1831.

LEAVE OF ABSENCE

The 9th May, 1842

Dr G N Cheek, of the Civil Station of Bancoorah, from the 12th to the 31st instant, in extension

APPOINTMENT

The 16th May, 1842

Syed Zuhoor Allee, Law Officer of Tirhoot, to be Law Officer of Bancoorah

Ehsan Alli, ditto ditto of Bancoorah, to be ditto ditto of Tirhoot

NOTIFICATION

Hussein Buksh Khan, late Nazir of the Cuttack Special Deputy Collector's Office, having been convicted of privity to embezzlement of the public money, is hereby declared, under Sec IV Reg II of 1818, incapable of again serving the Government in any public capacity

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

[*Government Gazette, 17th May*, 1842.]

৫২৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগপ্রভৃতি।

১৮৪২ সাল ৬ মে।

শ্রীযুত সি ডবলিউ স্মিথ সাহেব আপনার কর্ম্মে ইশ তাফা দেওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত জে লৌইস সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি সদর বোর্ড রেবিনিউর ছোট মেম্বর হইবেন।

১৮৪২ সাল ৯ মে।

রঙ্গপুরের রেজিষ্টর শ্রীযুত ডাক্তর এজ সাহেবের অনুপস্থানপর্য্যন্ত তথাকার জজ সাহেব ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে সায়দ সদরুলহুসেনকে কিঞ্চিৎ কালের নিমিত্ত দলীল দস্তাবেজের রেজিষ্টরী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন তাহা মঞ্জুর হইয়াছে।

জিলা বগুড়াতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণার্থ নীচের লিখিত সাহেবেরা কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে ডবলিউ পেটর সাহেব।
,, এ ডি কুল সাহেব।
,, ডবলিউ মাকডুগল সাহেব।
,, এম মাকেঞ্জি সাহেব।
,, আর ডবলিউ জে ফ্রিথ সাহেব।
,, এচ এচ হিউএট সাহেব।

পূর্ব্ব বর্দ্ধমানের সদর স্থানের ডাক্তর শ্রীযুত জে মাকান্স সাহেবকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল তিনি বর্ত্তমান মাসের যে ১ তারিখে আপনার কর্ম্মস্থানে পুনর্ব্বার পঁহুছেন তাহাঅবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

শ্রীযুত ডবলিউ জে-আলেন সাহেব গত মাসের ২৫ তারিখে শ্রীযুত বি এচ কুপর সাহেবের স্থানে ঢাকার কালেক্টরীর খাজানাখানার ভার পুনর্ব্বার গ্রহণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫৩৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ২৫ আপ্রিল।

মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টাণ্ট শ্রীযুত ই এফ লাটূর সাহেব ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইলেন।

ছুটী।

১৮৪২ সাল ৯ মে।

বাঁকুড়ার দেওয়ানী মোকামের চিকিৎসক শ্রীযুত ডাক্তর জি এন চীক সাহেব এই মাসের ১২ তারিখঅবধি ৩১ তারিখপর্য্যন্ত অতিরিক্ত ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

১৮৪২ সাল ১৬ মে।

ত্রিহুতের আদালতের ব্যবস্থাদায়ক শ্রীযুত সায়দ জহুর আলী বাকুড়ার আদালতের ব্যবস্থাদায়ক হইবেন।

বাঁকুড়ার আদালতের ব্যবস্থাদায়ক শ্রীযুত অহসান আলী ত্রিহুতের আদালতের ব্যবস্থাদায়ক হইবেন।

বিজ্ঞাপন।

কটকের স্পেসিয়ল ডেপুটী কালেক্টরের সাবেক নাজির শ্রীযুত হুসেন বক্‌শ খাঁ সরকারী তহবীল তছরুপ করণের বিষয় জ্ঞাত ছিল এই দোষ সাব্যস্ত হওয়াতে ১৮১৩ সালের ২ আইনের ৪ ধারানুসারে আর কোন সরকারী কার্য্যের যোগ্য নহে এমত হুকুম দেওয়া গেল।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT — নিমক।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারা নের উচিত যে ঐ নেমকের রকম মোঃ শালিখার গোলার নমুনা দৃষ্টে খাতির জমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর
খোরদা	শালিখা	সন ১২৪৫ সাল	২৮৪০/ মোন	কোং ৪৪০৲

এচ টরেন্স। সেক্রেটারী।

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১৩ মে সন ১৮৪২ সাল।

বাকিজাত নমক ইং সন ১৮৪২ সাল ৩১ মার্চ।

হিজলি			
দক্ষিণ কাঁথীনগর		১২৪৬ সাল	১৬৭৭৯০/৫
ঐ ঐ		১২৪৭ সাল	৬০১৩১৯৷৹
ঐ .. ঐ		১২৪৮ সাল	১৪২৩২৫৷৹
উত্তর ঐ		১২৪৬ সাল	১৬৮৭২
ঐ ঐ		১২৪৭ সাল	২৯৮৭৯৪/
কৃষ্ণনগর		১২৪৭ সাল	২৩৪৫২৯/
ঐ		১২৪৮ সাল	৭১৭৯৮/
তের পাইকা		১২৪৮ সাল	৮২৯৮৮/
তমলুক।			
নারায়ণপুর		১২৪৭ সাল	৩৮৯২৯৫।৬।
ঐ		১২৪৮ সাল	১০০৮৯৬/
ঐ ক্রোকি		ঐ	৯৬।৮৷৵
চব্বিশ পরগনা			
নারায়ণপুর বাহির বুনি		১২৪৭ সাল	১২৫০/
ঐ ভাফাল		ঐ	৬৩৯৪/৭।৶
মেঃ প্রিন্সেপ সাহেবের	১ প্রথম রকম	১২৪৭ সাল	৯৫০/৯৷
ঐ	ঐ	১২৪৮ সাল	১১০০/
ঐ ...	২ দ্বিতীয় রকম	১২৪৪ সাল	৩।১
ঐ	ঐ	১২৪৮ সাল	৩২৭০।০
বালিয়াঘাটা		ঐ	২৯২২/
ডাইমণ্ড হারবোর		১২৪৭ সাল	২৮৪৮৫৸০
বাগুণ্ডি		ঐ	৪৮৬১৭/
চট্টগ্রাম।			
ডোমখালি		১২৪৭ সাল	১৮৩৭৩।১৷
আরাকেন পাঙ্গা		১৮৪০। ৪১	৬৯২২২৷৫
ঐ ঐ		১৮৪১। ৪২	১৬৯০৫৯৸০
ঐ ক্রোকি		১৮৪২ সাল	৭/৯
সালিখা।			
মাদরাজ পরমিট		১৮৪১। ৪২ সাল	৩৫১৮২৯।৪
মক্কা		১৮৩৯। ৪০ সাল	১৮/৮
ঐ		১৮৪০। ৪১ সাল	২৩/৫
ওড়াসৈন্ধর নীরস		ঐ	৭৮৷৭৷/
ক্রোকি করকচ		১৮৪১। ৪২ সাল	/১
কটক পাঙ্গা		১২৪৬ সাল	১২০১০৯।০৷
ঐ ঐ		১২৪৭ সাল	৩১৫৬০৬।০
খোরদা পাঙ্গা		১২৪৫ সাল	১৯৮০/
ঐ ঐ		১২৪৬ সাল	১৬৬৬৮৯।৬
ঐ ঐ		১২৪৭ সাল	১২৭৮৭৬।০
বালেশ্বর পাঙ্গা		১২৪৬ সাল	১৪৫৩৮৸৫
ঐ ঐ		১২৪৭ সাল	৩৫৪০০৭৷৫
ঐ ঐ		১২৪৮ সাল	১২১০৮৭৸১
বালিয়াঘাটা		১২৪৭ সাল	১৮।০
ক্রোকি পাঙ্গা		১৮৪১। ৪২ সাল	।৯

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নমক ও আফিম ইতি সন ১৮৪২। ৭ মে।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৭ মে।]

ইস্তেহার দেওয়া যাইতেছে যে আগামি ১ মে তারিখঅবধি ও তদনন্তর সরকারি নমক ১০০/ মোনের ন্যূন না হয় এমত পরিমাণে খোস সওদায় নির্দ্ধারিত মূল্যে বিক্রয় হইবেক আর ঐ ১০০/ মোনের অধিক কিছু লইতে হইলে উপরি ১৫০/ মোন অথবা ২০০/ মোন পূরা লইতে হইবেক অর্থাৎ ৩০০/ মোন ৩৫০/ মোন ৪০০/ মোন ৫০০/ মোন এই রূপ।

২ দফা। একালপর্য্যন্ত যে প্রকার ও যে দলিলে নমক ওজন দেওয়া যাইতেছে তদনুরূপে নিবিধ দরের ফর্দের লিখিত নানা ঘাট ও গোলা হইতে নমক দেওয়া যাইবেক।

৩ দফা। যে ঘাট ও যে গোলা হইতে যে২ রকম নমক দেওয়া যাইবেক তাহার প্রত্যেকের দর নিবিখ দরে বেওরা পূর্ব্বক সময়ানুসারে প্রকাশ্য রূপে এস্তেহারের দ্বারা জানান যাইবেক।

৪ দফা। যে সকল ব্যক্তি যে যে ঘাট অথবা গোলা হইতে নমক ক্রয় করিতে বাঞ্ছা করিবেন তাঁহারদিগকে ঐ নমকের নির্দ্দিষ্ট নিরিখ দরে ঐ নমকের কিম্মতের টাকা জেনরেল ট্রেজুরিতে দাখিল করিতে হইবেক পরে ঐ টাকার বাবৎ সবট্রেজুরর সাহেবের রসিদ বোর্ড পরমিট ও নমক ও আফিমের দপ্তরখানায় এক দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক ঐ দরখাস্তে যত নমক দরকার ও যে জেলা ও যে ঘাট হইতে নমক ওজন দেওয়া যাইবেক তাহার তাইন লিখিতে হইবেক ইহাতে শর্ত্ত এই যে যদি ঐ উক্ত ঘাট কিম্বা গোলায় ঐ দরখাস্তের লিখিত নমক মৌজুদ থাকে তবে দরখাস্তকর্ত্তা সেই জেলার সাল্ট এজেন্ট সাহেবের উপর অথবা সালিখার সুপরেন্টেণ্ডেণ্ট সাহেবের উপর ঐ খরিদা নমক দেওনের নিমিত্তে এক হুকুম পাইবেক। সেই হুকুমের সম্বলিত ঐ নমকের হেফাজাতের নিমিত্তে নিয়মিত দলিল থাকিবেক। এবং সেই দলিল এক্ষণে যে প্রকারে ব্যবসায়ার্থে চলন হইতেছে সেইরূপ হইবেক। যদ্যপি গোলায় যে নমক মৌজুদ আছে তদপেক্ষা অধিক নমকের দরখাস্ত পাওয়া যায় তবে যাহারদিগের নিকট এই দপ্তরখানায় আগের নম্বরের রেজেষ্টরি করা সবট্রেজুরর সাহেবের রসিদ থাকিবেক তাহারদিগের দরখাস্ত আগে গ্রাহ্য হইবেক। আর নমকদেওনের নিমিত্তে বোর্ডের হুকুমের তারিখঅবধি তিন মাসের মধ্যে যদি ঐ নমক গোলাহইতে খালাস না হয় তবে দরমাহা ফিশত মোনে ৪৲ চারি টাকার হিসাবে গোলা ভাড়া ও শুক্তি দিতে হইবেক।

৫ দফা। দশ দিবস পূর্ব্বে এস্তেহার না দিয়া অথবা যদ্যপিস্যাৎ বোর্ড পরমিট ও নমক ও আফিমের সাহেবানদিগের আবশ্যক বোধ হয় তবে আরো অধিক মেয়াদে এস্তেহার না দিয়া কোন প্রকারে যে সকল নমকের এস্তেহার দ্বারা দর নির্দ্দিষ্ট হইয়াছে সেই সকল নমকের দর কমি হইবেক না।

৬ দফা। ক্রোকি ও নোকসানি ও ময়লা রকম নমকের আহওয়াল দৃষ্টে যে দর ন্যায় বোধ হইবেক ও যে পরিমাণে বিক্রয় করা বোর্ড পরমিট ও নমক ও আফিমের সাহেবান সাব্যস্ত করিবেন সেই মূল্যে ও পরিমাণে বিক্রয়ার্থে সমর্পিত হইবেক।

৭ দফা। সরকারী গোলাহইতে যে সকল নমক বিক্রয় হয় তাহার দর কমির বাবৎ এস্তেহার সকল কলিকাতা গেজেটনামক ছাপার কাগজে প্রকাশিত হইবেক এবং তাহার নকল বোর্ড পরমিট ও নমক ও আফিমের দপ্তরখানায় ও অন্য২ যে২ স্থানে বোর্ডের সাহেবান নির্দ্ধার্য্য করিবেন সেই২ স্থানে লটকান যাইবেক।

৮ দফা। নিলামের নমক বিক্রয় করণের রীতি পুনশ্চ স্থাপিত করণের আবশ্যকতা হইবেক এমত কোন প্রকারেই গবর্ণমেন্টের অনুমান হয় না যদিস্যাৎ ঐ রীতি পুনঃস্থাপন নিতান্তই আবশ্যক হয় তবে দুই মাস পূর্ব্বে ঐ বিষয়ের এস্তেহার দেওয়া যাইবেক এবং ঐ এস্তেহারে প্রত্যেক রকম নমক যাহা এস্তেহারের তারিখহইতে দুই মাসের পর নিলামে বিক্রয়ের নিমিত্তে ধরা যাইবেক তাহার ফিশত মোনের নিরিখ দর লিখিতে হইবেক।

৯ দফা। ইহার পূর্ব্বে নিলামে বিক্রীত নমকের প্রতি নমকসম্বন্ধীয় আইনসকল যে রূপে খাটিত তত্তুল্যরূপে এ ইস্তেহারের দ্বারা যে নমক খোস সওদায় বিক্রয় হইবেক তাহারো প্রতি ঐ সকল আইনের হুকুম খাটিবেক।

১০ দফা। উপরের সরূত সকল সন ১৮৪৩ সালের ৩০ আপরেলপর্য্যন্ত প্রবলরূপে প্রচলিত থাকিবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট ও নমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩০ আপরেল। এচ টরেন্স। সেক্রেটারী।

ফোর্ট উইলিয়ম আফিম দপ্তর সন ১৮৪২ সাল তারিখ ২৮আপ্রেল মোতাবকে
সন ১২৪৯ সাল ১৭ বৈশাখ।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ২৩ মে মোতাবকে বাঙ্গলা সন ১২৪৯ সাল তারিখ ১১ জ্যৈষ্ঠ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগারো ঘণ্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪০।৪১ সালের পয়দায়সী আফিম সমুদ্রপথে রপ্তানি জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরূতে বিক্রয় হইবেক

বেহারের পয়দায়সী আফিম———————১৬০০
বারাণসের পয়দায়সী আফিম——————৯০০
জুমুলা সিন্দুক———————
২৫০০

নীলামের সরত

১ দফ। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপ রপ্তানির মাল ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ২৫০০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নেমক ও আফিম বোর্ডের সাহেবান আনিস্নর এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকি থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদকরণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজিষ্টরি হওনের পূর্ব্বে ফিলাট ১০০০/ টাকার অর্থাৎ ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেষগী বাবতে দর্শনি

[*Gove nment Gazette, 17th May,* 1842]

প্রা মিষরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি ২৭ মে শুক্রবার সন ১৮৪২ সাল বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রামিষরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাট হায়ের আমানত পেশগী হিসাবের টাকা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে হানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে লোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহার দিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত মত মতে যে সকল প্রামিষরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪২ সালের ২৭ মে তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবদ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানত পেশগী টাকা ২৭ মে দিবা ২ প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যেসকল আফিম বিক্রয়ার্থে এক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখঅবধি ১ এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪২ সালের ২৩ জুন বৃহস্পতিবার দিবা দুইপ্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবত ত্রেজরির রসিদ আর লওয়া যাইবেক না ও যে আফীমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া রফা না হইলে তাহার ঐ পূর্ব্বোক্ত ফি লাট ১০০০ টাকার হিসাবে অথবা ফি সিন্দুক ২০০ টাকার হিসাবে যে আমানত পেষগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নমক ও আফিমের সাহেবান আলিসান দ্বারা যে তারিখ যে প্রকার লীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্ত মতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট অফিম দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জান। কারণ যে পূর্ব্বোক্ত মতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক এক লাট করিয়া খালাস হইতে পাবে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহাভিন্ন অন্য কোন প্রকারে কমি বেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুযায়ি আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকট হইতে লওয়া যাইবেক এবং এইরূপ আমানত পেশগী দাখিলের রসিদ ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও অফিম মজকুর খালাস হইলে পরে পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহাদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফেরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুক্ত সাহেবান আলিসান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপ্রেন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত লাট খরিদকরণার্থে ডাকিবেক তাহার ফি লাট ১০০০৲ এক হাজার টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসীদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামী খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বরহইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমত পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকার খরিদা লাটহায়ের ফি লাট ১০০০৲ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানত পেশগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহায়ের কিম্মত ফি সিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ ৫০ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গলার সুপ্রেম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের তপশীল মাফিক কাগজাৎ ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবীজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪০।৪১ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সন হায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের লোচ সুক্ষা নির্ভাঁজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটী তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতি গুটীতে সমানভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মে ক'মের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তত্ত্ব করিলে দেখিতে পাওয়া যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৭ মে।]

১৬ দফা। গত ২ সনের পয়দায়সী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলমের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক স্বচক্ষে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নির্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহারের আফিম সিন্দুক	বানারসের আফিম সিন্দুক	জুমুলা সিন্দুক
২৭ জুন অথবা কিঞ্চিৎ অগ্র বা পশ্চাৎ	৩০১৪	১১৪৬	৪১৬০

ফিব্রুআরি মাহার নীলামে	১৫
এপ্রেল নীলামে	১৪০
মে নীলামে	৪৫
জুন নীলামে	১০০
সিন্দুক	৩০০

১৮ দফা। ইঙ্গরেজ ও ফরাসিস উভয়ের ১৮১৫ সালের ৭ মার্চ তারিখের একরারনামার ৬দফা বিমৌজিব ফরাসের হাকিমানকে ৩০০ সিন্দুক আফিম দেওয়া যায় তাহা হাসিয়ার লিখিত দফানুসারে লওনার্থে তাঁহারা দরখাস্ত করিয়াছেন তদর্থে এস্তেহার দেওয়া যাইতেছে যে যদ্যপি নিয়মিত মেয়াদ মধ্যে অর্থাৎ নীলামের দিবসঅবধি ১ মাহার মধ্যে ঐ আফিমের তাবৎ অথবা তাহার মধ্যে কতক আফিম খালাস না করেন তবে সেই আফিম কিম্বা যে পরিমাণ আফিম গরখালাসি থাকিবেক তাহা হয় কিস্ত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক সেই নীলামে অথবা এক স্বতন্ত্র নীলামে বিক্রয় করা যাইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি। এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND — জমাদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে মৃত লালা সুন্দর লালের বনিতা মানকুমারী দাস্যা ও মৃত লালা মদনকুমারের বনিতা শ্রীমতী দাস্যা এক কেতা দরখাস্ত এই মর্ম্মে গুজরায় যে মৌজে নারায়ণপুর যাহার সদর জমা ১৩৬৷৵১০ পাই ও মৌজে ডোমপাড়া যাহার জমা ২৭১৻৫ পাই মজকুরানের স্বামিদিগের নামে তাহত লেখা যায় কিন্তু লালা সুন্দরলালের এক পুত্র লালা রুপলাল ও মদনকুমারের এক পুত্র লালা বিহারি লাল নাবালগ ওয়ারিস রাখিয়া ফোত করায় মজকুরান নাবালগদিগের উলিরূপে মৃত ব্যক্তিরদের জমিদারি ইত্যাদি তাবৎ ত্যাজ্য বস্তুতে দখিলকার আছে মজকুরান স্ত্রীলোক পরদানিশী পুন নাবালগ জমিদারির সুন্দররূপ রক্ষণা বেক্ষণ হইতে না পারা বিধায় প্রার্থনা রাখে যে চলিত আইনানুসারে উক্ত জমিদারি কোর্ট আফ ওয়ার্ডসের নীচে আনিয়া উহারদিগের পুরোহিত গুরুপ্রসাদ শুকুলকে সরবরাহকার নিযুক্ত করিয়া নাবালকের হক বহাল রাখা যায় মতে এস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুরান উক্ত জমিদারির অন্য কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল তাং ২৬ আপরেল মং সন ১২৪৯ সাল তাং ১৫ বৈশাখ।

Moorshedabad Collectorate, 26th April, 1842 — C D Russell, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেকটরি জেলা মুরশিদাবাদ এই যে
গুরুদয়াল সিংহ কাঃ জোত রঘুর ফাজিল টাকা পাইবার বাসনায় হুজুরে দরখাস্ত দাখিল করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর উক্ত মহালের ফাজিল টাকার অন্য কেহ দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ হুজুরে গুজরায় নচেৎ মেয়াদ গতে উক্ত বিষয়ে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল তারিখ ২৯ আপরেল মতাবেক সন ১২৪৯ সাল তারিখ ১৮ বৈশাখ।

Moorshedabad Collectorate, 29th April, 1842 — C D Russell, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে
রামগোপাল চক্রবর্ত্তী ও বিমলমুনি দেব্যা কাঃ দানপাড়ার রকম ।৵ আনা ও মৌজে নাগেশ্বরের ।৵ আনা ফাজীল টাকা পাইবার বাসনায় দরখাস্ত দাখিল করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুরান অন্য কেহ উক্ত রকমের ফাজীল টাকার প্রতি দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল তাং ২৬ আপরেল মং সন ১২৪৯ সাল ১৫ বৈশাখ।

Moorshedabad Collectorate, 26th April 1842 — C D Russell, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে
কিশোরিমণি দেব্যা ও রাজকুমারী দেব্যা কাঃ দাসপাড়ার রকম ।০ আনা মৌজে নাগেশ্বরের রকম ।০ আনার ফাজীল টাকা পাইবার বাসনায় দরখাস্ত করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুরান অন্য কেহ উক্ত রকমের ফাজীল টাকার দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদের প্রকরণ গুজারায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ২৬ আপ্রিল মং সন ১২৪৯। ১৫ বৈশাখ।

Moorshedabad Collectorate, 26th April, 1842 — C D Russell *Actg Collector*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা মুরশিদাবাদ এই যে কিসমত ভড়ঙ্গার মাজুল তালুকদারান নফর পান ও সেবক পান ও মাণিক পান ও সোনাতন পান এক কিতা দরখাস্ত এই মর্ম্মে দাখিল করিলেক যে উক্ত কিসমত যাহার সদর জমা কোম্পানির কল ৫১।৵১১ পাই সেরেস্তায় লিখাযায় সরকারের বাকি মালগুজারি আদায় কারণ সন ১২৪৮ সালের ২৯ শ্রাবণ নীলাম হইয়া নীলাম মঞ্জুরীর পর পোন বাহার ৪৯৫ টাকা দাখিল হইয়া

[Government Gazette, 17th May, 1842]

তহবিল মৌজুদ আছে অতএব সরকারের বাকী পাওনা বাদে উক্ত মহালের পোন ফাজীলের টাকা সমানাংশে মক্তবদিগেরে দেওয়ান যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে মক্তবানভিন্ন অন্য কেহ যদি ঐ পোন ফাজীলের দাবি দার থাকহ তবে পোনেরো দিবস মধ্যে হুজুরে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারা হাজীর হইয়া দলিল দস্তাবেজ সমেত দরখাস্ত করিবা ইতি সন ১৮৪২ সাল তারিখ ১৮ আপ্রিল।

Moorshedabad Collectorate, 18th April, 1842 C D RUSSELL *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা মুরশিদাবাদ এই বে

সেখ ফজলু খাঁ কিং বিবিচান্দপুরের ফাজীল টাকার অন্দরে বকম ।৶১০ আনার ফাজীল টাকা পাইবার বাসনায় দরখাস্ত হুজুরে গুজরাইলেক মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মক্তব অন্য কেহ উক্ত বকমের ফাজীল টাকার দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপনং দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদগতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ২৮ আপরেল মং সন ১২৪৯। ১৭ বৈশাখ।

Moorshedabad Collectorate, 28th April, 1842 C D RUSSELL, *Actg Collector*

---

৫০ নং জামিনী

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু এ জেলার শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ১৮ আপরেল তারিখের লিখিত রুবকারির আদেশ মতে নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে ১ এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোখ্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩ মেই।

নাম জমিনীদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
শীতলপ্রসাদ শাহা সাং কবনেল গোলা পং শহর মেদিনীপুর	হরনারায়ণ দত্ত	পং দাতনচোর মহাল কেশবস্তা তাং বনামে অভিরাম চৌধুরী ওঃ /২৬৩ দন্তী কাত তস্কীস ৯০৮/১০॥ তর্পে গগনেশ্বর মহাল বোনগোড়া তাং বনামে খোদ বকম ।০ আনা কাত তস্কীস ২৮৯৶৩।

Midnapore Collectorate, 3d May 1842 G C BYSACK, *Depy Collector*

---

৫১ নং জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 20th of May, 1842

ACT No —— OF 1842

An Act to regulate the Sittings of the Courts of Sudder Dewanny Adawlut

I It is hereby enacted, in modification of Section 16, Regulation XXV 1814, that when a single Judge of the Sudder Dewanny Adawlut, trying a case in Appeal, regular or special, from any Subordinate Court, shall be of opinion that the decision appealed from ought to be reversed or altered, he shall always call in two other Judges of the Court to sit with him, and that the Appeal shall be then heard by the three Judges sitting together, and be decided by them without any additional voices In such cases the decree or final order shall be signed by the three Judges if they agree together, but, if one of them dissent from the view taken by the majority by the two Judges who agree together, and the signature of the third Judge shall not be considered requisite, but his opinion shall be recited in the decree or final order

II Provided that the above rule shall not be applicable to summary appeals, or to appeals in miscellaneous cases, nor shall it be held to interfere with the powers of a single Judge of the Sudder Dewanny Adawlut, under Clause 2, Section 2, Regulation IX 1831

Ordered, that the Draft now read be published for general information

[*Government Gazette, 7th June,* 1842]

আইনের মূসাবিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটির ডিপার্টমেন্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ২০ মে।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ২০ মে তারিখে হজুর কৌন্সেলে প্রথম বার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল —— আক্ট।

সদর দেওয়ানী আদালতের বৈঠকের সুনিয়ম করণের নিমিত্ত আইন।

১ ধারা। ১৮১৪ সালের ২৫ আইনের ১৬ ধারা মতান্তর হইয়া ইহাতে হুকুম হইল যে অধস্থ আদালতের হুকুমের উপর জাবেতামত অথবা খাস আপীল যদি সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেব বিচার করিয়া বোধ করেন যে ঐ আপীলহওয়া হুকুম অন্যথা কি মতান্তর করা উচিত তবে তিনি সর্ব্বদাই ঐ আদালতের অন্য দুই জন জজ সাহেবকে আপনার সঙ্গে বৈঠক করিতে আহ্বান করিবেন এবং ঐ তিন জজ সাহেব এক সঙ্গে বৈঠক করিয়া ঐ আপীল শুনিবেন এবং অধিক কাহারো মত না লইয়া তাহা নিষ্পত্তি করিবেন। এইমত বিষয়ে যদি তিন জন জজ সাহেবের এক মত হয় তবে তাঁহারা তিন জনই ডিক্রী অথবা চূড়ান্ত হুকুমনামায় দস্তখৎ করিবেন কিন্তু যদি এক জন জজের মত অন্য দুই জনের সঙ্গে ঐক্য না হয় তবে যে দুই জন জজের ঐক্য আছে তাঁহারা ঐ হুকুমে দস্তখৎ করিবেন এবং অন্য জজ সাহেবের দস্তখৎ করা আবশ্যক বোধ হইবেক না কিন্তু ডিক্রী অথবা চূড়ান্ত হুকুমে তাঁহার মত লিখিতে হইবেক ইতি।

২ ধারা। কিন্তু উক্ত নিয়ম সরাসরী আপীলে অথবা মুৎফরক্কা মোকদ্দমার আপীলে খাটিবেক না এবং ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণে সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেবের যে ক্ষমতা দেওয়া গিয়াছিল ইহার দ্বারা তাহার কিছু অন্যথা হইবেক না।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 20th day of July next

F J HALLIDAY,

Offg Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 14

To the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to transmit for your information and guidance Copy of a Circular issued by the Revenue Accountant to Collectors under date the 30th Ultimo relative to a change which it has been determined to adopt in the periodical Land Revenue Returns

2nd The revised Forms circulated by the Revenue Accountant have been prepared by that Officer in communication with and under the direction of the Board, and the objects contemplated in the modifications which have been introduced are explained in the annexed Extract from the Board's address to Government dated 26th February last No 78

3rd The present form of Quarterly Toujee submitted by Collectors to Commissioners and by Commissioners to the Board is abolished, and instead of it the Commissioners will henceforth receive from the Collectors duplicates of the Returns noted in the Margin * It was at first determined to have a quarterly rather than a monthly Hall Toujee, but as the realization of the Revenue will henceforth depend upon the occurrence of the Sale days fixed under Section 3, Act XII of 1841, it has on farther consideration been deemed expedient to retain the monthly Form heretofore required for the Accountant's office The Collectors, however, will be expected to furnish explanatory remarks, and the Commissioners to record resolutions, only on the Returns of those months in which sale days may occur

4th Copies of the Resolutions thus recorded and of the Resolutions passed by the Commissioners on the several Quarterly Returns above specified, will be forwarded by them for the information of the Board The Figured Statements will be furnished to the Board from the office of the Revenue Accountant

5th Besides these Monthly and Quarterly Returns the Commissioners will be expected to examine and pass Resolutions on the annual "Explanatory arrangement of Balances, and the "Detailed Register of Balances due by revenue Defaulters For this purpose they will require the Collectors to send them their office Copies of those Statements,

* Monthly Hall Toujee, Quarterly Bukya Toujee, Quarterly statement of Collections from Mehals not on the Toujee

হুকুম হইল যে আগামি ২০ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাই বেক।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

ভূমির মালগুজারীর সাময়িক কৈফিয়তের যে মতা ন্তর করিতে স্থির হইয়াছে তাহার বিষয়ে রেবিনিউর আকৌণ্টেণ্ট সাহেব গত মাসের ৩০ তারিখের যে সাধারণ পত্র কালেক্টর সাহেবেরদের নিকটে পাঠান তাহার এক নকল সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত পাঠাইতেছি।

২। রেবিনিউর আকৌণ্টেণ্ট সাহেব শুদ্ধকরা যে পাঠ কালেক্টর সাহেবেরদের নিকটে পাঠাইয়াছেন তাহা ঐ সাহেব সদর বোর্ডের পরামর্শ লইয়া এবং ঐ বোর্ডের হুকুমমতে প্রস্তুত করিয়াছেন। এবং উক্ত কৈফি য়তের মতান্তর করণেতে যে২ অভিপ্রায় ছিল তাহা গবর্ণ মেণ্টের নিকটে সদর বোর্ডের গত ২৬ ফেব্রুআরি তারি খের ৭৮ নম্বরী পত্রের নীচের লিখিত চুম্বকে স্পষ্ট করিয়া লেখা আছে।

৩। ত্রৈমাসিক তৌজীর যে কৈফিয়ৎ এক্ষণে কালেক টর সাহেবেরা কমিস্যনর সাহেবেরদের নিকটে এবং কমিস্যনর সাহেবেরা বোর্ডের নিকটে গুজরাইতেছেন তাহা রহিত হইল এবং তাহার পরিবর্ত্তে উত্তর কালে কা লেক্টর সাহেবেরা কমিস্যনর সাহেবেরদের নিকটে নীচের লিখিত কৈফিয়তের * দুই২ নকল পাঠাইবেন। প্রথমে মাসিক হাল তৌজী না করিয়া বরং ত্রৈমাসিক তৌজী প্রস্তুত করিতে স্থির হইয়াছিল কিন্তু ১৮৪১ সালের ১২ আইনের ৩ ধারাক্রমে নীলামের যে২ দিন নিরূপণ হয় তদনুসারে উত্তর কালে খাজানা আ দায় হইবেক অতএব ইহা বিবেচনা করিয়া আকৌ ণ্টেণ্ট সাহেবের দফ্তরখানার নিমিত্তে যে মাসিক কৈফি য়ৎ পাঠান যাইত তাহাই বজায় রাখিতে উচিত বোধ হইল। কিন্তু যে২ মাসে নীলামের দিবস পড়ে কেবল সেই মাসের কৈফিয়তের মধ্যে কালেক্টর সাহেবেরা তাহা বুঝাইবার জন্যে আপনারদের মন্তব্য কথা লি খিবেন এবং কমিস্যনর সাহেবেরাও আপনারদের ধার্য্যকরা কথা লিখিবেন।

৪। এইরূপে তৌজীতে যে নির্দ্ধার্য্য কথা কমিস্যনর সাহেবেরা লেখেন এবং উপরের লিখিত নানা ত্রৈমা সিক কৈফিয়তের বিষয়ে যাহা ধার্য্য করেন তাহার নকল বোর্ডের সাহেবেরদের নিকটে পাঠাইবেন। টাকার অঙ্কের কৈফিয়ৎ রেবিনিউর আকৌণ্টেণ্ট সাহেব বোর্ডের নিকটে পাঠাইবেন।

৫। এই২ মাসিক এবং ত্রৈমাসিক কৈফিয়ৎভিন্ন কমিস্য নর সাহেবেরা "বাকী টাকা বুঝাইবার নিদর্শন লিপি এবং "মালগুজারীর বাকীদারেরদের স্থানে পাওনা টা কার বেওরাযুক্ত রেজিষ্টর" এই দুই কৈফিয়ৎ তহকীক করিয়া তাহার বিষয়ে হুকুম করিবেন। এইনিমিত্ত কৈফি য়ৎ প্রস্তুত হইয়া রেবিনিউর আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠান গেলে কালেক্টর সাহেবের কাছারীতে

* মাসিক হাল তৌজী ও ত্রৈমাসিক তৌজী এবং তৌজীতে না লেখা মহালহইতে আদায়হওয়া টাকার ত্রৈমাসিক কৈফিয়ৎ।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

as soon as the Returns have been prepared, and dispatched to the Revenue Accountant

6th You will have the goodness to intimate to the Collectors, that as by the modifications now prescribed the returns will be very much reduced in bulk, and the labour of preparing them in consequence greatly diminished, they will be expected to submit them in future by the prescribed dates, and that it will be the duty of the Board to bring any failure in this respect, which may be reported to them by the Revenue Accountant, to the immediate notice of Government

7th The Half Yearly Return of Balances due from Defaulters prescribed by Circular Orders dated the 4th December 1839, No 32, will of course be no longer required

8th I am desired to add that for purposes of check in the office of account, it is necessary that in all resettlements of *Rent Roll* Mehals, the former as well as the revised Jumma should be communicated to the Accountant You will accordingly have the goodness to add a column containing this information in the Quarterly Return of confirmed Settlements required by Circular Orders dated 27th October 1837, No 78

E CURRIE, *Secretary*

Fort William, 11th May, 1842

No 639

To the Collector of ———

1 Government having been pleased to direct under the orders quoted in the Margin* and for the purposes specified below a modification of the present forms of Land Revenue Returns, they have under the guidance of the Sudder Board of Revenue accordingly undergone in this office, the necessary revision and the revised Forms having been sanctioned by the Board, as intimated in Mr Secretary Currie's letter to this Department of the 26th February last, I now beg to send them as per subjoined list, with a request that you will be pleased to adopt them in the preparation of your Returns for the ensuing official year

2 The following are the reasons which have led to the present revision of the forms of Land Revenue Returns

1st The practical establishment of the principle, that the Revenue Accountant is the proper Officer who should supply to the superior authorities all returns based on the Land Revenue Accounts

2ndly The supplying this office with the means of ascertaining and checking the Collections and Charges appertaining to Khass Mehals on and off the regular district Rent Roll

3rdly The obviating the necessity of Collector's preparing a separate set of accounts and statements for the use of Commissioners on principles different from those upon which the Accounts and Statements that are rendered to this office are framed

---

* In Mr Secy Halliday's letters to the Sudder Board of Revenue, dated as follows, No 483, of 13th April 1841, No 1399, 19th October 1841

[*Government Gazette, 7th June,* 1842.]

ঐ কৈফিয়তের যে নকল থাকে তাহা কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইতে কমিস্যনর সাহেবেরা কালেক্টর সাহেবকে হুকুম দিবেন।

৬। তুমি কালেকটর সাহেবদিগকে জানাইবা যে কৈফিয়ৎসকল এক্ষণে যেরূপ মতান্তর হইল তাহাতে তাহা অতিকম হইবেক এবং সুতরাং তাহা প্রস্তুতকরণের পরিশ্রমের লাঘব হইবেক অতএব বোর্ডের সাহেবেরা অপেক্ষা করেন যে তাঁহারা উত্তর কালে ঐ কৈফিয়ৎ নিরূপিত তারিখে পাঠাইবেন এবং এই বিষয়ে যদি কিছু ত্রুটি হয় এবং যদি রেবিনিউর আকেকৌন্টেন্ট সাহেব বোর্ডের সাহেবেরদের নিকটে তাহার রিপোর্ট করেন তবে বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টে অবিলম্বে তাহা জানাইবেন।

৭। বাকীদারেরদের স্থানে পাওনা টাকার যে ছয়২ মাসের কৈফিয়ৎ তৈয়ার করিতে ১৮৩৯ সালের ৪ ডিসেম্বর তারিখের ৩২ নম্বরী সরক্যুলর অর্ডরের দ্বারা হুকম হইয়াছিল তাহার আর কোন প্রয়োজন নাই।

৮। পুনশ্চ আজ্ঞানুসারে লিখিতেছি যে আকেকৌন্টেন্ট সাহেবের দফ্তরখানার হিসাবের মোকাবিলা করিবার নিমিত্ত তৌজী মহালের পুনর্ব্বার বন্দোবস্ত হইলে সাবেক জমা ও শুদ্ধকরা জমা আকেকৌন্টেন্ট সাহেবের নিকটে জ্ঞাপন করিতে হইবেক। অতএব ১৮৩৭ সালের ২৭ অকটোবর তারিখের ৭৮ নম্বরী সরক্যুলর অর্ডরে মঞ্জুরহওয়া বন্দোবস্তের যে ত্রৈমাসিক কৈফিয়ৎ লিখিবার হুকুম হইয়াছে তাহাতে তুমি অতিরিক্ত এক শ্রেণী করিয়া উক্ত সম্বাদ লিখিবা।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১১ মে।

---

৬৩৯ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১। ভূমির মালগুজারীর কৈফিয়তের এক্ষণকার পাঠ পরিবর্ত্ত করিতে গবর্ণমেণ্ট নীচের লিখিত হুকুমমতে* এবং নীচের লিখিত অভিপ্রায়ে আজ্ঞা করিয়াছেন অতএব সদর বোর্ড রেবিনিউর উপদেশক্রমে এই দফ্তরখানায় ঐ কৈফিয়তের আবশ্যকমতে মতান্তর হইয়াছে। এবং এই ডিপার্টমেণ্টের প্রতি শ্রীযুত সেক্রেটারী করি সাহেব গত ২৬ ফেব্রুআরি তারিখে যে পত্র পাঠান তাহার দ্বারা জানা গেল যে ঐ শুদ্ধকরা কৈফিয়তে সদর বোর্ডের অনুমতি হইয়াছে। অতএব আমি নীচের লিখিত তালিকামতে ঐ কৈফিয়ৎ পাঠাইয়া আদেশ করিতেছি যে তুমি আগামি হিসাবী বৎসরের কৈফিয়ৎ তদনুসারে প্রস্তুত করিবা।

২। যে২ কারণে ভূমির মালগুজারীর কৈফিয়তের পাঠ এইরূপে শুদ্ধ করা গেল তাহা নীচে লেখা যাইতেছে।

১। ভূমির মালগুজারীর হিসাবের সমস্ত কৈফিয়ৎ উপরিস্থ কার্য্যকারকেরদের নিকটে গুজরাইয়া দেওয়া রেবিনিউর আকেকৌন্টেন্ট সাহেবের উপযুক্ত কর্ম্ম ইহা কার্য্যের দ্বারা ধার্য্যকরণ।

২। যে সকল খাস মহাল জিলার তৌজীতে লেখা আছে এবং যাহা লেখা নাই তাহার আয়ব্যয় জানিবার এবং মোকাবিলা করিবার উপায় এই দফ্তরখানাতে দেওন।

৩। যে দাঁড়াক্রমে এই দফ্তরখানায় পাঠান সকল হিসাব ও কৈফিয়ৎ প্রস্তুত হয় তাহাভিন্ন অন্য দাঁড়ামতে কমিস্যনর সাহেবেরদের নিমিত্ত স্বতন্ত্র হিসাব ও কৈফিয়ৎ প্রস্তুত করিতে কালেকটর সাহেবের আর

---

* সদর বোর্ড রেবিনিউর প্রতি শ্রীযুত সেক্রেটারী হালিডে সাহেবের ১৮৪১ সালের ১৩ আপ্রিল তারিখের ৪৮৩ নম্বরী এবং ১৮৪১ সালের ১৯ অক্টোবর তারিখের ১৩৯৯ নম্বরী পত্র।

and the preventing thereby the occurrence of discrepancies

4thly The abridging the labors of Collectors in the preparation of their Land Revenue Returns with the view to ensure their completion and dispatch by the dates fixed for their transmission

3 I now proceed to annex the List of Forms above alluded to prefacing it with such general remarks and instructions and embodying in it such particular remarks in reference to each Return, as appear to me to be necessary

General Remarks and Instructions

1st With reference to Khass Mehals *on* the Toujee the Gross Collections in excess of their Toujee Jumma are to be credited at once by Collectors in their Treasury Accounts of 1842 43, and subsequent years, under the head, subordinate to profit and loss, of "Surplus collections from Khass Mehals on the Toujee,' and with reference to Khass Mehals *not* on the Toujee the *entire gross* Collections are to be credited by Collectors in their Treasury Accounts under the head subordinate to Profit and Loss, of "Gross Collections from Khass Mehals not on the Toujee"

2nd The Mofussil charges of Collection from Khass Mehals, being charges incurred by *Government*, are to be debited in the aggregate, by Collectors in their *Treasury Accounts*, of 1842-43, and subsequent years, on the authority of Bills passed by Commissioners * immediately on credit being afforded for the Collections on account of which the charges may have been incurred, and such portion of the charge as may remain *unpaid* in the month in which it may have been *debited* is to be written back and returned, pending disbursement, at credit of *Deposit* But as these charges are not charges upon *Government* Revenue, they should not be debited under Revenue charges General,' but under a separate head of "Mofussil charges of Khass Mehal Collections subordinate to the General head of Profit and Loss

3rd On the date that each of the Monthly, Quarterly and Annual Returns specified in the List is dispatched to this Office, a Copy thereof, or the original draft as may be most convenient, should also be submitted by each Collector to the Commissioner of his Division

4th The Classification of the Estates has been extended in the revised Forms hitherto in use from 4 to 6 heads The two additional heads are noted in the margin † This extension of Classification is required by the Board for administrative purposes

4 Whenever in regard to *Demand* an *English* month is specified in any heading in the Forms, the

* Note The Commissioners were vested by orders of the Government, dated the 13th April 1841, with authority to pass charges of Collection on Khass Mehals not exceeding in the aggregate 10 per cent on the total Collections of the year

† Mehals permanently settled paying a Jumma not exceeding 100 Rupees

Mehals attached by order of Judicial Authorities

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

আবশ্যক না থাকন এবং তাহার দ্বারা যে নানা ব্যতিক্রম হয় তাহা নিবারণ করণ।

৪। ভূমির মালগুজারীর কৈফিয়ৎ পাঠাইবার যেং তারিখ নিরূপিত আছে সেইং তারিখে তাহা প্রস্তুত হয় ও পাঠান যায় এই নিমিত্ত ঐ কৈফিয়ৎ প্রস্তুত করণেতে কালেকটর সাহেবের পরিশ্রমের লাঘবকরণ।

৩। আমি এক্ষণে উপরের লিখিত কৈফিয়তের তালিকা লিখি এবং যে সকল সাধারণ কথা এবং উপদেশ এবং প্রত্যেক কৈফিয়তের বিষয়ে যে বিশেষ কথা আবশ্যক বোধ হয় তাহা লিখি।

সাধারণ কথা ও উপদেশ।

১। তৌজীর মধ্যে যে সকল খাস মহাল লেখা আছে সেইং মহালের তৌজীর জমার অতিরিক্ত মোটে যত টাকা আদায় হয় তাহা কালেকটর সাহেবেরা একেবারে আপনারদের খাজানাখানার হিসাবে ১৮৪২। ৪৩ সালে এবং তৎপর সালে "লাভ নোকসানের খাতায়" 'তৌজীর লিখিত খাস মহালের ফাজীল আয় টাকা' এই কথার নীচে জমা করিবেন এবং তৌজীতে যে খাস মহাল লেখা নাহি তাহার আদায়হওয়া সমুদয় মোট টাকা কালেক্টর সাহেবেরা "লাভ নোকসানের খাতায়' 'তৌজীতে না লেখা খাস মহালের আদায়হওয়া মোট টাকা এই কথার নীচে জমা করিবেন।

২। খাসমহালে টাকা আদায়করণের মফঃসলের খরচ সরকার বাহাদুরের খরচ জ্ঞান হইয়া যে টাকা আদায় করণেতে ঐ খরচ হইয়াছে তাহা জমা হইলেই কমিস্যনর সাহেবের মঞ্জুরকরা বিলের ক্ষমতানুসারে* কালেক্টর সাহেবেরা আপনারদের ১৮৪২। ৪৩ এবং তৎপর সালের খাজানাখানার হিসাবে মোটে খরচ লিখিবেন। এবং হিসাবের বহীতে যে মাসে ঐ টাকা খরচ বলিয়া লেখা যায় সেই মাসে তাহার মধ্যে যত টাকা ব্যয় না হইয়া থাকে তাহা ব্যয় না হওনপর্য্যন্ত আমানতী টাকার ন্যায় জমা করিয়া পুনর্ব্বার লিখিতে হইবেক। কিন্তু এই সকল খরচ সরকারী মালগুজারীর উপর খরচ না হওয়াতে তাহা 'মালগুজারীর সাধারণ খরচ' এই খাতায় লিখিতে হইবেক না কিন্তু লাভ নোকসানের সাধারণ খাতায় "খাস মহালের টাকা আদায়করণার্থ মফঃসলের খরচ" এই কথার নিম্নে স্বতন্ত্র করিয়া লিখিতে হইবেক।

৩। তালিকার লিখিত মাসিক ও ত্রৈমাসিক ও বার্ষিক কৈফিয়ৎ যে তারিখে এই দফতরখানায় পাঠান যায় সেই তারিখে ঐ কৈফিয়তের এক নকল অথবা অধিক সুগম হইলে তাহার আসল লিপি প্রত্যেক কালেকটর সাহেব আপন এলাকার কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন।

৪। পূর্ব্বের ব্যবহারহওয়া কৈফিয়তে মহাল চারি দফাতে বিভাগ ছিল শুদ্ধকরা কৈফিয়তে মহাল ছয় দফায় বিভাগ হইয়াছে। অতিরিক্ত যে দুই দফা হইয়াছে তাহা নীচে লেখা আছে†। এইরূপ মহাল বিভাগকরণ বোর্ডের সাহেবেরদের কার্য্য সাধনের নিমিত্ত আবশ্যক হইয়াছে।

৪। দাওয়ার টাকার বিষয়ে যদ্যপি কৈফিয়তের মধ্যে কোন দফায় কেবল ইঙ্গরেজী মাস লেখা গিয়া থাকে তবে বাঙ্গলা অথবা ফসলী মাস জ্ঞান করিতে হইবেক।

* গবর্ণমেণ্টের ১৮৪১ সালের ১৩ আপ্রিল তারিখের হুকুমানুসারে কমিস্যনর সাহেবেরা খাস মহালের টাকা আদায়করণের খরচের নিমিত্ত বৎসরের সমুদয় আদায় হওয়া টাকার গড়ে শতকরা ১০ টাকার অনূর্দ্ধের বিল মঞ্জুর করিতে ক্ষমতা পাইয়াছেন।

† ইস্তমরারী জমা ধার্য্যহওয়া যে মহালের ১০০৲ টাকার অনধিক জমা হয়।

আদালতের হুকুমক্রমে যে মহাল ক্রোক হইয়াছে।

Bengally or Fusly month is understood, unless a settlement should, in any instance, have been made according to the English months Thus if the heading in the returns of a Collector in the Province of Bengal, runs, "Demand from May 1842 to April 1843," the demand meant is the aggregate of the 12 kists from *Bysack* to *Chout*

5 The Mehalwarry details though useful yet not being absolutely necessary for the purposes of the Revenue Accountant or the Board, are hereafter, with a view to relieve Collectors, to be omitted from all the annual accounts, except the Explanatory arrangement of Bukaya Balances But the Accountant has been authorised to call, if necessary, upon Collectors to furnish him once in every five years, for the purposes of reference and record, with a detailed Jumma Wassil Bakee of all the Revenue paying Estates in each District The Mehalwarry details in the Explanatory arrangement are required by the Board for administrative purposes

6 A new Return has been prescribed in the revised Forms viz a Register of Balances due by Land Revenue Defaulters The necessity for such a return originates in the fact of balances remaining due after the sale of Estates, sold for arrears of Revenue, not being any longer debitable to the *estates* sold, but to the late *proprietors* of the Estates The same remark applies to balances due on lapsed or cancelled farming leases Hitherto, however, they have been improperly retained in the Toujees against the *Estates* All balances of this nature therefore, that may now be on the Toujees, are to be altogether written off the Toujees of 1842 43 and transferred to the Defaulters' Register

7 The 6th head in the Classification of Mehals in the revised returns (Mehals held Khass or of which the revised Jumma has not been confirmed) it is necessary to explain, is intended to embrace all Mehals of which the Jumma borne on the Toujee has ceased to represent the *real* demand

8 The forms now prescribed are to be understood as at present only *experimentally* adopted

J B Thornhill, *Offg A R D*

Fort William Revenue Accountant's Office,
The 30th April, 1842

List

No 1 Abstract of the settlement and kistbundy of the annual Jumma or Demand on account of Land Revenue

Vide General Instructions No 4 To be despatched on the 15th May of the year to which it appertains

No 2 Monthly Hall Toujee

Vide with reference to Demand, General Instructions No 4 Date of Despatch the 15th of the month succeeding that to which the return appertains

At foot of this statement is a Memo of actual and estimated Demand and of actual Collections of Khass Mehals The Memo is required by the Board for the purpose of ascertaining the *actual* results of

[*Government Gazette, 7th June,* 1842.]

কিন্তু যদি কোন গতিকে ইঙ্গরেজী মাসানুসারে বন্দোবস্ত করা গিয়া থাকে তবে ইঙ্গরেজী মাস জ্ঞান করিতে হইবেক অর্থাৎ যদি বাঙ্গলা প্রদেশে কালেক্টর সাহেবের কৈফিয়তের শিরোভাগে এইমত কথা লেখা থাকে ১৮৪২ সালের মে মাসঅবধি ১৮৪৩ সালের আপ্রিল মাসপর্য্যন্তের দাওয়া তবে তাহা বৈশাখ মাসঅবধি চৈত্র মাসপর্য্যন্ত বারো কিস্তীর মোটে দাওয়া বুঝা যাইবেক।

৫। মহালওয়ারী বিবরা কর্ম্মণ্য বটে তথাপি রেবিনিউর আকেকৌণ্টেণ্ট সাহেবের অথবা বোর্ডের সাহেবেরদের কার্য্যের নিমিত্তে অত্যন্ত আবশ্যক নাই অতএব উত্তর কালে কালেক্টর সাহেবেরদের পরিশ্রম কমাইবার নিমিত্ত তাহা বার্ষিক হিসাবের মধ্যে লেখা যাইবেক না কিন্তু বাকী টাকা বুঝাইবার নিদর্শন লিপিতে লেখা যাইবেক। তথাপি আকেকৌণ্টেণ্ট সাহেবের দেখিবার ও তাঁহার পরিশ্রয়ায় থাকিবার নিমিত্ত আবশ্যক হইলে কালেক্টর সাহেবেরদের স্থানে পাঁচ২ বৎসর অন্তরে প্রত্যেক জিলার মালগুজারীর সমস্ত মহালের জমা ওয়াসীল বাকীর বিস্তারিত বিবরণ চাহিতে পারেন। বুঝাইবার নিদর্শন লিপিতে মহালওয়ারী বিবরা বোর্ডের সাহেবেরদের কার্য্যসাধনের নিমিত্তে আবশ্যক।

৬। শুদ্ধকরা পাঠে এক নূতন কৈফিয়ৎ প্রস্তুত করিতে হুকুম হইয়াছে অর্থাৎ ভূমির মালগুজারীর বাকী দারের স্থানে পাওনা টাকার এক রেজিষ্টর। এইমত কৈফিয়তের আবশ্যকহওনের কারণ এই যে বাকী মালগুজারীর নিমিত্ত নীলামহওনা মহালের নীলামের পর যে টাকা বাকী থাকে তাহা ঐ মহালের নামে আর লেখা যাইতে না পারে কিন্তু ঐ মহালের সাবেক মালিকের নামে লেখা উচিত এবং শেষহওনা অথবা রদহওয়া ইজারার বাকী টাকার বিষয়ে এইরূপে করিতে হয়। এই পর্য্যন্ত ঐ সকল বাকী টাকা প্রত্যেক মহালের নামে তৌজীতে লিখিত হইয়াছে কিন্তু তাহা অনুচিত অতএব এই প্রকার যত বাকী টাকা এক্ষণে তৌজীতে লেখা থাকে তাহা ১৮৪২। ৪৩ সালের তৌজীহইতে একেবারে উঠাইয়া বাকীদারেরদের রেজিষ্টরীর মধ্যে লিখিতে হইবেক।

৭। খাস মহাল অথবা যে মহালের সংশোধিত জমা মঞ্জুর হয় নাই তাহা শুদ্ধকরা কৈফিয়তের মধ্যে মহাল বিভাগকরণের ছয় দফাতে লেখা আছে তাহার বিষয়ে ইহা মন্তব্য যে যে সকল মহালের তৌজীতে লেখা জমা তাহার প্রকৃত জমার সঙ্গে ঐক্য নাই সেই সকল ঐ ৬ দফাতে লিখিতে হইবেক।

৮। এক্ষণে যে কৈফিয়তের হুকুম হইয়াছে তাহা কেবল পরীক্ষার নিমিত্ত ব্যবহার হইবেক এমত বোধ করিতে হইবেক। জে বি থর্ণহিল।

রেবিনিউ ডিপার্টমেণ্টের একটিং আকেকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ৩০ আপ্রিল।

তালিকা।

১ নম্বর। ভূমির মালগুজারীর নিমিত্ত বার্ষিক জমা অথবা দাওয়ার টাকার বন্দোবস্ত ও কিস্তিবন্দীর চুম্বক।

সাধারণ উপদেশের ৪ নম্বর দেখ। ঐ বন্দোবস্ত ও কিস্তিবন্দী যে বৎসরের নিমিত্তে হয় সেই বৎসরের ১৫ মে তারিখে পাঠাইতে হইবেক।

২ নম্বর। মাসিক হাল তৌজী।

দাওয়ার টাকার বিষয়ে ৪ নম্বরী সাধারণ উপদেশ দেখ। ঐ তৌজী যে মাসের হয় তাহার পর মাসের ১৫ তারিখে পাঠাইতে হইবেক।

এই কৈফিয়তের শেষে খাস মহালের প্রকৃত এবং আন্দাজী দাওয়ার টাকার এবং নিশ্চিত আদায় হওনা টাকার এক লিপি আছে। ঐ লিপি বোর্ডের সাহেবেরা তৌজীর লিখিত খাস মহালের নিশ্চিত উৎপন্ন জানিবার নিমিত্তে চাহিয়াছেন যেহেতুক স্মরণ করিতে

Khass Mehals on the Toujee, for it will be recollected that these Estates are borne on the Toujee at their *former* settlement Jummas, consequently their Demand as shewn in the *body* of the Toujee is *nominal*, and their net collections when they happen to *exceed* the Toujee Demand, are shewn in the body of the account in *part* only, because they are shewn only to such extent as will cover the Toujee Demand, hence the necessity for the Memo to shew *actual* results

No 3 Quarterly Bukaya Toujee

To be dispatched on the 10th of the 1st month of the succeeding Quarter

No 4 Comparative Statement of Annual Jumma or Demand of Land Revenue

The chief modification of this return consists in the exhibition in it of the former and present of field years Jumma of Estates resettled To be dispatched in all May of the ensuing year of Account

No 5 Jumma Wissil Bakee

A new Column has been prescribed in this Statement for the exhibition of balances due by Revenue Defaulters, which are in future to be altogether written off the rent roll and to be transferred to a separate register

Mehalwarry Details omitted Statement to be dispatched in all May of the ensuing year of account

No 6 Annual Bukaya Toujee Ditto ditto ditto

No 7 Explanatory arrangement of Balances

Mehalwarry details necessary See General Instructions No 5 To be dispatched in all May of the ensuing year of account

No 8 Detailed Register of Balances due by Revenue Defaulters

See General Instructions, No 6 To be dispatched in all May of the ensuing year of account

No 1 Quarterly Statement of collection of Mehals not on the Toujee

No 2 Quarterly Statement of charges of Collections of Do

See General Instructions, No 1 and 2 To be dispatched on the 10th of the first month of the succeeding Quarter

J B THORNHILL, *Offg A R D*

Extract from the Board's Address to Government, dated 26th February, 1842, No 78

Part of Para 2 The forms now to be introduced involve only a slight modification of the existing system The object of that modification is twofold 1st, to assimilate, or rather to identify the Returns required by the superior Revenue Authorities with those furnished to the Accountant, and 2ndly, to lighten the labors of the Collectors' offices by the abolition of all unnecessary details

3 In pursuance of the first object the monthly Toujees heretofore furnished to the Accountant, and the quarterly Toujees submitted to the Board will be discontinued and, instead of them, quarterly

হইবেক যে ঐ সকল মহালের সাবেক বন্দোবস্তী জমা তৌজীতে লেখা গিয়া থাকে অতএব ঐ সকল মহালের যে দাওয়ার টাকা তৌজীর মধ্যে লেখা যায় তাহা নাম মাত্র এবং সর্ব্বসুদ্ধ যে টাকা আদায় হয় তাহা যদি তৌজীর দাওয়ার টাকাহইতে অধিক হয় তবে তাহার কেবল এক ভাগ তৌজীর দ্বারা জানা যাইতে পারে যেহেতুক যত টাকার দ্বারা তৌজীর দাওয়ার টাকার পরিশোধ হইতে পারে কেবল তত টাকা তাহার মধ্যে লেখা থাকে অতএব তাহার নিশ্চিত উৎপন্ন টাকা জানিবার নিমিত্তে ঐ লিপির আবশ্যক।

৩ নম্বর। ত্রৈমাসিক বকেয়া তৌজী।

যে তিন মাসের তৌজী হয় তাহার পর প্রথম মাসের ১০ তারিখে তাহা পাঠাইতে হইবেক।

৪ নম্বর। ভূমির মালগুজারীর বার্ষিক জমা অথবা দাওয়ার টাকার মোকাবিলাহওয়া কৈফিয়ৎ।

সাবেক কৈফিয়ৎ এবং এই কৈফিয়তের বিশেষ এই যে ইহার মধ্যে যে সকল মহালের পুনর্ব্বার বন্দোবস্ত হইয়াছে তাহার সাবেক এবং বর্ত্তমান ফিলাবী বৎসরের জমা দেখা যাইতেছে। যে বৎসরের বিবরণ এই কৈফিয়তে লেখা গিয়াছে তাহার পর বৎসরের মে মাসে তাহা পাঠাইতে হইবেক।

৫ নম্বর। জমা ওয়াসীল বাকী।

এই কৈফিয়তে মালগুজারীর বাকীদারদিগের স্থানে পাওনা টাকা দেখাইবার নিমিত্ত এক নূতন শ্রেণী নির্দ্দিষ্ট হইয়াছে ঐ বাকী টাকা তৌজীহইতে একেবারে উঠাইয়া স্বতন্ত্র এক রেজিষ্টরে লিখিতে হইবেক।

মহালওয়ারী রেওরা লেখা যাইবেক না। এই কৈফিয়তে যে বৎসরের হিসাব লেখা যাইতেছে তাহার পর বৎসরের মে মাসে তাহা পাঠাইতে হইবেক।

৬ নম্বর। বার্ষিক বকেয়া তৌজী।

ইহাও পর বৎসরের মে মাসে পাঠাইতে হইবেক।

৭ নম্বর। বাকী টাকা বুঝাইবার নিদর্শন লিপি।

ইহাতে মহালওয়ারী রেওরা লেখা আবশ্যক ৫ নম্বরী সাধারণ উপদেশ দেখ। ইহা হিসাবের পর বৎসরের মে মাসে পাঠাইতে হইবেক।

৮ নম্বর। মালগুজারীর বাকীদারদিগের স্থানে পাওনা টাকার বিস্তারিত রেজিষ্টর।

সাধারণ উপদেশের ৬ নম্বর দেখ। এই হিসাব পর বৎসরের মে মাসে পাঠাইতে হইবেক।

১ নম্বর। তৌজীতে না লেখা মহালের আদায়হওনা টাকার ত্রৈমাসিক কৈফিয়ৎ।

২ নম্বর। ঐ টাকার আদায়করণের খরচের ত্রৈমাসিক কৈফিয়ৎ।

সাধারণ উপদেশের ১ ও ২ নম্বর দেখ। এই কৈফিয়ৎ যে তিন মাসের নিমিত্ত হয় তাহার পর প্রথম মাসের ১০ তারিখে তাহা পাঠাইতে হইবেক।

জে বি থর্ণহিল। রেবিনিউ ডিপার্টমেন্টের একটিং আকৌণ্টেণ্ট।

গবর্ণমেণ্টের প্রতি সদর বোর্ডের ১৮৪২ সালের ২৬ ফেব্রুআরি তারিখের ৭৮ নম্বরী পত্রের চুম্বক।

২ ধারার এক ভাগ। এক্ষণে যে কৈফিয়তের ব্যবহার হইবেক তাহাতে চলিত কৈফিয়তের কেবল যৎকিঞ্চিৎ মতান্তর হইয়াছে। সেইরূপ মতান্তরকরণের দুই অভিপ্রায় আছে প্রথম এই যে আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে যে কৈফিয়ৎ পাঠান যায় এবং রাজস্বের উপরিস্থ কার্য্যকারকেরদের নিকটে যে কৈফিয়ৎ পাঠাইতে হয় এই দুই এক প্রকার বরং একি হয় এবং দ্বিতীয় অভিপ্রায় যে অনাবশ্যক সমস্ত বিবরণ রহিতকরণের দ্বারা কালেক্টর সাহেবেরদের পরিশ্রম কম হয়।

৩। প্রথম অভিপ্রায় সিদ্ধকরণের নিমিত্তে এইপর্য্যন্ত যে মাসিক তৌজী আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠান যায় এবং যে ত্রৈমাসিক তৌজী সদর বোর্ডে পাঠান যায় তাহা রহিত হইবেক। এবং তাহার পরিবর্ত্তে

Toujees, Hall and Bukaya, will be prepared in duplicate and submitted simultaneously to the Accountant and to the Commissioners The Board will get a figured Statement from the Accountant, and the Commissioners will be required to submit to the Board a copy of their Resolutions on the Toujee of each District In furtherance of the second object, the Mehalwarry detail in the annual Jumma Wassil Bakee and Bukya Toujee will be dispensed with, the only document in which the Mehalwarry details are to be returned, being the explanatory arrangement of the Bukaya balance The nature and use of this Return sufficiently indicate the necessity of its being prepared in detail it is a most valuable document for administrative purposes, and when duly examined by the superior Authorities will be an effectual check on the accumulation of arrears, as those Mehals, and those only are entered in it, against which a balance may have been outstanding for a longer period than 12 months

E Currie, *Secretary*

Fort William 11th May, 1842

হাল ও বকেয়ার ত্রৈমাসিক তৌজীর দুই নকল প্রস্তু হইয়া একি সময়ে আকেকৌণ্টেণ্ট এবং কমিস্যনর সাহেবেরদের নিকটে পাঠাইতে হইবেক। আকেকৌণ্টেণ্ট সাহেব বোর্ডের সাহেবেরদের নিকটে অঙ্কের এক কৈফিয়ৎ পাঠাইবেন এবং কমিস্যনর সাহেবেরা প্রত্যেক জিলার তৌজীর বিষয়ে যাহা ধার্য্য করেন্ তাহার এক নকল তাঁহারা সদর বোর্ডে পাঠাইবেন। দ্বিতীয় অভিপ্রায় সিদ্ধকরণের নিমিত্তে বার্ষিক জমাওয়াসীল বাকী এবং বকেয়ার তৌজীতে মহালওয়ারী বিবরণ লেখা যাইবেক না কেবল বাকী টাকা বুঝাইবার নিদর্শন লিপিতে লেখা যাইবেক। এই কৈফিয়তের ভাব ও কার্য্য বিবেচনা করিলে তাহা বেওরা করিয়া প্রস্তুতকরণের আবশ্যকতা দৃষ্ট হইবেক। তাহা রাজকীয় কার্য্য চালাইবার নিমিত্তে অতিপ্রয়োজনীয় এবং উপরিস্থ কার্য্যকারকের উপযুক্তমতে যদি তাহার তহকীক করেন তবে বাকী টাকার বৃদ্ধিহওয়া সম্পূর্ণরূপে নিবারণ হইতে পারিবেক যেহেতুক বারো মাসের অধিক যেং মহালের টাকা বাকী পড়িয়াছে কেবল সেইং মহাল তাহার মধ্যে লেখা যাইবেক।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১১ মে।

John C Marshman, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 1626

To the Civil Authorities in the Lower Provinces

A difference of practice being understood to exist in respect to the value of Stamp on which Petitions under Article 7, Schedule B Regulation X of 1829, are required to be written in the Zillah and City Courts the Court intimate, in consultation with the Sudder Dewanny Adawlut at Allahabad, that such Petitions whether concerning matters before the Zillah and City Courts, *as such*, or as possessing the Jurisdiction once held by the Provincial Courts, should be engrossed on an 8 Anna, and not a Rupee Stamp

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 27th April, 1842

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৬২৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮২৯ সালের ১০ আইনের B তফসীলের ৭ প্রকরণানুসারে জিলা এবং শহরের আদালতে যে মুল্যের ইষ্টাম্প কাগজে দরখাস্ত লিখিতে হয় তাহার বিষয়ে ব্যবহারের বৈলক্ষণ্য হইতেছে বোধ হওয়াতে সদর আদালতের সাহেবেরা আলাহাবাদের সদর দেওয়ানী আদালতের সাহেবেরদের সঙ্গে পরামর্শ করিয়া হুকুম করিতেছেন যে এইমত দরখাস্ত যদি জিলা ও শহরের প্রকৃত কার্য্যের সম্পর্কে তথায় করা যায় অথবা সাবেক প্রবিন্স্যল আদালতের ক্ষমতা জিলা ও শহরের আদালতে অর্পণহওয়াতে যে কার্য্য ঐ আদালতে উপস্থিত করা যায় তৎসম্পর্কে হয় উভয় গতিকে ১৲ টাকা মুল্যের ইষ্টাম্প কাগজে না লিখিয়া ॥০ আনা মুল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৭ আপ্রিল।

John C Marshman, *Bengalee Translator*

EDUCATION

No 23

TO THE SECRETARY TO THE LOCAL COMMITTEE

I am directed by the Honourable the President in Council to instruct you as follows

I Your Committee will be pleased to discontinue sending to this office in future, any Indents for any Books or other Instruments of instruction for the use of your Institution

II Your Committee will charge as a Contin

বিদ্যাধ্যাপন।

২৩ নম্বর।

লোকেল কমিটির শ্রীযুত সেক্রেটারী সাহেব বরাবরেষু।

কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে তোমার নিকটে নীচের লিখিত উপদেশ পাঠাইতেছি।

১। তোমার বিদ্যালয়ের নিমিত্তে যে কোন পুস্তক অথবা কোন যন্ত্রের প্রয়োজন হয় তাহা তোমার কমিটির সাহেবেরা উত্তর কালে এই দফ্তরখানাহইতে চাহিবেন না।

২। তোমার কমিটির সাহেবেরা মাসেং নীচের লিখিত

ent Bill the sum of Rupees* per month, and from that source, and from the proceeds of Rule 41, to which rule you should most strictly adhere, you will provide such Books, &c , as your Local Committee may require for the Classes, confining yourself generally to the specification of works of this description laid down in p 14 to 19 of the Rules For works of reference for your Library and for Prize Books, your Committee will select such as you may wish —but for all Books, &c your Committee is to make your own arrangements with Book Agents in Calcutta or elsewhere, direct

III The amount thus drawn, when not expended in one month, may be reserved till required, but your Committee will furnish to this office a full account, on the 30th of April of each year, of the state of your Library, and of your Receipts and Expenditure on account of Books, &c including in the former in a separate column, those under Rule 41 —Donations of Books should be also noted separately

IV Your Correspondence with your Agents on this service will be free, under cover to, and under frank of, this office, when your Agents may be here —and of the Senior Civil Servant or the Secretary to the Local Committee at the place, when elsewhere The former (i e Senior Civil Servant) only in places where there may be no Local Committee Your "Service" parcels will also have free conveyance per the Government Steamers

V This grant is to have effect from 1st of May 1842, and is to be charged in separate bills

H V BAYLEY,

Deputy Secretary

Council Chamber
May 11th, 1842

টাকার নিমিত্তে উপরি বিল পাঠাইবেন*। এবং ঐ টাকা হইতে ও ৪১ সংখ্যক বিধিক্রমে যে টাকা পাওয়া যায় তাহাহইতে তোমার ছাত্রেরদের নিমিত্তে যে সকল পুস্তক প্রভৃতির আবশ্যক হয় তাহা লোকেল কমিটির সাহেবেরা ক্রয় করিবেন। ঐ ৪১ সংখ্যক বিধিতে তোমার নিযত মনোযোগ করা উচিত। কিন্তু সাধারণ মতে তাহারা বিধির ১৪ পৃষ্ঠাঅবধি ১৯ পৃষ্ঠাপর্য্যন্তের নির্দ্দিষ্ট পুস্তক ক্রয় করিবেন। তোমার পুস্তকালয়ে রাখিবার নিমিত্তে এবং ছাত্রেরদিগকে পুরস্কারস্বরূপ দেওনের নিমিত্তে যে পুস্তক আবশ্যক হয় তাহা তোমার কমিটির সাহেবেরা স্বেচ্ছামতে মনোনীত করিবেন। কিন্তু যত পুস্তকাদির প্রয়োজন হয় তাহা কমিটির সাহেবেরা কলিকাতার পুস্তক বিক্রয়কারিরদের নিকটহইতে আনাইবেন।

৩। এইরূপে যত টাকা পাওয়া যায় তাহা যদি এক মাসের মধ্যে ব্যয় না হয় তবে সেপর্য্যন্ত তাহার খরচ আবশ্যক না হইবেক সেইপর্য্যন্ত জমা থাকিবেক। এবং প্রতিবৎসরের ৩০ আপ্রিল তারিখে তোমার কমিটির সাহেবেরা তোমার পুস্তকালয়ের অবস্থা এবং পুস্তকাদির নিমিত্তে যত টাকা জমা ও খরচ হইয়াছে তাহার সম্পূর্ণ হিসাব এই দফ্তরখানায় পাঠাইবা। যত টাকা ৪১ সংখ্যক বিধিক্রমে পাওয়া গিয়াছে তাহা স্বতন্ত্র শ্রেণীতে জমা করিবা। তোমার পুস্তকালয়ে যত পুস্তক অন্যান্য ব্যক্তিকর্ত্তৃক দত্ত হয় তাহা স্বতন্ত্র লিখিবা।

৪। যে ব্যক্তির স্থানে তুমি পুস্তক ক্রয় করিবা তিনি যদি কলিকাতায় থাকেন তবে তাহার নিকটে তোমার পত্র তুমি বিনামাসুলে এই দফ্তরখানায় পাঠাইতে পার এবং তাঁহারদের উত্তর বিনামাসুলে তোমার দফ্তরখানায় পাঠান যাইবেক অথবা যদি সেই পুস্তকবিক্রেতা অন্য কোন স্থানে থাকেন তবে সেই স্থানে অগ্রগণ্য সিবিল সরবেণ্ট অথবা সেই স্থানের কমিটির সেক্রেটারী সাহেবের দ্বারা বিনামাসুলে পাঠান যাইবেক। কেবল যে স্থানে কোন কমিটি নাই সেই স্থানে অগ্রগণ্য সিবিল সরবেণ্টের দ্বারা পাঠাইতে হইবেক এবং ঐ পুস্তকের পুলিন্দা বিনাখরচে বাষ্পীয় জাহাজের দ্বারা তোমার নিকটে পাঠান যাইবেক।

৫। পুস্তকের নিমিত্ত এই টাকার দান ১৮৪২ সালের ১ মে তারিখঅবধি চলিবেক এবং তাহা স্বতন্ত্র২ বিলের মধ্যে লিখিতে হইবেক।

এচ বি বেলি। সেক্রেটারী।

কৌন্সেল ঘর ১৮৪২। ১১ মে।

NOTIFICATION

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 27TH MAY 1842

Khyroolah Shah Budduk Shanee, Moonsiff of the

	Rs		Rs
* To Bancoorah,	20	Do Hill School,	20
Jessore,	20	Moulmein,	20
Dacca,	70	Benares,	100
Comillah	20	Ghazipore,	30
Chittagong,	30	Allahabad,	40
Bouleah	30	Saugor	30
Burrisal,	20	Jubbulpore,	25
Sylhet,	20	Azimghur,	25
Cuttack,	25	Goruckpore,	20
Midnapore,	25	Agra,	100
Gowhatee,	25	Dehlee,	100
Sibsaugor,	20	Bareilly,	30
Akyab,	20	Meerut,	25
Ramree,	20	Furruckabad,	25
Patna,	30	Ajmeer,	25
Bhaugulpore,	30		

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিযোগ।

১৮৪২ সাল ২৭ মে।

প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত খয়রুল্লা শা বদকশান

	টাকা		টাকা
* বাকুড়া	২০	তথাকার পর্ব্বতীয	
যশোহর	২০	পাঠশালা	২০
ঢাকা	৭০	মৌলমেন	২০
কমিল্লা	২০	বারাণস	১০০
চাটিগা	৩০	গাজীপুর	৩০
বোয়ালিয়া	৩০	আলাহাবাদ	৪০
বরিশাল	২০	সাগর	৩০
ছিলট	২০	জব্বলপুর	২৫
কটক	২৫	আজীমগড়	২৫
মেদিনীপুর	২৫	গোরখপুর	২০
গৌহাটি	২৫	আগ্রা	১০০
শিবসাগর	২০	দিল্লী	১০০
আক্যাব	২০	বরেলি	৩০
রামরি	২০	মীরট	২৫
পাটনা	৩০	ফরক্কাবাদ	২৫
ভাগলপুর	৩০	আজমীর	২৫

1st grade, to be Moonsiff of Zorawurgunge, and Moulvee Rukeeboodden, late Moonsiff of Baus khally, to be Moonsiff of Howla, in Zillah Chittagong

Moulvie Bakaoollah, Moonsiff of Nusserabad, Mymensing, to be Moonsiff of Commercolly, Zillah Jessore

J HAWKINS, *Register*

CIVIL APPOINTMENTS

No 204

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT,

The 25th May, 1842

Mr R H Scott has been permitted to resign the East India Company's Civil Service—the resignation to take effect from the 24th instant

H V BAYLEY,

Deputy Secy to the Govt of Bengal

No 868

FORT WILLIAM

GENERAL DEPARTMENT

EDUCATION

The 25th May, 1842

Lieut H S Bigge Principal Assistant to the Commissioner of Assam, and Captain T Fisher, Commanding 1st Assam Sebundy Corps, are appointed Members of the Local Committee of Education at Gowahatty

H V BAYLEY,

Depy Secy to the Govt of India

No 904

FORT WILLIAM

GENERAL DEPARTMENT

EDUCATION

The 25th May, 1842

Syed Zainuddeen Hossein, Deputy Collector, has been appointed a Member of the Local Committee of Education at Bhaugulpore

H V BAYLEY

Depy Secy to the Govt of India

No 623

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

The 16th May, 1842

LEAVE OF ABSENCE

Baboo Kewulkissen Roy, Deputy Collector under Regulation IX of 1833, in Bullooah, for one month from the 7th instant, under Medical Certificate

The 30th May 1842

APPOINTMENTS

To be Members of a Committee for the management of the Surplus Ferry Funds of the District of 24 Pergunnahs

Prince Gholam Mahomed,

Rajah Suttee Churn Ghossaul,

[*Government Gazette*, 7*th June*, 1842]

জরবরগঞ্জের মুনসেফ হইবেন। এবং বাঁশখালির স বেক মুনসেফ শ্রীযুত মৌলবী রকীবুদ্দিন জিলা চাটিগাঁর হৌলার মুনসেফ হইবেন।

ময়মনসিংহে নসীরাবাদের মুনসেফ শ্রীযুত মৌলবী বাকা উল্লা জিলা যশোহরের কুমারখালার মুনসেফ হই বেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজ কর্ম্মে নিযোগ।

২০৪ নম্বর।

ফোর্ট উলিয়ম

জেনরল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২৫ মে।

শ্রীযুত আর এচ স্কট সাহেব বর্ত্তমান মাসের ২৪ তারিখঅবধি কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইশতাফা দেওনের অনুমতি পাইয়াছেন।

এচ বি বেলি।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

৮৬৮ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেন্ট।

বিদ্যাধ্যাপন।

১৮৪২ সাল ২৫ মে।

আসামের কমিস্যনরের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট এচ এস বিগ সাহেব এবং আসামের সিবন্দি ১ পল্টনের সৈন্যাধ্যক্ষ শ্রীযুত কাপ্তান টি ফিশর সাহেব গৌহাটিতে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বরী পদে নিযুক্ত হইয়াছেন।

এচ বি বেলি।

ভারতবর্ষের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

৯০৪ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেন্ট।

বিদ্যাধ্যাপন।

১৮৪২ সাল ২৫ মে।

ডেপুটী কালেক্টর শ্রীযুত সায়দ জৈনুদ্দীন হুসেন ভাগলপুরের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বরী পদে নিযুক্ত হইয়াছেন।

এচ বি বেলি।

ভারতবর্ষের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

৬২৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ১৬ মে।

ছুটী।

১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে বলুয়ার ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কেবলকৃষ্ণ রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন

১৮৪২ সাল ৩০ মে।

নিয়োগ।

চব্বিশপরগনার গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণার্থ নীচের লিখিত মহাশয়েরা কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত শাহজাদা গোলাম মহম্মদ।

" রাজা সত্যচরণ ঘোষাল।

Mr J Dunbar,
Revd A W Street,
Baboo Gooroopersaud Roy,
Baboo Rammutton Roy

To be ditto of a ditto for the ditto of the ditto ditto of the District of Nuddea
Dr C W Fuller,
Mr Savi,
Mr Binny,
Baboo Bamen Dos Mokerjee
Baboo Sumboonath Mokerjee,
Baboo Rajib Lochun Sirkar
Baboo Rammohun Bunnerjee

Mr J W Yule, to be a Member of the ditto for the ditto of the ditto ditto of the District of Chumparun, vice Mr Henry Hill resigned

LEAVES OF ABSENCE

Mr C A Ravenshaw, Assistant to the Magistrate and Collector of Bhaugulpore, for one month under Medical Certificate

Moulvie Mahomed Farook Sudder Ameen and Moonsiff of Balasore, for ten days, from 30th May to 8th June 1842, on private affairs

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

শ্রীযুত জে ডনবার সাহেব।
„ রেবেরেণ্ড এ ডবলিউ ষ্ট্রিট সাহেব।
„ বাবু গুরুপ্রসাদ রায়।
„ বাবু রামরত্ন রায়।

নদীয়া জিলাতে নীচের লিখিত মহাশয়েরা ঐ কর্ম্মেতে কমিটির মেম্বর হইবেন।
শ্রীযুত ডাক্তর সি ডবলিউ ফুলর সাহেব।
„ সাবি সাহেব।
„ বিনি সাহেব।
„ বাবু বামনদাস মুখোপাধ্যায়।
„ বাবু শম্ভুনাথ মুখোপাধ্যায়।
„ বাবু রাজীবলোচন সরকার।
„ বাবু রামমোহন বাড়ুয্যা।

চম্পারণ জিলার ঐ কর্ম্মের মেম্বরী পদে শ্রীযুত হেনরি হিল সাহেব ইশতাফা দেওয়াতে উঁহার পরিবর্তে শ্রীযুত জে ডবলিউ য়ুল সাহেব ঐ পদে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

ভাগলপুরের মাজিস্ট্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এ রেবনশ সাহেব চিকিৎসকের সর্টিফিকেট ক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ ফারুক খাঁ কর্ম্মোপলক্ষে ১৮৪২ সালের ৩০ মে তারিখঅবধি ৮ জুনপর্য্যন্ত দশ দিবসের ছুটী পাইয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT — নিমক।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং বেওতার গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
২৪ পরগনা	বেওতা	১২৪৮ সাল	২০০০/ মোন	কোং ৪৩২১

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২৮ মে সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND — জমীদারী নীলাম।

নং ৬৪ জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব উক্তাবার প্রথামুসারে ১ এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তারের দ্বারা হজুরে হাজির হইয়া সাবুদ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ২৪ মেই।

নাম জামিনদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
ত্রিলোচন নন্দ ইষ্টাম্প মোহরি থানা মহম্মদপুর।	মধুসূদন নন্দ	পং কাশিজোড়া নং ১৮৫ মহাল বানুদের বলা তালুকে নীলামী খরিদ মধুসূদন নন্দ ও গুরুপ্রসাদ গোদার ওয়গয়রহ কোং ৭৪৮/৩ ইহার মধ্যে জামিনদার ৩৭।১৯/ জামিনিতে প্রতিবন্ধক।

Midnapore Collectorate, 24th May, 1842 — G C BYSACK, *Deputy Collector*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

100 RUPEES REWARD

A Reward of one Hundred Rupees will be given to any person who may apprehend, or give information leading to the apprehension of the undermentioned convict under sentence of imprisonment for life escaped from the Burdwan Jail

Nubboo koomar Bhuttacharjee, son of Atmaram Bhuttacharjee, caste Brahmun, 50 years of age, Inhabitant of Goomee, Thannah Puroon, Zillah Hooghly Complexion neither very dark nor fair sheep's eyes divided eyebrows, high nose, hair and mustachios frizzled, marks of small pox on his face and body, one scar on his right leg mark of inoculation on his right arm, Godena mark on his forehead Height 5 feet six inches

W DAMPIER,
Supt of Police L P

Monghyr the 19th May, 1842

NOTICE

Two half Bank of Bengal Notes Nos 24,011 and 9,125 one of Rs 50, the other of Rs 25 having been discovered in the possession of Bholanath Joogee, a resident of the City of Burdwan, Notice is hereby given that the owner or owners of the above will receive them on producing the remaining halves of the Notes before the undersigned

16th May, 1842 — A TURNBULL, *Offg Magistrate of East Burdwan*

TREASURER WANTED

For the delightful district of Kamroop, in Assam Security required for Thirty Thousand Rupees (30,000) Salary, (70) Seventy Rupees per Mensem

H BIGGE, *Collector*

Gowhatti, May 6th, 1842

SHERIFF'S SALE

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে নেহালচাঁদ বাবুর বিরুদ্ধে বেন্দি সলোমন এক্সপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি জুন মাসের ৯ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ নং। কলিকাতা নগরের তালতলা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত ৩১ নম্বরী ইষ্টকনির্ম্মিত যে সকল গুদাম এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমির উপরে উক্ত গুদাম নির্ম্মিত হইয়াছে ঐ ভূমির পরিমাণ কমবেশ ।৹॥ পাঁচ কাঠা আট ছটাক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নেহালচাঁদ বাবুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতু সীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা উত্তর দিগে মিলেট সাহেবের বাটী ও ভূমি দক্ষিণ দিগে সেখ জরিফ কাপড়িয়ার গলি বা ভূমি পূর্ব্ব দিগে সেখ গুমানীর ভূমি।

২ নং। এবং কলিকাতা নগরের বড় বাজারের শামিল ও তন্মধ্যস্থিত প্রাণকৃষ্ণ মল্লিকের ভূমিতে মৃত নিমাইচরণ মল্লিকের বসত বাটীর পশ্চিমে যে এক দোতালা টাইলের ঘর তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নেহালচাঁদ বাবুর যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে

১০০৲ টাকা পুরস্কার।

নীচের লিখিত কয়েদী ব্যক্তি যাবজ্জীবন কয়েদ থাকনের হুকুম পাইয়া বর্দ্ধমানের জেলখানাহইতে পলায়ন করিয়াছে অতএব যে কেহ তাহাকে গ্রেপ্তার করিতে পারে অথবা যাহাতে গ্রেপ্তার হয় এমত কোন সংবাদ দিতে পারে তাহাকে ১০০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

আত্মারাম ভট্টাচার্য্যের পুত্র নবকুমার ভট্টাচার্য্য। ব্রাহ্মণজাতি বয়স ৫০ বৎসর হুগলি জিলার পাড়ুয়া থানার গুমীগ্রাম নিবাসী। তাহার বর্ণ গৌরও নহে কালও নহে তাহার চক্ষুর বর্ণ মেষের চক্ষুর ন্যায় তাহার ভ্রূ জোড়া নহে তাহার নাক লম্বা তাহার চুল ও গোপ কোঁকড়া তাহার মুখে ও শরীরে বসন্তের দাগ তাহার দক্ষিণ পায়ে আঘাতের দাগ তাহার দক্ষিণ বাহুতে টীকার দাগ তাহার কপালে গোদনার দাগ এবং সে ব্যক্তি পাঁচ ফুট ছয় ইঞ্চি লম্বা।

ডব্লিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

মুঙ্গের। ১৮৪২ সাল। ১৯ মে।

বিজ্ঞাপন।

৫০৲ টাকার ২৪,০১১ নম্বরী এবং ২৫৲ টাকার ৯ ১২৫ নম্বরী বাঙ্গলা বেঙ্ক নোটের অর্দ্ধ২ খণ্ড বর্দ্ধমাননিবাসি ভোলানাথ যুগির স্থানে ধরা পড়িয়াছে অতএব ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত নোট যাহার বা যাহারদের ছিল তাহারা ঐ২ নোটের অপর অর্দ্ধ২ খণ্ড নীচের লিখিত সাহেবকে দেখাইলে উপরি লিখিত দুই খণ্ড নোট পাইতে পারিবেক।

১৬ মে ১৮৪২। — এ টর্ণবুল। পূর্ব্ব বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেট।

খাজাঞ্চীর আবশ্যক।

আমারদের অতিউত্তম কামরূপ জিলাতে এক জন খাজাঞ্চির আবশ্যক হইয়াছে তাহার জামিনস্বরূপ ৩০,০০০ ত্রিশ হাজার টাকা আমানৎ রাখিতে হইবেক এবং তাঁহার বেতন মাসিক ৭০৲ টাকা দেওয়া যাইবেক।

এচ বিগ। কালেক্টর।

গৌহাটি। ১৮৪২। ৬ মে।

সরিফের নীলাম।

চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কমলনয়নের বেড নামে রাস্তা পূর্ব্ব এবং উত্তর দিগে উক্ত প্রাণকৃষ্ণ মল্লিকের ভূমি দক্ষিণ দিগে কাশীনাথ মল্লিকের ভূমি।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বিশ্বনাথ বিশ্বাসের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়স নামক যে এক পরওয়ানা সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি জুন মাসের ৯ তারিখে বেলা ঠিক দুই প্রহর সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ নং। বিশেষতঃ কলিকাতা নগরের সূতালুটির ধর্ম্মতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বদ্ধ ভূমি কমবেশ ৮০ পনের কাঠা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত বিশ্বনাথ বিশ্বাসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরিম পালের বাটী ও ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে শম্ভুচন্দ্র কর্ম্মকারের বাটী ও ভূমি উত্তর দিগে ভবানী দত্তের এক খণ্ড ভূমি।

২ নং। উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক

একতালা ইষ্টকনির্ম্মিত আস্তবল এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি কমবেশ /৪ চারি কাঠা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত বিশ্বনাথ বিশ্বাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত. দক্ষিণ দিগে বিশ্বনাথ বিশ্বাসের এক খণ্ড ভূমি উত্তর দিগে মোহন লাল দত্তের এক খণ্ড ভূমি পশ্চিম দিগে রাধানাথ দত্ত নাপিতের এক খণ্ড ভূমি পূর্ব্ব দিগে সরকারী রাস্তা।

৩ নং। এবং উক্ত বিশ্বনাথ বিশ্বাসের ১ টা ঘুড়ী ও ২ টা ঘোড়া বিক্রয় হইবেক।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENT

সাধারণ ব্যক্তিবদের ইস্তাহার।

GENERAL MOFUSSIL AGENCY FOR THE CIVIL SERVICE AND ARMY

Established by Messrs Thos Wiltshire and Co of No. 91, Wellesley Street, Calcutta, exclusively for the Honourable Company's Civil Service and the Queen's and Honourable Company's Army, attached to the different Mofussil or Out-Stations of the Bengal, Agra, Bombay and Madras Presidencies

MESSRS THOMAS WILTSHIRE AND CO

Have the honour to inform the gentlemen of the Honourable Company's Civil Service and the Queen's and Honourable Company's Army, attached to the different Mofussil or Out Stations of the Bengal, Agra, Bombay and Madras Presidencies, that at the earnest recommendation of several influential personages, they have been induced to establish themselves, *only as General Mofussil Agents, exclusively for the Civil Service and Army* concocted on such economical principles, and so well suited to the exigency of the present times, as to animate them invariably to import their own Wines Beer, Spirits, &c of first rate quality direct from Europe, and to undertake the transaction of any kind of Agency business from the Mofussil, without charging any Commission

৪। উক্ত সদব দেওয়ানী আদালত অথবা ভাবতবর্ষেব মধ্যে কোম্পানি বাহাদুবেব দ্বাবা কি তাঁহাবদেব কোন গবর্ণমেন্টেব দ্বাবা নিযুক্ত অন্য যে কোন আদালতেব হুকুমেব উপব শ্রীশ্রীমতী মহাবাণীব হজুব কৌন্সেলে আপীল হইতে পাবে তাঁহাব হুকুমেব উপব শ্রীশ্রীমতী মহাবাণী কি তাঁহাব উত্তবাধিকাবী অথবা তাঁহাব পর বাজত্বপ্রাপ্ত অন্য বাজাব হজুব কৌন্সেলে আপীল হইলে ঐ আপীলেব কাগজপত্রেব নকল পঁহুছিলে পব কোম্পানি বাহাদুবেব কোর্ট অফ ডৈবেকটর্স সাহেবেবা সময়ে২ যে কর্ম্মকাবককে নিযুক্ত করেন তিনি তৎক্ষণাৎ হজুব কৌন্সেলের ক্লার্ক সাহেবকে তাহার বিষয় এত্তেলা কবিবেন এবং আপী

time the Names of the Parties to the Appeal, and the date of the decree appeal ed from, and that such notice shall be duly registered in the Council Office

V That the said transcripts of Proceedings shall be kept at the East Indi House, or at such other convenient place within the Cities of London or West minster as the said Court of Directors shall from time to time appoint, the Agent respectively conducting and defending such appeals in this country, being at li berty to take all the necessary copies and extracts from the said Proceedings, an to examine the same from time to time, and it shall be the duty of such office by himself or his sufficient Deputy, to produce the original transcripts befor the Judicial Committee, upon the hearing of such appeal, upon due notice for tha purpose previously given, and upon all other occasions when thereunto require by the Privy Council or the Judicial Committee

VI That in default of the Petition of Appeal or the appellant's being lodge in the Council Office within three calendar months from the Registration of th arrival of such transcripts, or in default of the appellant's case being carried i within one year from the time of such Registration, the Respondent shall be en titled in either case to move to dismiss the appeal for want of Prosecution, an in the event of the Respondents not bringing in his case within one year from th time of such Registration, the appellant shall be entitled to apply to have th case heard ex parte

(Signed) C C GREVILLI

I certify that the foregoing is a True Copy of the original Order in Council o the 10th day of April, 1838

(Signed) T B LENNARI

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 2402

To the Several Civil Authorities in the Lower Provinces

With a view to define and fix the practice of the judicial tribunals, in disposing of cases involving objections to the sale of property in execution of decrees the Courts of Sudder Dewanny Adawlut at Calcutta and Allahabad have determined on adopting the following rules hereby prescribed for the guidance of the Courts —

I The objections usually brought forward to the sale of property, moveable and immoveable, in such cases are of three kinds

1st That the property advertized for sale is already mortgaged to the objector

2d That the party liable for the claim in satisfaction of which the property is advertised for sale, has only a limited interest therein there being other share holders, including the objector, and the property being undivided

3d That the party liable for the demand has no interest whatever in the property attached and advertised for sale, never having possessed any, or whatever interest he or his ancestors may have enjoyed therein having been previously transferred by them either to the objector, or other party from whom he may have derived the right, by a deed of sale gift, or other mode of absolute conveyance

II It has been already ruled, as regards the first class of objections, in Circular Order, No 106, dated 4th September, 1840, that no summary investigation is to be made into the claim of the mortga

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২৪০২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত নানা দেওয়ানীর কার্য্য কারক সাহেব বরাবরেষু।

ডিক্রী জারীকরণার্থ সম্পত্তি বিক্রয়ের বিষয়ে যে২ ওজর হয় তাহার নিষ্পত্তিকরণে দেওয়ানী আদালতের রীতি নির্ণয় ও স্থিরকরণের নিমিত্ত কলিকাতা ও আলাহাবাদের সদর দেওয়ানী আদালত নীচের লিখিত বিধি স্থির করিয়াছেন এবং তাহা সকল আদালতের উপদেশের নিমিত্ত এই সরকুলর অর্ডরের দ্বারা নির্দ্ধার্য্য হইতেছে।

১। এমত গতিকে স্থাবর বা অস্থাবর সম্পত্তির বিক্রয় করণের সামান্যতঃ যে২ ওজর করা যায় তাহা তিন প্রকার।

প্রথম। নীলামহওনের নিমিত্ত যে সম্পত্তির ইশতিহার হইয়াছে তাহা ওজরদারের নিকটে বন্ধক আছে।

দ্বিতীয়। যে টাকার নিমিত্ত ঐ সম্পত্তির নীলামহওনের ইশতিহার হইয়াছে সেই টাকার দায়ি জনের ঐ সম্পত্তিতে সম্পূর্ণ লাভ নাহি কেননা ঐ সম্পত্তির অন্য২ শরীক আছে এবং তাহারদের মধ্যে ওজরদার এক জন এবং ঐ সম্পত্তির বিভাগ হয় নাহি।

তৃতীয়। যে ব্যক্তি সেই টাকার দায়ী তাহার ঐ ক্রোক ও নীলামের জন্য ইশতিহারহওয়া সম্পত্তিতে কোন লাভ নাই এবং কোন লাভ কখন ছিল না অথবা ঐ ব্যক্তি কি তাহার পূর্ব্বপুরুষের ঐ সম্পত্তিতে যে লাভ ছিল তাহা তাহারা ইহার পূর্ব্বে সওদাপত্র কি দানপত্রের দ্বারা কিম্বা সম্পূর্ণরূপে হস্তান্তরকরণের অন্য কোনপ্রকারে ওজরদারকে দিয়াছিল কিম্বা ওজরদার যে ব্যক্তির স্থানে স্বত্ব পাইয়াছে তাহাকে দিয়াছিল।

২। প্রথম প্রকার ওজরের বিষয়ে ১৮৪০ সালের ৪ সেপ্টেম্বর তারিখের ১০৬ নম্বরী সরকুলর অর্ডরে বিধান হইয়াছে যে বন্ধকলওনিয়ার দাওয়ার বিষয়েতে কোন সরাসরী তহকীক করিতে হইবেক না যেহেতুক

লের উভয় বিবাদির নাম এবং কোন্‌ডিক্রীর উপর আপীল হইয়াছে তাহার তারিখ তৎসময়ে তাঁহাকে জানাইবেন এবং ঐ এজেন্টনামা কৌন্সেলের দফতরে রীতিমতে রেজিষ্টরী হইবেক।

৫। ঐ কাগজপত্রের নকল ইষ্ট ইণ্ডিয়া হৌসনামক বাটীতে অথবা লণ্ডন কি ওএষ্ট মিনষ্টর শহরে কি অন্য যে কোন উপযুক্ত স্থান কোর্ট অফ ডৈরেক্‌টর্স সাহেবেরা সময়ক্রমে নির্দ্দিষ্ট করেন তথায় রাখা যাইবেক এবং ইঙ্গলণ্ড দেশে ঐ আপীলের আপেলাণ্টের ও রেস্পাণ্ডেণ্টের মোক্তারেরা ঐ কাগজপত্রের যে সকল নকল বা চুম্বকের আবশ্যক রাখে তাহা লইতে পারেন এবং সময়ে২ ঐ কাগজপত্রের তদারক করিতে পারেন এবং ঐ কর্ম্ম কারকের উচিত যে তিনি অথবা তাঁহার উপযুক্ত কোন প্রতিনিধি রীতিমতে হুকুম পাইলে ঐ আপীল শুননিহওনের সময়ে এবং অন্য যে কোন সময়ে শ্রীশ্রীমতী মহারাণীর হুজুর কৌন্সেল অথবা ঐ কৌন্সেলের বিচারসম্পর্কীয় কমিটি তাহা তলব করেন ঐ বিচার সম্পর্কীয় কমিটির সম্মুখে আসল কাগজপত্রের নকল উপস্থিত করেন।

৬। ঐ নকল পঁহুছনের সম্বাদ রেজিষ্টরীহওনের পর যদি তিন মাসের মধ্যে আপেলাণ্টের আপীলের দরখাস্ত কৌন্সেলের সিরিশ্তায় দাখিল না করা যায় অথবা যদি ঐ রেজিষ্টরীহওনের পর এক বৎসরের মধ্যে আপেলাণ্ট মোকদ্দমা না চালায় তবে রেস্পাণ্ডেণ্ট ঐ উভয় গতিকে এমত দরখাস্ত করিতে পারেন যে কসুরপ্রযুক্ত ঐ আপীল ডিস মিস হয় এবং যদি ঐ রেজিষ্টরীহওনের পর এক বৎসরের মধ্যে রেস্পাণ্ডেণ্ট আপনার মোকদ্দমা না চালান তবে ঐ মোকদ্দমা একতরফা শুননি হইবার নিমিত্ত আপেলাণ্ট দরখাস্ত করিতে পারেন।

সি সি গ্রেবিল।

১৮৩৮ সালের ১০ আপ্রিলের হুজুর কৌন্সেলের আসল হুকুমের ইহা যথার্থ নকল এমত সর্টিফিকট লিখিয়া দিলাম।

টি বি লেমার্ড।

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

---

gee, the auction purchaser standing in precisely the same position to the property after, as the mortgager did before, the sale, and the rights and interests of the mortgagee being in no way affected by such sale It was at the same time provided, that the existence of such prior claims should, time permitting it be made known by the auctioneer to the bidders at a sale

The principle which governs this rule is, that the objector does not deny the fact of the defendant having some right and interest in the property, so that the result of any investigation which should be made, would not be the total prohibition of the sale, but simply the determination of the extent of the objector's right and the validity of his lien, which cannot properly be effected by summary enquiry

III A similar principle will guide the disposal of objections under the second head, viz where the objector may claim to have a share in the property attached and advertised for sale, and may pray that such share be exempted from sale, and that the sale may be restricted to the share of the person liable for the demand in satisfaction of which the property has been advertised for sale.

The Courts will, therefore, refuse to take cognizance of such objections, with a view of determining in the miscellaneous department, the specific amount of the share in the property advertised for sale, of the party liable for the demand, as well as of the objecting parties, in order to the restriction of sale to the share of the former, and the exemption from sale of the share or shares of the latter, since the rights and interests only of the party liable for the demand being sold, such sale cannot affect injuriously the rights and interests of any other share-holders in the property. In such cases, also, intimation

নীলামের পূর্ব্বে সম্পত্তির সঙ্গে বন্ধকদেওনিয়া ব্যক্তির যে সম্পর্ক ছিল নীলামের পর নীলামের খরীদারের ঠিক সেই সম্পর্ক আছে এবং বন্ধকলওনিয়া ব্যক্তির যে অধিকার এবং লাভ আছে নীলামের দ্বারা তাহার কোন প্রকারে ব্যাঘাত হয় নাই। সেই সময়ে আরো বিধান হইল যে সময় থাকিলে নীলামের কর্ত্তা এমত দাওয়া থাকনের সম্বাদ নীলামে ডাকনিয়া ব্যক্তিরদিগকে জানাইবেন।

এই বিধানের মূল নিয়ম এই যে ঐ সম্পত্তিতে আসামীর কোন২ অধিকার ও লাভ আছে ইহা ওজরদার অস্বীকার করে না অতএব ঐ বিষয়ে যে কোন তহকীক হইত তাহাতে ঐ নীলামের একেবারে নিষেধ হইত না কিন্তু ওজরদারের কিপর্য্যন্ত স্বত্ব আছে এবং সম্পত্তির উপর তাহার স্বত্বাধিকার যথার্থ কি না এইমাত্র নির্ণয় হইত এবং সরাসরী তহকীকের দ্বারা এমত বিষয় উচিতমতে নিশ্চয় হইতে পারে না।

৩। দ্বিতীয় প্রকার ওজর এই যে ওজরদার ক্রোকহওয়া এবং নীলামের ইশ্‌তিহারহওয়া সম্পত্তির অংশের উপর দাওয়া রাখে এবং এমত দরখাস্ত করে যে ঐ অংশ নীলাম না হয় এবং যে টাকার নিমিত্ত সম্পত্তি নীলাম হওনের জন্য ইশ্‌তিহার হয় সেই টাকার দায়ি ব্যক্তির অংশ মাত্র নীলাম হয়। এই প্রকার ওজর উক্ত মূল নিয়মানুসারে নিষ্পত্তি করিতে হইবেক।

অতএব আদালত এই প্রকার ওজর শুনিবেন না এবং যে ব্যক্তি টাকার দায়ী কেবল তাহার অংশ নীলামহওনের নিমিত্ত এবং ওজরদারের অংশ বা অংশসকল নীলাম না হইবার নিমিত্ত ঐ টাকার দায়ি ব্যক্তির এবং ওজরদার ব্যক্তিরদের নীলামের ইশ্‌তিহারহওয়া সম্পত্তিতে যে২ বিশেষ অংশ আছে তাহা মুৎফরক্কা সিরিশ্তায় নিশ্চয় করিবেন না যেহেতুক যে ব্যক্তি টাকার দায়ী কেবল তাহার স্বত্ব ও লাভ বিক্রয় হয় অতএব ঐ সম্পত্তিতে অন্য২ শরীকেরদের যে অধিকার ও লাভ থাকে তাহার কিছু ব্যাঘাত হইবেক না। এইমত গতিকেও নীলামের সময়ে নীলামের কর্ত্তা ঐ সম্পত্তিতে ওজরদার বা ওজর

[*Government Gazette, 9th August,* 1842.]

should be given by the auctioneer at the time of sale of the claim brought by the objector or objectors to the property

IV With respect to third class of objections, viz claims founded on unconditional purchase, or other absolute acquisition of the property put up for sale, the plea advanced being that the latter is not the property of the debtor, the Courts have ruled that such claims *should* be made the subject of a summary investigation, because on the result depends whether the contemplated sale shall take place at all or not The principle, however, which will govern all such enquiries shall be that *possession* is the sole point to be looked to and determined in the Miscellaneous department, and that, should the possession of the objector or claimant, prior to the attachment of the property or advertisement of sale be satisfactorily established, sufficient ground will be held to exist for stopping the sale, without enquiry into the validity of the alleged title, any dissatisfied party being left to bring a regular suit

V It must be expressly borne in mind that sales of the description contemplated convey to the purchaser nothing beyond what was enjoyed at the time of sale by the person whose interests are sold, and the Court, in the execution of its process, will only place the purchaser in the position, with respect to the thing sold in which it found the defendant

VI The above rules will be considered equally applicable to moveable and immoveable property

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 10th June, 1842

No 2448

To the Civil Judges in the Lower Provinces

I am directed by the Court to transmit to you for your information and guidance, and for communication to the Principal Sudder Ameen, a copy of a Resolution dated 4th July, 1834, regarding the local investigation of objections which may be urged against execution of Decrees of the Sudder Dewanny Adawlut in certain cases

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 8th July, 1842

Resolution of the Presidency Court of Sudder Dewanny Adawlut, dated the 4th July, 1834

Present

R H Rattray,
H Shakespear,
W Braddon,
C R Barwell, and
T C Robertson, Esquires, *Judges*

The Court have been pleased to adopt the following rule of Practice to simplify the process for the execution of Decrees issued from this Court.

Whenever it may be necessary under any of the circumstances stated in Clause 8, Section 15, Regulation XXVI 1814, to issue a notice calling on the party against whom execution is sued to show [illegible] why it should not be executed, it will be sufficient to direct the Zillah or City Judges to issue the required notice If no objections be made by

দারসকল যে দাওয়া উপস্থিত করিয়াছে তাহা সকলকে জানাইবেন্।

৪। তৃতীয় প্রকার ওজর এই যে ওজরদার নীলামে ধরিয়া দেওয়া সম্পত্তি যেকবার কটে খরীদ করিয়াছে বা অন্য প্রকারে তাহার সম্পূর্ণরূপে স্বত্বাধিকার প্রাপ্ত হইয়াছে অতএব ঐ সম্পত্তি দেনদারের নহে। এই প্রকার ওজরের বিষয়ে সদর আদালতের সাহেবেরা বিধান করিয়াছেন যে ঐ প্রকার দাওয়ার সরাসরী তহকীক করিতে হইবেক কেননা ঐ কল্পিত নীলাম হইবেক কি না তাহা ঐ তহকীকের দ্বারা নিশ্চয় হইবেক। কিন্তু এই প্রকার সকল তহকীকের মুখ্য নিয়ম এই যে মুৎফরক্কা সিরিশ্তায় সম্পত্তি কাহার দখলে আছে কেবল তাহাই তজবীজ করিয়া নিশ্চয় করিতে হইবেক এবং যদ্যপি এমত মাতবর প্রমাণ হয় যে সম্পত্তি ক্রোকহওনের পূর্ব্বে অথবা নীলামের জন্যে ইশ্তিহার দেওনের পূর্ব্বে তাহা ওজরদার কি দাওয়াদারের দখলে ছিল তবে তাহার কথিত স্বত্ব যথার্থ কি না এই বিষয়ের তজবীজ না করিয়া নীলাম স্থগিতকরণের উপযুক্ত কারণ আছে বোধ করিতে হইবেক এবং যে ব্যক্তি ইহাতে নারাজ হন তিনি জাবেতামত মোকদ্দমা করিতে পারিবেন।

৫। এবং ইহা বিশেষরূপে স্মরণে রাখিতে হইবেক যে এই প্রকার নীলাম হইলে যে ব্যক্তির বিষয় বিক্রয় হয় নীলামের সময়ে তাহার ঐ সম্পত্তিতে যে স্বত্ব ও লাভ ছিল তাহাবিনা খরীদারকে আর কিছু বিক্রয় হয় নাই এবং আদালত আপনার ডিক্রী জারী করণেতে বিক্রীত দ্রব্যের সম্পর্কে আসামী যে স্থানে ছিল কেবল সেই স্থানে খরীদারকে স্থাপন করিবেন।

৬। উক্ত বিধি স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিষয়ে সমানরূপে খাটিবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১০ জুন।

২৪৪৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

কোন২ গতিকে সদর দেওয়ানী আদালতের ডিক্রী জারী করণের বিষয়ে যে ওজর হয় তাহা সরেজমীনে তহকীক করণের বিষয়ে ১৮৩৪ সালের ৪ জুলাই তারিখের সদর আদালতের নির্দ্ধারণ তোমার এবং তোমার এলাকার প্রধান সদর আমীনের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত পাঠান যাইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৮ জুলাই।

১৮৩৪ সালের ৪ জুলাই তারিখের কলিকাতার সদর আদালতের নির্দ্ধারণ।

বর্ত্তমান।

শ্রীযুত আর এচ রেটরি সাহেব।
শ্রীযুত এচ সিক্সপিয়র সাহেব।
শ্রীযুত ডবলিউ ব্রাডেন সাহেব।
শ্রীযুত সি আর বারউএল সাহেব।
শ্রীযুত টি সি রাবর্টসন সাহেব।

সদর আদালতের ডিক্রী জারীকরণের কার্য্য সহজ করিবার নিমিত্ত পশ্চাৎ লিখিত ব্যবহারের নিয়ম ঐ আদালতের সাহেবেরা স্থির করিয়াছেন।

যখন ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণের লিখিত কোন গতিকে যে ব্যক্তির প্রতিকূলে ডিক্রী জারী করণের দরখাস্ত হইয়াছে সেই ডিক্রী জারী না করণের কারণ দর্শাইতে ঐ ব্যক্তির প্রতি এত্তেলা দেওনের আবশ্যক হয় তখন উক্ত এত্তেলা দিতে জিলা ও শহরের জজ সাহেবদিগকে হুকুম দিলেই হইবেক। তাহার পর যে ব্যক্তির প্রতিকূলে ডিক্রী জারীর দরখাস্ত হয় সে ব্যক্তি

the party against whom execution is sued, the Zillah or City Judge will proceed to execute the Decree in the usual manner, without further reference to this Court Should any objection be urged, the Judge will make the necessary investigation, reporting the result for the orders of the Court and staying further proceedings in execution pending the reference.

(Signed) J F. M Reid, *Register*

যদি কোন ওজর না করে তবে জিলা অথবা শহরের জজ সাহেব সদর আদালতে আর জিজ্ঞাসা না করিয়া রীতি মতে ডিক্রী জারী করিবেন। যদ্যপি কোন ওজর হয় তবে জজ সাহেব আবশ্যকমতে তাহার তহকীক করিবেন এবং ঐ তহকীকে যাহা দৃষ্ট হয় তাহাতে সদর আদালতের হুকুম পাইবার নিমিত্ত রিপোর্ট করিবেন এবং হুকুম না পাওয়াপর্য্যন্ত ডিক্রী জারীকরণের সকল ব্যাপার স্থগিত রাখিবেন।

জে এফ এম রিড। রেজিষ্টর।

John C Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SPECIAL COMMISSIONERS

No 288.

To the Collectors, Special Deputy Collectors, Superintendents of Settlement, &c under the jurisdictions of the Special Commissioners of the Calcutta and Moorshedabad Districts

In continuation of our Circular Order under date the 8th September last, we beg to communicate to you that as the provisions of Clause 10 Section 5, Regulation IX 1825, appear to be in modification of the rules regarding the exigency of stamped paper prescribed by Regulation II 1819, it follows that in all cases originating with the Officers of Government for assessing lands held free of rent, stampt paper is not necessary and it is not to be used on the institution of suits of the nature adverted to in our recent Circular Order, dated the 16th ultimo, No 249

H Moore,
Special Commissioner
J H D'Oyly,
Special Commissioner.

Pres Spec. Commr's Office,
Fort William, 14th July, 1842.

স্পেসিয়ল কমিস্যনর সাহেবেরদের সরক্যুলর অর্ডর।

২৮৮ নম্বর।

কলিকাত্তা ও মুরশিদাবাদ প্রদেশের শ্রীযুত স্পেসিয়ল কমিস্যনর সাহেবের এলাকার শ্রীযুত কালেক্টর সাহেব ও স্পেসিয়ল ডেপুটী কালেক্টর সাহেব ও বন্দোবস্তপ্রভৃতির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব বরাবরেষু।

আমারদের গত ৮ সেপ্টেম্বর তারিখের সরক্যুলর অর্ডরের অনুক্রমে তোমাকে জানাইতেছি যে ১৮১৯ সালের ২ আইনের নির্দ্ধারিত ইষ্টাম্প কাগজের বিষয়ে যে বিধি আছে তাহা মতান্তর হইয়া ১৮২৫ সালের ৯ আইনের ৫ ধারার ১০ প্রকরণের বিধি নির্দ্দিষ্ট হইল এমত দৃষ্ট হইতেছে অতএব লাখেরাজ ভূমির উপর করতসাগুনের নিমিত্ত সরকারের কর্ম্মকারকেরা যে সকল দাওয়া করেন তাহাতে ইষ্টাম্প কাগজের আবশ্যক নাই, এবং গত মাসের ১৬ তারিখের ২৪৯ নম্বরী আমারদের সরক্যুলর অর্ডরে যে প্রকার মোকদ্দমার বিষয় লেখা আছে সেই প্রকার মোকদ্দমা উপস্থিতকরণে ইষ্টাম্প কাগজের ব্যবহার করিতে হইবেক না।

এচ মোর।
স্পেসিয়ল কমিস্যনর।
জে এচ ডয়লি।
স্পেসিয়ল কমিস্যনর।

কলিকাতার স্পেসিয়ল কমিস্যনর সাহেবের দপ্তর।
ফোর্ট উলিয়ম। ১৮৪২ সাল ১৪ জুলাই।

John C Marshman, *Bengalee Translator*

CIVIL APPOINTMENTS.

No 377.
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT.
The 27th July, 1842

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to appoint Mr. Assistant Surgeon W Griffith to officiate as Superintendent of the Honourable Company's Botanic Garden, during the absence of Dr N Wallich, who has proceeded to the Cape of Good Hope, under Medical Certificate, and to place Mr J Voigt in charge until Mr Griffith's arrival, or until further orders

H V Bayley,
Depy Secy to the Govt of Bengal

No. 981

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT
LEAVE OF ABSENCE
The 25th July, 1842

Lieutenant H. L. Bigge, Principal Assistant to

রাজকর্ম্মে নিয়োগ।

৩৭৭ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৭ জুলাই।

শ্রীযুত ডাক্তর উআলিক সাহেব কেপে গমনকরাতে বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব আসিষ্টাণ্ট সরজন শ্রীযুত ডবলিউ গ্রিফিথ সাহেবকে তাঁহার অনুপস্থানে কোম্পানির বাগানের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত করিয়াছেন এবং শ্রীযুত গ্রিফিথ সাহেবের না পঁহুছনপর্য্যন্ত কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে বাইট সাহেব ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

৯৮১ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
ছুটী।
১৮৪২ সাল ২৫ জুলাই।

কামরূপের আসাম দেশস্থ কমিসনর সাহেবের প্রধান

the Commissioner of Assam at Kamroop, for three months, on Medical Certificate, under Section XI. Chapter II. of the Rules of 29th January, 1840

APPOINTMENTS

The 1st August, 1842.

Mr. F B Kemp, Officiating Collector of Dinagepore, to receive charge and perform the duties of the Magistracy of that District, in addition to his own, until the arrival of Mr W Bell

Mr W. Grey to be an Assistant to the Magistrate and the Collector of Rajeshye.

Mr E H Lushington to be ditto to the Magistrate and the Collector of the 24-Pergunnahs

Mr R Abercrombie, Assistant to the Magistrate and the Collector of East Burdwan, to exercise the Special powers described in Section II Regulation III of 1821.

To be Members of a Committee for the Management of the Surplus Ferry Funds of the District of Jessore.

Dr J Anderson,
Mr W Studdert,
Mr E Draper,
Mr N Barchard,
Mr C Deverinne,
Mr R Spence

LEAVES OF ABSENCE

Baboo Hurrynarain Ghose, Principal Sudder Ameen of 24-Pergunnahs, for seven days, from the 26th ultimo, on private affairs

Moulvie Niamut Alli, Sudder Ameen of Patna, for two months, in addition to the ensuing Dusserah Vacation Anund Misser, 1st grade Moonsiff, will officiate as Sudder Ameen during the absence of Moulvie Niamut Alli.

The 2d August, 1842

Mr A. Turnbull, Officiating Magistrate of East Burdwan, for three days, to visit the Presidency, on private affairs, making over charge of the current duties of his office to Mr Abercrombie

The leave of absence granted under Orders of 20th June last, to Moulvie Fakeeroodeen Ahmed Khan, Deputy Collector under Regulation IX. of 1833, in Purneah, will take effect from the 15th instead of from the 1st ultimo

NOTIFICATION.

Mr. A. G MacDonald received charge of the Magistracy of Rungpore, from Mr. A T. Dick on the 22d ultimo.

Major M G White received charge of the office of Principal Assistant to the Commissioner of Assam at Goalparah, from Captain L P. D Eld on the 19th ultimo

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

গেবর্ণমেণ্ট গেজেট ১৮৪২ সাল ৯ আগষ্ট ॥

আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ এস বিগ সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ২ অধ্যায়ের ১১ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ ॥

১৮৪২ সাল ১ আগষ্ট।

দিনাজপুরের একটিং কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব শ্রীযুত ডবলিউ বেল সাহেবের না পঁহুছনপর্য্যন্ত আপনার কর্ম্মের অতিরিক্ত ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার গ্রহণ করিয়া ঐ কর্ম্ম চালাইবেন।

শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব রাজশাহীর কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইবেন।

শ্রীযুত ডাক্তর আণ্ডরসন সাহেব।
„ ডবলিউ ষ্টডর্ট সাহেব।
„ ই ড্রেপর সাহেব।
„ এন বারচার্ড সাহেব।
„ সি ডেবেরিন সাহেব।
„ আর স্পেন্স সাহেব।

যশোহর জিলার গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকার ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

চব্বিশপরগনার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হর নারায়ণ ঘোষ স্বীয় কর্ম্মোপলক্ষে গত মাসের ২৬ তারিখ অবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

পাটনার সদর আমীন শ্রীযুত মৌলবী নেয়ামৎ আলী আগামি দশরাতে যে ছুটী পাইবেন তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইবেন। মৌলবী নেয়ামৎ আলীর অনুপস্থানপর্য্যন্ত প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত আনন্দ মিশ্র সদর আমীনী কর্ম্ম একটিংরূপে নির্ব্বাহ করিবেন।

১৮৪২ সাল ২ আগষ্ট।

পূর্ব্ব বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এ টর্ণবুল সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে রাজধানীতে গমনার্থ তিন দিনের ছুটী পাইয়াছেন এবং তিনি আপনার পদের চলিত কর্ম্মের ভার শ্রীযুত আবরক্রম্বি সাহেবের প্রতি অর্পণ করিবেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে পূরণিয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ফকিরুদ্দীন আহমদ খাঁ যে ছুটী পাইয়াছেন তাহা গত মাসের ১ তারিখঅবধি আরম্ভ না হইয়া ১৫ তারিখঅবধি আরম্ভ হইবেক।

বিজ্ঞাপন।

শ্রীযুত এ টি ডিক সাহেবের স্থানহইতে শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব রঙ্গপুরের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার গত মাসের ২২ তারিখে গ্রহণ করিলেন।

শ্রীযুত কাপ্তান এল পি ডি এল্ড সাহেবের স্থানহইতে শ্রীযুত মেজর এম জি হুআইট সাহেব আসাম দেশের কমিসনর সাহেবের গোআলপাড়াস্থিত প্রধান আসিষ্টাণ্টের কর্ম্মের ভার গত মাসের ১৯ তারিখে গ্রহণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জাগা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং নারায়ণপুরের সরকারি গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওজুদি নেমক	নিরিখ দর ফি ১০০, মোন
২৪ পরগনা তফাল	নারায়ণপুর	১২৪৮ সাল	৫০০০০, মোন	কোং টাকা ৪৩০,

বোর্ড পরিমিট নিমক ও আফিম তাং ২ আগষ্ট সন ১৮৪২ সাল। এচ টরেন্স সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে গত ২৫ জুন তারিখের এস্তেহার অনুযায়ি আগামি ১ সেপ্টেম্বর তারিখের পূর্ব্ব পর্য্যন্ত যে সকল ব্যক্তি জেলা তমলুকের ঘাট নারায়ণপুরের গোলা হইতে সন ১২৪৭ সালের পোক্তানি নেমক্কে বর্ত্তমান তারিখ অর্থাৎ ফিশত মোন কোং ৪২৮ টাকা দরে খরিদ করিবেক তাহারা তদ্রূপ পরিমাণ নমক ফিশত মোন কোং ৪১২ টাকা দরে কম্পেন সেশন ডিলিবরী অর্থাৎ পুরস্কার স্বরূপ পাইবার যোগ্য হইবেক।

তৎপরে যদ্যপি ঐ সন ১২৪৭ সালের তাবৎ নমক বিক্রয় না হইয়া তাহার কিঞ্চিৎ নমক গর বিক্রী থাকে তবে সেই নমকের ফিশত মোন কোং ৪২০ টাকা দরের কমে বিক্রয়ার্থে এস্তেহার দেওয়া যাইবেক না ইতি।

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরিমিট নিমক ও আফিম সন ১৮৪২ সাল তারিখ ১ আগষ্ট।

এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND. জমীদারী নীলাম।

এস্তাহারনামা কাছারি ডিপুটী কালেক্‌টরি জেলা মেদিনীপুর বৈঠক শ্রীযুত রাবর্ট ফেনি সাহেব ডিপুটী কালেক্‌টর লাখরাজদারান। পরগনে দোরদুবনার।

যেহেতুক সংপ্রতি পরগনে দোরদুবনারের মাল ও লাখরাজ হররকম জমিনের বন্দবস্ত হইতেছে ও প্রকাশ যে বহু লাখরাজদারান গরহাজির থাকাতে ১৭৯০ সালের পূর্ব্বাবধি নিষ্কর ভোগ দখলের প্রমাণ না পঁহুছিবার দরুন ১৭৯৩ সালের ১৯ আইনের ১০ ধারার মর্ম্মমতে ঐ সকল ব্যক্তির লাখরাজ মালভুক্ত করা উচিত হইয়া এবিষয়ের পূর্ব্বাহ্নে লাখরাজদারানকে জ্ঞাত করাণ কর্ত্তব্য ও ব্যক্ত যে লাখরাজদারানের নিবাস জেলা ২৪ পরগনা ও মুরশিদাবাদ ও ঢাকা ও নদীয়া ও বর্দ্ধমান ও হুগলী ও শহর কলিকাতা ও ফরাসডাঙ্গা ও বাঁকুড়া ও কটক ও বালেশ্বর ও পুরী ওগয়রহর শামিল অতএব এই এস্তাহারের দ্বারা জাহির করা যায় যে যদ্যপি লাখরাজদার লোক হাজির হইয়া ইংরেজী সন ১৭৯০ সালের পূর্ব্বাবধি নিষ্করের ভোগদখলের সাবুদ দিয়া বন্দবস্ত গ্রহণ না করে তবে তাহারদিগের লাখরাজ পুরা জমাতে মালে দাখিল দেওয়া যাইবেক পশ্চাৎ কোন ওজর শুনা যাইবেক না এবং উহার লাখরাজের দাবি করিলে শুনিবার যোগ্য হইবেক না ইতি।

Midnapore Collectorate. R. Finney, *Deputy Collector.*

SHERIFF'S SALES শরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মৃত শ্রীনাথ রায়ের উত্তরাধিকারিণী মাতা তিলকমণি দাসীর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক যে এক পরওয়ানা কলিকাতার শরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান আগষ্ট মাসের ১৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ দফা। কলিকাতার চিৎপুরের রাস্তার মন্দিরবাড়ীর শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ জুমি কমবেশ ১ ছয় কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত পূর্ব্বদিগে কৃষ্ণমণি রাঁড়ের বাটী ও ভূমি পশ্চিম দিগে হরমণি রাঁড়ের বাটী ও ভূমি দক্ষিণ দিগে প্যারীমণি রাঁড়ের বাটী ও ভূমি উত্তর দিগে মন্দির বাড়ীর কোম্পানির গলি।

২ দফা। এবং বাঙ্গলা প্রদেশের কলিকাতার শহর তালির ডিহি পঞ্চান্ন গ্রামের বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত একতালা বসত বাটী তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভুমি কমবেশ ৪৬ /২ ছেচল্লিশ বিঘা দুই কাটা তাহার উপর দুইটা রমসরাণের ভাটী তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগের একাংশে এইক্ষণে মৃত ফকিরচাঁদ দাসের সম্পত্তি অপরাংশে এইক্ষণে রামহরি মুখুয্যের সম্পত্তি পশ্চিম দিগের একাংশে মৃত হরিমোহন ঠাকুরের সম্পত্তি অপরাংশে মৃত জগন্নাথ দত্তের সম্পত্তি অন্যাংশে মৃত কৃষ্ণকান্ত সেনের সম্পত্তি অপরাংশে বৃন্দাবন ধরের সম্পত্তি এবং অন্যাংশে হর

সেটের সম্পত্তি পশ্চিম দিগের একাংশে রামধন সিমলির সম্পত্তি এবং অপরাংশে উক্ত হর সেটের সম্পত্তি।

৩ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৬।৪৸০ ছয় বিঘা নয় কাটা বার ছটাক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পশ্চিম দিগে উক্ত হর সেটের সম্পত্তি। দক্ষিণ দিগের একাংশে মৃত বারাণসী ঘোষের সম্পত্তি অপরাংশে রামহরি মুখুয্যের এক খণ্ড ব্রহ্মোত্তর ভূমি এবং অন্যাংশে তাহার বাটী পূর্ব্ব দিগে মাধব বাবুর বাটী ও ভূমি।

৪ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি কম বেশ ৩ তিন বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে উক্ত হর সেটের ধান্য ভূমি দক্ষিণ দিগে রামশঙ্কর বসাকের ধান্য ভূমি। পশ্চিম দিগে মৃত মকিম দারোগার বাগাৎ ভূমি পূর্ব্ব দিগে দেবোত্তর ধান্য ভূমি।

৫ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি কমবেশ ১ এক বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে উক্ত রামশঙ্কর বসাকের ধান্য ভূমি দক্ষিণ দিগে মথুর মুদির ধান্য ভূমি পশ্চিম দিগে রামনারায়ণ মুখুয্যের ধান্য ভূমি পূর্ব্ব দিগে এক্ষণে বা পূর্ব্বে কসাই ঘরার ধান্য ভূমি।

৬ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১॥৪ এক বিঘা চৌদ্দ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেন। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে রাধামোহন গোসাঞির বাগান দক্ষিণ দিগে কালীনাথ মুনসীর ধান্য ভূমি পশ্চিম দিগে মৃত চরলাল দত্তের ধান্য ভূমি পূর্ব্ব দিগে উক্ত হরিমোহন ঠাকুরের ধান্য ভূমি।

৭ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি কমবেশ ১/ এক বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে গোলোক দাসের ধান্য ভূমি দক্ষিণদিগে উক্ত মৃত হর সেটের ধান্য ভূমি পশ্চিম দিগে রামলোচন রায়ের ধান্য ভূমি পূর্ব্ব দিগে উক্ত কালীনাথ মুনসীর ধান্য ভূমি।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

সাবেক সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে আগামি আগষ্ট মাসের ১৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত তামস ব্রাকেন সাহেবের হাতে বেন্দিসিয়োনে এক্স পোনাস নামক যে পরওয়ানা যাদবচন্দ্র শীলের বিরুদ্ধে আছে তদনুসারে ঐ সাহেব সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ দফা। জেলা হুগলী পরগনা আর্শা চুচুড়ার অন্তঃপাতি চৌমাথা স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /২ দুই কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে মৃত নীলমণি শীলের গোল বাটী দক্ষিণ দিগে গোপীচাঁদ শীলের বাগান পূর্ব্ব দিগে কৃষ্ণমোহন শীলের বাগান।

২ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥০ দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা ও কৃষ্ণমোহন শীলের ভূমি পশ্চিম দিগে উমাকান্ত রায়ের এক পুষ্করিণী দক্ষিণ দিগে উক্ত উমাকান্ত রায়ের ভূমি পূর্ব্ব দিগে নীলমণি শীলের গোল বাটী।

৩ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥০ দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা এবং গোপীচাঁদ শীল ও নীলমণি শীল ও বিশ্বমোহন শীলের বৈঠকখানা পশ্চিম দিগে কৃষ্ণমোহন শীলের বাটী ও ভূমি এবং দক্ষিণ দিগে সরকারী রাস্তা।

৪ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥৩ তের কাটা এবং তাহার উপরে যে ইষ্টক নির্ম্মিত প্রাচীর আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে সপ্তগ্রামি বেওয়ার বাটী ও ভূমি উত্তর দিগে গোপাল ঠাকুরের মন্দির পশ্চিম দিগে মৃত রাজীব চট্টোপাধ্যায়ের বাটী ও ভূমি এবং সরকারী রাস্তা।

৫ দফা। এবং উক্ত জিলা ও পরগনায় মানবেল বাগানের দেপাড়া গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী বা বৈঠকখানা এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /৩ তিন টাকা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে অদ্বৈতচরণ দের বৈঠক খানা পূর্ব্ব দিগে উক্ত গোপাল ঠাকুরের মন্দির দক্ষিণ দিগে ঐ মন্দিরে গমনের রাস্তা পশ্চিম দিগে সরকারী রাস্তা।

৬ দফা। এবং উক্ত জিলা ও পরগনায় ময়রবেড়ের বলদিয়া তলার শামিল ও তন্মধ্যস্থিত যে বাগাৎ ভূমি কমবেশ ২৫/ বিঘা এবং তাহার মধ্যে যে অনেক গাছ ও দুইটা পুষ্করিণী তাহার সতর টাকার অংশেতে ও তাহার সতর কাটার অংশের মধ্যে ও তাহার সতর কাটার অংশের উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক।

সরিফ সাহেবে দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলা নীলামে নিয়ম জানা যাইতে পারিবেক।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২ সাল ৯ আগষ্ট।]

MISCELLANEOUS ADVERTISEMENTS

TO PROPRIETARY ZEMINDAURS AND TALOOKDAURS, OR LANDHOLDERS INDIGO PLANTERS, &c, IN THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, &c

ALL casual defaulters, in the payment of Government Revenues, might, henceforth, if they choose, with the greatest facility imaginable, perpetually finally prevent their ancestral, or self-acquired Zemindaurrees and Talooks, or Landed Estates, Properties, &c from being peremptorily and absolutely sold off by the Fiscal Authorities of Government by Public Auction, to the highest bidders, for the veriest trifles, and save themselves and their families, from being totally ruined for life—by merely seasonably applying by *paid postage* letters, accompanied by a Fee of Company's Rupees one Hundred (100) to

MESSRS THOMAS WILTSHIRE AND CO,

UNITED SERVICE, INDIGO PLANTERS, AND GENERAL MOFUSSIL AGENTS,

No 91, Wellesley Street, Calcutta

Who with the greatest promptitude and fidelity, always attend to Predial and Indigo monetary transactions, *only from undoubtedly respectable European or Native Zemindaurs and Talookdaurs or Landholders, Indigo Planters, &c* for the negotiation of advantageous Loans, under proper Mortgage Bonds, Securities, &c, of their Estates, Rent Rolls, &c provided, they be duly Registered in Court, unentailed, and, (save the actual arrears of Government Revenue,) be perfectly unincumbered and free from pre-mortgages, doubtful claimants, and possessors coparcenary disputes, law suits, debts, &c and the applications be invariably accompanied by unreserved and correct particulars of Title Deeds Rent Rolls, &c, otherwise, applicants will meet with no kind of attention whatever

☞ Messrs Thomas Wiltshire and Co, beg to be understood in the most distinct manner possible, that *none but principals shall be negotiated with;* and for the security of their Landholder—constituents in general, they, instead of at once paying the full amount of mortgages, purpose, (with the most prudential motives, and for manifestly obvious reasons) *in the first instance, strictly paying up only the whole of the arrears of Government Revenue* and then guaranteeing, to pay punctually the subsequent instalmental rents, as they fall due, in the names of the several Zemindaurs, &c, either by drafts from the Government General Treasury here, on the different Zillah Collectors, or, remitting the same to them, either in Bank of Bengal Notes and Hoondees, or, whichever mode might be considered most conducive to general convenience and security

[*Government Gazette, 9th August,* 1842]

সাধারণ ব্যক্তিবদের ইশতিহার।

ভাবতবর্ষের মধ্যে এতদ্দেশ আগ্রা ইত্যাদি প্রসীডেন্সীর মধ্যে জমীদারান ও তালুকদারান ও নীলকর কোঠীদারান সকলকে এই বিজ্ঞাপনের দ্বারা জ্ঞাত করা যাইতেছে।

যে কোন ব্যক্তি আপনার এলাকার মালগুজারি যদ্যপি বৃটিস গবর্ণমেন্টকে সবরবাহ করিতে অশক্ত হইয়া পূর্ব্বাহ্ণে স্বেচ্ছাধীন নিম্নে লিখিত ঐ কোম্পানির অধ্যক্ষ মহাশয়দিগের নিকট ডাকযোগে মাসুল দিয়া পত্র দ্বারা সেই বিষয় রক্ষার্থে অনুরোধ করেন এবং সেই পত্র সঙ্লিত ১০০ এক শত টাকা (ফি) অগ্রে পাঠাইয়া দেন তাহা হইলে তাঁহারদিগের পৈতৃক কিম্বা স্বোপার্জ্জিত জমীদারী অথবা তালুকাত বৃত্তি বিধানাদি যাহা গবর্ণমেণ্টের রাজস্বের বাকীতে অধিক মূল্যের বিষয় অল্প মূল্যে প্রকাশ্য নীলামে বিক্রয় হইয়া যায় তাহা একেবারে অনায়াসে নিবারণ হইবেক এবং ঐ সকল জমীদার ও তালুকদারানের পরিবারেরা বিষয়চ্যুত হইয়া যাবজ্জীবন দুঃখ ভোগ করেন তাহাহইতে পরিত্রাণ পাইবেন।

মিসিঅর্স তামস উইল সায়ের এণ্ড কোম্পানি মফঃসলের জমীদারান ও তালুকদারান ও নীলকরাদি সর্ব্ব সাধারণের এজেণ্ট।

কলিকাতা ওয়েলসলী ইষ্ট্রিট ৯১ নম্বর বাটীতে আফিস।

ইহাঁরা অত্যন্ত উৎসাহপূর্ব্বক এবং সদ্ভাব সহিত সর্ব্বদা জমীদার ও তালুকদার ও নীলকরদিগের সুসারসুসারে আবশ্যকমতে কারবার করিবেন যে সকল সম্ভ্রান্তশীল ইউরোপীয় ও এতদ্দেশীয় মর্য্যাদাবন্ত জমীদার ও তালুকদার ও ভূম্যধিকারী ও নীলকর ইহাঁদিগের যদ্যপি ঐ সকল সম্পত্তির উত্তম দলিলাদি কোবালা মাতলবি কাগজ পত্র থাকে এবং ঐ সকল দলিল দস্তাবেজে আদালতের সহিমোহর নিসানি থাকে এবং ঐ সকল বিষয় যাহাতে কোন গোলযোগ না থাকে এবং ভূম্যধিকারী আপন২ বিষয়ে দান বিক্রয়ের স্বত্বাধিকারী থাকেন সেওয়ায় গবর্ণমেণ্টের খাজানা বাকী ব্যতীত ইহার পূর্ব্বে ঐ জমীদারী অন্য কাহার নিকট মার্টগেজ না থাকে অথবা অন্য কোন অনিশ্চয় হিস্যাদার ও দখলীকার ও দাওয়াদার ও সরিকী বিবাদ কিম্বা ঐ বিষয়ের উপর কেহ আদালতে কোন মোকদ্দমা এবং ঐ বিষয়ের উপর কোন দেনা না থাকে এমত বিষয় হইলে উল্লেখিত কোম্পানি ঐ সকল বিষয় মার্টগেজ রাখিয়া টাকা দিতে পারিবেন টাকা গ্রহীতাদিগের কর্ত্তব্য আপন দরখাস্তের সহিত তাঁহারদিগের ঐ সম্পত্তির যথার্থ দলিল দস্তাবেজের এক প্রস্তুত নকল এই কোম্পানিরদিগের হৌসে পাঠাইয়া দেন এতদ্ভিন্ন অন্য কোন গোলযোগ বিশিষ্ট জমীদারী ইত্যাদির মালিক এপ্রকার প্রার্থনা করিলে তাহার প্রতি কোন মনোযোগ করা যাইবেক না।

এই মেস্তর উইল সায়ের কোম্পানি সুস্পষ্টরূপে সর্ব্ব সাধারণের বোধ সুগমার্থে অনুরোধ প্রকাশ করিতেছেন বিষয়ের মালিক খোদ জমীদার ব্যতীত তাঁহারদিগের কর্ম্মকারক নায়েব কিম্বা মোক্তারের সহিত এ কারবার করিবেন না আর জমীদার ও ভূম্যধিকারিদিগের সুবিধা নিমিত্তে উত্তমাভিপ্রায়ে এমত মনঃস্থ করিয়াছেন বন্ধকীয় বিষয়ের সকল টাকা একেবারে না দিয়া গবর্ণমেণ্টের খাজানা বাকী যাহা থাকিবেক তাহা অগ্রে দিবেন তাহার পরে খাজানা কিস্তী২ যে প্রকার বাকী পড়িবেক ঐ বাকী খাজানা নিরূপিত দিবসে নিঃসন্দেহে ঐ জমীদারদিগের নামে কিস্তী২ হয় ত্রেজরিতে টাকা আমানত করিয়া তাহার দ্রাপ সেই২ জেলার কালেক্টরিতে পাঠাইবেন অথবা বাঙ্গাল ব্যাঙ্ক নোট কিম্বা হুণ্ডী খোদ জমীদারদিগের নিকটে পঁহুছিবেক কিম্বা আর কোন রকমে যে প্রকারে সকলের সুবিধা হয় এমত করিবেন।

Messrs Thomas Wiltshire and Co, also embrace the present opportunity of notifying to non-defaulter Zemindaurs, or Landholders, and the Mofussil Community in general, that for the accommodation and perfect safety of those constituents, who may feel desirous of making remittances, with the view of opening running accounts with them, they, invariably, in the first instance, invest all the surplus funds or monies remitted to them in the Honourable East India Company's Government Papers or Securities, and immediately after, reinvest the same, only in very lucrative and safe Zemindaurees, and Talooks or Landed Estates, Properties, &c and for the present, they allow Interest at the rate of Co's Rs 8 per cent per annum, on all fixed or floating balances The Principal or Interest of which, are withdrawable and drawable at pleasure at current dates Government Revenue or Rents are made remittable or payable hence, on account of Zemindaurs, either by orders from the Government General Treasury here, on the different Zillah Collectors direct, or Bank of Bengal Notes and Hoondees are transmitted to the Zemindaurs themselves

Messrs Thomas Wiltshire and Co, also profess to buy and sell unexceptionably eligible Zemindaurees, Talooks, Putnees, Indigo, Silk, Sugar, Saltpetre Factories, &c And their established rates of Commission and Interest, for buying and selling and advancing and receiving money, may be known, on paid postage applications, to them

N B Without the "*sine qua non*" Fee, mentioned in the preliminary part of this notification, no letters on Zemindaurees alone can be attended to

TO CAPITALISTS

☞ *With reference to the foregoing Notification, Messrs Thomas Wiltshire and Co, have the honor to notify to European and Native Capitalists universally, that they are now at all times prepared to receive Loans for the investment of Surplus Funds, in the manner and terms stated therein and for which, they grant their Bonds, Promissory Notes, or Receipts*

মিসিঅর্স তামস উইল সাহেব কোম্পানি আরো এই সময়ে অন্যান্য জমীদার ও তালুকদার এবং মফঃসলের আর২ সর্ব্ব সাধারণকে জ্ঞাত করাইতেছেন যে ঐ সকল খোদ জমীদারেরা যাহারা উক্ত কোম্পানির সহিত খোলা খাতায় কারবার রাখিবার নিমিত্তে তাঁহারদিগের হস্তে টাকা পাঠাইতে ইচ্ছা করিবেন তাঁহারদিগের সুগম এবং নিশ্চিন্তের কারণ যে সকল টাকা পাঠাইবেন কিম্বা যে সকল বাকী টাকা থাকিবেক তাহাতে প্রথমে অনরবল ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কাগজ খরিদ করিবেন তাহার পরেতেই সেই টাকা কোন বেখিরকীচ অথচ উত্তম মুনাফার জমীদারী অথবা তালুকইত্যাদি খরিদ করা যাইবেক এবং তাহা সেওয়ায় অনির্দ্ধার্য্য কি নির্দ্ধার্য্য যে টাকা তহবিলে বাকী জমা থাকিবেক তাহার সুদ শতকরা কোম্পানির ৮ আট টাকার হিসাবে জমীদারদিগকে দেওয়া যাইবেক ঐ বাকী টাকা আসল কি সুদ ঐ চলিত খাতার টাকা যাহা থাকিবেক তাহা প্রয়োজন মতে যে দিবস চাহিবেন সেই দিবসেই পাইতে পারিবেন আর তাঁহারদিগের জমীদারীর বাকী গবর্ণমেণ্টের রাজস্ব খাজানা হয় জেনরেল ত্রেজুরিতে আমানত করিয়া ঐ ত্রেজরি হুকুম সকল জেলার কালেক্টরিতে পাঠান যায় কিম্বা বাঙ্গাল ব্যাঙ্ক নোট অথবা হুণ্ডী জমীদারদিগের নিকট পাঠাইয়া দেওয়া যায়।

মিসিঅর্স তামস উইলসাহেব এণ্ড কোম্পানি আরো মনস্থ করিয়াছেন যে নিরাপদীয় জমীদারি ও তালুকাত ও পত্তনীয় বিষয় ও নীলের কুঠী ও চিনি ও রেসম ও শোরার কুঠী ভাল হইলে ক্রয়বিক্রয় করিবেন এবং এই ক্রয় বিক্রয় যে কমিস্যন এবং টাকা অগ্রে দেওয়া লওয়ার সুদ কিম্বা সুদের নিয়ম যাহা স্থির করা গিয়াছে তাহা তাহারদিগের ডাকযোগে পত্র লিখিলেই জানিতে পারিবেন।

এই বিজ্ঞাপনের অগ্রভাগে ১০০ এক শত টাকা ফি যে লেখা হইয়াছে ইহা ব্যতীত জমীদারির বিষয়ের কোন পত্র লিখিলে তাহার প্রতি মনোযোগ হইবেক না।

ধনবান ব্যক্তিরদের প্রতি।

উক্ত এত্তেলা সম্পর্কে শ্রীযুত তামস উইলসাহেব কোম্পানি এক্ষণে ইউরোপীয় এবং এদেশীয় ধনি ব্যক্তিরদিগকে জানাইতেছেন যে তাঁহারা এক্ষণে উপরের উক্ত প্রকারে এবং নিয়মে টাকা লইতে প্রস্তুত আছেন এবং তাহার নিমিত্ত তাঁহারা আপনারদের বণ্ড অথবা প্রোমিসরি নোট কি রসীদ দিবেন।

[*United Service and General Mofussil Agency*]

TO THE UNITED SERVICE REGIMENTAL MESSES, INDIGO, SUGAR AND COTTON PLANTERS—MERCANTILE AND OTHER GENTLEMEN, IN THE MOFUSSIL OR OUT-STATIONS OF THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, MADRAS, BOMBAY, &c AS WELL AS AFGHANISTAN, STRAITS, COASTS, CHINA, &c

☞ All Commissions, or Orders from the above, for Supplies of any kind and quantity of Wines, Beer, Spirits and Comestibles; as well as for every other description of English, French, American, China, Straits, Coast and Country Goods, of the greatest variety that could be possibly enumerated, all of first-rate quality, procurable in Calcutta, at the very lowest Market prices of the day too, are promptly attended to and executed with great judgment, fidelity, punctuality and despatch by

MESSRS. THOS. WILTSHIRE AND CO

United Service, Indigo Planters' and General Mofussil Agents,

No 91, Wellesley Street, Calcutta

Provided, they be previously amply furnished with funds, in Bank Notes, or Drafts, Hoondees, &c., at either short or long dates

Messrs Thomas Wiltshire and Co, will also always be very happy indeed to undertake Agency business of the most diversified, or Miscellaneous nature from the above, on immediate application, with equal promptitude and fidelity

[গবর্নমেণ্ট গেজেট ১৮৪২ সাল ৯ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 16, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৬ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE SUPERINTENDENT OF POLICE.

No 9 of 1842

From the Superintendent of Police, L. P to the Magistrates and Joint Magistrates, Lower Provinces

1st Instances frequently occurring of the apprehension by the Police of the Female relatives or connexions of persons accused of offences, and such being almost invariably done for the purposes of extorting evidence by violence or abusing these women, I have the honour to direct, that whenever a Darogah or other Police Officer apprehends or detains in his custody any Females on insufficient grounds he should be called on for his reply, and punished according to the circumstances of the case by fine or removal from office.

2nd. If any Police Officer should be punished more than twice for the offense above noted, he should be removed from the Police and the cases reported to me, that I may prevent his future employment in the Force

W Dampier,

Supt of Police, L. P

Monghyr, 20th July, 1842

পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের সরকুলর অর্ডর।

১৮৪২ সাল ৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট ও জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবেরদের প্রতি বাঙ্গলা দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের পত্র।

১। যে ব্যক্তির নামে অপরাধের নালিশ হয় পোলীসের আমলারা ঐ আসামীর পরিবারের কি কুটুম্বেরদের স্ত্রী লোকেরদিগকে বারম্বার গ্রেস্তার করে এবং তাহা প্রায় সর্ব্বদাই ঐ স্ত্রীলোকেরদের প্রতি দৌরাত্ম্য করিয়া কি তাহারদের অপমান করিয়া জবরদস্তীতে তাহারদের সাক্ষ্য লওনের নিমিত্ত হইতেছে অতএব আমি তোমাকে হুকুম করিতেছি যে কোন দারোগা কি পোলীসের অন্য কোন আমলা যদি অনুপযুক্ত কারণেতে কোন স্ত্রী লোকেরদিগকে গ্রেস্তার করে কি কয়েদে রাখে তবে ঐ আমলার স্থানে তাহার জওয়াব তলব হইবেক এবং দোষ বুঝিয়া ঐ আমলার জরীমানাকরণ কি তগীরকরণের দ্বারা দণ্ড করা যাইবেক।

২। যদি পোলীসের কোন আমলা ঐ অপরাধের নিমিত্ত দুইবারের অধিক দণ্ড পায় তবে তাহাকে পোলীসের কার্য্যহইতে তগীর করিতে হইবেক এবং তদ্বিষয়ের রিপোর্ট আমার নিকটে করিতে হইবেক আমি ঐ ব্যক্তিকে পুনরায় পোলীসের কার্য্যে নিযুক্ত করিতে নিবারণ করিব।

ডবলিউ ডাম্পিয়র।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

মুঙ্গের। ১৮৪২। ২০ জুলাই।

John C Marshman, *Bengalee Translator.*

SUDDER DEWANNY ADAWLUT.

সদর দেওয়ানী আদালত।

SUDDER DEWANNY ADAWLUT

Rules and Constructions in Cases of Appeal to England, by the Sudder Dewanny Adawlut

In cases appealed to the Queen in Council a security bond for the payment of all such costs of suit as are likely to be incurred by the appeal shall be filed with the petition of appeal, within six calendar months from the day of the date of the judgment or decree complained of, or otherwise the appellant shall not be considered to have preserved his right of appeal The security bond shall then be sent to the Judge of the Zillah, to ascertain that the same is good and sufficient, and a further period of six calendar months, shall be allowed to the appellant for this purpose If at the expiration of that period, the appellant shall not have satisfied the Court of Sudder Dewanny Adawlut, that the security is good, he shall be called upon to deposit in Court, the amount of security required, in money or Government Promissory Notes, and in default of doing so within a further period of three calendar months, he shall be considered as having forfeited his right of appeal to the Queen in Council, under the provisions of Regulation XVI 1797

30th Dec 1836 and 24th Dec 1841

In cases in which a security bond for the payment of costs shall not be filed with the petition of appeal, or within six months from the day of the judgment or decree complained of, and the appellant shall not move the Court within the above period for permission to deposit, in money or Government Promissory Notes within three months from the date of the expiration of the period allowed for an appeal the amount of security required, his appeal shall be struck off Should he however, move the Court for permission to deposit money security he shall be allowed three months calculated as above for that purpose, and in default of deposit, shall be considered as having forfeited his right of appeal

15th July, 1842

Should any security be discovered to be bad, after having been admitted by the Court, the appellant shall be called upon to furnish further security and to satisfy the Court that the same is good, within three calendar months, or in default of doing so, within that period to deposit the amount of security required in Court within a further period of three calendar months, otherwise, his appeal will be struck off the file of the Court, and he will be considered to have forfeited all right of appeal under Regulation XVI 1797

30th Dec 1836

In appeals to the Queen in Council, only the papers specified in Section 5 Regulation XVI 1797, to be translated.

3d July, 1840

Whenever a case appealed to Her Majesty in Council may be ordered for translation, the Register will prepare a list of the papers to be translated, and submit the same with two copies thereof to the Judge in the Miscellaneous department, a copy will be given by the Judge to the Pleaders of each of the parties to the suit, with instructions to file within a given time any objections to the list they may wish to make, and to state whether they are desirous of having any other papers (specifying the same) translated to accompany the record to be forwarded to England

3d July, 1840

A petition praying for the admission of an appeal to the Queen in Council in *formâ pauperis* to be written on stamp paper of the value of two Rupees as a miscellaneous petition

15th April, 1841

No pauper appeal to Her Majesty in Council can be admitted, unless the appellant give security to the satisfaction of the Court for the payment of all such costs, as the Court may think liable to be incurred by the appeal, as well as for the performance of such order or judgment, as Her Majesty, her heirs, or successors, may think fit to give thereupon

15th April, 1831

In cases in which the papers have been transmitted to England, deeds of compromise or agreement filed by the parties to be translated and forwarded in the usual manner through the Government, to the Privy Council, in order that the necessary order may be issued for striking the appeal off the file of pending appeals

2d Jan 1834

But in cases in which the papers of the case have not been transmitted to England, the deed of agreement may be admitted by the Sudder Dewanny Adawlut

Moteellal Opudhea versus Jugurnath Gurg Page 1, Moore's Reports

For the recovery of expences incurred by the Court of Directors on account of appeals to the Queen in Council, the Government Pleader, under instructions from the Government, is to sue out execution in the Zillah or City Court, in the same manner as in cases in which Government is a party

29th Sept 1837

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২ । ১৬ আগষ্ট ।]

সদর দেওয়ানী আদালত।

ইঙ্গলণ্ড দেশে আপীলের বিষয়ে সদর দেওয়ানী আদালত যে বিধান ও আইনের অর্থ করিয়াছেন তাহা।

শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীল হইলে যে ফয়সলা বা ডিক্রীর উপর আপীল হয় তাহার তারিখের পর আপীলী মোকদ্দমার যে খরচা হওনের সম্ভাবনা আছে তাহার নিশার কারণ ছয় মাসের মধ্যে এক মালজামিনী পত্র আপীলের আরজীর সঙ্গে সিরিশ্তায় দাখিল করিতে হইবেক তাহা না হইলে আপেলান্ট আপনার আপীলকরণের অধিকার রাখেন্ নাই এমত জ্ঞান হইবেক। পরে ঐ জামিন মাতবর কি না ইহা তহকীক করণের নিমিত্ত ঐ জামিনী পত্র জিলার জজ সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং সেই নিমিত্ত আপেলান্টকে আর ছয় মাস মিয়াদ দেওয়া যাইবেক। যদি ঐ ছয় মাস অতীত হইলে ঐ জামিনীর মাতবরীর বিষয়ে আপেলান্ট সদর দেওয়ানী আদালতে উপযুক্ত প্রমাণ না দিয়া থাকেন তবে যত টাকার জামিনীর দাওয়া হইয়াছিল তত টাকা নগদে অথবা সরকারের প্রোমিসরি নোটে আদালতে দাখিল করিতে তাঁহার প্রতি হুকুম হইবেক এবং তিনি যদি তাহার পর তিন মাসের মধ্যে ঐ টাকা কিম্বা নোট আমানৎ না করেন্ তবে ১৭৯৭ সালের ১৬ আইনের বিধির অনুসারে শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীল করিতে তাঁহার যে অধিকার আছে তাহা রহিত হইয়াছে এমত জ্ঞান করা যাইবেক।

১৮৩৬। ৩০ ডিসেম্বর।
এবং
১৮৪১। ১৪ ডিসেম্বর।

যেং গতিকে আপীলের আরজীর সঙ্গে অথবা যে ফয়সলা বা ডিক্রীর উপর আপীল হয় তাহার তারিখের পর ছয় মাসের মধ্যে খরচার নিশাকরণের মালজামিনী পত্র সিরিশ্তায় দাখিল না হয় সেইং গতিকে আপেলান্ট উক্ত ছয় মাস মিয়াদের মধ্যে আপীলের মিয়াদ অতীতহওনের তারিখের পর তিন মাসের মধ্যে যদি তলবহওয়া জামিনের তুল্য নগদ টাকা কিম্বা প্রোমিসরি নোট আমানৎ করিবার অনুমতির দরখাস্ত না করেন্ তবে তাঁহার আপীল নথীহইতে উঠান যাইবেক। কিন্তু যদ্যপি তিনি টাকার জামিন দেওনের অনুমতির দরখাস্ত আদালতে করেন্ তবে পূর্ব্বোক্তমতে হিসাব করা আর তিন মাস মিয়াদ সেই নিমিত্ত তাঁহাকে দেওয়া যাইবেক এবং যদি তিনি টাকা আমানৎ না করেন্ তবে তাঁহার আপীল করণের অধিকার রহিত হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক।

১৮৪১। ১৫ জুলাই।

যদ্যপি কোন জামিনী আদালতের দ্বারা মঞ্জুরহওনের পর মাতবর নহে এমত দৃষ্ট হয় তবে আপেলান্টকে তিন মাসের মধ্যে পুনর্ব্বার মালজামিন দিতে এবং তাহার মাতবরীর বিষয়ে আদালতে প্রমাণ দিতে হুকুম হইবেক। অথবা তিন মাসের মধ্যে জামিন না দিলে জামিনী সংখ্যার টাকা তৎপরে তিন মাসের মধ্যে আমানৎ করিতে হুকুম হইবেক এবং তাহা না করিলে আদালতের নথীহইতে তাহার আপীল উঠান যাইবেক এবং ১৭৯৭ সালের ১৬ আইনের বিধানানুসারে আপীল করিতে তাঁহার যে অধিকার আছে তাহা রহিত হইয়াছে জ্ঞান করিতে হইবেক।

১৮৩৬। ৩০ দিসেম্বর।

শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীল হইলে ১৭৯৭ সালের ১৬ আইনের ৫ ধারায় যে কাগজপত্রের বিষয় লিখিত আছে কেবল তাহারই তরজমা হইবেক।

১৮৪০। ৩ জুলাই।

শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীলী মোকদ্দমার কাগজপত্রের তরজমা করণের হুকুম হইলে যে কাগজপত্রের তরজমা করিতে হইবেক তাহার এক ফিরিস্তি রেজিষ্টর সাহেব প্রস্তুত করিয়া তাহার দুই নকল মুৎফরক্কা সিরিশ্তায় জজ সাহেবকে দিবেন। পরে জজ সাহেব তাহার একং নকল ফরিয়াদী ও আসামীর উকীলকে দিয়া তাঁহারদিগকে এমত হুকুম করিবেন যে ঐ ফিরিস্তিতে তাঁহারদের যদি কোন ওজর থাকে তবে তাহা নিরূপিত কোন মিয়াদের মধ্যে দাখিল করেন এবং ইঙ্গলণ্ড দেশে যে মিসিল পাঠান যাইবেক তাহার সঙ্গে অন্য কোন কাগজপত্র তরজমা করিয়া পাঠাইতে তাঁহারদের ইচ্ছা আছে কি না এবং কোন কাগজ তাহাও জানান্।

ঐ ঐ।

যোত্রহীনের ন্যায় ইঙ্গলণ্ড দেশে শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীলকরণের অনুমতির দরখাস্ত মুৎফরক্কা আরজীর মত ২৲ টাকা মুল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

১৮৪১। ১৫ আপ্রিল।

আদালতের বিবেচনায় আপীলের যে খরচা হইতে পারে তাহার নিশার কারণ এবং শ্রীশ্রীমতী মহারাণী কি তাঁহার উত্তরাধিকারি অথবা তাঁহার পর রাজত্বপ্রাপ্ত রাজার কৌন্সেলের হজুরে যে হুকুম বা ডিক্রী হয় তাহা মানিবার বিষয়ে যে জামিন সদর আদালত উপযুক্ত বোধ করেন্ এমত জামিন যোত্রহীন আপেলান্ট না দিলে শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে কোন যোত্রহীনের আপীল মঞ্জুর হইবেক না।

১৮৩১। ১৫ আপ্রিল।

যেং গতিকে মোকদ্দমার কাগজপত্র ইঙ্গলণ্ড দেশে পাঠান গিয়াছে সেইং গতিকে যদি উভয় বিবাদী রফানামা দাখিল করে তবে উপস্থিতহওয়া আপীলের নথীহইতে ঐ আপীল উঠাইবার রীতিমতে হুকুম হইবার নিমিত্ত ঐ রফানামা তরজমা হইয়া রীত্যনুসারে গবর্ণমেণ্টের দ্বারা শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে পাঠান যাইবেক।

১৮৩৪। ২ জানুআরি।

কিন্তু যেং গতিকে মোকদ্দমার কাগজপত্র ইঙ্গলণ্ড দেশে পাঠান যায় নাই সেইং গতিকে সদর দেওয়ানী আদালত ঐ রফানামা গ্রাহ্য করিতে পারেন্।

মতিলাল উপাধ্যায় আসামী।
জগন্নাথ গর্গ ফরিয়াদী।
মোর সাহেবের রিপোর্টের ১ পৃষ্ঠা।

শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীলের বিষয়ে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যাহা খরচ করিয়া থাকেন্ তাহা ফিরিয়া পাইবার নিমিত্ত যেং মোকদ্দমায় সরকার বাদী বা প্রতিবাদী হন্ সেইং মোকদ্দমায় যেরূপ হইয়া থাকে তদনুসারে সরকারের উকীল গবর্ণমেণ্টের হুকুমক্রমে জিলা বা শহরের আদালতে তাহার বিষয়ে উদ্যোগ করিবেন।

১৮৩৭। ২৯ সেপ্টেম্বর।

[*Government Gazette, 16th August,* 1842]

The Governor General of India in Council having referred to the Honourable Company's Attorney, in order to learn the manner in which costs when awarded by Her Majesty's Privy Council in cases of appeal from judgments of the Supreme Court of Calcutta are realised and remitted, and at what rates of exchange, has been informed that such costs, if not settled by the Attornies in England, are when the amount is realized in India, remitted at the exchange of the day

Govt. Order 11th Jan. 1837.

In cases of a demand of interest on costs paid by the Court of Directors in England, the Government Pleader to set forth in each case, the rate demanded on account of interest, the opposite party being at the same time allowed an opportunity of urging any objection he may entertain to the claim so asserted

Letter of Wn. Ct. No 1144 5th July, 1839

The Court, with reference to a statement prepared in their office, of the time occupied in preparing the lists of papers for translation in cases appealed to the Privy Council, resolve that the period of one month be allowed for preparing such lists, such period to be on no account exceeded

6th May, 1842

A party, dissatisfied with a decision of the Sudder Dewanny Adawlut in a case open to appeal to the Queen in Council, and applying for a review of judgment, is not of right entitled to the deduction of the time during which his application for a review of judgment may be pending in calculating the period allowed for the appeal. The Court however resolve that an intending Appellant be permitted to file his petition of appeal merely to save his time of appeal, notwithstanding that his application for review may not have been disposed of. In such case the petitioner must recite the fact of the application for review having been made, and its being still pending, and request permission to file his petition, intimating his intention to appeal from the original decree should the application for review be rejected.

17th June, 1842

On the filing of the petition, the usual orders shall immediately be passed for enquiry into the validity of security for costs. In the event of the ultimate rejection of the application for review, the usual order will be passed for making a translate of the proceedings, and the appeal proceed in due course

Ibid

Security in Appeals

In appeals, the surety for staying or for obtaining execution of the decree appealed against, binds himself and the property pledged by his bond to satisfy the decree which shall be passed on the appeal, whosoever, at the time of its being passed, shall stand in the place of appellant or respondent, and consequently it is unnecessary, when the death of an appellant, respondent, or surety happens pending an appeal, to incur the delay and inconvenience which whould be occasioned by calling for fresh securities.

13th July, 1832

In cases of appeal, the assignment or pledge of the lands of the appellant in lieu of security is inadmissible.

7th June, 1836

Native Deputy Register.

I If the appellant shall file in person, or by Vakeel, or authorized Mookhtar, his petition of appeal, together with copy of the decree of the lower Court, within the period of appeal allowed by the Regulations, the Deputy Register will ascertain whether the petition be correct with regard to stampt paper and other particulars, and in the event of its being so, will place the appeal on the file of the Court

21st Jan 1842

II On the appeal being registered on the file of the Court, the Deputy Register shall cause the usual notice to be served on the respondent, and the record of the case to be called for, allowing two months from the date of the receipt of the roobukaree for its transmission by the Zillah Court The Itlanameh and Istaharnameh (the notice and proclamation) for the attendance of the respondent are to be sent simultaneously to the Zillah Judge.

Ibid

III Should the petition of appeal contain also the reasons of appeal and be filed with a copy of the decree of the lower Court, the Deputy Register will retain the case in his own office until the receipt of the returns from the Zillah Court to the instructions forwarded under the preceding rule

Ibid

IV In the event of the petition of appeal being filed without the reasons of appeal and copy of the decree of the lower Court, the Deputy Register shall allow to the appellant a period of six weeks from the date of filing the petition of appeal, to file the reasons of appeal and a copy of the decree appealed from.

Ibid

ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে কোম্পানি বাহাদুরের উকীলকে জিজ্ঞাসা করিয়াছেন যে কলিকাতার সুপ্রিম কোর্টের ডিক্রীর উপর আপীল হইলে এবং শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে খরচা দেওনের হুকুম হইলে ঐ খরচা কিরূপে উসুল হয় এবং কিরূপে ও কি ভাওঅনুসারে ইঙ্গলণ্ড দেশে পাঠান যায় তাহাতে ঐ উকীল সাহেব উত্তর করিলেন যে ঐ খরচার বিষয়ে যদি ইঙ্গলণ্ড দেশে জোম্মা বেবা বন্দোবস্ত না করেন এবং যদি তাহা এদেশে আদায় হয় তবে সেই সময়ের বাজার ভাও অনুসারে পাঠান যায়।

গবর্ণমেণ্টের হুকুম। ১৮৩৭। ১১ জানুআরি।

ইঙ্গলণ্ড দেশে কোর্ট অফ ডৈরেক্টর্স আজ্ঞা করিয়াছেন যে খরচা দিয়াছেন তাহার উপর যদি সুদের দাওয়া হয় তবে সরকারের উকীল প্রত্যেক গতিকে যে হারঅনুসারে সুদের দাওয়া হয় তাহা জানাইবেন এবং পক্ষান্তরে ঐ দাওয়ার বিষয়ে যে ওজর ওজর থাকে তাহা জানাইতে পারেন।

পশ্চিম প্রদেশের আদালতের ১১৪৪ নম্বরী পত্র। ১৮৩৯। ৫ জুলাই।

শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীলহওয়া মোকদ্দমায় যে কাগজপত্র তরজমা করিতে হইবেক তাহার ফিরিস্তি প্রস্তুত করিতে যে সময় লাগে তাহার বিষয়ে সদর আদালতের দফতরে প্রস্তুতহওয়া এক কৈফিয়ৎদৃষ্টে ঐ আদালত হুকুম করিতেছেন যে ঐ২ ফিরিস্তি প্রস্তুতকরণের নিমিত্ত এক মাস মিয়াদ দেওয়া যাইবেক এবং তাহাঅপেক্ষা অধিক কদাচ দেওয়া যাইবেক না।

১৮৪২। ৬ মে।

শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে যে মোকদ্দমার আপীল হইতে পারে সেই মোকদ্দমায় যদি কোন ব্যক্তি সদর দেওয়ানী আদালতের ডিক্রীতে নারাজ হইয়া পুনর্বিচারের বিষয়ে দরখাস্ত করেন তবে যত কাল পুনর্বিচারের বিষয়ে তাঁহার দরখাস্ত আদালতে উপস্থিত থাকে তত কাল আপীলের নিরূপিত মিয়াদহইতে বাদ দিতে তাঁহার অধিকার নাই কিন্তু সদর দেওয়ানী আদালতের সাহেবেরা হুকুম করিয়াছেন যে যে ব্যক্তি আপীল করিতে চাহেন তিনি আপীলের মিয়াদ রক্ষা করিবার জন্য পুনর্বিচারের দরখাস্ত নিষ্পত্তি না হইলেও আপীলের দরখাস্ত সিরিশ্তায় দাখিল করিতে পারেন। এমত প্রত্যেক গতিকে দরখাস্তকারী আপন আরজীতে লিখিবেন যে আমি পুনর্বিচারের দরখাস্ত করিয়াছি এবং তাহার নিষ্পত্তি অদ্যাপি হয় নাই অতএব আপীলের দরখাস্তের প্রার্থনা করি এবং পুনর্বিচারের দরখাস্ত মঞ্জুর না হইলে আসল ডিক্রীর উপর শ্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীল করিতে আমার মানস আছে।

১৮৪১। ১৭ জুন।

আপীলের দরখাস্ত সিরিশ্তায় দাখিল হইলে খরচার জামিনের আতবারীর বিষয়ের তহকীককরণের হুকুম রীতিমতে পাঠান যাইবেক। যদি পরিশেষে পুনর্বিচারের দরখাস্ত নামঞ্জুর হয় তবে কাগজপত্র তরজমাকরণের নিমিত্ত রীতিমত হুকুম দেওয়া যাইবেক এবং আপীল রীত্যনুসারে চলিবেক।

ঐ ঐ।

আপীলের জামিন।

আপীল হইলে আপীলহওয়া ডিক্রী জারীকরণ বা স্থগিত রাখণের বিষয়ে যে ব্যক্তি জামিন হন তাঁহার একরারের মজমুন এই যে আপীলের ডিক্রী হওনের সময়ে আপেলাণ্ট ও রেস্পাণ্ডেণ্টের স্থানে যে কোন ব্যক্তি থাকুন না কেন আপীলের যে ডিক্রী হয় তাহার টাকার নিশাকরণের বিষয়ে আমি এবং আমার জামিনী পত্রের লিখিত জাঁয়দাদ দায়ী আছে অতএব যখন আপেলাণ্ট কিম্বা রেস্পাণ্ডেণ্ট অথবা জামিন আপীল উপস্থিত থাকিতে মরে তখন নূতন জামিন তলব করিবার আবশ্যক নাই যেহেতুক তাহাতে অনেক ক্লেশ ও বিলম্ব হয়।

১৮৩১। ১৩ জুলাই।

আপীলের মোকদ্দমায় আপেলাণ্ট জামিন দেওনের পরিবর্ত্তে আপনার ভূমি অর্পণ বা বন্ধক দিতে পারেন না।

১৮২৬। ৭ জুন।

এদেশীয় ডেপুটী রেজিষ্টর।

১। আপীলকরণের যে মিয়াদ আইনে নিরূপণ আছে তাহার মধ্যে যদি আপেলাণ্ট স্বয়ং অথবা উকীল কি ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা অধস্থ আদালতের ডিক্রীর নকল সমেত আপনার আপীলের আরজী সিরিশ্তায় দাখিল করে তবে ডেপুটী রেজিষ্টর ইহার তহকীক করিবেন যে ইষ্টাম্প কাগজ ও অন্যান্য বিষয়ে ঐ দরখাস্ত আইনমতে হইয়াছে কি না এবং যদি হইয়া থাকে তবে ঐ আপীলের দরখাস্ত আদালতের নথীতে রাখিবেন।

১৮৪১। ২১ জানুআরি।

২। আপীলের দরখাস্ত আদালতের নথীতে রেজিষ্টরী হইলে ডেপুটী রেজিষ্টর রীতিমত রেস্পাণ্ডেণ্টের উপর এত্তেলানামা জারী করিবেন এবং ঐ মোকদ্দমার মিসিল তলব করিয়া হুকুম করিবেন যে ঐ ডেপুটী রেজিষ্টরের হুকুমজারী জিলার আদালতে পঁহুছনের পর দুই মাসের মধ্যে জিলার জজ সাহেব তাহা পাঠাইবেন। এবং রেস্পাণ্ডেণ্টের হাজির হওনের এত্তেলানামা ও ইশ্তিহারনামা তৎসমকালে জিলার জজ সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।

ঐ ঐ।

৩। যদি আপীলের দরখাস্তের মধ্যে আপীলের হেতু লেখা গিয়াছে এবং যদি অধস্থ আদালতের ডিক্রীর নকল তাহার সঙ্গে দাখিল হইয়াছে তবে পূর্ব্বোক্ত বিধির অনুসারে জিলার জজ সাহেবের নিকটে যে২ হুকুম ডেপুটী রেজিষ্টর পাঠাইয়াছিলেন তাহার রিটর্ণ না পঁহুছনপর্য্যন্ত ঐ মোকদ্দমা আপনার দফতরে রাখিবেন।

ঐ ঐ।

৪। যদ্যপি আপীলের দরখাস্তে আপীলের হেতু না লেখা গিয়াছে এবং যদি অধস্থ আদালতের ডিক্রীর নকল তাহার সঙ্গে দাখিল না হইয়াছে তবে ডেপুটী রেজিষ্টর আপীলের হেতু এবং আপীলহওয়া যে ডিক্রীর উপর আপীল হইয়াছে তাহার নকল দাখিলকরণের নিমিত্ত আপীলের দরখাস্ত সিরিশ্তায় দাখিলকরণের তারিখের পর আপেলাণ্টকে ছয় সপ্তাহের মিয়াদ দিবেন।

ঐ ঐ।

[*Government Gazette*, *16th August*, 1842]

V If the documents called for be filed within the time allowed by the preceding rule, the Deputy Register will retain the case in his own office, until the receipt of the returns from the Zillah Court to the instructions forwarded under Rule II

21st Jan 1842

VI In the event of the reasons of appeal and copy of the decree not being filed within the time prescribed, the Deputy Register, on the expiration of the time allowed, will lay the case before one of the Judges selected by the Court as the Referee in all cases from the Deputy Register

Ibid

VII. In cases in which the petition of appeal has been filed in the Zillah Court, the period of six weeks for filing the reasons of appeal and copy of the decree, shall be calculated from the date of the receipt of the petition in the office of this Court

Ibid

VIII In the event of the appellant applying for further time to file his reasons of appeal under the provisions of Section 1, Act XXIX, of 1841, the Deputy Register will immediately lay the application, together with the petition of appeal, before the Judge selected as above stated

Ibid

IX When the case on the part of the appellant has been completed, and the necessary returns and record received from the Zillah Court, the Deputy Register will allow 15 days to the respondent to file his answer

Ibid

X On the filing of the answer, or otherwise on the expiration of the time allowed for filing it, the Deputy Register will place the case on the list of cases ready for distribution Should the answer be presented after the date fixed, but before the distribution of the case to any of the Judges, it shall be received by the Deputy Register, and filed with the record of the case.

Ibid

XI Applications for the admission of appeals, preferred after the expiration of the period allowed for appealing, shall be laid before the Judge selected as Referee

Ibid

XII It will be the duty of the Deputy Register to note any irregularities committed by the lower Courts in the preparation and endorsement of the copies of the decrees of their Courts, and submit his report of such irregularities, to the Judge selected as Referee

Ibid

XIII In the event of the demise of a party to an appeal, the Deputy Register will take the necessary steps for causing the attendance of his or her representatives. Should this enquiry involve a question as to who are the representatives of the deceased, the Deputy Register will lay the case before the Judge selected as Referee

Ibid

XIV In the event of the legal representative of a deceased party being a minor or lunatic, the Deputy Register will lay the case before the Judge as above, in order that the necessary measures may be taken for having a Guardian appointed

Ibid

XV Should the representatives of a party appellant fail to attend within the time allowed for their appearance, or such representatives, or guardian appointed in the manner referred to in the preceding rule, neglect to proceed with the appeal within a period of six weeks from the date of admission to appear as representatives, or of appointment as Guardian, as the case may be, the Deputy Register shall lay the case before the Judge selected as Referee, to be dealt with according to the provisions of Act XXIX of 1841

Ibid

XVI Information of the death, suspension, resignation, or removal of a pleader of the Court, is to be given by the Deputy Register in the manner prescribed by Clause 3, Section 18, Regulation XXVII, 1814

Ibid

XVII Should an appellant neglect to proceed with his case by the appointment of another Vakeel, or by failure to attend in person within the period allowed by Clause 3, Section 18, Regulation XXVII 1814, the Deputy Register shall lay the case before the Judge selected as Referee, to be dealt with according to the provisions of Act XXIX of 1841.

Ibid

XVIII. In the event of any delay on the part of the Zillah Courts in the execution of the requisitions made to them by the Deputy Register, that officer shall bring the same to the notice of the Court to which the requisition has been made. Any continued delay after such second requisition he will report to the Judge selected as Referee.

Ibid

XIX Special appeals (after admission) to be dealt with in regard to the preparation of the cases for trial, the same as regular appeals.

Ibid

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২ । ১৬ আগষ্ট ॥

৫। যে কাগজপত্র এইরূপে তলব হয় তাহা যদি পূর্ব্বোক্ত বিধির নিরূপিত মিয়াদের মধ্যে সিবিশ্‌তায় দাখিল হয় তবে দ্বিতীয় বিধির অনুসারে জিলার আদালতে যে হুকুম পাঠান গিয়াছিল তাহার রিটর্ণ না পঁহুছনপর্য্যন্ত ডেপুটী রেজিষ্টর ঐ মোকদ্দমা আপনার দফ্তরে রাখিবেন। — ১৮৪২। ১১ জানুআ

৬। যদি নিরূপিত সময়ের মধ্যে আপীলের হেতু এবং ডিক্রীর নকল দাখিল না হয় তবে ডেপুটী রেজিষ্টরের জিজ্ঞাসিত সকল বিষয়ের নিষ্পত্তি করিতে সদর আদালতের যে২ জজ সাহেব নিযুক্ত হইয়াছেন তাঁহার কোন এক জন জজ সাহেবকে ডেপুটী রেজিষ্টর নিরূপিত মিয়াদ অতীত হইলে তাহা জানাইবেন। — ঐ ঐ।

৭। যদি আপীলের দরখাস্ত জিলার আদালতের সিবিশ্‌তায় দাখিল হইয়া থাকে তবে আপীলের হেতু এবং ডিক্রীর নকল দাখিলকরণের নিমিত্ত যে ছয় সপ্তাহ মিয়াদের নিরূপণ আছে তাহা সদর আদালতে দরখাস্ত পঁহুছনের তারিখঅবধি গণ্য হইবেক। — ঐ ঐ।

৮। যদি ১৮৪১ সালের ২৯ আইনের ১ ধারার বিধির অনুসারে আপেলাণ্ট আপনার আপীলের হেতু দাখিল করিতে অধিক মিয়াদের দরখাস্ত করেন্ তবে পূর্ব্বোক্ত মতে সদর আদালতে যে জজ সাহেব নিযুক্ত হইয়াছেন তাঁহাকে ডেপুটী রেজিষ্টর ঐ দরখাস্ত এবং আপীলের দরখাস্ত দিবেন। — ঐ ঐ।

৯। আপেলাণ্টের মোকদ্দমার সমস্ত তদবীর সমাপ্ত হইলে এবং জিলার আদালত হইতে আবশ্যকসকল রিটর্ণ এবং মিসিল পঁহুছিলে পর রেসপাণ্ডেণ্টকে আপনার জওয়াব দাখিলকরণের নিমিত্ত ডেপুটী রেজিষ্টর পনের দিন মিয়াদ দিবেন। — ঐ ঐ।

১০। রেসপাণ্ডেণ্টের জওয়াব দাখিল হইলে অথবা না হইলে দাখিলকরণের নিরূপিত মিয়াদ অতীত হওনের পর ডেপুটী রেজিষ্টর বিলিকরণের উপযুক্ত মোকদ্দমার ফিরিস্তিতে ঐ মোকদ্দমা রাখিবেন। যদি ঐ জওয়াব নিরূপিত মিয়াদের পর কিন্তু কোন এক জন জজ সাহেবের নিকটে মোকদ্দমা সোপর্দ্দহওনের পূর্ব্বে প্রজবাণ যায় তবে ডেপুটী রেজিষ্টর তাহা লইয়া মোকদ্দমার মিসিলের সঙ্গে রাখিবেন। — ঐ ঐ।

১১। আপীলকরণের যে মিয়াদ নিরূপণ আছে তাহা অতীত হইলে যদি আপীল মঞ্জুরকরণের দরখাস্ত দেওয়া যায় তবে যে জজ সাহেব ডেপুটী রেজিষ্টরের সিরিশ্‌তার জিজ্ঞাসিত বিষয় নিষ্পত্তি করিতে নিযুক্ত আছেন্ তাঁহার নিকটে তাহা অর্পণ হইবেক। — ঐ ঐ।

১২। যদি ডেপুটী রেজিষ্টর দেখেন্ যে অধস্থ আদালতের ডিক্রীর নকল প্রস্তুত এবং পৃষ্ঠে দস্তখৎ করিতে ঐ আদালতে কোন বেদাঁড়া হইয়াছে তবে তাঁহার উচিত যে ঐ বেদাড়ার রিপোর্ট পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে দেন্। — ঐ ঐ।

১৩। কোন আপীলের বাদী বা প্রতিবাদী মরিলে ডেপুটী রেজিষ্টর তাহার স্থলাভিষিক্ত ব্যক্তিকে হাজির করাইবার যথোচিত উদ্যোগ করিবেন। যদি তহকীককরণেতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত কে এই বিষয়ে সন্দেহ হয় তবে ডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে সেই বিষয় জানাইবেন। — ঐ ঐ।

১৪। যদি মৃত ব্যক্তির আইনমতে স্থলাভিষিক্ত নাবালক কিম্বা উন্মাদ হয় তবে এক জন সংসারাধ্যক্ষ নিযুক্ত হওনের নিমিত্ত যথোচিত উদ্যোগ হয় এতদর্থেডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্তমত নিযুক্তহওয়া জজ সাহেবকে ঐ বিষয় জ্ঞাত করিবেন। — ঐ ঐ।

১৫। আপেলাণ্টের স্থলাভিষিক্ত ব্যক্তিরদের হাজির হওনের যে মিয়াদ নিরূপণ হইয়াছে যদি সেই মিয়াদের মধ্যে তাহারা হাজির না হয় অথবা স্থলাভিষিক্তের ন্যায় হাজির হওনের অনুমতি হইলে পর অথবা সংসারাধ্যক্ষরূপে নিযুক্তহওনের পর যদি ঐ স্থলাভিষিক্ত ব্যক্তি কিম্বা পূর্ব্বোক্ত বিধির অনুসারে নিযুক্ত সংসারাধ্যক্ষ ছয় সপ্তাহের মধ্যে আপীলের সওয়ালজওয়াব করিতে ত্রুটি করে তবে পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে ডেপুটী রেজিষ্টর ঐ বিষয় জানাইবেন এবং ১৮৪১ সালের ২৯ আইনের বিধির অনুসারে কার্য্য হইবেক। — ঐ ঐ।

১৬। সদর আদালতের উকীলের মরণ বা সস্‌পেণ্ড হওন কি ইস্তাফা দেওন বা তগীর হওনের সম্বাদ ডেপুটী রেজিষ্টর ১৮১৪ সালের ২৭ আইনের ১৮ ধারার ৩ প্রকরণের নিরূপিতমতে দিবেন। — ঐ ঐ।

১৭। যদি ১৮১৪ সালের ২৭ আইনের ১৮ ধারার ৩ প্রকরণের নিরূপিত মিয়াদের মধ্যে আপেলাণ্ট অন্য উকীল নিযুক্ত করিয়া অথবা স্বয়ং হাজির হইয়া মোকদ্দমা চালাইতে ত্রুটি করে তবে ডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্ত মতে নিযুক্তহওয়া জজ সাহেবকে তাহা জানাইবেন এবং ১৮৪১ সালের ২৯ আইনের বিধির অনুসারে কার্য্য হইবেক। — ঐ ঐ।

১৮। জিলার আদালতের স্থানে ডেপুটী রেজিষ্টর যে বিষয় তলব করেন্ সেই বিষয়েতে কিছু বিলম্ব হইলে যে আদালতের স্থানে তলব হইয়াছিল সেই আদালতের জজ সাহেবকে ডেপুটী রেজিষ্টর তাহা জানাইবেন। যদি এইরূপে দ্বিতীয়বার তলব হইলে পর বিলম্ব হয় তবে পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া সদরের জজ সাহেবের নিকটে ডেপুটী রেজিষ্টর তাহার রিপোর্ট করিবেন। — ঐ ঐ।

১৯। খাস আপীল মঞ্জুর হইলে বিচারার্থে মোকদ্দমা তৈয়ার করণের বিষয়ে জারেতামত আপীলের যে বিধি আছে সেই অনুসারে কার্য্য হইবেক। — ঐ ঐ।

John C Marshman, *Bengalee Translator.*

[*Government Gazette*, 16*th August*, 1842.]

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 19.

To the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to send you the annexed copy of a letter from Mr Secretary Halliday, under date the 4th instant, (No 861,) and its enclosures, and to request that after consulting your subordinates, and obtaining their replies, you will submit them together with your own opinion on the subject referred to for transmission to Government

E CURRIE, *Secretary*

Fort William, 20th July, 1842

No 861,

From the Secretary to the Government of Bengal in the Judicial Department, to the Secretary to the Sudder Board of Revenue, dated Fort William, the 4th July, 1842

1 I am directed by the Honourable the Deputy Governor of Bengal to transmit herewith for the information of the Board, copy of a communication from the Junior Secretary to the Government of India with the Governor General (No 25, of the 23d ultimo, and two accompaniments,) relative to a method adopted in the Cawnpore District for procuring carriage cattle, &c for the purposes of Government

2 Although the plan is not literally applicable here, in all its parts, the Deputy Governor considers it capable of being modified, so as to suit circumstances, and it will then be, in all probability, extensively useful The Board are accordingly desired to circulate copies of the correspondence among their subordinates, and invite suggestions on the whole subject of providing and supplying carriage for Troops, &c and after the Board shall have received their replies they will be pleased to submit them together with their own recommendations for the consideration of Government

(Signed) F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

Fort William, 4th July, 1842

No 25 of 1842

From the Junior Secretary to Government of India with the Governor General, to F J. Halliday, Esq Secretary to Government, Judicial Department, Fort William, dated Allahabad, 23d June, 1842,

In transmitting for the information of His Honor the Deputy Governor of Bengal the annexed correspondence with the Government of Agra relating to the procuring of carriage cattle, &c. I am desired by the Governor General to request that you will draw His Honor's attention to the question of adopting Mr. Craigie's suggestions, in the Bengal

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৬ আগষ্ট।]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার নিকটে শ্রীযুত সেক্রেটারী হালিডে সাহেবের বর্ত্তমান মাসের ৪ তারিখের ৮৬১ নম্বরী পত্রের এবং তাহার সঙ্গে অন্যান্য যে২ লিপি ছিল তাহার এক নকল পাঠাইয়া আদেশ করিতেছি যে ঐ পত্রে যে বিষয় লেখা আছে তাহাতে তোমার অধীন কার্য্যকারকেরদের পরামর্শ লইয়া তাঁহারদের উত্তর পাইলে তুমি সেই উত্তর এবং তদ্বিষয়ে তোমার মত লিখিয়া গবর্ণমেণ্টে পাঠাইবা।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২০ জুলাই।

৮৬১ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি জুডিসিয়ল ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৪২ সালের ৪ জুলাইর পত্র।

১। সরকারী কার্য্যের নিমিত্তে গাড়ি বলদইত্যাদি যোগাইয়া দিবার বিষয়ে কানপুর জিলাতে যে রীতি চলন হইয়াছে তাহার বিষয়ে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী সাহেবের গত মাসের ২৩ তারিখের ২৫ নম্বরী যে পত্র পাঠাইলেন এবং তাহার সঙ্গে অন্য যে দুই লিপি ছিল তাহার এক নকল বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে সদর বোর্ডের বিজ্ঞাপনার্থ ইহার সঙ্গে পাঠাইতেছি।

২। যদিও এদেশে ঐ রীতি সর্ব্বতোভাবে চলন হইতে পারে না তথাপি শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব বোধ করেন্ যে দেশের অবস্থামতে তাহা মতান্তর করা যাইতে পারে এবং তাহা হইলে বোধ হয় যে ঐ রীতি চলন হইলে অত্যন্ত কর্ম্ম দেখিবেক। অতএব বোর্ডের সাহেবেরদিগকে হুকুম দেওয়া যাইতেছে যে তাঁহারা এই পত্রের নকল আপনারদের অধীন কার্য্যকারকেরদের নিকটে পাঠাইয়া সৈন্যাদির নিমিত্ত গাড়ি বলদইত্যাদি যোগাইয়া দেওনের বিষয়ে ঐ কার্য্যকারকেরদের পরামর্শ চাহেন্ এবং বোর্ডের সাহেবেরা তাঁহারদের উত্তর পাইলে পর ঐ উত্তর এবং তদ্বিষয়ে আপনারদের পরামর্শ গবর্ণমেণ্টের বিবেচনার নিমিত্ত পাঠাইয়া দেন্।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৪ জুলাই।

১৮৪২ সাল ২৫ নম্বর।

ফোর্ট উলিয়ম জুডিসিয়ল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এফ জে হালিডে সাহেবের প্রতি শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত দ্বিতীয় সেক্রেটারী সাহেবের আলাহাবাদের লিখিত ১৮৪২ সালের ২৩ জুন তারিখের পত্র।

গাড়ি বলদইত্যাদি পাইবার বিষয়ে আগরার গবর্ণমেণ্টের নীচের লিখিত চিঠীপত্রনের নকল বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের বিজ্ঞাপনার্থ পাঠাইতেছি। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে আদেশ করিতেছি যে বাঙ্গলা দেশের মধ্যে যেপর্য্যন্ত উপযুক্ত বোধ হয় এবং স্থান বিবেচনা করিয়া যেপর্য্যন্ত সাধ্য হয় সেইপর্য্যন্ত বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর

Provinces so far as may seem fit and be locally practicable

(Signed) C G MANSEL,
Jun Sec to Govt of India,
with the Gov General

Allahabad, the 23d June, 1842

No 24 of 1842

From the Junior Secretary to the Government of India, with the Governor General, to R N C Hamilton, Esq Secretary to Lieutenant Governor, North Western Provinces, dated Allahabad, 23d June, 1842

I have the honour to acknowledge the receipt of your despatch, dated 7th instant, No 1065, submitting certain suggestions by the officiating Magistrate of Cawnpore on the provision of carriage, and in reply am directed to state, that the Governor General entirely coincides in the opinion expressed by his Honour the Lieutenant Governor in regard to those suggestions and approves of the circulation of them

(Signed) C G MANSEL,
Jun Sec to Govt of India,
with the Gov General

Allahabad, the 23d June, 1842

No 1065

To T H MADDOCK, Esq
Secy to Govt of India, Judicial Department,
with the Governor General

I am directed by the Honourable the Lieutenant Governor to request that you will submit for the consideration of the Right Honourable the Governor General, the annexed extract paragraph 27 of a letter No 31, dated the 16th February, 1842, from Mr J A Craigie, late acting Magistrate of Cawnpore, to the address of the Commissioner, Allahabad Division which contains some very judicious remarks on the provision of carriage, such as are calculated to prove of extensive relief to the country His Honour deems the suggestions therein embraced worthy of adoption, and deserving of the widest circulation in the Districts and Divisions of the Lower Provinces

(Signed) R N C HAMILTON,
Secy to Govt N W P

Agra, the 7th June, 1842

Extract of a report from Mr J A Craigie officiating Magistrate of Zillah Cawnpore, No 31, dated the 16th February, 1842, to the address of R Lowther, Esq Commissioner of the Allahabad Division

Carriage —27 But I fear that I may be tedious and will offer one point more only for your perusal The crying evil of the inadequacy of means for providing Carriage to any extent, without (not to say permitting, but certainly) winking at the harsh measures resorted to by Thannadars, viz seizing tripple the number required, extorting handsome douceurs from the more respectable not to press their carts, and to a smaller amount from the less wealthy, to release theirs after impressment, &c &c

[*Government Gazette, 16th August,* 1842]

নর সাহেব শ্রীযুত ক্রেগি সাহেবের পরামর্শানুসারে কার্য্য করণের বিষয়ে বিবেচনা করিবেন।

সি জি মানসেল।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি
ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

আলাহাবাদ ১৮৪২। ২৩ জুন।

১৮৪২ সাল ২৪ নম্বর।

উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সেক্রেটারী শ্রীযুত আর এন সি হামিল্টন সাহেবের প্রতি শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী সাহেবের আলাহাবাদে লিখিত ১৮৪২ সালের ২৩ জুন তারিখের পত্র।

বর্ত্তমান মাসের ৭ তারিখের ১০৬৫ নম্বরী তোমার পত্র পাইলাম তাহাতে গাড়ি বলদ ইত্যাদি যোগাইবার বিষয়ে কানপুরের শ্রীযুত একটিং মাজিস্ট্রেট সাহেব কএক পরামর্শ দিয়াছেন। এইক্ষণে আজ্ঞাক্রমে তোমাকে জানাইতেছি যে ঐ পরামর্শের বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে মত জানাইয়াছেন তাহাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সম্মত আছেন এবং ঐ পরামর্শ অন্যান্য কার্য্যকারকদিগকে জানাইতেও সম্মত আছেন।

সি জি মানসেল।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি
ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

আলাহাবাদ ১৮৪২। ২৩ জুন।

১০৬৫ নম্বর।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি জুডিসিয়েল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত টি এচ মাডক সাহেব বরাবরেষু।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে আদেশ করিতেছি যে তুমি কানপুরের সাবেক একটিং মাজিস্ট্রেট শ্রীযুত জে এ ক্রেগি সাহেব ১৮৪২ সালের ১৬ ফেব্রুআরি তারিখের ৩১ নম্বরী যে পত্র জিলা আলাহাবাদের এলাকার শ্রীযুত কমিসনর সাহেবের নিকটে পাঠাইয়াছিলেন তাহার নীচের লিখিত চুম্বক অর্থাৎ ২৭ ধারা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বিবেচনার্থে অর্পণ করিবা। ঐ পত্রে গাড়ি বলদইত্যাদি যোগাওনের বিষয়ে অতিবিবেচনাসিদ্ধ কএক পরামর্শ লিখিত হইয়াছে তাহাতে দেশের অনেক উপকার হইতে পারে। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে তাহার মধ্যে যে সকল পরামর্শ লিখিত হইয়াছে তদনুসারে কার্য্যকরা উচিত এবং ঐ পরামর্শ বাঙ্গলাপ্রভৃতি দেশের নানা জিলা ও এলাকায় জানান উপযুক্ত।

আর এন সি হামিল্টন।
উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

আগরা ১৮৪২। ৭ জুন।

আলাহাবাদের এলাকার কমিসনর শ্রীযুত আর লৌথর সাহেবের প্রতি জিলা কানপুরের একটিং মাজিস্ট্রেট শ্রীযুত জে এ ক্রেগি সাহেবের ১৮৪২ সালের ১৬ ফেব্রুআরি তারিখের ৩১ নম্বরী রিপোর্টের চুম্বক।

গাড়ি। ২৭ ধারা। পত্র বাহুল্য ভয়ে অধিক লিখিলাম না কেবল এক বিষয় তোমার বিবেচনার্থ লিখিতেছি। থানাদারেরদিগকে সৈন্যের নিমিত্ত গাড়ি যোগাইয়া দেওনের হুকুম হইলে তাহারা যত গাড়ির আবশ্যক তাহার তিনগুণ ধরে এবং ধনাঢ্য ব্যক্তিরদের গাড়ি আটক না করণের নিমিত্ত উঁহাদের স্থানে অনেক টাকা লয় এবং বাহারদের অল্প ধন তাহারদের গাড়ি আটক করণের পরে তাহা খালাস করিয়া দিতে কিঞ্চিৎ লয়। এইরূপ ব্যবহার সর্ব্বত্র প্রচার থাকাতে তাহার বেওরা লেখা অনাবশ্যক তাহাতে সর্ব্বদাই প্রজারদের পীড়া এবং সরকারেরও ক্ষতি হয় যেহেতুক গ্রামে২ অতিকদর্য্য যে সকল গাড়ি পাওয়া যায় তাহাই সরকারী কার্য্যের নিমিত্ত যোগাইয়া

modes of proceeding too well known to require any detail ending as they invariably do in the oppression of the people and the loss of Government who are eventually supplied with the very worst carriage in every village, has often attracted my notice, but in this District, where carriage to so great an extent is always in demand, no duty struck me as more imperative than the endeavour to ameliorate the system of supplying it After a perusal of Regulations on this head, it seemed to me that there was no positive injunction for furnishing carts, through the Magistrate's office, and that officer need not indeed be applied to, unless the Collector failed This was the chief difficulty to surmount, for unless I could throw the work into the Tehseeldar's hands I had little hope of succeeding with an underpaid body with one of whose chief sources of gain I was about to interfere On the 27th of March, then I transferred this duty to the Collector's office and immediately called for returns of the Carts and Bullocks in each Tehseeldaree to be registered, and there are in the District

1,153	4 Bullock Carts	
927	3 Do	Do
8 003	2 Do	Do
Total 10,083		
and 57,566	Plough Bullocks	
19,906	Cart Bullocks	
Total 77,472		

Many of the Plough Bullocks can be used in carts The Bullocks in villages where there are no carts, are not included in this statement I pledged myself to the proprietors of the above never to call for more than ¼th of their carts or cattle at once, never to draw on the same village again till every other village in the district had furnished its quota Not to permit under any circumstances the impressment of carts by the Police or Commissariat (this last point caused great opposition and correspondence, but I brought the matter to issue by fining 2 men styling themselves Commissariat Chowdries 5 Rupees, for as it had been customary for them to seize carts I would not fine beyond a trifle to settle the question, adding that the next case would be seriously visited—the matter was referred to the Commissary General who sided with me), and to the Commissariat I promised to supply carriage when requisite, and have done so when called on. In return for these advantages I notified to the proprietors that no excuse for the non-provision of carriage would be listened to as it was very improbable that ¼th of the carriage in any village could not be supplied and when by any accident such might be the case, the Zemindars must hire or borrow, that the supply of bad carriage would not be allowed, and that any delay in furnishing it would be met by a severe fine under Section 2, Regulation VII 1825 At first as is always the case with Natives till they see that one is in earnest,

দেওয়া যায়। থানাদারেরদের এই কুব্যবহারের অনুমতি না দিলে কিম্বা তাহা দেখিয়াশুনিয়া চুপ করিয়া না থাকিলে গাড়ি পাইবার অন্য কোন উপায় নাই ইহা অত্যন্ত অনিষ্ট কর্ম্ম এবং তাহার বিষয়ে আমি বারম্বার বিবেচনা করিয়াছি। পরন্তু এই জিলাতে প্রায় সর্ব্বদাই গাড়ির প্রয়োজন হইয়া থাকে অতএব তাহা যোগাইবার কোন উত্তম উপায় নিরূপণ করিবার উদ্যোগকরা আমার অত্যাবশ্যক কর্ম্ম বোধ করিলাম। এই বিষয়ের নানা আইন পাঠ করিয়া আমার বোধ হইল যে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা গাড়ি যোগাইবার কোন বিশেষ হুকুম নাই এবং কালেক্টর সাহেব তাহা যোগাইতে অক্ষম না হইলে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই বিষয়ের দরখাস্ত করণের আবশ্যক নাই তাহাতে আমি দেখিলাম যে থানাদারেরা অতিঅল্পং মাহিয়ানা পায় এবং বেগার ধরা তাহারদের লাভের এক প্রধান উপায় তাহাতে হস্তক্ষেপ করিলে তাহারদের দ্বারা কোন সুনিয়ম করা অসাধ্য তাহাতে বোধ হইল যে বলদইত্যাদি যোগাণের ভার যদি তহসীলদারের প্রতি অর্পণ করিতে না পারি তবে দায়হইতে মুক্ত হইতে পারি না। অতএব ২৭ মার্চ তারিখে আমি ঐ কর্ম্মের ভার কালেক্টর সাহেবের সিরিশ্তায় অর্পণ করিয়া আজ্ঞা করিলাম যে প্রত্যেক তহসীলদারীতে যত গাড়ি ও বলদ আছে তাহার এক রেজিষ্টর অর্থাৎ করিয়া কৈফিয়ৎ আমার নিকটে পাঠান যায়। ঐ জিলাতে

৪ গরুর	১,১৫৩	গাড়ি।	
৩ ঐ	৯২৭	ঐ।	
২ ঐ	৮০০৩	ঐ।	
সর্ব্বসুদ্ধ	১০,০৮৩	গাড়ি।	
	৫৭,৫৬৬	লাঙ্গলা গরু।	
	১৯,৯০৬	গাড়ির গরু।	
সর্ব্বসুদ্ধ	৭৭,৪৭২	বলদ।	

অনেক লাঙ্গলা গরু গাড়িতেও যোড়া যাইতে পারে। যে২ গ্রামে কোন গাড়ি নাই সেই২ গ্রামের বলদ ঐ কৈফিয়তে লেখা যায় নাই। ঐ সকল গাড়ি ও বলদের মালিকেরদের নিকটে আমি এইমত অঙ্গীকার করিলাম যে একি কালে তোমারদের গাড়ি কি বলদের চতুর্থাংশের অধিকের দাওয়া করিব না এবং এক গ্রামহইতে বলদইত্যাদি লওনের পরে এই জিলার অন্য প্রত্যেক গ্রামহইতে গাড়ি ও বলদ না লওনপর্য্যন্ত আমি ঐ প্রথম গ্রামহইতে আর দাওয়া করিব না এবং কোন গতিকে পোলীসের কি কমিসেরিয়েটের আমলাকে কোন গাড়ি বেগার ধরিতে দিব না। ইহাতে কমিসেরিয়েটেরদের সঙ্গে অনেক বিবাদ এবং লিখনপঠন হইল কিন্তু পরিশেষে যাহারা আপনারদিগকে কমিসেরিয়াট চৌধুরী বলিল এমত দুই ব্যক্তির পাঁচ২ টাকা জরীমানা করিয়া কর্ম্ম সাঙ্গ করিলাম বলদ গাড়ি আটক করিয়া রাখণের ঐ ব্যক্তিরদের ব্যবহার ছিল অতএব তাহারা ঐ কর্ম্ম আর না করে এনিমিত্তে আমি তাহারদের অল্প জরীমানা করিয়া কহিলাম যে পুনর্ব্বার এমত হইলে তোমারদের ভারি দণ্ড হইবেক পরে ঐ বিষয় শ্রীযুত কমিসারি জেনরল সাহেবের প্রতি অর্পণ হইল এবং তিনিও আমার পক্ষে নিষ্পত্তি করিলেন। আরো আমি কমিসারিয়েটের নিকটে অঙ্গীকার করিলাম যে আবশ্যকমতে তোমারদিগকে গাড়ি যোগাইয়া দিতে ত্রুটি করিব না এবং গাড়ির তলব যখন হইয়াছে তখনি আমি তাহা করিয়াছি। এই সকল বিষয়েতে ঐ গাড়ি বলদের মালিকেরদের যেমন উপকার করিলাম তেমনি আমি তাহারদিগকে কহিলাম যে গাড়ি বলদ জুটিয়া না দেওনের কোন ওজর শুনা যাইবেক না যেহেতুক কোন গ্রামের লোকেরা গাড়ি বলদের চতুর্থাংশ যোগাইয়া দিতে না পারে ইহা অসম্ভব এবং আমি কহিলাম যে যদিও দৈবাৎ এইমত হয় তথাপি জমীদারদিগকে ভাড়া করিয়া কি ধার করিয়া লইয়া যোগাইতে হইবেক এবং কদর্য্য গাড়ি

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১১ আগষ্ট।]

there were deficiencies, but a fine followed so soon, that I have established the change completely and all to whom I have spoken seem to approve of it. The merchant and traveller are not subjected to the inconvenience and loss they formerly encountered (for the district bears its own burdens) while the residents of the Zillah also are not deterred from bringing their marketable goods to the city in times of movement of Troops. I append to this report one of the printed Perwannahs for carriage which are filled up in a few seconds—in it you may remark the Zemindar is addressed personally and not through the Tehseeldar (though the order goes through that officer of course) the object of this is to save time and to ensure regularity of demand according to the Register which is kept with scrupulous care, and the Zemindar can only challenge the Register and is in no way in the power even of the Tehseeldar On the obverse of the Perwannah, when he returns it, he must enter the names of the Assamees whose carts he supplies, so that they also, when the village be again called on in rotation may complain against the Zemindar if he take them out of their turn The witnesses who sign the return would be sufficient evidence on which to fine the *Zemindar*, when I get warning long before the carriage be required, I send to the distant Pergunnahs, reserving the carriage of those neighbouring to the office for emergencies This reform could not have been more fortunately timed than in last season when the tide of demand never ebbed in consequence of the constant move of Troops, and in no one instance was a single cart rejected that I supplied On the march of the 6th Native Infantry, whose orders were urgent, I was enabled to give the Commanding Officer, Lieutenant Colonel Eckford, 75 carts, and 224 Bullocks at 48 hours warning, and he stated to me that he never marched with such good carriage I could have doubled perhaps trebled, the quantity if requisite within the same time. The demand in this district is very heavy, but the supply fully equal to it, if either the system I have had the honour of explaining to you, or some other methodical one, which some of my successors may strike out, be adopted; and as there are 10,083 carts in the district, and the drain on them 1126 per annum, each cart will be required by Government, but once in nine years!! (the inconsiderable fraction less need not be noticed,) and to determine this, I have taken last year as my standard, which is much above average so that the tax will be even lighter When proprietors send in

[*Government Gazette*, 16*th August*, 1842]

বলদ দিতে পারিবেক না এবং ঐ গাড়ি বলদ যোগাইতে কিছু বিলম্ব হইলে ১৮২৫ সালের ৬ আইনের ২ ধারানুসারে অতিভারি জরীমানা করা যাইবেক। কোন ব্যক্তি কোন কর্ম্ম সিদ্ধ করিতে প্রতিজ্ঞা করিয়াছে এদেশীয় লোকেরা যেপর্য্যন্ত ইহা না দেখে সেইপর্য্যন্ত উপযুক্তযত্নে কর্ম্ম করে না অতএব এই গতিকেও এরূপ হইল এবং প্রথমে অনেক ত্রুটি হইতে লাগিল কিন্তু তৎক্ষণাৎ ত্রুটিকারিরদের জরীমানাকরাতে আমি ঐ কার্য্য সম্পূর্ণরূপে সিদ্ধ করিয়াছি এবং যাহারদের নিকটে এই কার্য্যের বিষয় উল্লেখ করিয়াছি তাহারা সকলেই তাহাতে সম্মত আছে। সওদাগরেরদের এবং যাত্রিরদের পূর্ব্বে যে ক্লেশ ও ক্ষতি হইত তাহাহইতে এক্ষণে তাহারা মুক্ত হইয়াছে এবং সৈন্যেরদের যাত্রাকরণের সময়েও যাহারা জিলার মধ্যে বাস করে তাহারদের বেচিবার জিনিস শহরে আনিতে আর ভয় নাই। এই রিপোর্টের শেষে গাড়ি বলদইত্যাদি যোগাইবার এক ছাপাহওয়া পরওয়ানা পাঠাইয়াছি ঐ পরওয়ানার মধ্যে আবশ্যক কথা ক্ষণেক কালে লেখা যাইতে পারে এবং তাহাতে তুমি দেখিবা যে ঐ পরওয়ানা যদ্যপি তহসীলদারের দ্বারা জারী হয় তথাপি তাহা তহসীলদারের নামে না হইয়া জমীদারের নামে হইয়াছে। ইহার অভিপ্রায় এই যে তাহাতে সময় বাঁচে এবং গাড়ি বলদের দাওয়া রেজিষ্টরঅনুসারে ঠিকরূপে করা যায় ঐ রেজিষ্টর অতিসাবধানপূর্ব্বক রাখা যাইতেছে এবং জমীদার কেবল ঐ রেজিষ্টরের দোষ ধরিতে পারেন্ আরো এই নিয়মেতে জমীদারের উপর তহসীলদারের কোন পরাক্রম নাই। জমীদার যখন ঐ পরওয়ানা ফিরিয়া পাঠান্ তখন যে আসামীরদের গাড়ি লইয়াছিলেন তাহারদের নাম পরওয়ানার পিঠে লিখিতে হয় তাহাতে যখন ঐ গ্রামের পালি হইয়াছে বলিয়া গাড়ি যোগাওনের দাওয়া হয় তখন যদি জমীদার পালি ব্যতিক্রম করিয়া দাওয়া করেন্ তবে ঐ আসামীরা জমীদারের নামে নালিশ করিতে পারে। যে সাক্ষিরা ঐ পরওয়ানার পিঠে দস্তখৎ করে তাহারদের সাক্ষ্যের দ্বারা ঐ জমীদারের জরীমানা করা যাইতে পারে। যে সময়ে গাড়ি বলদের আবশ্যক হয় তাহার অনেক দিন পূর্ব্বে যদি আমাকে সম্বাদ দেওয়া যায় তবে আমি অতিদূরের পরগনাহইতে তাহা আনাইয়া থাকি এবং হঠাৎ আবশ্যক হইলে নিকটে যে সকল গ্রাম আছে ঐ সকল গ্রামহইতে গাড়ি বলদ তলব করি। সৌভাগ্যক্রমে আমি এই নিয়ম গত শীত কালে করিয়াছিলাম যেহেতুক তৎসময়ে সৈন্যেরদের অনবরত যাত্রা হওয়াতে গাড়ি বলদের সর্ব্বদাই তলব হইল এবং আমি যে সকল গাড়ি যোগাইয়াছিলাম তাহার একখানও মন্দ বলিয়া ফিরিয়া দেওয়া যায় নাই। এদেশীয় পদাতিক সৈন্যের ৬ সংখ্যক পল্টনের যাত্রার সময়ে তাহারদের গাড়ি যোগাওনের হঠাৎ জরুরী হুকুম হইল ঐ সৈন্যের যাত্রাকরণের ৪৮ ঘন্টার পূর্ব্বে আমাকে সম্বাদ দেওয়া গেল এবং আমি ঐ পল্টনের সৈন্যাধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেন্ট কর্ণেল এক্‌ফোর্ড সাহেবকে ৭৫ খানা গাড়ি এবং ২২৪ বলদ যোগাইয়া দিলাম এবং ঐ সাহেব আমাকে লিখিলেন যে ইহার পূর্ব্বে এমত উত্তম গাড়ি বলদ লইয়া কখন যাত্রা করি নাই। ঐ সময়ে আমি যত গাড়ি বলদ যোগাইয়া দিয়াছিলাম যদি আবশ্যক হইত তবে তাহার তিনগুণ ঐ কালের মধ্যে যোগাইয়া দিতে পারিতাম। এই জিলাতে গাড়ি বলদ যোগাওনের তলব সর্ব্বদাই হইতেছে কিন্তু আমি যে নিয়ম এক্ষণে ব্যক্ত করিয়াছি তদনুসারে কিম্বা আমার পরে যাঁহারা এই কর্ম্মে নিযুক্ত হইবেন তাঁহারদের কেহ যদি অন্য কোন উত্তম নিয়ম করিতে পারেন্ তবে তাহার অনুসারে কর্ম্ম করিলে যত গাড়ির তলব হয় তত গাড়ি দেওয়া যাইতে পারিবেক যেহেতুক এক্ষণে এই জিলাতে ১০,০৮৩ গাড়ি আছে এবং প্রতিবৎসরে তাহার ১,১২৬ গাড়ির দাওয়া হয় অতএব প্রত্যেক গাড়ি নয় বৎসরের মধ্যে গবর্ণমেণ্ট একবারমাত্র লইবেন এবং ইহা স্থির করণের নিমিত্ত আমি গত বৎসরে যত গাড়ির দাওয়া

Urzees stating that they have sold their carts, (and not unfrequently they give a false statement that they may not be called on for carriage,) I send the Urzee to the Tehseeldar to be checked and the carts to be entered in the village to an inhabitant of which it may have been sold, who send an acknowledgment of having purchased it, and were the same system in vogue in adjoining districts, a notification would of course be sent to the Collector and the Register be kept correctly Added to this, the Register should be revised every second or third year

Having transferred this duty to the Collector's office, it ought perhaps to have been reported from thence, but I have introduced the subject here as it is always treated and acted on as a Magisterial function, though I think erroneously

True Extract

(Signed) R. N C HAMILTON,

Sec to Govt N W P

NOTIFICATION

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 5th August, 1842

Syed Noor ool Hossein, who has obtained a Diploma, to be Moonsiff of Putneetullah, Zillah Dinagepore

J HAWKINS, *Register*

CIVIL APPOINTMENTS

No. 1026

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT APPOINTMENTS

The 1st August, 1842

Moulvie Abdoollah to be Sudder Ameen of Jessore, from the 13th of June last, vice Moulvie Mahomed Kulleem

Moulvie Abdool Wahid to be Mahomedan Law Officer of the Civil and Session Judge's Court of Dacca

LEAVES OF ABSENCE

The 5th August, 1842

Mr J Shaw, a Temporary Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, for five weeks, to proceed to Sea on the "Amherst," for the benefit of his health

The 8th August, 1842

Mr W Bell, Magistrate of Dinagepore, from the 30th June to the 27th of July 1842, in extension, under Medical Certificate

F J HALLIDAY,

Secy to the Govt of Bengal.

হইয়াছিল তাহা ধরিয়া গণনা করিয়াছি তাহাতে অন্য বৎসরঅপেক্ষা অধিক গাড়ির তলব হইল গড়ে প্রতিবৎসর তত হইবেক না। যখন কোন মালিক আপনার গাড়ি বিক্রী করিয়াছে বলিয়া এক আরজী দেখে তখন আমি ঐ আরজী তহকীককরণের নিমিত্ত তহসীলদারের নিকটে পাঠাই যেহেতুক কখন২ ঐ গাড়ির মালিকেরা আপনারদের গাড়ির দাওয়া না হয় এই অভিপ্রায়ে মিথ্যা আরজী দেখে ও ঐ বিক্রয়হওয়া গাড়ি যে গ্রামনিবাসির নিকটে বিক্রয় হইয়াছে সেই গ্রামের মধ্যে তাহা রেজিষ্টরী করিবার হুকুম দিই ও যে ব্যক্তি তাহা খরীদ করিয়াছে সেই ব্যক্তি তাহা খরীদকরণের এক নিদর্শনপত্র পাঠায়। এই নিয়ম যদি চতুর্দ্দিগের জিলাতে চলন হইত তবে গাড়ি বিক্রয় হওনের এক নিদর্শনপত্র সর্ব্বদাই কালেক্টর সাহেবের নিকটে পাঠান যাইত এবং রেজিষ্টরও ঠিকরূপে রাখা যাইত। আরো দুই তিন বৎসর পরে ঐ রেজিষ্টরের পুনর্ব্বার তহকীককরা উচিত।

এই কর্ম্ম কালেক্টর সাহেবের সিরিশ্তায় অর্পণ করিলাম অতএব হইতে পারে যে ঐ সিরিশ্তাহইতে তাহার রিপোর্টকরা উচিত ছিল কিন্তু ঐ কার্য্য সর্ব্বদাই মাজিষ্ট্রেটের সম্পর্কীয় কার্য্য বোধ হইয়া মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা নির্ব্বাহ হইতেছে এই নিমিত্তে আমি এই বিষয়ের রিপোর্ট করিয়াছি কিন্তু বোধ করি যে এই কার্য্য মাজিষ্ট্রেটের সম্পর্কীয় নহে।

প্রকৃত নকল।

আর এন সি হামিল্টন।

উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalce Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিযোগ।

১৮৪২ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত সায়দ নুরউল হুসেন যোগ্যতার পত্র প্রাপ্তহওয়াতে জিলা দিনাজপুরের পাটনিটোলার মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১০২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ১ আগষ্ট।

শ্রীযুত মৌলবী মহম্মদ কলিমের পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী আবদুল্লা গত জুন মাসের ১৩ তারিখঅবধি যশোহরের সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহিদ ঢাকার সিবিল ও সেশন জজ সাহেবের আদালতের ব্যবস্থাদায়ক মৌলবী হইবেন।

ছুটী।

১৮৪২ সাল ৫ আগষ্ট।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের এক জন কায়েম মোকাম জজ শ্রীযুত জে শা সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে "আমহর্ষ্ট" নামক জাহাজের দ্বারা সমুদ্রে গমনার্থ পাঁচ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ৮ আগষ্ট।

দিনাজপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত বেল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৪২ সালের ৩০ জুনঅবধি ২৭ জুলাইপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 378
FORT WILLIAM
GENERAL DEPARTMENT
The 10th August, 1842

Mr H Fraser, of the Civil Service, reported his arrival at Bombay, on return from England, on the 8th ultimo

Surgeon N Wallich, M D, Superintendent of the Honourable Company's Botanic Garden, embarked for the Cape of Good Hope on board the Ship "Mount Stuart Elphinstone" which vessel was left by the Pilot at Sea on the 4th instant

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal.

No 582
FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
The 3d August, 1842
PROCLAMATION

With reference to the Proclamation, dated the 11th November 1840, published in the Supplement to the *Calcutta Gazette* of the 14th November 1840, requiring the Silver Coin to be milled on the edge with a serrated or upwright milling, the Honourable the President in Council is pleased to notify that the Silver Two Anna Pieces to be issued from the Government Mints of Calcutta, Fort St George and Bombay, will be struck with a plain milling

Published by order of the Honourable the President in Council,

G A BUSHBY,
Secy to the Govt of India

৩৭৮ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ১০ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এচ ফ্রেজর সাহেব ইঙ্গলণ্ড হইতে পুনরাগমন করিয়া গত মাসের ৮ তারিখে বোম্বাইতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এন উয়ালিক সাহেব "মৌণ্ট ষ্টুয়ার্ট এলফিনষ্টন" নামক জাহাজের দ্বারা কেপে গমন করিয়াছেন এবং ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে আড়কাটি সমুদ্রে ছাড়ে।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

---

৫৮২ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৩ আগষ্ট।
বিজ্ঞাপন।

১৮৪০ সালের ১১ নবেম্বর তারিখের যে বিজ্ঞাপন ১৮৪০ সালের ১৭ নবেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহাতে লেখে যে রৌপ্য মুদ্রার ধারে দাঁড়ির মত সরল রেখার শ্রেণী থাকিবেক। তদ্বিষয়ে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে এই বিজ্ঞাপন করিতেছেন যে কলিকাতার এবং ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ এবং বোম্বাইর গবর্ণমেণ্টের টাকশালে যে সকল দুআনি রূপার মুদ্রা প্রস্তুত হইবেক তাহার ধারে উক্ত প্রকার রেখার শ্রেণী থাকিবেক না।

শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের আজ্ঞাক্রমে প্রকাশিত।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT — নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারেরদের উচিত যে ঐ নেমকের রকম চট্টগ্রামের সরকারি গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০৲ মোন
চট্টগ্রাম	সদর ঘাট	১২৪৮ সাল	১০০০০০৲ মোন	কোং টাকা ৪১৭৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১০ আগষ্ট সন ১৮৪২ সাল। — এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত করকচ নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারেরদের উচিত যে ঐ নেমকের রকম মোং শালিখার সরকারি গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জিলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০৲ মোন
মান্দরাজ পরমিট নেমক ৩ তেসরা রকম	শালিখা	১৮৪১। ৪২ সাল	মোন	কোং টাকা ৩৯০৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১০ আগষ্ট সন ১৮৪২ সাল। — এচ টরেন্স সেক্রেটারী।

[*Government Gazette, 16th August*, 1842]

বাকীজাত নমক সন ১৮৪২ সাল তারিখ ৩০ জুন।

জেলা হিজলী।

দক্ষিণ কালীনগর	১২৪৬ সাল	৮৪১২৭॥৫
ঐ ঐ	১২৪৭	৫১৯৬২৪॥০
ঐ ঐ	১২৪৮	৪২৬৪৩৮॥০
উত্তর কালীনগর	১২৪৬	৯২৫/০
ঐ ঐ	১২৪৭	১২৮৭৯৪/০
কৃষ্ণনগর	১২৪৭	১৯৫৫০২।৫॥
রামনগর	১২৪৮	৫০৪৮১/০
জেরোপাইকা	”	২৪৫৮২৬/০

জেলা তমলুক।

নারায়ণপুর	১২৪৭	২৪৭৯৪৮॥৬॥
ঐ	১২৪৮	৪৯৬৬৩৯/০
ক্রোকি নেমক	”	১০০।৬।৶

জেলা ২৪ পরগনা।

নারায়ণপুর বাহিরবুনি	১২৪৭	১১৫০/০
ঐ তাফাল	”	২১৮১।৮।৶
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের নারায়ণপুর ফার্ষ্ট কোয়ালিটি	১২৪৮	১৪২৫/০
ঐ ঐ সিকাণ্ড কোয়ালিটি	১২৪৪	১/৩।
ঐ ঐ ঐ	১২৪৮	৩৭৮৭।০
বালিয়াঘাটা	”	১৮৫॥৪
দেঁওড়া	১২৪৭	৩১।৪॥
ঐ	১২৪৮	৫২৬॥০
গোরদা	”	”
ডাইমন হারবোর	১২৪৭	২৪৬৫৭/৫
ঐ ঐ	১২৪৮	৪৯৫৪/০
বাগুণ্ডি	১২৪৭	৫০৭৬/০

জেলা চট্টগ্রাম।

নেজামপুর ডোমখালি	১২৪৭	৭৬১৮॥০
ঐ ঐ	১২৪৮	১৪৩০৩১/০
সদর ঘাট	১২৪৮	৪৩৬৪১৬॥৩
আরাকেন পাঙ্গা	১৮৪০। ৪১	২৭৩৫৸০
ঐ ঐ	১৮৪১। ৪২	৯০৮৫৯৸০
ক্রোকি পাঙ্গা	১৮৪২	৫১॥৪।৶

শালিখা।

মাদরাজ পরমিট নেমক	১৮৪১। ৪২	৩১১৪৭৭।৪
ঐ ঐ	১৮৪২। ৪৩	৪৭০০৪/
মস্কা নেমক	১৮৩৯। ৪০	১৮/৮
ঐ	১৮৪০। ৪১	২৩/৫
সৈন্ধব লবণ	”	
ঐ ধ্রডাইন ফিরিঙ্গর	”	৭৮॥৭॥/
ক্রোকি করকচ	১৮৪১। ৪২	৮॥০
ঐ	১৮৪২। ৪৩	৩৭॥৮
কটক পাঙ্গা	১২৪৬	৯৯৩৯॥৭
ঐ	১২৪৭	৩২৫৩৫৫।০
ঐ	১২৪৮	৮৬৩৫১।০
খোরদা পাঙ্গা	১২৪৫	১৯/০
ঐ	১২৪৬	৯১০৪৭॥৫
ঐ	১২৪৭	১৪২২৪৬।০
বালেশ্বর পাঙ্গা	১২৪৬	৫৩৮৸৫
ঐ ঐ	১২৪৭	৩৫৪০০৭॥৫
ঐ ঐ	১২৪৮	১২১০৮৭৸১
বালিয়াঘাটা	১২৪৭	১৮।০
ক্রোকি পাঙ্গা	১৮৪১। ৪২	১৪৸৩
”	১৮৪২। ৪৩	১৪।৭।

বিমোক্তির হুকুম সাহেবান অন্নীসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩০ জুলাই।

এচ টরেন্স সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৬ আগষ্ট।]

SALES OF LAND — জমীদারী নীলাম।

এস্তাহারনামা কাছারী ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর বৈঠক শ্রীযুত রাবর্ট ফেনি সাহেব ডেপুটী কালেক্টর

লাখেরাজদারান। পরগনে দোরদুরনান।

যেহেতুক সংপ্রতি পরগনে দুরদুরনানের মাল ও লাখেরাজ হররকম জমিনের বন্দোবস্ত হইতেছে ও প্রকাশ যে বহু লাখেরাজদারান গরহাজির থাকাতে ১৭৯০ সালের পূর্ব্বাবধি নিষ্কর ভোগ দখলের প্রমাণ না পঁহুছিবায় সন ১৭৯৩ সালের ১৯ আইনের ১০ ধারার মর্ম্মমতে ঐ সকল ব্যক্তির লাখেরাজ মালভুক্ত করা উচিত হইয়া এবিষয়ের পূর্ব্বাক্লে লাখেরাজদারানকে জ্ঞাত কারণ কর্ত্তব্য ও ব্যক্ত যে লাখেরাজদারানের নিবাস জেলা ২৪ পরগনা ও মুরশিদাবাদ ও ঢাকা ও নদীয়া ও বর্দ্ধমান ও হুগলী ও শহর কলিকাতা ও ফরাসডাঙ্গা ও বাঁকুড়া ও কটক ও বালেশ্বর ও পুরী ওগয়রহ শামিল অতএব এই এস্তাহারের দ্বারা বাহ্ল্য করা যায় যে যদ্যপি লাখেরাজদার লোক হাজির হইয়া ইঙ্গরেজী সন ১৭৯০ সালের পূর্ব্বাবধি নিষ্করের ভোগদখলের সাবুদ দিয়া বন্দবস্ত গ্রহণ না করে তবে তাহারদিগের লাখেরাজ পুরা জমাতে মাপে দাখিল দেওয়া যাইবেক পশ্চাৎ কোন ওজর শুনা যাইবেক না এবং উহার লাখেরাজের দাবি করিলে শুনিবার যোগ্য হইবেক না ইতি।

Midnapore Collectorate — R Finney, *Depy Collector*

SHERIFF'S SALES — সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেম্স ব্লাক সাহেবের বিরুদ্ধে ফাইরাই ফেসিযাস নামক যে পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান আগষ্ট মাসের ১৮ তারিখ বৃহস্পতিবারে বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ ঘরের সরঞ্জাম অর্থাৎ খাট দেওয়ালগিরি কেদারা সিন্দুকইত্যাদি উক্ত জেমস ব্লাক সাহেবের সম্পত্তি নীলাম হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

সাবেক সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে হেনরি কাইট সাহেবের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্স্পোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত তামস ব্রাকেন সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান আগষ্ট মাসের ১৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশ পরগনার ইটালির শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১/২ এক বিঘা দুই কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত হেনরি কাইট সাহেবের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কোল সাহেবের বাটী ও ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে বিবি এলিযসের বাটী ও ভূমি পূর্ব্ব দিগে লালা বাবুর এক খণ্ড ভূমি।

এবং কলিকাতা নগরে মলঙ্গার ব্যাপারিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি কমবেশ ।০ পাঁচ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত হেনরি কাইট সাহেবের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে উক্ত হেনরি কাইট সাহেবের অপর এক বাটী উত্তর দিগে গলি পশ্চিম দিগে বাদামিয়া পুকুরেতে যাইবার রাস্তা দক্ষিণ দিগে সেফর্ড সাহেবের এক খণ্ড ও বন্দ ভূমি এবং কাপ্তান মিলেট সাহেবের বাটী ও ভূমি।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত উক্ত বাটীর লাগাও যে এক একতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ।৪ময় কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত হেনরি কাইট সাহেবের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে ইঙ্গলিস সাহেবের বাটী ও ভূমি দক্ষিণ দিগে সেফর্ড সাহেবের ভূমি এবং কাপ্তান মিলেট সাহেবের বাটী ও ভূমি পশ্চিম দিগে উক্ত বাটী।

সরিফের দফ্তরে অন্বেষণ করিলে এই নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিরদের ইশতিহার।

কলিকাতা শহরের বড়বাজারের কালাকর রাস্তা নিবাসি বাকি মৃত উদাচাঁদ বসাকের দানপত্রের প্রবেট বাঙ্গলা দেশের কোর্ট নিয়মের সুপ্রিম কোর্ট এক্লিসিয়াষ্টিকল ডিপার্টমেণ্টে অন্য উক্ত কলিকাতার যোড়াসাঁকো নিবাসি ভূম্যধিকারী এবং কলিকাতার ইউনিয়ন ব্যাঙ্কের খাজাঞ্চী শ্রীরমানাথ ঠাকুরকে এবং উক্ত কলিকাতা নগরের পাঁচু ধোপানির রাস্তা নিবাসি ভূম্যধিকারী এবং উক্ত কলিকাতা নগরের সওদাগর ও এজেণ্ট শ্রীযুত কার ঠাকুর কোম্পানির কুঠীতে নিযুক্ত আসিষ্টাণ্ট শ্রীমদনমোহন চাটুয্যেকে অর্থাৎ উক্ত দানপত্র নামাঙ্কিত টর্ষ্টির দিগকে দেওয়া গিয়াছে অতএব উক্ত মৃত ব্যক্তির সম্পত্তির উপর যাহারদের কোন দাওয়া থাকে তাহারা ঐ দাওয়া উক্ত টর্ষ্টিরদিগকে জানাইবেন এবং যাহারদের স্থানে উক্ত মৃত ব্যক্তির পাওনা থাকে তাহারা ঐ পাওনা অবিলম্বে উক্ত টর্ষ্টিরদিগকে দিবেন।

হেজর ও স্মালি। প্রক্টর।

TO PROPRIETARY ZEMINDAURS AND TALOOKDAURS, OR LANDHOLDERS, INDIGO PLANTERS, &c, IN THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, &c

ALL casual defaulters in the payment of Government Revenues, might, henceforth if they choose, with the greatest facility imaginable, perpetually finally prevent their ancestral, or self acquired Zemindaurrees and Talooks, or Landed Estates, Properties, &c. from being peremptorily and absolutely sold off by the Fiscal Authorities of Government, by Public Auction, to the highest bidders, for the veriest trifles and save themselves and their families, from being totally ruined for life—by merely seasonably applying by *paid-postage* letters, accompanied by a Fee of Company's Rupees one Hundred (100) to

MESSRS THOMAS WILTSHIRE AND CO,

UNITED SERVICE, INDIGO PLANTERS, AND GENERAL MOFUSSIL AGENTS,

No 91, Wellesley Street, Calcutta

Who, with the greatest promptitude and fidelity, always attend to Predial and Indigo monetary transactions, *only from undoubtedly respectable European, or Native Zemindaurs and Talookdaurs or Landholders, Indigo Planters, &c* for the negotiation of advantageous Loans, under proper Mortgage Bonds, Securities, &c, of their Estates, Rent Rolls, &c provided, they be duly Registered in Court, unentailed, and, (save the actual arrears of Government Revenue,) be perfectly unincumbered and free from pre mortgages, doubtful claimants, and possessors coparcenary disputes, law suits debts, &c. and the applications be invariably accompanied by unreserved and correct particulars of Title Deeds, Rent Rolls, &c, otherwise, applicants will meet with no kind of attention whatever

☞ Messrs Thomas Wiltshire and Co beg to be understood in the most distinct manner possible, that *none but principals shall be negotiated with*, and, for the security of their Landholder-constituents in general, they, instead of at once paying the full amount of mortgages, purpose, (with the most prudential motives and for manifestly obvious reasons) *in the first instance, strictly paying up only the whole of the arrears of Government Revenue* and then guaranteeing, to pay punctually the subsequent instalmental rents as they fall due, in the names of the several Zemindaurs, &c either by drafts from the Government General Treasury here, on the different Zillah Collectors, or, remitting the same to them; either in Bank of Bengal Notes and Hoondees, or, whichever mode might be considered most conducive to general convenience and security

Messrs Thomas Wiltshire and Co, also embrace the present opportunity of notifying to non-defaulter Zemindaurs, or Landholders, and the Mofussil Com

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৬ আগষ্ট।

ভারতবর্ষের মধ্যে এতদ্দেশ আগ্রা ইত্যাদি প্রেসীডেন্সীর মধ্যে জমীদারান ও তালুকদারান ও নীলকর কোঠীদারান সকলকে এই বিজ্ঞাপনের দ্বারা জ্ঞাত করা যাইতেছে।

যে কোন ব্যক্তি আপনার এলাকার মালগুজারি যদ্যপি বৃটিস গবর্ণমেণ্টকে সরবরাহ করিতে অশক্ত হইয়া পূর্ব্বাক্তে স্বেচ্ছাধীন নিম্নে লিখিত ঐ কোম্পানির অধ্যক্ষ মহাশয়দিগের নিকট ডাকযোগে মাশুল দিয়া পত্র দ্বারা সেই বিষয় রক্ষার্থে অনুরোধ করেন এবং সেই পত্র সম্বলিত ১০০ এক শত টাকা (ফি) অগ্রে পাঠাইয়া দেন তাহা হইলে তাঁহারদিগের পৈতৃক কিম্বা স্বোপার্জ্জিত জমীদারী অথবা তালুকাত বৃত্তি বিধানাদি যাহা গবর্ণমেণ্টের রাজস্বের বাকীতে অধিক মূল্যের বিষয় অল্প মূল্যে প্রকাশ্য নীলামে বিক্রয় হইয়া যায় তাহা একেবারে অনায়াসে নিবারণ হইবেক এবং ঐ সকল জমীদার ও তালুকদারানের পরিবারেরা বিষয়চ্যুত হইয়া যাবজ্জীবন দুঃখ ভোগ করেন তাহাহইতে পরিত্রাণ পাইবেন।

মিসিতার্স তামস উইলসায়ের এণ্ড কোম্পানি মফঃসলের জমীদারান ও তালুকদারান ও নীলকরাদি সর্ব্ব সাধারণের এজেণ্ট।

কলিকাতা ওয়েলসলী ইষ্ট্রিট ৯১ নম্বর বাটীতে আফিস।

ইহারা অত্যন্ত উৎসাহপূর্ব্বক এবং সত্যতার সহিত সর্ব্বদা জমীদার ও তালুকদার ও নীলকরদিগের সুসারমতে আবশ্যকমতে কারবার করিবেন যে সকল সম্ভ্রান্তশীল ইউরোপীয় ও এতদ্দেশীয় মর্য্যাদাবন্ত জমীদার ও তালুকদার ও ভূম্যধিকারী ও নীলকর ইহাঁদিগের যদ্যপি ঐ সকল সম্পত্তির উত্তম দলিলাদি কোবালা যাতবরি কাগজপত্র থাকে এবং ঐ সকল দলিল দস্তাবেজে আদালতের সহিমোহর নিসানি থাকে এবং ঐ সকল বিষয় যাহাতে কোন গোলযোগ না থাকে এবং ভূম্যধিকারী আপনার বিষয়ে দান বিক্রয়ের স্বত্বাধিকারী থাকেন সেওয়ায় গবর্ণমেণ্টের খাজানা বাকী ব্যতীত ইহার পূর্ব্বে ঐ জমীদারী অন্য কাহার নিকট মার্টগেজ না থাকে অপর অন্য কোন অনিশ্চয় হিস্যাদার ও দখলীকার ও দাওয়াদার ও সরিকী বিবাদ কিম্বা ঐ বিষয়ের উপর কেহ আদালতে কোন মোকদ্দমা এবং ঐ বিষয়ের উপর কোন দেনা না থাকে এমত বিষয় হইলে উল্লিখিত কোম্পানি ঐ সকল বিষয় মার্টগেজ রাখিয়া টাকা দিতে পারিবেন টাকা গ্রহীতাদিগের কর্ত্তব্য আপন দরখাস্তের সহিত তাঁহারদিগের ঐ সম্পত্তির যথার্থ দলিল দস্তাবেজের এক প্রস্থ নকল এই কোম্পানিরদিগের কোসে পাঠাইয়া দেন এতদ্ভিন্ন অন্য কোন গোলযোগ বিশিষ্ট জমীদারী ইত্যাদির মালিক এপ্রকার প্রার্থনা করিলে তাহার প্রতি কোন মনোযোগ করা যাইবেক না।

এই মেস্তর উইলসায়র কোম্পানি সুস্পষ্টরূপে সর্ব্ব সাধারণের বোধ সুগমার্থে অনুরোধ প্রকাশ করিতেছেন বিষয়ের মালিক খোদ জমীদার ব্যতীত তাঁহারদিগের কর্ম্মকারক নায়েব কিম্বা মোক্তারের সহিত এ কারবার করিবেন না আর জমীদার ও ভূম্যধিকারিদিগের সুবিধা নিমিত্তে উত্তমাভিপ্রায়ে এমত মনস্থ করিয়াছেন বন্ধকীয় বিষয়ের সকল টাকা একেবারে না দিয়া গবর্ণমেণ্টের খাজানা বাকী যাহা থাকিবেক তাহা অগ্রে দিবেন তাহার পরে খাজানা কিস্তীং যে প্রকার বাকী পড়িবেক ঐ বাকী খাজানা নিরূপিত দিবসে নিঃসন্দেহে ঐ জমীদারদিগের নামে কিস্তীং হয় ত্রেজরিতে টাকা আমানত করিয়া তাহার দাখিলা সেইং জেলার কালেক্টরিতে পাঠাইবেন অথবা বাঙ্গালা ব্যাঙ্ক নোট কিম্বা হুণ্ডী খোদ জমীদারদিগের নিকটে পহুছিবেক কিম্বা আর কোন রকমে যে প্রকারে সকলের সুবিধা হয় এমত করিবেন।

মিসিতার্স তামস উইলসায়ের কোম্পানি অপর এই সময়ে অন্যান্য জমীদার ও তালুকদার এবং মফঃসলের অপরং সর্ব্ব সাধারণকে জ্ঞাত করাইতেছেন যে ঐ সকল

munity in general that for the accommodation and perfect safety of those constituents, who may feel desirous of making remittances, with the view of opening running accounts with them, they, invariably in the first instance, invest all the surplus funds or monies remitted to them in the Honourable East India Company's Government Papers or Securities, and immediately after, reinvest the same, only in very lucrative and safe Zemindaurees, and Talooks or Landed Estates, Properties, &c and for the present they allow Interest at the rate of Co's Rs 8 per cent per annum, on all fixed or floating balances The Principal or Interest of which, are withdrawable and drawable at pleasure at current dates Government Revenue or Rents are made remittible or payable hence on account of Zemindaurs, either by orders from the Government General Treasury here, on the different Zillah Collectors direct, or Bank of Bengal Notes and Hoondees are transmitted to the Zemindaurs themselves

Messrs Thomas Wiltshire and Co, also profess to buy and sell unexceptionably eligible Zemindaurees Talooks Putnees Indigo, Silk, Sugar, Saltpetre Factories &c And their established rates of Commission and Interest, for buying and selling and advancing and receiving money, may be known on paid postage applications, to them

N B Without the "*sine qua non*" Fee, mentioned in the preliminary part of this notification, no letters on Zemindaurees alone can be attended to

খোদ জমীদারেরা যাহারা উক্ত কোম্পানির সহিত খোলা খাতায় কারবার রাখিবার নিমিত্তে তাঁহারদিগের হস্তে টাকা পাঠাইতে ইচ্ছা করিবেন তাঁহারদিগের সুগম এবং নিশ্চিন্তের কারণ যে সকল টাকা পাঠাইবেন কিম্বা যে সকল বাকী টাকা থাকিবেক তাহাতে প্রথমে অনরবল ই এস্ট ইণ্ডিয়া কোম্পানির কাগজ খরিদ করিবেন তাহার পরেতেই সেই টাকা কোন বেখিরকীচ অথচ উত্তম মুনাফা'র জমীদারী অথবা তালুকইত্যাদি খরিদ করা যাইবেক এবং তাহা দেওয়ায় অনির্দ্ধার্য্য কি নির্দ্ধার্য্য যে টাকা তহবিলে বাকী জমা থাকিবেক তাহার সুদ শতকরা কোম্পানির ৮ আট টাকার হিসাবে জমীদারদিগকে দেওয়া যাইবেক ঐ বাকী টাকা আসল কি সুদ ঐ চলিতখাতার টাকা যাহা থাকিবেক তাহা প্রয়োজন মতে যে দিবস চাহিবেন সেই দিবসেই পাইতে পারিবেন আর তাহারদিগের জমীদারীর বাকী গবর্ণমেণ্টের রাজস্ব খাজানা হয় জেনরেল ট্রেজুরিতে আমানত করিয়া ঐ ট্রেজরি হুকুম সকল জেলার কালেক্টরিতে পাঠান যায় কিম্বা বাঙ্গাল ব্যাঙ্ক নোট অথবা হুণ্ডী জমীদারদিগের নিকট পাঠাইয়া দেওয়া যায়।

মিসিতস তামস উইলসায়ের এণ্ড কোম্পানি আরো মনস্থ করিয়াছেন যে নিরাপদীয় জমীদারি ও তালুকাত ও পত্তনী রিবন ও নীলের কুঠী ও চিনি ও রেসম ও শোরার কুঠী ভাল হইলে ক্রয়বিক্রয় করিবেন এবং এই ক্রয় বিক্রয় যে কমিস্যন এবং টাকা অগ্রে দেওয়া লওয়ার সুদ কিম্বা সুদের নিয়ম যাহা স্থির করা গিয়াছে তাহা তাঁহারদিগের ডাকযোগে পত্র লিখিলেই জানিতে পারিবেন।

এই বিজ্ঞাপনের অগ্রভাগে ১০০ এক শত টাকা ফি যে লেখা হইয়াছে ইহা ব্যতীত জমীদারির বিষয়ের কোন পত্র লিখিলে তাহার প্রতি মনোযোগ হইবেক না।

TO CAPITALISTS

☞ *With reference to the foregoing Notification, Messrs Thomas Wiltshire and Co have the honor to notify to European and Native Capitalists universally, that they are now at all times prepared to receive Loans for the investment of Surplus Funds, in the manner and terms stated therein and for which, they grant their Bonds, Promissory Notes, or Receipts*

ধনবান ব্যক্তিরদের প্রতি।

উক্ত এত্তেলা সম্পার্কে শ্রীযুত তামস উইলসায়ের কোম্পানি এক্ষণে ইউরোপীয় এবং এদেশীয় ধনি ব্যক্তিরদিগকে জানাইতেছেন যে তাঁহারা এক্ষণে উপরের উক্ত প্রকারে এবং নিয়মে টাকা লইতে প্রস্তুত আছেন এবং তাহার নিমিত্ত তাঁহারা আপনারদের বণ্ড অথবা প্রোমিসরি নোট কি রসীদ দিবেন।

[*United Service and General Mofussil Agency*]

TO THE UNITED SERVICE REGIMENTAL MESSES, INDIGO, SUGAR AND COTTON PLANTERS—MERCANTILE AND OTHER GENTLEMEN, IN THE MOFUSSIL OR OUT-STATIONS OF THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, MADRAS, BOMBAY, &c AS WELL AS AFGHANISTAN, STRAITS, COASTS, CHINA, &c

☞ All Commissions, or Orders from the above, for Supplies of any kind and quantity of Wines, Beer, Spirits and Comestibles, as well as for every other description of English, French, American, China, Straits, Coast and Country Goods, of the greatest variety that could be possibly enumerated, all of first rate quality, procurable in Calcutta, at the very lowest Market prices of the day too, are promptly attended to and executed with great judgment, fidelity, punctuality and despatch, by

MESSRS THOS WILTSHIRE AND CO

United Service, Indigo Planters' and General Mofussil Agents,

No 91, Wellesley Street, Calcutta

Provided, they be previously amply furnished with funds, in Bank Notes, or Drafts, Hoondees, &c, at either short or long dates

Messrs Thomas Wiltshire and Co, will also always be very happy indeed to undertake Agency business of the most diversified, or Miscellaneous nature from the above, on immediate application, with equal promptitude and fidelity

[*Government Gazette, 16th August,* 1842]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম রিচন সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

Numb. 113. ১১৩)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 23, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ২৩ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 2474

To the Several Session Judges in the Lower Provinces

The Court of Nizamut Adawlut publish the following instructions regarding the applicability of the provisions of Act XXXI 1841 to the orders passed by Magistrates on the cases of prisoners detained in confinement, in default of security for good conduct, agreeably to Regulation VIII 1818

2 Under Clause 2, Section 8, of that Regulation those cases, in which the demand for security does not exceed one year, do not need to be laid before Session Judges, such cases, consequently, are not in future to be revised by Session Judges, except on appeal by the parties

3 But those cases in which security for more than a year is demanded must still be submitted, for confirmation, to the Session Judge, who is competent, under Clause 2, Section 9, of the enactment cited, to modify or annul the orders passed by the Magistrate, should he see grounds for so doing

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 1st July, 1842

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২৪৭৪ নম্বর।

বাঙ্গলা প্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

যে ব্যক্তিরা ফেয়ালজামিন না দেওয়াতে ১৮১৮ সালের ৮ আইনানুসারে কয়েদ থাকে তাহারদের বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন্ তাহাতে ১৮৪১ সালের ৩১ আইনের বিধান যেরূপ খাটে তাহার বিষয়ে সদর নিজামৎ আদালতের সাহেবেরা নীচের লিখিত কার্য্যোপদেশ করিতেছেন।

২। যে মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেব এক বৎসরের অনধিক কাল ফেয়ালজামিন তলব করেন্ সেই মোকদ্দমা উক্ত আইনের ৮ ধারার ২ প্রকরণানুসারে সেশন জজ সাহেবের হজুরে দাখিলকরণের আবশ্যক নাই। অতএব উত্তর কালে উক্ত প্রকার মোকদ্দমায় যদি আসামী কিম্বা ফরিয়াদী আপীল না করে তবে সেশন জজ সাহেবেরা তাহার তহকীক করিবেন না।

৩। কিন্তু যে মোকদ্দমায় এক বৎসরের অধিক কাল ফেয়ালজামিন দেওনের হুকুম হয় সেই মোকদ্দমা মঞ্জুর হওনের নিমিত্ত সেশন জজ সাহেবের সম্মুখে পূর্ব্ববৎ দর পেশ হইবেক এবং ঐ সাহেব কোন উপযুক্ত হেতু দেখিলে উক্ত আইনের ৯ ধারার ২ প্রকরণানুসারে মাজিষ্ট্রেট সাহেবের ঐ হুকুম মতান্তর বা রদ করিতে পারেন্।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১ জুলাই।

John C Marshman, *Bengalee Translator*

SUDDER DEWANNY ADAWLUT.

সদর দেওয়ানী আদালতের বিধান।

[*Government Gazette*, *23rd August*, 1842.]

RULES OF THE SUDDER DEWANNY ADAWLUT

Execution of Decrees

XX The Deputy Register will receive all applications for the execution of Decrees, and after comparing them in the usual manner, will forward them for execution to the Zillah Court

21st Jan 1842

XXI The Deputy Register shall record in a proceeding any errors that may appear in an application for execution of a decree, for the information of the decree holder or his Vakeel, and the decree shall not be forwarded to the Zillah Court for execution, until such errors have been corrected Should any objection arise or be raised, to the execution of a decree, the Deputy Register will lay the case before the Judge selected as Referee

Ibid

XXII When a decree has been returned by a Zillah Court before completion of execution and application for revival of execution has been made to this Court, the Deputy Register shall submit such application to the Judge selected as Referee

But see Rule XXVII

Ibid

XXIII All applications for the execution of decrees, preferred by any other than the person or persons named in the decree as the party in whose favor the decree was given, are to be laid before the Judge selected as Referee

Ibid

XXIV A written notice to a Vakeel or Mookhtar engaged in a case of any order passed by the Deputy Register shall be considered as sufficient intimation to such Vakeel or Mookhtar of such order having been passed, such notice shall not of course be necessary when the order may have been passed in the presence of the Vakeel or Mookhtar

Ibid

XXV Wilful neglect on the part of any Pleader or Mookhtar attached to the Court to attend the office of the Deputy Register shall subject such Pleader or Mookhtar to dismissal from his situation

Ibid

XXVI The Deputy Register shall address the Zillah authorities by Roobukaree without precept

Ibid

XXVII The Court resolve that application for the revival of such decrees be referred to the Deputy Register under Act XVII 1841, who will admit the applications provided the decrees are not of a later date than 12 years, and no objection be raised by the opposite party, or refer them to the Judge who has been appointed as Referee should any objections exist

15th April, 1842

Pleaders and Agents

Mookhtyars or Agents who have cases in Court are required to attend regularly or send an Urzee accounting for their absence, as long as their cases are pending, failure to comply with these rules is punishable by exclusion from acting as Agents

30th Nov 1840

In the event of a Vakeel being absent on leave, he shall return to the Court on the day on which his leave may expire Any deviation from this rule will render him liable to be struck off the list of Vakeels

27th March 1840

In the event of a Vakeel absent on leave, wishing to obtain additional leave of absence, he shall send in his application to the Court for such additional leave in time enough to enable him, in the event of such additional leave being refused, to rejoin the Court by the expiration of the leave originally granted Any prolonged absence without the sanction of the Court previously obtained, in the manner above stated, will render a Vakeel liable to be struck off the list of Vakeels

Ibid

Vakeels and Agents under Regulation XII 1833, are allowed to enter the room appropriated to the use of the Mohurrirs of the Court, for the purpose of inspecting the proceedings in cases in which they are engaged, presenting petitions, pleadings &c

18th Feb 1834

Each Vakeel and Agent is authorized to nominate a Mohurrir, for whose conduct he will be responsible, who will be allowed access to the record room for the purpose of taking copies of such papers as may be required by them

Ibid

Vakeels and their Mohurrirs filing Vakalutnamehs and other papers in the office of the Serishtadar of the Sudder Dewanny Adawlut, shall sign their entry in the book kept by the officer appointed to receive such papers, in proof that they have filed them

9th Jan 1835

সদর দেওয়ানী আদালতের বিধান।

ডিক্রী জারী।

১০। ডিক্রী জারীর সকল দরখাস্ত ডেপুটী রেজিষ্টর লইবেন এবং রীতিমত তাহার মোকাবিলা করিয়া জিলার আদালতে জারী হইবার নিমিত্ত পাঠাইবেন।

১৮৪২। ২১ জানুআরি।

১১। ডিক্রী জারীকরণের দরখাস্তে যদি ডেপুটী রেজিষ্টর কোন দোষ দেখেন তবে ডিক্রীদার অথবা তাহার উকীলের বিজ্ঞাপনের নিমিত্ত তাহা এক রুবকারীতে লিখিবেন এবং যাবৎ ঐ দোষ সংশোধিত না হয় তাবৎ ঐ ডিক্রী জারী হইবার নিমিত্তে জিলার আদালতে পাঠাইবেন না। যদি ডিক্রী জারী করিতে কোন ওজর হয় তবে ডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে তাহা জানাইবেন।

ঐ ঐ।

১২। যখন জিলার আদালতের জজ কোন ডিক্রী জারী না হওনের পূর্ব্বে তাহা ফিরিয়া পাঠান্ এবং তাহা জারী করিবার বিষয়ে সদর আদালতে পুনর্ব্বার দরখাস্ত হয় তখন ডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে তাহা জানাইবেন।

কিন্তু পশ্চাৎ লিখিত ১৭ বিধি দেখ।

ঐ ঐ।

১৩। যে ব্যক্তির পক্ষে ডিক্রী হওনের বিষয় ডিক্রীতে লেখা থাকে সেই ব্যক্তি বা ব্যক্তিরা ছাড়া যদি অন্য কোন ব্যক্তি ডিক্রী জারীকরণের দরখাস্ত করে তবে সেই দরখাস্ত পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে জানাইতে হইবেক।

ঐ ঐ।

১৪। কোন মোকদ্দমায় নিযুক্তহওয়া উকীল কিম্বা মোখ্তারকে ডেপুটী রেজিষ্টরের কোন হুকুমের লিখিত এত্তেলা দেওয়া গেলে সেই হুকুম হওনের বিষয়ে ঐ উকীল বা মোখ্তারকে যথোচিত সম্বাদ দেওয়া হইয়াছে এমত জ্ঞান করা যাইবেক। কিন্তু যদ্যপি সেই হুকুম উকীল অথবা মোখ্তারের সাক্ষাতে দেওয়া গিয়া থাকে তবে সেইমত এত্তেলা সুতরাং তাহাকে দেওনের আবশ্যক হইবেক না।

ঐ ঐ।

১৫। আদালতের মোতবরী কোন উকীল অথবা মোখ্তার যদি জানিয়াশুনিয়া ডেপুটী রেজিষ্টরের দফ্তরে হাজির হইতে ত্রুটি করেন্ তবে সেই উকীল বা মোখ্তার আপন কর্ম্মহইতে তগীর হওনের যোগ্য হইবেন।

ঐ ঐ।

১৬। ডেপুটী রেজিষ্টর জিলার আদালতের সাহেবের নিকটে প্রিসেপ্ট না পাঠাইয়া রুবকারী পাঠাইবেন।

ঐ ঐ।

১৭। সদর আদালত নিশ্চয় করিয়াছেন যে ডিক্রী জারীকরণের পুনর্ব্বার যে দরখাস্ত হয় তাহা ১৮৪১ সালের ১৭ আইনানুসারে ডেপুটী রেজিষ্টরের নিকটে অর্পণ হয় এবং যদি ঐ ডিক্রী বারো বৎসরের অধিক কালের না হয় এবং যদ্যপি প্রত্যর্থি ব্যক্তি তাহাতে কোন ওজর না করে তবে ডেপুটী রেজিষ্টর ঐ দরখাস্ত গ্রাহ্য করিবেন কিন্তু যদি কোন ওজর হয় তবে পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবের নিকটে তাহা অর্পণ করিবেন।

১৮৪২। ১৫ আপ্রিল।

উকীল এবং মোখ্তার।

সদর আদালতে যে উকীল অথবা মোখ্তারেরদের মোকদ্দমা থাকে সেই মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে তত কাল তাহারা নিয়মমতে সদর আদালতে হাজির হইলেন অথবা হাজির না হওনের কারণ এক আরজীর দ্বারা জানাইবেন। যদি তাহারা এই বিধানানুসারে কার্য্য না করেন্ তবে মোখ্তারী কর্ম্মহইতে তগীরহওনরূপ দণ্ডের যোগ্য হইবেন।

১৮৪০। ২০ নবেম্বর।

যদি কোন উকীল ছুটী লইয়া স্থানান্তর হন তবে যে দিবসে তাঁহার ছুটীর শেষ হয় সেই দিবসে ফিরিয়া আসিতে হইবেক এবং যদ্যপি তিনি এমত না করেন্ তবে তাহার নাম উকীলের ইসমনবিসীহইতে কাটা যাওনের যোগ্য হইবেক।

১৮৪০। ২৭ মার্চ।

যদি ছুটী পাইয়া কোন উকীল স্থানান্তরে যান্ এবং অতিরিক্ত কালের ছুটী পাইবার বাসনা করেন্ তবে ঐ অতিরিক্ত ছুটীর দরখাস্ত আদালতে এমত সময়ে দাখিল করিবেন যে অতিরিক্ত ছুটী না দেওয়া গেলে পূর্ব্বকার দেওয়া ছুটীর মিয়াদের মধ্যে আদালতে ফিরিয়া আসিতে পারেন। যদি পূর্ব্বোক্তমতে আদালতের অনুমতি না পাইয়া কোন উকীল প্রাপ্ত ছুটীর অতিরিক্ত কাল গরহাজির থাকেন তবে তাঁহার নাম উকীলেরদের ইসমনবিসীহইতে উঠান যাইবার যোগ্য হইবেক।

ঐ ঐ।

১৮৩৩ সালের ১২ আইনানুসারের নিযুক্ত উকীল অথবা মোখ্তার যে২ মোকদ্দমাতে মোকরর হন্ সেই২ মোকদ্দমার কাগজপত্র দৃষ্টি করিতে এবং দরখাস্ত ও সওয়ালজওয়াব প্রভৃতি দাখিল করিবার জন্য আদালতের মুহুরীরদের নির্দ্দিষ্ট কামরায় যাইতে পারিবেন।

১৮৩৪। ১৮ ফেব্রুআরি।

প্রত্যেক উকীল এবং মোখ্তার এক জন মুহুরীর নিযুক্ত করিতে পারেন্ এবং তাহার কার্য্যের বিষয়ে ঐ উকীল অথবা মোখ্তার দায়ী হইবেন এবং তাঁহারদের যে সকল কাগজপত্রের আবশ্যক হয় তাহার নকল লইবার নিমিত্ত ঐ মুহুরীর রিকার্ডদফ্তরে যাইতে পারিবেক।

ঐ ঐ।

যে উকীল এবং মুহুরীর সদর দেওয়ানী আদালতের সিরিশ্তাদারের দফ্তরে আপনারদের ওকালৎনামা ও অন্যান্য কাগজপত্র দাখিল করেন্ ঐ কাগজপত্র দাখিলকরণের প্রমাণের ন্যায় তাহা লইবার নিমিত্ত যে আমলা নিযুক্ত আছেন্ তাঁহার বহীতে তাঁহারা সহী করিবেন।

১৮৩৫। ৯ জানুআরি।

[*Government Gazette, 23rd August, 1842*]

Vakeels and Agents appointed under Regulation XII 1833 are required to write (under their own responsibility) on all petitions presented by them in cases or matters which are pending before, or belonging to any particular Judge, the name of the Judge, in order that it may be referred to him direct without the necessity of its going before the Judge conducting the duties of the miscellaneous department

8th Augt 1834

On any case being decided in the Sudder Dewanny Adawlut, in which the Government is a party, the presiding Judge shall add to his order a Note specifying the amount due to the Government Pleader, to afford that officer the means of recovering his fees from the Government direct through the Revenue Board, or other authority, who may have preferred or defended the appeal

In cases in which the Court have awarded to Vakeels a portion only of the fees deposited, and ordered that the remainder be returned to the parties, or in which a portion or the whole of the value of the Stamp paper on which petitions of appeal, special &c have been written, was returnable to the parties under the certificate required by Article 8 Schedule B, Regulation X of 1829, the Treasurer of the Court is prohibited from paying money under the above circumstances to any Vakeel or Mokhtar, unless he shall be authorized to receive it by a special Clause in his Vakulatnameh or Mookhtearnameh, and that when no such authority is produced, the money shall remain in deposit until the party entitled to receive it, shall apply to the Court for an order for payment and such order be obtained

3d Jan 1834

Vakeels of the Court to be held responsible for the correctness of all representations made by them to the Court

8th July, 1842

When any Pleader may apply for leave of absence for a period exceeding ten days, he shall give in a statement of the number of cases in which he is engaged, both singly, and jointly with another Vakeel

1 th July 1842

The Nazir of the Court is not at liberty to receive applications for leave of absence from the Vakeels, but all such applications must be given in to the Register, who will lay them before the Court

Ibid

Copies of Papers

The Register of the Sudder Dewanny Adawlut is authorized to grant copies of papers from the department in the native language, applying for the Court's special orders in cases in which he may doubt the propriety of granting them

24th Augt 1832

The Register is to lay all applications for copies of letters, reports, minutes &c in the department in the English language before the Court for their orders

Ibid

The question having been put to the Court by the Register whether copies of decrees of the Sudder Court taken out as precedents, by other than the parties to the suit, should be written on stamp paper of 4 Rs or 8 Annas value, the Court passed the following Resolution

Resolution

The Court having had before them the Register's note of the 5th instant, are of opinion that the practice which has hitherto prevailed of granting copies of decrees when not required by the parties on stamp paper value 8 Annas, should not be interfered with

12th Feb 1836

The Register is not authorized to grant attested copies of the Roobukarees of the Judges, in which their individual opinions as to the merits of cases are recorded, but only copies of the final decision

24th Septr 1841

The following orders were passed by the Court in continuation of their Resolution dated 24th September 1841

I That the term "final decision" in the above resolution refers, not to the mere Roobukaree of the Judge passing final judgment, but to the decree embodying the details of the case, and the collective opinions of the Judges in those cases in which more than one opinion has been recorded This order refers to cases finally disposed of by the Court

8th July, 1842

১৮৩৩ সালের ১২ আইনানুসারের নিযুক্ত উকীল অথবা মোখ্তার কোন বিশেষ জজ সাহেবের নিকটে উপস্থিতথাকা কিম্বা তাঁহার সম্পর্কে হওয়া মোকদ্দমা বা বিষয়ের দরখাস্ত দাখিল করিলে সেই দরখাস্তে তাঁহারা আপনারদের ঝুঁকীতে ঐ জজ সাহেবের নাম লিখিবেন। তাহার অভিপ্রায় এই যে সেই বিষয় মুৎফররক্কা সিবিশ্‌তার ভারপ্রাপ্ত জজ সাহেবের নিকটে দরপেশ করণের আবশ্যক না হইয়া একেবারে ঐ বিশেষ জজ সাহেবের নিকটে অর্পণ হয়। .

১৮৩৪ সাল। ৮ আগষ্ট।

যে মোকদ্দমায় সরকার এক পক্ষ হন্ সেই মোকদ্দমার নিষ্পত্তি সদর দেওয়ানী আদালতে হইলে সরকারী উকীল রেবিনিউ বোর্ডের দ্বারা অথবা অন্য যে কর্ম্মকারক ঐ আপীল করিয়াছিলেন কিম্বা জওয়াব দিয়াছিলেন সেই কর্ম্মকারকের দ্বারা সরকারের স্থানে তাহার পাওনা রসুম আদায় করিতে পারেন এই নিমিত্ত মোকদ্দমা নিষ্পত্তিকারি জজ সাহেব ঐ সরকারী উকীলের পাওনা রসুম আপন হুকুমের উপর টুকিয়া রাখিবেন।*

যে গতিকে সদর আদালত আমানৎহওয়া রসুমের কতক অংশ উকীলেরদিগকে দিতে এবং অবশিষ্টাংশ উভয় বিবাদিকে ফিরিয়া দিতে হুকুম করিয়া থাকেন্ অথবা যে গতিকে যে ইষ্টাম্প কাগজে আপীল ও খাস আপীলপ্রভৃতির দরখাস্ত, লেখা গিয়া থাকে সেই ইষ্টাম্পের সমুদয় টাকা কিম্বা কতক অংশ ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ প্রকরণের লিখিত সর্টিফিকটক্রমে উভয় বিবাদিকে ফিরিয়া দিতে হয় সেই২ গতিকে যদি ঐ উকীল বা মোখ্তার আপনার ওকালৎনামার অথবা মোখ্তারনামার লিখিত বিশেষ কথার দ্বারা ঐ টাকা লইতে ক্ষমতা না পাইয়া থাকেন তবে আদালতের খাজাঞ্চীর প্রতি ঐ উকীল অথবা মোখ্তারকে টাকা দিতে নিষেধ আছে এবং তাঁহারা যখন টাকা লইবার এরূপ ক্ষমতা দেখাইতে না পারেন্ তখন যে ব্যক্তি ঐ টাকা পাইবার অধিকার রাখেন তিনি যাবৎ ঐ টাকার নিমিত্ত সদর আদালতে দরখাস্ত না করেন এবং ঐ টাকা দিতে সদর আদালত হুকুম না করেন তাবৎ ঐ টাকা সদর আদালতে আমানৎ থাকিবেক।

১৮৩৪। ৩ জানুআরি।

সদর আদালতের উকীলেরা আদালতে যে সকল বিজ্ঞাপন করেন্ তাহার সত্যাসত্যতার বিষয়ে তাঁহারদিগকে দায়ী জ্ঞান করা যাইবেক।

১৮৪২। ৮ জুলাই।

যখন কোন উকীল দশ দিনের অধিক কালের নিমিত্ত ছুটীর দরখাস্ত করেন্ তখন যত মোকদ্দমায় তিনি একাকী অথবা অন্য উকীলের সঙ্গে মোকরর থাকেন তাহার এক কৈফিয়ৎ দাখিল করিবেন।

১৮৪২ ১৫। জুলাই।

উকীলের ছুটীর দরখাস্ত সদর আদালতের নাজির লইতে পারে না কিন্তু সেই প্রকার সকল দরখাস্ত রেজিষ্টর সাহেবের নিকটে করিতে হইবেক এবং তিনি তাহা সদর আদালতে জানাইবেন। .

ঐ ঐ।

কাগজপত্রের নকল।

সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেব এদেশীয় ভাষার সিবিশ্‌তাহইতে কাগজপত্রের নকল দিতে পারেন এবং যদি কোন সময়ে ঐ প্রকার কাগজ দেওয়া উচিত কি না এবিষয়ে সন্দেহ হয় তবে সদর আদালতের বিশেষ হুকুম প্রার্থনা করিবেন।

১৮৩২। ১৪ আগষ্ট।

ইঙ্গরেজী ভাষার সিবিশ্‌তার পত্র ও রিপোর্ট এবং লিপি প্রভৃতির নকলের বিষয়ে যে সকল দরখাস্ত হয় তাহা রেজিষ্টর সাহেব সদর আদালতের হুকুম পাইবার নিমিত্ত তথায় জানাইবেন।

ঐ ঐ।

রেজিষ্টর সাহেব সদর আদালতে জিজ্ঞাসা করিলেন যে সদর দেওয়ানী আদালতের যে ডিক্রী মোকদ্দমার বাদি বা প্রতিবাদি ছাড়া অন্য ব্যক্তিরা দৃষ্টান্ত অর্থাৎ নজিরের কর্ম্মের নিমিত্ত চাহে তাহার নকল ৪৲ টাকা কি ||০ আনা মুল্যের ইষ্টাম্প কাগজে দিতে হইবেক তাহাতে সদর আদালত এই নির্দ্ধারণ করিলেন।

নির্দ্ধারণ।

সদর আদালত রেজিষ্টর সাহেবের ৫ তারিখের পত্র বিবেচনা করিয়া এই স্থির করিয়াছেন যে বাদি বা প্রতিবাদি ছাড়া অন্যেরদিগকে ||০ আনা মুল্যের ইষ্টাম্প কাগজে ডিক্রীর নকল দিতে যে ব্যবহার এইপর্য্যন্ত হইয়া আসিতেছে তাহার কিছু মতান্তর না হয়।

১৮৩৬। ১১ ফেব্রুআরি।

জজ সাহেবেরদের যে২ রুবকারীতে মোকদ্দমার দোষগুণের বিষয়ে তাঁহারদের নিজের মত লেখা আছে সেই রুবকারীর দস্তখতী নকল রেজিষ্টর সাহেব দিতে পারেন্ না কিন্তু কেবল চূড়ান্ত ডিক্রীর নকল দিবেন।

১৮৪১। ১৪ সেপ্টেম্বর।

১৮৪১ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের সদর আদালতের নির্দ্ধারণের অনুক্রমে সদর আদালত এই২ হুকুম করিয়াছেন।

১। উক্ত নির্দ্ধারণের "শেষ নিষ্পত্তি" এই কথাতে কেবল শেষ ফয়সলাকারি জজ সাহেবের রুবকারী বুঝায় না কিন্তু যে ডিক্রীর মধ্যে মোকদ্দমার বিবরণ লেখা থাকে এবং দুই বা ততোধিক জজ সাহেব আপন২ মত লিখিলে সেই সকল জজ সাহেবেরদের মত লেখা থাকে সেই ডিক্রী বুঝায়। আদালতের দ্বারা যে সকল মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হয় তাহার বিষয়ে এই হুকুম খাটে।

১৮৪২। ৮ জুলাই।

---

*چونکہ اس مقدمہ میں روپیہ سرکار بہادر نے وکیل سرکار بہادر کا پایا ہی اسلیے حکم ہوا کہ نقل اس نوشتہ کے مع نام مستاصر و نام ضلع کہ جہاں سے یہ مقدمہ دیلا متصل ہوا تھا اور تاریخ فیصلہ صدر کے سرکار کے وکیل کو دیا جاوے تا کہ وہ اپنے محنتانہ کا روپیہ اس سررشتہ سے کہ مناسب ہی ادا کر لے فقط

[*Government Gazette, 23rd August, 1842*]

II That in cases remanded to the lower Courts for re investigation, a copy may be granted of the last order remanding the case, and that in such cases it is not necessary for the party who applies for a copy, also to take copies of the opinions or orders of any other Judges who may have sat in the same case

8th July, 1842

III That in miscellaneous cases disposed of by the Court at sittings of more than one Judge copies shall not be granted of any single Judge's order or opinion, but the applicant shall be required to take copies of all the opinions that may have been recorded in consecutive order, on pieces of stampt paper joined to each other

Ibid

IV That as a general rule no copy shall be granted of any Roobukaree in cases either regular or miscellaneous, containing the opinion of a Judge which is not the final or deciding opinion in the case Copies of single Roobukarees may be granted under the second of the rules now adopted, and in miscellaneous cases decided by a single Judge

Ibid.

V The above rules do not apply to intermediate orders of form, or others which do not contain the *opinions* or *decisions* of the Judges of the Court

Ibid.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 2583

To the Civil Authorities in the Lower Provinces

The preparation of cases in the Sudder Dewanny Adawlut for hearing is often delayed by the omission of parties to insert in their petition of appeal, whether presented to the local Courts, or to the Sudder Court, the names of *all* the respondents (some of whom are referred to by the words Oghyre and others) and the consequent inability to issue the prescribed process on the whole of them As such practice is opposed to the Rule of Section 10, Regulation VI 1793, (Clause 3, Section 10 Regulation V 1803, for Ceded Provinces) petitions of appeals deficient in the respect adverted to must be considered as incomplete and inadmissible under the regulations and not to be acted upon as in any way having the effect of a petition of appeal, with reference to the calculation of the period allowed for appeal

2 Whenever, therefore, in future an appellant shall omit the names of any persons who were opposed to him in the lower Court (without stating grounds for such omission) he shall be allowed to supply the defect within the period of appeal, but in the event of neglect so to do his appeal shall be rejected as incomplete

3 The Judges and Principal Sudder Ameens to whom such incomplete petitions of appeal may be presented, for transmission to the Sudder Court, will apprise the parties of the foregoing orders

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 1st July, 1842

No 2553

To the Civil Judges in the Lower Provinces

With reference to the Circular Order, No 140, 1st March (Western Provinces, 18th June) 1841, conveying instructions on the subject of Act XXIII, 1840, the Court circulate, for general information the opinion delivered by the acting Advocate General on the course to be pursued when claims are set up to property, for the sale of which a writ may have been issued by a Mofussil Court

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৩ আগষ্ট।

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২৫৮৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

ফরিয়াদী কি আসামী আপীলের যে সকল দরখাস্ত মফঃসলের আদালতে অথবা সদর আদালতে দাখিল করে তাহার মধ্যে সমস্ত রেস্পাণ্ডেণ্টের নাম না লিখিয়া ওগয়রহ অথবা অন্যান্য ব্যক্তি এমত শব্দ লিখিয়া থাকে তাহাতে প্রত্যেক রেস্পাণ্ডেণ্টের নামে নির্দ্দিষ্ট হুকুম জারী হইতে পারে না এইপ্রযুক্ত ঐ মোকদ্দমা সদর দেওয়ানী আদালতে শুননির নিমিত্ত প্রস্তুত করিতে বারবার বিলম্ব হইতেছে। এই ব্যবহার ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারার (দত্ত দেশের নিমিত্ত ১৮০৩ সালের ৫ আইনের ১০ ধারার ৩ প্রকরণের) বিধানের বিরুদ্ধ। অতএব আপীলের যেং দরখাস্তে সমস্ত রেস্পাণ্ডেণ্টের নাম না লেখা যায় তাহা বেদাড়া জ্ঞান করিতে হইবেক এবং আইনানুসারে তাহা গ্রাহ্য হইতে পারে না। এবং রীতিমতে আপীলের দরখাস্ত হইলে আপীলকরণের নিরূপিত মিয়াদ হিসাব করণের বিষয়ে যেরূপ কার্য্য হয় সেইরূপ কার্য্য এই প্রকার বেদাড়া দরখাস্তের বিষয়ে হইবেক না।

২। অতএব ইহার পর অধস্থ আদালতে আপেলাণ্টের বিপক্ষ যাহারা ছিল তাহারদের কোন এক ব্যক্তির নাম লিখিতে যদি আপেলাণ্ট ত্রুটি করে এবং তাহা না লিখানের কোন কারণ না দর্শায় তবে আপীলের মিয়াদের মধ্যে তাহারদের নাম লিখিয়া দাখিল করিতে তাহাকে অনুমতি দেওয়া যাইবেক কিন্তু তাহা যদি না করে তবে তাহার আপীল বেদাঁড়া বোধ হইবেক।

৩। আপীলের উক্ত প্রকার বেদাড়া দরখাস্ত সদর আদালতে পাঠাইবার নিমিত্ত যে জজ সাহেবেরদের এবং প্রধান সদর আমীনেরদের হজুরে দাখিল হয় তাঁহারা ঐ দরখাস্তকারিরদিগকে পূর্ব্বোক্ত হুকুমের বিষয় জানাইবেন। ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১ জুলাই।

২৫৫৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১৮৪১ সালের ১ মার্চ তারিখের ১৪০ নম্বরী (পশ্চিম দেশের ১৮ জুন তারিখের) সরকুলর অর্ডরের মধ্যে ১৮৪০ সালের ২৩ আইনের বিষয়ে কার্য্যোপদেশ লেখা আছে ঐ সরকুলর অর্ডরের সম্পর্কে যে সম্পত্তির নীলামের নিমিত্ত মফঃসল আদালত হুকুম দিলে তাহার উপর কোন দাওয়া হইলে যেরূপ কার্য্য করিতে হইবেক তাহার বিষয়ে শ্রীযুত একটিং আডবোকেট জেনরল সাহেব যে মত লিখিয়াছেন তাহা সদর আদালতের সাহেবেরা সর্ব্ব সাধারণ লোকদিগকে জানাইবার নিমিত্ত প্রকাশ করিতেছেন।

২। অধস্থ আদালতে পুনর্ব্বার তজবীজ হওনের নিমিত্তে যে সকল মোকদ্দমা ফিরিয়া পাঠান যায় সেই২ মোকদ্দমা ফিরিয়া পাঠাওনের শেষ হুকুমের নকল দেওয়া যাইতে পারে। এমত মোকদ্দমায় যে ব্যক্তি নকলের দরখাস্ত করে তাহার এমত কিছু আবশ্যক নাই যে অন্যান্য যে জজ সাহেব সে মোকদ্দমার বিচারের সময়ে বৈঠক করিয়াছেন তাঁহারদের মত লিখিয়া হুকুমের নকল লয়। — ১৮৪২। ৮ জুলাই।

৩। এক জন জজ সাহেবের অধিক জজের বৈঠকে যে২ মুৎফররকা মোকদ্দমা সদর আদালতের দ্বারা নিষ্পত্তি হয় সেই২ মোকদ্দমায় কোন এক জন জজ সাহেবের হুকুম অথবা মতের নকল দেওয়া যাইবেক না কিন্তু দরখাস্তকারির উচিত যে একাদিক্রমে যে সকল মত রোয়দাদে লেখা গিয়া থাকে তাহার নকল যোড়াদেওয়া কএক ইষ্টাম্প কাগজে লয়। • — ঐ ঐ।

৪। সদর আদালত এই বিধান করিয়াছেন যে জাবেতামত অথবা মুৎফরকা মোকদ্দমায় জজ সাহেবের মত যে কোন রুবকারীতে লেখা থাকে সেই মত যদি ঐ মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তিকারক মত না হয় তবে সে রুবকারীর নকল দেওয়া যাইবেক না। যে বিধান এক্ষণে ধার্য্য হইল তাহার দ্বিতীয় বিধানের অনুসারে এর রুবকারীর নকল দেওয়া যাইতে পারে এবং এক জন জজ সাহেবের দ্বারা নিষ্পত্তি হওয়া মুৎফরকা মোকদ্দমায় তাহার রুবকারীর নকল দেওয়া যাইতে পারে। • — ঐ ঐ।

৫। যে মিয়াদী হুকুম কেবল নর্ম্মের দাঁড়ার বিষয়ে হয় অথবা যে হুকুমে সদর আদালতের জজ সাহেবের মত অথবা ডিক্রী না থাকে তাহার বিষয়ে উক্ত বিধান খাটিবেক না। • — ঐ ঐ।

---

2 A writ for the sale of property situated in Calcutta, will be drawn up in the form No 9, which the Sheriff after endorsement by a Judge of Her Majesty's Court, will execute in like manner as if the writ had been issued by that Court

3 The Court further direct that the following be substituted for the 2d paragraph of the Form A of the Circular above mentioned in issuing Civil processes

2nd "It will rest with the party at whose instance the process has been issued to pay the expences of serving it"

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 15th July, 1842

Opinion of the officiating Advocate General, dated 12th July, 1842

The Sheriff is expressly enjoined by Act XXIII of 1840, Sections 2 and 3, to execute writs, warrants, and other process issued by the Mofussil Courts and Judicial Officers, precisely in like manner, as if the same had originally issued from the Supreme Court, to which alone he is made responsible for the due execution thereof, and in order to facilitate such execution, the Judge of the Supreme Court who shall endorse the process, is invested with certain power as to correction of the process, and other particulars

In the instance before me, the Sheriff appears to have proceeded in the regular course to seize the rights and title of the defendants in execution, in certain parcels of real property pointed out to him on the part of the plaintiffs That right and title may be none at all, or may be qualified or subject to mortgage, prior seizures, or the like As the Sheriff seizes and sells at his own peril, or refuses to do so at his own peril, (by return of nulla bona, &c) he, in practice calls upon the parties calling upon him to seize, or pointing out the property, to indemnify him whenever a third party claims an interest, and if both parties offer indemnity, he

২। কলিকাতার মধ্যে যে সম্পত্তি থাকে তাহার নীলামের হুকুম ৯ নম্বরী কৈফিয়ৎঅনুসারে প্রস্তুত করা যাইবেক। এবং তাহার পৃষ্ঠে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এক জন জজ সাহেবের দস্তখৎ হইলে পর সরিফ সাহেব ঐ আদালতহইতে বাহির হওয়া হুকুমনামা যে মতে জারী করেন সেইমতে তাহা জারী করিবেন।

৩। সদর আদালতের সাহেবেরা আরো হুকুম করেন যে দেওয়ানী আদালতের পরওয়ানা বাহির করিলে উপরের লিখিত সরক্যুলর অর্ডরের A চিহ্নিত পাঠের দুই দফার পরিবর্ত্তে নীচের লিখিত কথা লেখা যায়।

২ দফা। "যে ব্যক্তির দরখাস্তে পরওয়ানা বাহির হয় সে ব্যক্তি ঐ পরওয়ানা জারীকরণের সমস্ত খরচা দিবেক।"

ডবলিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৫ জুলাই। •

শ্রীযুত এক্টিং অ্যাডবোকেট জেনরল সাহেবের ১৮৪২ সালের ১২ জুলাই তারিখের মত।

১৮৪০ সালের ২৩ আক্টের ২ এবং ৩ ধারাতে এমত বিশেষ হুকুম আছে যে সরিফ সাহেব কোন পরওয়ানা সুপ্রিম কোর্টহইতে বাহির হইলে যেরূপে জারী করিতেন সেই রূপে মফঃসল আদালতের এবং জজেরদের হুকুমনামা ও ওয়ারেণ্ট কি অন্য কোন হুকুম জারী করেন এবং তাহা উপযুক্তমতে জারীকরণের বিষয়ে ঐ সাহেব কেবল সুপ্রিম কোর্টে জওয়াব দিবেন এবং তাহা জারীকরণের সুগম হয় এ নিমিত্ত সুপ্রিম কোর্টের যে জজ সাহেব ঐ হুকুমের পৃষ্ঠে দস্তখৎ করেন তাঁহাকে ঐ হুকুম শুদ্ধরাইতে এবং অন্যান্যবিশেষ কার্য্য করিতে ক্ষমতা দেওয়া গিয়াছে।

এইক্ষণে আমার নিকটে যে বিষয় অর্পিত হইয়াছে তাহাতে দৃষ্ট হইতেছে যে২ আসামীরদের প্রতিকূলে পরওয়ানা বাহির হইয়াছিল তাহারদের যে কএক খণ্ড স্থাবর সম্পত্তি ফরিয়াদীরা সরিফ সাহেবকে দেখাইয়া দিয়াছিল আসামীরদের ঐ সম্পত্তির স্বত্ব ও অধিকার সরিফ সাহেব রীতিমতে ক্রোক করিলেন। এমত হইতে পারে যে আসামীরদের ঐ জায়দাদে কোন স্বত্ব ও অধিকার নাই অথবা তাহাতে তাহারদের সম্পূর্ণ স্বত্ব বা সম্পর্ক নাই কি তাহা পূর্ব্বে বন্ধক দেওয়া গিয়াছে কিম্বা পূর্ব্বেই তাহা ক্রোক হইয়া রহিয়াছে অথবা এইরূপ অন্য কোন ব্যাপার ঘটিয়াছে। এবং সরিফ সাহেব আপনার ঝুঁকীতে ঐ সম্পত্তি ক্রোক করিয়া বিক্রয় করেন অথবা (নলা বোনা ইত্যাদি পরওয়ানাক্রমে) বিক্রয় করিতে অস্বীকার করেন অতএব যে ব্যক্তিরা তাহাকে সম্পত্তি ক্রোক করিতে বলে অথবা সম্পত্তি তাঁহাকে দেখাইয়া দেয় তাহারদিগকে কাযে২ তিনি ইহা জানান যে যদি ফরিয়াদী এবং আসামী ছাড়া অন্য ব্যক্তি সেই সম্পত্তির উপর দাওয়া করে তবে ফরিয়াদী তাঁহাকে নিরাপদ রাখিবেক। এবং যদি উভয় পক্ষের ব্যক্তি তাঁহাকে নিরাপদ রাখিতে অঙ্গীকার করে

may, at his own peril, elect which indemnity he thinks the best, and either sell or release accordingly, being liable in damages to the opposite party if he shall make out his case to be the true one

I would however suggest, as an act of prudence, that the Mofussil Judicial Officers mix themselves up in these matters as little as possible, and leave it to the parties interested to give the directions and information to the Sheriff, which of course they must do at their own charge and peril It would in English Judges be thought not only a loss of dignity, but an act of impropriety, to interfere in any execution whatever, unless formally applied to judicially by some of the parties litigating The Mofussil Judge, in the instance before me, corresponds with the Sheriff, nay goes so far as to engage for his expenses or fees—such a proceeding may perhaps be regular or even necessary in Mofussil executions, but will appear very strange in an English Court of Justice

(Signed) C R Prinsep

Offg Advocate General

তবে যাহার নিরাপদ রাখণের অঙ্গীকার ঐ সরিফ সাহেবের উত্তম বোধ হয় সেই অঙ্গীকার আপন ইচ্ছানুসারে গ্রাহ্য করিয়া তদনুসারে ঐ ভূমি বিক্রয় করিতে অথবা খালাস করিতে পারেন্ কিন্তু তাহা তিনি আপনার ঝুঁকীতে করেন্ এবং যদি পক্ষান্তর ব্যক্তি আপনার দাওয়া সাব্যস্ত করিতে পারে তবে সরিফ সাহেবের উপর ক্ষতির দাওয়া হইতে পারে।

পরন্তু আমি এই পরামর্শ দিই যে মফঃসলের বিচার কর্ত্তারা সাধ্যপর্য্যন্ত এই বিষয়ে হস্তক্ষেপ না করেন এবং যাহারা মোকদ্দমায় লিপ্ত আছে তাহারাই সরিফ সাহেবকে আদেশ ও বিজ্ঞাপন করুক তাহারদের সুতরাং তাহা আপনারদের খরচা ও আপনারদের ঝুঁকীতে করিতে হইবেক। ইঙ্গলণ্ড দেশের কোন জজ সাহেব যদি এ ডিক্রী জারীকরণের কার্য্যে হস্তক্ষেপ করিতেন তবে তাহাতে তাঁহার মর্য্যাদার হানি হইত কেবল নহে কিন্তু তাহা তাঁহার অকর্ত্তব্য কার্য্যই বোধ হইত। কেবল ফরিয়াদী অথবা আসামী যদি জজ সাহেবের নিকটে আদালতের সময়ে রীতিমতে দরখাস্ত করে তবে তিনি তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন। এইক্ষণে যে বিষয় আমার নিকটে অর্পণ হইয়াছে তাহাতে দৃষ্ট হইতেছে যে মফঃসলের জজ সরিফ সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়াছিলেন এবং তাঁহার খরচা অথবা রসুম দিতে অঙ্গীকার করিয়াছিলেন। হইতে পারে যে মফঃসলের হুকুম জারীকরণেতে এমত ব্যবহার নিয়মমত হইয়াছে এবং তাহা আবশ্যকও হইতে পারে কিন্তু ইঙ্গলণ্ড দেশের কোন আদালতে ইহা অসম্ভব বোধ হইত।

সি আর প্রিন্সেপ।

একটিং আডবোকেট জেনরল।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT

No 2367

To the Civil and Criminal Authorities in the Bengal Districts

It appearing that proceedings in Bengalee are occasionally sent to authorities of Districts where Urdu is the Vernacular, I am directed by the Court to request that you will strictly conform to the 7th of the Rules circulated on the 5th July 1839, which relates to correspondence with other districts

W Kirkpatrick *Deputy Register*

Fort William, 24th June, 1842

No 2455

To the Several Civil and Session Judges in the Lower Provinces

1 I am directed by the Court to request that whenever any of the Ministerial Officers attached to your Court, receiving a salary of not less than 10 Rs a month, may be dismissed from the public service for misconduct, a report of the same be submitted, according to the annexed form, with a view to a register of their names being kept in this office, in conformity to orders recently received from the Honourable the Court of Directors

2 An extract from the Register will be forwarded to you annually, to enable you to guard against the admission of improper persons into the public Offices

W Kirkpatrick, *Deputy Register.*

Fort William, 8th July, 1842

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলার অর্ডর।

২৩৬৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

দৃষ্ট হইতেছে যে যে জিলাতে উর্দ্দু ভাষার চলন আছে তাহার কার্য্যকারক সাহেবেরদের নিকটে কখন২ বাঙ্গলা ভাষায় লিখিত মোকদ্দমার কাগজপত্র পাঠান যাইতেছে। অতএব সদর আদালতের হুকুমক্রমে তোমাকে আদেশ করিতেছি যে তুমি ১৮৩৯ সালের ৫ জুলাই তারিখের সরকুলর অর্ডরের ৭ বিধির অনুসারে অবিকলরূপে কার্য্য করিবা। ঐ বিধিতে অন্যান্য জিলার সঙ্গে লিখনপঠনের বিষয়ের নিয়ম আছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিযম ১৮৪২। ২৪ জুন।

২৪৫৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে আদেশ করিতেছি যে তোমার আদালতের যে আমলারা অন্যূন ১০৲ টাকা মাহিয়ানা পাইয়া থাকে তাহারদের কোন ব্যক্তি যদি কুক্রিয়াকরণপ্রযুক্ত সরকারী কর্ম্মহইতে তগীর হয় তবে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা সম্প্রতি যে হুকুম পাঠাইয়াছেন তাহার অনুসারে এই সিরিশ্তায় উক্ত প্রকার তগীরহওয়া ব্যক্তিরদের নামের এক রেজিষ্টর রাখিবার নিমিত্ত তুমি তাহার বিষয়ের রিপোর্ট নীচের লিখিত পাঠানুসারে করিবা।

২। সরকারী কার্য্যের অনুপযুক্ত কোন ব্যক্তিকে তুমি কর্ম্মে নিযুক্ত না কর এনিমিত্ত প্রতিবৎসরে ঐ রেজিষ্টরের এক চুম্বক তোমার নিকটে পাঠান যাইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিযম। ১৮৪২। ৮ জুলাই।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ২৩ আগষ্ট।]

Ministerial Officers of the Civil Court of Zillah dismissed from Office for misconduct

1	2	3	4	5	6
Name of the Employee	Name of his Father	Office held by him	Cause of Dismission	Date of Dismission	Remarks

NOTIFICATION

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 12th August, 1842

Moonshee Mahomed Wullee to be officiating Moonsiff of Cusba Noornuggur, Zillah Tipperah

Mr I N Thomas, 1st grade Moonsiff of Singhea, to be Moonsiff of Jessore

Baboo Kylas Chunder Day (who obtained a Diploma) to be Moonsiff of Singhea, Zillah Jessore

The 15th August, 1842

Moulvee Abdoos Summud, who has obtained a Diploma, to officiate as Moonsiff of Bishenpore, in the 24 Pergunnahs

J Hawkins, *Register*

CIVIL APPOINTMENTS

No 379

FORT WILLIAM,

SEPARATE DEPARTMENT,

The 10th August, 1842

Mr S G Palmer Commissioner for the Superintendence of Abkarry Revenue, embarked for the Cape of Good Hope on board the Ship Mount Stuart Elphinstone which Vessel was left by the Pilot at Sea on the 4th instant

H V Bayley

Depy Secy to the Govt of Bengal

No 1071

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT APPOINTMENTS

The 8th August, 1842

Mr J H Patton to be a Member of the Fever Hospital and Municipal Committee

The 12th August, 1842

Mahomed Cassim Allee, Native Doctor, to be attached to the Jail at Kamroop in Assam vice Sheikh Badul deceased

LEAVE OF ABSENCE

The 15th August, 1842

Mr H Atherton Joint Magistrate and Deputy Collector of Pubna, for two years, under Medical

[*Government Gazette, August 23rd* 1842.]

অমুক জিলার দেওয়ানী আদালতের যে আমলারা কুক্রিয়া করণপ্রযুক্ত তগীর হইয়াছে।

১	২	৩	৪	৫	৬
আমলার নাম।	তাহার পিতার নাম।	আমলা যে কর্ম্ম করিত।	তাহার তগীর হওনের কারণ।	তগীর হওনের তারিখ।	মন্তব্য কথা।

John C Marshman, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ১২ আগস্ট।

শ্রীযুত মুনসী মহম্মদ ওলি জিলা ত্রিপুরার কসবা নুর নগরের একাটিং মুনসেফ হইবেন।

সিংঘিয়ার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত আই এন তামস সাহেব যশোহরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র দে যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে যশোহর জিলার সিংঘিয়ার মুনসেফ হইবেন।

১৮৪২ সাল ১৫ আগস্ট।

শ্রীযুত মৌলবী আবদস সমদ যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে চব্বিশ পরগনার বিষ্ণুপুরের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৩৭৯ নম্বর।

ফোর্ট উলিয়ম।

স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ১০ আগস্ট।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নিমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ২৩ আগষ্ট।

এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং নারায়ণপুরের সরকারি গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জিলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০৲ মোন
২৪ পরগনা বাহির বুনি নেমক	নারায়ণপুর	১২৪৮ সাল	মোন ৫০০৯০৲	কোং টাকা ৪৩৩৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২৩ আগষ্ট সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND — জমীদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ঢাকা জালালপুর এই যে

সন ১৮৪১ সনের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধি অনুসারে ও গবর্ণমেণ্ট গেজেটের সন ১৮৪২ সনের ১১ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশ মতে যে সকল মহালাতের জমা ১০০৲ টাকার ঊর্দ্ধ সেই সকল মহালাতের সন ১২৪৯ সনের লাগায়েত কিস্তী ভাদ্রের বাকী খাজানা আদায় না হইলে ঐ সকল মহালাত সন ১৮৪২ সনের ২৮ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৪৯ সনের ১৩ আশ্বিন এ জিলার কালেক্টরি কাছারিতে বিক্রী হইবেক ও উক্ত মহালাতের মালগুজারদারানের উচিত যে আপন জিম্মার বাকী খাজানা ২৭ সেপ্টেম্বর সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে ও যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকী টাকা না লইয়া বাকীর মহালাত নীলাম করা যাইবেক আর খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না ও যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয়া খরিদ করে এহাতে তাগিদ২ জানিবা ইতি সন ১৮৪২। তারিখ ১৭ আগষ্ট মোতাবেক সন ১২৪৯ সাল তারিখ ২ ভাদ্র।

Dacca Collectorate, 17th August, 1842 — W J ALLEN, *Offg Collector*

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিরদের ইশতিহার।

কলিকাতা শহরের বড়বাজারের কালাকর রাস্তা নিবাসি বণিক মৃত উদয়চাদ বসাকের দানপত্রের প্রবেট বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট এক্লিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্টে আদ্য উক্ত কলিকাতার যোড়াসাকো নিবাসি ভূম্যধিকারী এবং কলিকাতার ইউনিয়ন ব্যাঙ্কের খাজাঞ্চী শ্রীরমানাথ ঠাকুরকে এবং উক্ত কলিকাতা নগরের পাঁচু ধোপানির রাস্তা নিবাসি ভূম্যধিকারী এবং উক্ত কলিকাতা নগরের সওদাগর ও এজেণ্ট শ্রীযুত কার ঠাকুর কোম্পানির কুঠীতে নিযুক্ত আসিষ্টাণ্ট শ্রীমদনমোহন চাটুর্য্যেকে অর্থাৎ উক্ত দানপত্রে নামাঙ্কিত টর্ষ্টিরদিগকে দেওয়া গিয়াছে অতএব উক্ত মৃত ব্যক্তির সম্পত্তির উপর যাহারদের কোন দাওয়া থাকে তাহারা ঐ দাওয়া উক্ত টর্ষ্টিরদিগকে জানাইবেন এবং যাহারদের স্থানে উক্ত মৃত ব্যক্তির পাওনা থাকে তাহারা ঐ পাওনা অবিলম্বে উক্ত টর্ষ্টিরদিগকে দিবেন।

হেজর ও স্মালি। প্রক্টর।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৩০ আগষ্ট।

TO PROPRIETARY ZEMINDAURS AND TALOOKDAURS, OR LANDHOLDERS, INDIGO PLANTERS, &c, IN THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, &c

ALL casual defaulters, in the payment of Government Revenues, might, henceforth, if they choose, with the greatest facility imaginable, perpetually finally prevent their ancestral, or self acquired Zemindaurrees and Talooks, or Landed Estates, Properties, &c from being peremptorily and absolutely sold off by the Fiscal Authorities of Government, by public Auction, to the highest bidders, for the veriest trifles, and save themselves and their families, from being totally ruined for life—by merely seasonably applying by *paid postage* letters, accompanied by a Fee of Company's Rupees one Hundred (100) to

MESSRS THOMAS WILTSHIRE AND CO,

UNITED SERVICE, INDIGO PLANTERS, AND GENERAL MOFUSSIL AGENTS,

No 91, *Wellesley Street, Calcutta*

Who, with the greatest promptitude and fidelity, always attend to Predial and Indigo monetary transactions, *only from undoubtedly respectable European, or Native Zemindaurs and Talookdaurs or Landholders Indigo Planters, &c* for the negotiation of advantageous Loans, under proper Mortgage Bonds, Securities, &c, of their Estates, Rent Rolls, &c provided, they be duly Registered in Court, unentailed, and, (save the actual arrears of Government Revenue,) be perfectly unincumbered and free from pre-mortgages, doubtful claimants, and possessors, coparcenary disputes, law suits, debts, &c and the applications be invariably accompanied by unreserved and correct particulars of Title Deeds, Rent Rolls, &c, otherwise, applicants will meet with no kind of attention whatever

☞ Messrs Thomas Wiltshire and Co beg to be understood in the most distinct manner possible, that, *none but principals shall be negotiated with*, and, for the security of their Landholder—constituents in general, they, instead of at once paying the full amount of mortgages, purpose, (with the most prudential motives, and for manifestly obvious reasons) *in the first instance, strictly paying up only the whole of the arrears of Government Revenue* and then guaranteeing, to pay punctually the subsequent instalmental rents, as they fall due, in the names of the several Zemindaurs &c, either by drafts from the Government General Treasury here, on the different Zillah Collectors, or, remitting the same to them, either in Bank of Bengal Notes and Hoondees, or, whichever mode might be considered most conducive to general convenience and security

Messrs. Thomas Wiltshire and Co, also embrace the present opportunity of notifying to non-defaulter Zemindaurs, or Landholders, and the Mofussil Community in general, that for the accommodation and

[*Government Gazette, 30th August*, 1842.]

ভারতবর্ষের মধ্যে এতদ্দেশ আগ্রা ইত্যাদি প্রসীডেন্সীর মধ্যে জমীদারান ও তালুকদারান ও নীলকর কোঠীদারান সকলকে এই বিজ্ঞাপনের দ্বারা জ্ঞাত করা যাইতেছে।

যে কোন ব্যক্তি আপনার এলাকার মালগুজারি যদ্যপি বৃটিস গবর্ণমেণ্টকে সরবরাহ করিতে অশক্ত হইয়া পূর্ব্বাক্কে স্বেচ্ছাধীন নিম্নে লিখিত ঐ কোম্পানির অধ্যক্ষ মহাশয়দিগের নিকট ডাকযোগে মাসুল দিয়া পত্র দ্বারা সেই বিষয় রক্ষার্থে অনুরোধ করেন এবং সেই পত্র সম্বলিত ১০০৲ এক শত টাকা (ফি) অগ্রে পাঠাইয়া দেন তাহা হইলে তাঁহারদিগের পৈতৃক কিম্বা স্বোপার্জ্জিত জমীদারী অথবা তালুকাত বৃত্তি বিধানাদি যাহা গবর্ণমেণ্টের রাজস্বের বাকীতে অধিক মুল্যের বিষয় অল্প মুল্যে প্রকাশ্য নীলামে বিক্রয় হইয়া যায় তাহা একেবারে অনায়াসে নিবারণ হইবেক এবং ঐ সকল জমীদার ও তালুকদারানের পরিবারেরা বিষয়চ্যুত হইয়া যাবজ্জীবন দুঃখ ভোগ করেন তাহাহইতে পরিত্রাণ পাইবেন।

মিসিঅর্স তামস উইলসায়ের এণ্ড কোম্পানি মফঃসলের জমীদারান ও তালুকদারান ও নীলকরাদি সর্ব্ব সাধারণের এজেণ্ট।

কলিকাতা ওয়েলসলী ইষ্ট্রিট ৯১ নম্বর বাটীতে আফিস। ইহাঁরা অত্যন্ত উৎসাহপূর্ব্বক এবং সত্ভাব সহিত সর্ব্বদা জমীদার ও তালুকদার ও নীলকরদিগের সুসারসুসারে আবশ্যকমতে কারবার করিবেন যে সকল সম্ভ্রান্তশীল ইউরোপীয় ও এতদ্দেশীয় মর্য্যাদাবন্ত জমীদার ও তালুকদার ও ভূম্যধিকারী ও নীলকর ইহাঁদিগের যদ্যপি ঐ সকল সম্পত্তির উত্তম দলিলাদি কোবালা মাতবরি কাগজ পত্র থাকে এবং ঐ সকল দলিল দস্তাবেজে আদালতের সহিমোহর নিসানি থাকে এবং ঐ সকল বিষয় যাহাতে কোন গোলযোগ না থাকে এবং ভূম্যধিকারী আপন২ বিষয়ে দান বিক্রয়ের স্বত্বাধিকারী থাকেন সেওয়ায় গবর্ণমেণ্টের খাজানা বাকী ব্যতীত ইহার পূর্ব্বে ঐ জমীদারী অন্য কাহার নিকট মার্টগেজ না থাকে অথবা অন্য কোন অনিশ্চিত হিস্যাদার ও দখলীকার ও দাওয়াদার ও সরিকী বিবাদ কিম্বা ঐ বিষয়ের উপর কেহ আদালতে কোন মোকদ্দমা এবং ঐ বিষয়ের উপর কোন দেনা না থাকে এমত বিষয় হইলে উল্লেখিত কোম্পানি ঐ সকল বিষয় মার্টগেজ রাখিয়া টাকা দিতে পারিবেন টাকা গ্রহীতাদিগের কর্ত্তব্য আপন দরখাস্তের সহিত তাঁহারদিগের ঐ সম্পত্তির যথার্থ দলিল দস্তাবেজের এক প্রস্তুত নকল এই কোম্পানিরদিগের হৌসে পাঠাইয়া দেন এতদ্ভিন্ন অন্য কোন গোলযোগ বিশিষ্ট জমীদারী ইত্যাদির মালিক এপ্রকার প্রার্থনা করিলে তাহার প্রতি কোন মনোযোগ করা যাইবেক না।

এই মেস্তর উইল সায়ের কোম্পানি সুস্পষ্টরূপে সর্ব্ব সাধারণের বোধ সুগমার্থে অনুরোধ প্রকাশ করিতেছেন বিষয়ের মালিক খোদ জমীদার ব্যতীত তাঁহারদিগের কর্ম্মকারক নায়েব কিম্বা মোক্তারের সহিত এ কারবার করিবেন না আর জমীদার ও ভূম্যধিকারিদিগের সুবিধা নিমিত্তে উত্তমাভিপ্রায়ে এমত মনস্থ করিয়াছেন বন্ধকীয় বিষয়ের সকল টাকা একেবারে না দিয়া গবর্ণমেণ্টের খাজানা বাকী যাহা থাকিবেক তাহা অগ্রে দিবেন তাহার পরে খাজানা কিস্তী২ যে প্রকার বাকী পড়িবেক ঐ বাকী খাজানা নিরূপিত দিবসে নিঃসন্দেহে ঐ জমীদারদিগের নামে কিস্তী২ হয় ত্রেজুরিতে টাকা আমানত করিয়া তাহার দ্রাপ সেই২ জেলার কালেক্টরিতে পাঠাইবেন অথবা বাঙ্গাল ব্যাঙ্ক নোট কিম্বা হুণ্ডী খোদ জমীদারদিগের নিকটে পঁহুছিবেক কিম্বা আর কোন রকমে যে প্রকারে সকলের সুবিধা হয় এমত করিবেন।

মিসিঅর্স তামস উইলসায়ের কোম্পানি আরো এই সময়ে অন্যান্য জমীদার ও তালুকদার এবং মফঃসলের আর সর্ব্ব সাধারণকে জ্ঞাত করাইতেছেন যে ঐ সকল খোদ জমীদারেরা যাহারা উক্ত কোম্পানির সহিত খোলা

perfect safety of those constituents, who may feel desirous of making remittances, with the view of opening running accounts with them, they, invariably in the first instance, invest all the surplus funds or monies remitted to them in the Honourable East India Company's Government Papers or Securities, and immediately after, reinvest the same, only in very lucrative and safe Zemindaurees, and Talooks or Landed Estates, Properties, &c and for the present, they allow Interest at the rate of Co.'s Rs 8 per cent per annum, on all fixed or floating balances The Principal or Interest of which, are withdrawable and drawable at pleasure at current dates Government Revenue or Rents are made remittible or payable hence, on account of Zemindaurs, either by orders from the Government General Treasury here, on the different Zillah Collectors direct, or Bank of Bengal Notes and Hoondees are transmitted to the Zemindaurs themselves

Messrs Thomas Wiltshire and Co, also profess to buy and sell unexceptionably eligible Zemindaurees, Talooks, Putnus, Indigo, Silk, Sugar, Saltpetre Factories, &c And their established rates of Commission and Interest, for buying and selling and advancing and receiving money, may be known, on paid postage applications, to them

N B Without the "*sine qua non*" Fee, mentioned in the preliminary part of this notification, no letters on Zemindaurees alone can be attended to

TO CAPITALISTS

☞ *With reference to the foregoing Notification, Messrs Thomas Wiltshire and Co, have the honor to notify to European and Native Capitalists universally, that they are now at all times prepared to receive Loans for the investment of Surplus Funds, in the manner and terms stated therein and for which, they grant them Bonds, Promissory Notes, or Receipts*

খাতায় কারবার রাখিবার নিমিত্তে তাঁহারদিগের হস্তে টাকা পাঠাইতে ইচ্ছা করিবেন তাঁহারদিগের সুগম এবং নিশ্চিন্তের কারণ যে সকল টাকা পাঠাইবেন কিম্বা যে সকল বাকী টাকা থাকিবেক তাহাতে প্রথমে অনরবল্ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কাগজ খরিদ করিবেন তাহার পরেতেই সেই টাকা কোন বেশিবকীচ অথচ উত্তম মুনফার জমীদারী অথবা তালুকইত্যাদি খরিদ করা যাইবেক এবং তাহা লেওয়ায় অনির্দ্ধার্য্য কি নির্দ্ধার্য্য যে টাকা তহবিলে বাকী জমা থাকিবেক তাহার সুদ শতকরা কোম্পানির ৮ আট টাকার হিসাবে জমীদারদিগকে দেওয়া যাইবেক ঐ বাকী টাকা আসল কি সুদ ঐ চলিতখাতার টাকা যাহা থাকিবেক তাহা প্রয়োজন মতে যে দিবস চাহিবেন সেই দিবসেই পাইতে পারিবেন আর তাহারদিগের জমীদারীর বাকী গবর্ণমেণ্টের রাজস্ব খাজানা হয় জেনরেল ট্রেজরিতে আমানত করিয়া ঐ ট্রেজরি হুকুম সকল জেলার কালেক্টরিতে পাঠান যায় কিম্বা বাঙ্গাল ব্যাঙ্ক নোট অথবা হুণ্ডী জমীদারদিগের নিকট পাঠাইয়া দেওয়া যায়।

মিসিঅর্স তামস উইলসায়ের এণ্ড কোম্পানি আরো মনস্থ করিয়াছেন যে নিরাপদীয় জমীদারি ও তালুকাত ও পত্তনীয় বিষয় ও নীলের কুঠী ও চিনি ও রেসম ও শোরার কুঠী ভাল হইলে ক্রয়বিক্রয় করিবেন এবং এই ক্রয়বিক্রয় যে কমিসান এবং টাকা অগ্রে দেওয়া লওয়ার সুদ কিম্বা সুদের নিয়ম যাহা স্থির করা গিয়াছে তাহা তাঁহারদিগের ডাকযোগে পত্র লিখিলেই জানিতে পারিবেন।

এই বিজ্ঞাপনের অগ্রভাগে ১০০ একশত টাকা দিতে লেখা হইয়াছে ইহা ব্যতীত জমীদারির বিষয়ের কোন পত্র লিখিলে তাহার প্রতি মনোযোগ হইবেক না।

ধনবান ব্যক্তিবৃন্দের প্রতি।

উক্ত এত্তেলা সম্পর্কে শ্রীযুত তামস উইল্সায়ের কোম্পানি এক্ষণে ইউরোপীয় এবং এদেশীয় ধনি ব্যক্তিরদিগকে জানাইতেছেন যে তাঁহারা এক্ষণে উপরের উক্ত প্রকারে এবং নিয়মে টাকা লইতে প্রস্তুত আছেন এবং তাহার নিমিত্ত তাঁহারা আপনারদের বণ্ড অথবা প্রোমিসরি নোট কি রসীদ দিবেন।

[*United Service and General Mofussil Agency*]

TO THE UNITED SERVICE REGIMENTAL MESSES INDIGO, SUGAR AND COTTON PLANTERS — MERCANTILE AND OTHER GENTLEMEN, IN THE MOFUSSIL OR OUT-STATIONS OF THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, MADRAS, BOMBAY, &c AS WELL AS AFGHANISTAN, STRAITS, COASTS CHINA &c

☞ All Commissions or Orders from the above, for Supplies of any kind and quantity of Wines, Beer, Spirits and Comestibles, as well as for every other description of English, French, American, China Straits, Coast and Country Goods, of the greatest variety that could be possibly enumerated, all of first rate quality procurable in Calcutta, at the very lowest Market prices of the day too are promptly attended to and executed with great judgment, fidelity, punctuality and despatch by

MESSRS THOS WILTSHIRE AND CO

United Service, Indigo Planters' and General Mofussil Agents,

No 91, Wellesley Street, Calcutta

Provided, they be previously amply furnished with funds, in Bank Notes or Drafts, Hoondees, &c at either short or long dates

Messrs Thomas Wiltshire and Co, will also always be very happy indeed to undertake Agency business of the most diversified, or Miscellaneous nature from the above, on immediate application, with equal promptitude and fidelity

গবর্ণমেণ্ট গেজেট ১৮৫২। ৩০ আগস্ট।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম [illegible] সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 6, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ৬ সেপ্টেম্বর।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 26TH AUGUST, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th of August 1842

ACT No —— OF 1842

An Act for amending the Bengal Code with regard to the punishment of affrays

1 It is hereby enacted, that all persons committing any affray, and using therein any weapon whatever within the Presidency of Fort William in Bengal, shall be punishable with imprisonment with or without labour for any period not exceeding two years, or with fine not exceeding 500 Rs or both, and in either case the fine may be enforced by imprisonment with or without labour for a year

2 And it is hereby enacted, that all persons Committing any affray, but not using arms therein within the Presidency aforesaid, shall be punishable with imprisonment with or without hard labour for any period not exceeding one year, or with fine not exceeding 500 Rs or both, the fine to be enforced as aforesaid

3 And it is hereby enacted, that if the affray shall be attended with homicide, every person guilty thereof, and who shall not be found guilty of murder, shall be punishable with imprisonment with or without hard labor for any period not exceeding five years, or a fine of 1000 Rupees or both, the fine being commutable by imprisonment with or without hard labor for two years

4. And it is hereby enacted, that any Magis-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ২৬ আগষ্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ২৬ আগষ্ট তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল —— আক্ট।

দাঙ্গাহঙ্গামাকরণের দণ্ড নিরূপণবিষয়ক বাঙ্গলা দেশের চলিত আইন শুধরণের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে যে সকল ব্যক্তি দাঙ্গাহঙ্গামা করে এবং ঐ দাঙ্গাহঙ্গামা করণসময়ে কোন অস্ত্র শস্ত্র ব্যবহার করে সেই ব্যক্তিরা দুই বৎসরের অধিক না হয় এমত মিয়াদে পরিশ্রমযুক্ত কিম্বা বিনাপরিশ্রমে কয়েদহওনের অথবা ৫০০৲ টাকার অনধিক জরীমানা দেওনের যোগ্য হইবেক কিম্বা ঐ উভয় প্রকার দণ্ডের যোগ্য হইবেক এবং উভয় গতিকেই তাহারা জরীমানার টাকা না দিলে পরিশ্রমযুক্ত কি পরিশ্রম বিনা এক বৎসর মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত রাজধানীর অধীন দেশে যে সকল ব্যক্তি দাঙ্গাহঙ্গামা করে কিন্তু দাঙ্গাহঙ্গামা করিবার সময়ে কোন অস্ত্রশস্ত্র ব্যবহার না করে সেই২ ব্যক্তি এক বৎসরের অধিক না হয় এমত মিয়াদে পরিশ্রমযুক্ত কি পরিশ্রম বিনা কয়েদের যোগ্য হইবেক অথবা তাহারা ৫০০৲ টাকার অধিক না হয় এমত জরীমানা দিবার যোগ্য হইবেক কিম্বা ঐ উভয় দণ্ডের যোগ্য হইবেক এবং জরীমানার টাকা না দিলে উক্ত প্রকারে পরিশ্রমযুক্ত কি পরিশ্রম বিনা এক বৎসর মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যদি ঐ দাঙ্গাহঙ্গামাতে কোন ব্যক্তির প্রাণহানি হয় তবে যে সকল ব্যক্তি ঐ দাঙ্গাহঙ্গামাকরণের অপরাধী হয় কিন্তু আদালতে খুনের অপরাধে দোষী না হয় তাহারা পাঁচ বৎসরের অনধিক মিয়াদে পরিশ্রমযুক্ত কি পরিশ্রম বিনা কয়েদের যোগ্য হইবেক অথবা ১০০০৲ টাকা জরীমানা কিম্বা উভয় দণ্ডের যোগ্য হইবেক কিন্তু জরীমানার বদলে দুই বৎসরপর্য্যন্ত পরিশ্রমযুক্ত কি বিনাপরিশ্রমে কয়েদের যোগ্য হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের

trate may take cognizance of the offences indicated in this Act, except where the affray is attended with homicide

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 26th day of November next

F J HALLIDAY,

Offg Secy to the Govt of India

লিখিত অপরাধেব কোন মাজিষ্ট্রেট সাহেব বিচাব কবিতে পাবেন্ কিন্তু যদি ঐ দাঙ্গাহঙ্গামাতে প্রাণহানি হয় তবে মাজিষ্ট্রেট সাহেব সেই অপবাধেব বিচার করিতে পারেন্ না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকবা মুসাবিদা সর্ব্ব সাধাবণ লোককে জানাইবাব নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৪২ সালের ২৬ নবেম্বব তাবিখেব পব ভাবতবর্ষেব ব্যবস্থাপক কৌন্সেলেব প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বাব বিবেচনা কবা যাইবেক। এফ জে হালিডে।

ভাবতবর্ষেব গবর্ণমেন্টেব একটিং সেক্রেটাবী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 20

To the Commissioner of Revenue for the Division of ———

1st, I am directed by the Sudder Board of Revenue to send you, for your information and guidance, and for circulation to your subordinates, a new set of Rules of Practice, passed by the Honourable the Deputy Governor under date the 27th June last, in supercession of the Rules hitherto in force

2nd You will observe that under the new Rules, all Settlements are to be disposed of primarily by the Collectors and Commissioners respectively In the present advanced state of the Resumption and Settlement Operations, it is not expected that the effect of Rules 8 and 10, will be to impose, generally, any excess of labour on the Commissioners, but if in any Division the case should be otherwise, the Board, on sufficient cause being shewn, will be prepared to recommend that such Collectors and Settlement Officers as may appear duly qualified, be vested with the extended powers provided for by Rule 11

3rd The Board are fully sensible that many of the Officers, below the grade of Collector, now employed on Settlement duty, may very safely be entrusted with the power of confirming temporary Settlements under Rule 7 You will, of course, report the names of any Officers whom you may consider it expedient to invest with that power

4th You will be careful to notice the points in which the respective functions of the Board and the Commissioners, as heretofore exercised, are modified by the present Rules You will understand that the revised Rule regarding resumption appeals, circulated under date the 8th January 1839, is superseded

5th You will be furnished with Forms for the several Periodical Returns specified in Rule 33, and for the Statements required for the Accountant's Office by Rules 7, 8, 10, 11 and 15, as soon as they can be supplied by the Lithographic Press, —and the Superintendent of the Press will be directed to observe the precise form and size of paper now prescribed in supplying all future Indents Much trouble and expence, I am desired to observe, is occasioned by Officers indenting for forms of Statements, &c of the same general purport, but with immaterial variations in the details of the

সদর বোর্ড বেবিনিউব সরকুলব অর্ডব।

২০ নম্বব।

অমুক এলাকাব বাজস্বেব শ্রীযুত কমিস্যনব সাহেব ববাববেষু।

১ দফা। এক্ষণপর্য্যন্ত কার্য্যেব যে বিধান চলন আছে তাহার পবিবর্ত্তে শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব গত জুন মাসেব ২৭ তাবিখে কার্য্যেব যে নূতন বিধান কবিলেন তাহা সদব বোর্ড বেবিনিউব হুকুমক্রমে তোমাব বিজ্ঞাপন ও উপদেশেব নিমিত্ত এবং তোমাব অধীন কার্য্যকাবকেব দিগকে জানাইবাব নিমিত্ত তোমাব নিকটে পাঠাইতেছি।

২ দফা। তুমি অবগত হইবা যে এই নূতন বিধানানুসাবে সমস্ত ভূমিব বন্দোবস্তেব প্রথমতঃ কালেকটব সাহেব অথবা কমিস্যনব সাহেবেব দ্বাবা নিষ্পত্তি হইবেক। এক্ষণে বাজেয়াপ্ত ও বন্দোবস্তেব কার্য্যেব অধিক অংশ সমাপ্ত হইয়াছে অতএব ৮ ও ১০ বিধানেব দ্বাবা সামান্যতঃ কমিস্যনব সাহেবেবদেব পবিশ্রমেব অতিশয় বৃদ্ধি হইবেক এমত বোধ হয় না কিন্তু যদি কোন এলাকাব মধ্যে তাহাব দ্বাবা কমিস্যনব সাহেবেবদেব অনেক পবিশ্রম হয় তবে বিশিষ্ট কাবণ দেখাইলে যে কালেকটর ও বন্দোবস্তী কার্য্যকাবক সাহেব ঐ কার্য্যেব উপযুক্ত বোধ হন্ তাঁহাবদিগকে বোর্ডেব সাহেবেবা ১১ বিধানেব লিখিত বেশী ক্ষমতা অর্পণ কবিবাব পবামর্শ দিবেন।

৩ দফা। বোর্ডেব সাহেবেবা অবগত আছেন যে কালেক্টব সাহেবের অধস্থ শ্রেণীব যে কার্য্যকাবকেবা এক্ষণে বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত আছেন তাঁহাবদেব অনেক ব্যক্তিকে ৭ বিধানানুসাবে মিয়াদী বন্দোবস্ত মঞ্জুবকবণেব ক্ষমতা দিলে হানি নাই। অতএব যে কার্য্যকাবকেবদিগকে তুমি ঐ ক্ষমতা দেওয়া উচিত বোধ কব তাঁহাবদেব বিষয়েব রিপোর্ট কবিবা।

৪ দফা। এক্ষণপর্য্যন্ত বোর্ডেব সাহেবেবদেব এবং কমিস্যনব সাহেবেবদেব প্রতি যে বিশেষ২ ভাব ছিল সেই সকল কার্য্যেব ভাবেব এই বিধানেব দ্বাবা যে রূপ মতান্তব হইয়াছে তাহা মনোযোগপূর্ব্বক অবধান কবিবা। তোমাকে জানান যাইতেছে যে বাজেয়াপ্তী মোকদ্দমাব আপীলেব বিষয়ে ১৮৩৯ সালেব ৮ জানুআবি তাবিখেব যে সংশোধিত বিধান প্রকাশ হইয়াছিল তাহা বদ হইয়াছে।

৫ দফা। ৩৩ বিধানেতে যে সকল সাময়িক কৈফিয়ৎ পাঠাইবাব হুকুম আছে এবং ৭। ৮। ১০। ১১ এবং ১৫ বিধানেব দ্বাবা একৌণ্টেণ্ট সাহেবেব দপ্তরেব নিমিত্ত যে সকল কৈফিয়ৎ পাঠাইতে হইবেক তাহাব নক্সা পাতবিয়া ছাপাখানাহইতে প্রাপ্ত হইলেই তোমাব নিকটে পাঠান যাইবেক এবং ঐ ছাপাখানার অধ্যক্ষকে হুকুম দেওয়া যাইবেক যে এইক্ষণে কাগজের যে ডৌল ও পবিমাণ স্থির হইয়াছে ঠিক তদনুসাবে কাগজ উত্তব কালে সর্ব্বদাই যোগান্। আবো তোমাকে ইহা জানাইতে বোর্ডের সাহেবেবা হুকুম কবিতেছেন যে যে কৈফিয়তেব সামান্যত একি মজমুন আছে তাহাব নানা শ্রেণীর বিবরণেতে কিঞ্চিৎ মতান্তর করিয়া কাগজের পরিমাণেব কিঞ্চিৎ কম

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৬ সেপ্টেম্বর।]

columns, and size of the paper The Board have requested the Revenue Accountant to furnish the Lithographic Press with a general standard form for all Periodical Returns submitted to his Office, and you are requested to submit to the Board (for the same purpose) a similar form of each Return required by you from the Collectors

6th The Board deem this a fitting opportunity to circulate to the Collectors subordinate to them, extracts from a Circular Letter of the Sudder Board at Allahabad, dated 25th August 1835, prescribing Rules for the systematic employment and instruction of the Junior Officers of the Revenue Department * These Rules were drawn up with especial reference to the union of the offices of Collector and Magistrate in the Western Provinces, but they are applicable with some very slight exceptions to Collectors, and their Assistants, throughout the Provinces You will consider the injunctions in the last paragraph as addressed to yourself, and you will be careful, in your periodical or occasional tours, to see that the spirit of these Rules is duly observed by your subordinates

7th With the other Forms, you will receive a form for a Return of business performed in the Collectors' Offices to be submitted quarterly to the Commissioners These Statements will assist in shewing how the Assistants are employed, and also what use is made of the Deputy Collectors under Regulation IX of 1833

E CURRIE, *Secretary*

Fort William, 10th August, 1842

RULES

I Commissioners of Revenue, except as may be otherwise specially provided by any Regulations or Act of the Government, or by the Rules hereinafter prescribed, shall exercise all the powers and authority vested in the Board of Revenue, at the date of the passing of Regulation I 1829

II The Sudder Board of Revenue shall be competent with or without Appeal, to call for, revise, alter, or report to Government, upon any proceeding of a Subordinate Revenue authority not made final by Law

III It shall not be requisite for a Commissioner, in forwarding any proceedings for the orders of the Sudder Board, to make a report in English, unless it be expressly called for by the Board.

IV The Board shall report to Government any case decided by them, on which the Commissioner, dissatisfied with the Board's decision, may desire a reference to higher authority

V The Commissioners of Revenue shall report, for the Board's information, all cases of deficiency in a Collector's Treasury, and all Circular in-

* These extracts will appear next week —*Ed*

[*Government Gazette*, 6*th September*, 1842.]

বেশ করিয়া কর্ম্মকারকেরা ছাপাখানাহইতে ঐ কাগজ চাহিয়া আনাতে অনেক ক্লেশ ও খরচ পড়ে। বোর্ডের সাহেবেরা রেবিনিউর একৌন্টেন্ট সাহেবকে আদেশ করিয়াছেন যে তাঁহার দফ্তরখানায় যে২ সাময়িক কৈফিয়ৎ পাঠান যাইবেক তাহার নক্সার সাধারণ এক নমুনা পাতরিয়া ছাপাখানায় পাঠান এবং তোমাকেও আদেশ করা যাইতেছে যে (ঐ ছাপাখানায় পাঠাইবার নিমিত্ত) তুমি কালেক্টর সাহেবেরদের স্থানে যে সকল কৈফিয়ৎ তলব কর তাহার প্রত্যেকের তদ্রূপ এক নক্সা বোর্ডে পাঠাইবা।

৬ দফা। রাজস্বসম্পর্কীয় যুবা কার্য্যকারকেরদের শিক্ষা করণের এবং নিয়মমত কার্য্যে নিযুক্তকরণের বিষয়ে যে বিধান আলাহাবাদের সদর বোর্ডের ১৮৩৫ সালের ২৫ আগষ্টের সরকুলর চিঠীতে নির্দ্দিষ্ট হইয়াছিল তাহার চুম্বক* বোর্ডের সাহেবেরা এই সুযোগে আপনারদের অধীন কালেক্টর সাহেবেরদের নিকটে পাঠাইতেছেন। পশ্চিম প্রদেশের কালেক্টর এবং মাজিষ্ট্রেট সাহেবেরদের পদ এক জন সাহেবেরে অর্পণকরণের সম্পর্কে ঐ বিধান বিশেষমতে প্রস্তুত হইয়াছিল বটে কিন্তু কিঞ্চিৎ ইতরবিশেষ করিলে ঐ বিধান সকল প্রদেশের কালেক্টর এবং তাঁহারদের আসিষ্টান্ট সাহেবেরদের প্রতি খাটিতে পারে। তাহার শেষ দফায় যে২ হুকুম লেখা আছে তাহা তোমাকে দেওয়া গিয়াছে এমত জ্ঞান করিবা এবং নিরূপিত সময়ে বা অন্য কোন কালে মফঃসলে ভ্রমণ করিলে তুমি তহকীক করিবা যে তোমার অধীন কার্য্যকারকেরা ঐ২ বিধান উপযুক্ত রূপে প্রতিপালন করিতেছেন কি না।

৭ দফা। তোমার নিকটে যে সকল নক্সা পাঠান যাইবেক তাহার মধ্যে কালেক্টর সাহেবের কাছারীতে নির্ব্বাহহওয়া কার্য্যের যে কৈফিয়ৎ তিন২ মাসান্তরে কমিস্যনর সাহেবেরদের নিকটে পাঠান যাইবেক তাহার এক নক্সা তুমি পাইবা। আসিষ্টান্ট সাহেবেরা যে রূপে কর্ম্ম করিতেছেন তাহা এবং ১৮৩৩ সালের ৯ আইনানুসারে যে ডেপুটী কালেক্টরেরা মোকরর হইয়াছেন তাঁহারা যে২ কর্ম্ম করিতেছেন তাহা ঐ কৈফিয়তের দ্বারা দৃষ্ট হইতে পারিবেক।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১০ আগষ্ট।

বিধান।

১। গবর্ণমেণ্টের কোন আইন অথবা আক্টের দ্বারা অথবা পশ্চাৎ লিখিত বিধানের দ্বারা অন্য প্রকার বিশেষ হুকুম না হইলে ১৮২৯ সালের ১ আইন জারীহওনের তারিখে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের যে সকল ক্ষমতা ও পরাক্রম ছিল সেই২ ক্ষমতা ও পরাক্রম রাজস্বের কমিস্যনর সাহেবেরদের হইবেক।

২। সদর বোর্ডের অধীন রাজস্বের কোন কার্য্যকারকের যে কোন কার্য্য আইনমতে চূড়ান্ত নহে তাহার উপর আপীল হইলে বা না হইলে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা সেই হুকুমের বিষয়ি কাগজপত্র তলব করিতে কি তাহা সংশোধিত করিতে অথবা মতান্তর করিতে পারেন অথবা তদ্বিষয়ের গবর্ণমেণ্টে রিপোর্ট করিতে পারেন।

৩। সদর বোর্ড রেবিনিউর হুকুম পাইবার নিমিত্তে কমিস্যনর সাহেব কোন রোয়দাদী কাগজপত্র পাঠাইলে বোর্ডের সাহেবেরা তাহার বিষয়ের ইঙ্গরেজী ভাষার রিপোর্ট বিশেষরূপে তলব না করিলে তাহা লিখিয়া পাঠাইবার আবশ্যক নাই।

৪। বোর্ডের সাহেবেরা কোন বিষয়ের নিষ্পত্তি করিলে যদি কমিস্যনর সাহেববোর্ডের সাহেবেরদের ঐ নিষ্পত্তিতে সম্মত না হইয়া উপরিস্থ কর্ত্তার নিকটে তাহা অর্পণ করিতে চাহেন তবে বোর্ডের সাহেবেরা সেই বিষয়ের রিপোর্ট গবর্ণমেণ্টে করিবেন।

৫। কালেক্টর সাহেবের খাজানাখানাতে টাকার কমী হইলে তাহার বিষয় এবং কমিস্যনর সাহেবেরা আপনারদের অধীন কার্য্যকারকেরদের উপদেশের নি

* এই চুম্বক আগামি সপ্তাহে প্রকাশ হইবেক।

structions which they may deem it necessary to issue for the guidance of their Subordinates The Sudder Board will refer, for the orders of Government, all matters of general interest and importance, which they may consider to require the notice or the orders of Government

VI All matters coming to the Board, unless otherwise ordered by the Government, shall be ordinarily referred to both Members, and be disposed of according to their concurrent opinion If they do not agree, the question shall be referred to Government

Settlements

VII Collectors shall have authority to confirm all temporary Settlements of a Jumma not exceeding 200 Rupees per annum, subject to an Appeal to the Commissioner, or to his revision without Appeal The power of confirmation here given to Collectors, shall not extend to Deputy Collectors or other Officers making Settlements below the rank of Collector, without the Special Authority of Government Officers exercising this power will submit to the Commissioner and to the Revenue Accountant, Tabular Statements of Settlements confirmed, in such form as the Board may prescribe

VIII Commissioners shall have authority to confirm all temporary Settlements of a Jumma exceeding 200 Rupees per annum, subject to an Appeal to the Board, or to the Board's revision without Appeal Commissioners will transmit to the Revenue Accountant's Office, Statements of all Settlements confirmed under this Rule

IX. Collectors shall be competent to annul all leases or temporary Settlements on the default of the farmers or proprietors, and if the Jumma or rent be not more than 200 Rupees, to make arrangements for the future management of the Mehauls as they may deem proper, subject to the revision of the Commissioners, but without any Report to those Officers Collectors will give regular information to the Accountant of their proceedings under this Rule If the Jumma or rent be more than 200 Rupees, they shall report to Commissioners as at present.

X Commissioners shall have authority to confirm all permanent Settlements, subject to an Appeal to the Board, or to the Board's revision without Appeal They will make Statements of all such confirmations to the Revenue Accountant's Office.

XI Authority to confirm permanent Settlements of inconsiderable Jummas will in special cases be granted by Government to a Collector or Settlement Officer, on the recommendation of the Board.

XII Orders of revision passed by a Commis-

মিত্ত যে সকল সবকুলের হুকুম দিতে আবশ্যক বোধ করেন্ তাহার বিষয়ে তাঁহারা বোর্ডের সাহেবেরদের নিকটে রিপোর্ট করিবেন। সাধারণের ক্ষতিবৃদ্ধিসম্পর্কীয় অথচ অতিগুরুতর যে বিষয় সদর বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টকে জানাইতে অথবা তদ্বিষয়ে গবর্ণমেণ্টের হুকুম পাইতে আবশ্যক বোধ করেন্ সেই হুকুম পাইবার নিমিত্ত ঐ বিষয় সদর বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টে অর্পণ করিবেন।

৬। গবর্ণমেণ্ট অন্য প্রকার হুকুম না করিলে সদর বোর্ডে যে সকল বিষয় অর্পণ হয় সেই সকল বিষয় সামান্যতঃ সদর বোর্ডের উভয় মেম্বর সাহেবের নিকটে অর্পণ হইয়া উভয়ের সম্মতিক্রমে নিষ্পত্তি হইবেক। তাঁহারা যদি একবাক্য না হন্ তবে ঐ বিষয় গবর্ণমেণ্টে অর্পণ হইবেক।

বন্দোবস্ত।

৭। ২০০৲ টাকার অনধিক সালিয়ানা জমার মিয়াদী সকল বন্দোবস্ত মঞ্জুর করিতে কালেক্টর সাহেবের ক্ষমতা হইবেক কিন্তু তাহার উপর কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারে কিম্বা আপীল না হইলেও কমিস্যনর সাহেব তাহা শুধরাইতে পারেন্। কালেক্টর সাহেবদিগকে ইহার দ্বারা বন্দোবস্ত মঞ্জুরকরণের যে ক্ষমতা দেওয়া যাইতেছে সেই ক্ষমতা গবর্ণমেণ্টের বিশেষ হুকুম না হইলে ডেপুটী কালেক্টরেরদের অথবা কালেক্টর সাহেবের অধস্থ শ্রেণীর বন্দোবস্তকারি অন্য কোন কর্ম্মকারকেরদের হইবেক না। যে কর্ম্মকারকেরা ঐ ক্ষমতানুসারে কার্য্য করেন্ তাঁহারা যে সকল বন্দোবস্ত মঞ্জুর করেন্ তাহার শ্রেণীযুক্ত কৈফিয়ৎ বোর্ডের নির্দ্দিষ্ট নক্সানুসারে প্রস্তুত করিয়া কমিস্যনর সাহেব এবং রেবিনিউর একৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন।

৮। ২০০৲ টাকার অধিক সালিয়ানা জমার মিয়াদী সকল বন্দোবস্ত মঞ্জুর করিতে কমিস্যনর সাহেবেরদের ক্ষমতা হইবেক কিন্তু তাহার উপর সদর বোর্ডে আপীল হইতে পারে অথবা আপীল না হইলেও বোর্ডের সাহেবেরা তাহা শুধরাইতে পারেন। এই বিধানমতে যে সকল বন্দোবস্ত মঞ্জুর হয় তাহার কৈফিয়ৎ কমিস্যনর সাহেবেরা রেবিনিউর একৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানায় পাঠাইবেন।

৯। ইজারদারেরা কিম্বা ভূম্যধিকারিরা খাজানা দিতে ক্রটি করিলে কালেক্টর সাহেবেরা তাহারদের সকল ইজারা ও মিয়াদী বন্দোবস্ত বরখাস্ত করিতে পারেন্ এবং যদি ঐ খাজানা বা জমা ২০০৲ টাকার অধিক না হয় তবে কালেক্টর সাহেবেরা উত্তর কালে ঐ মহালের সরবরাহের বিষয়ে যে কোন নিয়ম উচিত বোধ করেন্ সেই নিয়ম করিতে পারেন এবং তাঁহারদের ঐ নিয়ম কমিস্যনর সাহেবেরা সংশোধিত করিতে পারেন কিন্তু কালেক্টর সাহেবেরা ঐ বিষয়ের রিপোর্ট কমিস্যনর সাহেবের নিকটে করিবেন না। এই বিধানমতে কালেক্টর সাহেবেরা যে সকল কার্য্য করেন্ তাহার সংবাদ সর্ব্বদা একৌণ্টেণ্ট সাহেবকে দিবেন। যদি জমা কি খাজানা ২০০৲ টাকার অধিক হয় তবে এক্ষণকার ন্যায় কালেক্টর সাহেবেরা কমিস্যনর সাহেবেরদের নিকটে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

১০। কমিস্যনর সাহেবেরদের ইস্তমরারী সকল বন্দোবস্ত মঞ্জুর করিতে ক্ষমতা হইয়াছে এবং তাহার উপর আপীল সদর বোর্ডে হইবেক কিম্বা আপীল না হইলেও বোর্ডের সাহেবেরা তাহা সংশোধিত করিতে পারেন্। এই প্রকার মঞ্জুরহওয়া সকল বন্দোবস্তের কৈফিয়ৎ কমিস্যনর সাহেবেরা রেবিনিউর একৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানায় পাঠাইবেন।

১১। অল্প জমার কোন ইস্তমরারী বন্দোবস্ত মঞ্জুর করণের ক্ষমতা বোর্ডের সাহেবেরদের পরামর্শক্রমে গবর্ণমেণ্ট কোন২ বিশেষ গতিকে কালেক্টর সাহেবকে কি বন্দোবস্তকারি কর্ম্মকারককে অর্পণ করিবেন।

১২। কমিস্যনর সাহেবের অধীন কোন কার্য্যকারক

sioner or by the Board respectively, upon a temporary or permanent Settlement, confirmed by any Subordinate Officer, shall not take effect until the expiration of the Revenue year within which they are passed, unless they be for the diminution of the rent or Jumma or otherwise for the benefit of the party settled with by the Subordinate authority, or unless it be necessary to give them immediate effect for the redress of manifest fraud

XIII In cases of farms and temporary Settlements, the Sudder Board shall be competent to grant an abatement of Jumma when rendered necessary, by loss of lands from diluvian or by other similar cause, and in like manner when a Mehal, whether temporarily or permanently settled, shall have been entirely washed away, the Sudder Board, on the fact of its non-existence being satisfactorily ascertained, shall be competent to direct its removal from the Towjee, making a Statement of each case, for the information of Government and the Officers of Account

Remission of Balances

XIV The Sudder Board shall be competent to authorize the remission of all Balances which they may consider irrecoverable, furnishing Periodical Statements of the same, for the eventual sanction of Government, and giving due information to the Revenue Accountant's Office But no remission of the current demand of Revenue, on the ground of calamity of season or other cause, shall be granted, except in Estates held Khass, without the express authority of Government previously obtained

XV Commissioners shall be competent to sanction—without reference to the Board—the remission of Balances in Estates held Khass, as also of all merely nominal Balances, consisting of the difference between the actual demand and the Jumma borne on the Towjee They will make regular Statements to the Revenue Accountant of their proceedings under this Rule

Refunds

XVI The Sudder Board shall be competent to authorize as heretofore the refund, with interest at 6 per cent of Collections made from Mehals, erroneously resumed and relinquished, under the orders of a competent authority, as also the refund of all sums paid by the proprietors of recently settled Mehals, in excess of the Jumma eventually fixed —on final confirmation of the Settlements, and the payment of all compensations to Maliks for loss of Settlement in Badshahee tenures settled with Mafeedars under Rule VI of the Badshahee Rules. They will make regular Statements to the Revenue Accountant of their proceedings under this Rule.

XVII The Sudder Board on the Report of the Commissioners, shall be competent as heretofore, to sanction the refund of payments of every description connected with the Land Revenue Department, not exceeding 500 Rupees in each case, when

[*Government Gazette*, 6*th September*, 1842]

সাহেব যে মিয়াদী অথবা ইস্তমরারী বন্দোবস্ত মঞ্জুর করিয়াছেন তাহা কমিস্যনর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা সংশোধিত করিয়া যে হুকুম দেন্ তাহা রাজস্বের হিসাবী যে বৎসরে হইয়াছিল তাহার শেষ না হওয়াপর্য্যন্ত আমলে আসিবেক না। কিন্তু কমিস্যনর সাহেবের অথবা বোর্ডের ঐ হুকুমের দ্বারা যদি খাজানা কিম্বা জমা কম করা যায় কি অধীন কার্য্যকারক যে ব্যক্তির সঙ্গে বন্দোবস্ত করিয়াছেন তাহার অন্য প্রকারে মঙ্গল হয় কিম্বা স্পষ্ট প্রবঞ্চনার দ্বারা যে ক্ষতি হইয়াছে তাহার অগৌণে প্রতিকার করণের আবশ্যক হয় তবে ঐ বৎসরের শেষ না হইতে ঐ হুকুম আমলে আসিবেক।

১৩। সিকস্তী অথবা ঐ প্রকার অন্য কোন কারণ প্রযুক্ত ভূমি নষ্ট হওয়াতে যদি জমা কমাইবার আবশ্যক হয় তবে সদর বোর্ডের সাহেবেরা ইজারার এবং মিয়াদী বন্দোবস্তী ভূমির জমা কম করিতে পারেন্। এবং সেই রূপে কোন মিয়াদী বা ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল যদি একেবারে সিকস্ত হইয়া যায় তাহার ঐ সিকস্তীহওনের বিষয়ে সদর বোর্ডের সাহেবেরা খাতিরজমারূপে প্রমাণ পাইলে ঐ মহালের নাম তৌজীহইতে উঠাইবার আজ্ঞা দিতে পারেন্ কিন্তু এইমত প্রত্যেক গতিকে সদর বোর্ডের সাহেবেরা সেই বিষয়ের এক কৈফিয়ৎ গবর্ণমেণ্টকে এবং হিসাবসম্পর্কীয় কার্য্যকারকদিগকে দিবেন।

বাকী মালগুজারীর মাফকরণ।

১৪। যে সকল বাকী মালগুজারী নিতান্ত আদায় হইতে পারে না সদর বোর্ডের সাহেবেরা বোধ করেন তাহা মাফ করিতে পারেন এবং পরে তাহাতে গবর্ণমেণ্টের মঞ্জুর হওনের নিমিত্ত তাহার সাময়িক কৈফিয়ৎ গবর্ণমেণ্টে পাঠাইবেন এবং রেবিনিউর একৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানায় তাহার উপযুক্তমতে সম্বাদ দিবেন। কিন্তু গবর্ণমেণ্টের বিশেষ হুকুম পূর্ব্বে না পাওয়া গেলে আকাশীয় উৎপাত কিম্বা অন্য কোন কারণপ্রযুক্ত খাস মহালভিন্ন অন্য মহালের রাজস্বের হালের দাওয়া মাফ হইবেক না।

১৫। খাস মহালে যে সকল খাজানা বাকী পড়ে এবং তৌজীতে যে জমা লেখা আছে তাহা এবং প্রকৃত যে দাওয়া হয় তাহার মধ্যে যে ইতর বিশেষ আছে এমত নাম মাত্র বকেয়া খাজানা কমিস্যনর সাহেবেরা বোর্ডের অনুমতি না পাইয়া মাফকরণের হুকুম দিতে পারেন্। এই বিধান মতে তাঁহারা যে কার্য্য করেন্ তাহার কৈফিয়ৎ নিরূপিত সময়ে রেবিনিউর একৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন।

খাজানা ফিরিয়া দেওন।

১৬। যে সকল মহাল অসঙ্গতরূপে বাজেয়াপ্ত হইয়াছে এবং ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের হুকুমক্রমে পুনর্ব্বার ছাড়িয়া দেওয়া গিয়াছে এমত মহালের যে সকল খাজানা উসুল হইয়াছে তাহা সালিয়ানা শতকরা ৬৲ টাকা সুদসমেত সদর বোর্ডের সাহেবেরা পূর্ব্ববৎ ফিরিয়া দিতে পারেন্। এবং যে সকল মহালের বন্দোবস্ত সম্প্রতি হইয়াছে ঐ২ মহালের বন্দোবস্তের চূড়ান্ত মঞ্জুরহওনের সময়ে যে জমা পরিশেষে ধার্য্য হয় তাহার অতিরিক্ত যত খাজানা মালিকেরা দিয়াছে তাহা ফিরিয়া দেওনের হুকুম দিতে পারেন্। এবং বাদশাহী ভূমিবিষয়ক বিধানের ৬ দফাঅনুসারে মাফীদারেরদের সঙ্গে যে সকল বাদশাহী মহালের বন্দোবস্ত হইয়াছে তাহার বন্দোবস্ত মালিকেরদের সঙ্গে না হওয়াতে ঐ মালিকেরদের যে ক্ষতি হইয়াছে তাহা পূরণ করিতে হুকুম দিতে পারেন্। এই বিধানমতে সদর বোর্ডের সাহেবেরা যে সকল কার্য্য করেন্ তাহার কৈফিয়ৎ নিয়মিত সময়ে রেবিনিউর একৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন।

১৭। কমিস্যনর সাহেবের রিপোর্টক্রমে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা প্রত্যেক গতিকের বিশেষ বৃত্তান্ত বিবেচনা করিয়া যদি যথার্থ এবং আবশ্যক বোধ করেন্ তবে প্রত্যেক গতিকে ৫০০৲ টাকার অধিক না হয় এমত

from the circumstances laid before them, they may consider such refund to be just and necessary

Malikana

XVIII In the case of Estates held Khass or let in farm, Commissioners shall be competent to authorize the payment to the disseized proprietors of Malikana to an extent not exceeding 10 per cent on the net Collections paid into the Government Treasury. Commissioners will Report periodically, to the Board, all payments authorized under this Rule

Court of Wards

XIX The Commissioners of Revenue shall exercise all the powers vested by the Regulations in the Court of Wards Provided, however, that, if a Commissioner shall wish to apply the surplus receipts, arising from any Estate under the Court's management, to the purchase of Landed Property, or to invest it in any other manner than in Government Securities, he shall Report the circumstances of the case for the orders of the Sudder Board

Suits in the Civil Courts

XX On a petition of Suit, preferred in a Civil Court, against a Collector of Land Revenue or other European Officer, subject to the authority of a Commissioner for any act done in his Official capacity, being referred by the Judge of the Court to the Commissioner, that Officer, provided the relief sought can be afforded by disallowing or reversing the Act or Order complained of, may grant such redress at his discretion, provided it be within his legal competence But if it be not within his competence or in case redress cannot be so afforded, the Commissioner shall, if he be of opinon that the claim should be allowed or compromised, report the case for the orders of the Sudder Board

XXI If the Commissioner shall be of opinion, that the party should be left to prosecute his claim, in the Civil Court, he shall submit a full Report for the information of the Sudder Board, who in their capacity of Superintendent and Remembrancer of Legal Affairs, will issue such instructions as they may deem proper

XXII In the prosecution and defence of Original Suits or Appeals, in which Government may be a party, in the Zillah Courts, the Commissioner of Revenue shall exercise the power and authority of the Board of Revenue, but no decision which may be passed by a Lower Court, shall be appealed to the Sudder Dewanny Adawlut without the sanction of the Sudder Board, by whom, in the event of an appeal being preferred, the proceedings will be conducted

Pensions

XXIII The Sudder Board are competent to sanction the continuance of Hereditary Pensions, where the hereditary title has been already recognized by Government or decreed by a competent Court of Justice, or where the Pension is of a permanent nature under Section 4, Regulation XXII.

ভূমির মালগুজারীসম্পর্কীয় সর্ব্ব প্রকার টাকা ফিরিয়া দিবার হুকুম করিতে পারেন্।

মালিকানা।

১৮। যে মহাল খাস তহসীলে থাকে অথবা ইজারায় দেওয়া গিয়াছে তাহার খরচবাদে যে খাজানা উসুল হইয়া সরকারী খাজানাখানাতে দাখিল হইয়াছে তাহার উপর শতকরা ১০৲ টাকার অনধিক মালিকানা কমিস্যনর সাহেবেরা বেদখলহওয়া মালিকেরদিগকে দেওনের হুকুম দিতে পারেন। এই বিধানানুসারে কমিস্যনর সাহেবেরা যে সকল টাকা দেওনের হুকুম দেন্ তাহার এক সাময়িক রিপোর্ট বোর্ডে পাঠাইবেন।

কোর্ট ওয়ার্ডস।

১৯। আইনানুসারে কোর্ট ওয়ার্ডসকে যে২ ক্ষমতা দেওয়া গিয়াছে সেই সকল ক্ষমতা রাজস্বের কমিস্যনর সাহেবেরদিগকে দেওয়া গেল কিন্তু ঐ কোর্টের অধীন কোন জমীদারীহইতে যে টাকা উৎপন্ন হয় তাহার ফাজিল টাকা লইয়া যদি কমিস্যনর সাহেব ভূমি সম্পত্তি ক্রয় করিতে চাহেন অথবা গবর্ণমেণ্টের প্রোমিসরি নোট ক্রয় করণ ভিন্ন অন্য কোন প্রকারে ঐ টাকা খরচ করিতে চাহেন তবে তাহার বিষয়ে সদর বোর্ডের হুকুম পাইবার নিমিত্ত ঐ বোর্ডে রিপোর্ট করিবেন।

দেওয়ানী আদালতের মোকদ্দমা।

২০। ভূমির রাজস্বের কোন কালেক্টর সাহেব অথবা কমিস্যনর সাহেবের অধীন অন্য কোন ইউরোপীয় কার্য্যকারক সাহেবের নামে তাঁহার পদসংক্রান্ত কর্ম কার্য্যের বিষয়ে যদি দেওয়ানী আদালতে নালিশ হয় এবং ঐ আদালতের জজ সাহেব যদি সেই মোকদ্দমা কমিস্যনর সাহেবকে অর্পণ করেন্ তবে যে কার্য্য অথবা হুকুমের বিষয়ে নালিশ হইয়াছে তাহা অস্বীকার অথবা পরিবর্ত্তন করণের দ্বারা যদি প্রতিকার হইতে পারে তবে কমিস্যনর সাহেবের আইনমতে সেইরূপ শক্তি থাকিলে আপনার বিবেচনামতে উক্ত প্রকার প্রতিকার করিবেন। কিন্তু যদি কমিস্যনর সাহেবের সেইরূপ কার্য্য করিতে ক্ষমতা না থাকে অথবা সেইরূপে যদি প্রতিকার না হইতে পারে তবে দরখাস্তকারির ঐ দাওয়া স্বীকার করিতে অথবা আপোসে মিটাইতে কমিস্যনর সাহেব উচিত বোধ করিলে তিনি সদর বোর্ডের হুকুম পাইবার নিমিত্ত তাহার রিপোর্ট করিবেন।

২১। যদি কমিস্যনর সাহেব বোধ করেন্ যে দরখাস্তকারিকে দেওয়ানী আদালতে আপন দাওয়ার নালিশ করিতে অনুমতি দেওয়া উচিত তবে তিনি সদর বোর্ডের বিজ্ঞাপনের নিমিত্ত তাহার বিস্তারিত এক রিপোর্ট করিবেন এবং সদর বোর্ডের সাহেবেরা আইনসম্পর্কীয় কার্য্যেতে আপনারদের সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রানসরের পদসংক্রান্ত যে হুকুম দেওয়া উচিত বোধ হয় তাহা দিবেন।

২২। প্রথমত উপস্থিত হওয়া যে মোকদ্দমাতে অথবা আপীলেতে গবর্ণমেণ্ট বাদী কিম্বা প্রতিবাদী হন এমত মোকদ্দমায় জিলার আদালতে নালিশ ও জওয়াব করণের বিষয়ে রাজস্বের কমিস্যনর সাহেব সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের ক্ষমতা ও পরাক্রমানুসারে কার্য্য করিবেন। কিন্তু সদর বোর্ডের অনুমতি না পাইলে অধস্থ আদালতের কোন নিষ্পত্তির উপর কোন আপীল সদর দেওয়ানী আদালতে করিতে হইবেক না এবং যদ্যপি আপীল করা যায় তবে সদর বোর্ডের সাহেবেরা সেই আপীলের কার্য্য নির্ব্বাহ করিবেন।

মুশাহেরা।

২৩। যে কোন স্থলে গবর্ণমেণ্ট মুশাহেরা মৌরুসী রূপে স্বীকার করিয়াছেন অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত আদালতে তাহা মৌরুসীহওনের বিষয়ে ডিক্রী হইয়াছে কিম্বা যে স্থলে ঐ মুশাহেরা ১৮০৬ সালের ২২ আইনের ৪ ধারানুসারে মৌরুসী হয় এমত সকল স্থলে সদর বোর্ডের সাহেবেরা ঐ মুশাহেরা মৌরুসীরূপে বহাল রাখি

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৬ সেপ্টেম্বর।]

of 1806 The Board will Report each case of Sanction, under this Rule, for the information of Government

XXIV The Sudder Board will Report to Government for decision, any cases in which at the recommendation of the Local Commissioner or otherwise, they may be of opinion, on the decease of a Life Pensioner, that the Pension or any part thereof should be continued to the heirs of the deceased, in consideration of any claims they may have upon the Government, or other sufficient grounds

XXV The Sudder Board of Revenue shall be competent, on sufficient cause shewn, to order restoration to incumbents of pensions which have lapsed, owing to the non-attendance of the Pensioners for a period of twelve months

Contingent Charges

XXVI The Sudder Board and Commissioners of Revenue respectively are competent to pass Contingent Charges incurred by their Subordinates to the extent of 500 Rupees

Disbursements by Decrees of Civil Court and Law Charges

XXVII The Sudder Board of Revenue is competent to authorize any disbursements ordered by a Regular Decree of a Court of Justice, and to sanction the adjustment in the Collector's Accounts of Advances on account of Law Charges, when such advances prove irrecoverable, either from the Suit being decided against Government, or from the death or poverty of the parties, reporting the same for the information of Government

Advances of Diet Allowance

XXVIII The authority of the Commissioner shall be sufficient for the adjustment in the Collector's Accounts of Advances of Diet Allowance to Revenue Defaulters, which may be found to be irrecoverable

Tuquvee Advances

XXIX The Commissioners of Revenue are restricted from authorizing Tuquvee Advances without the authority of the Sudder Board

Establishments

XXX No alteration shall be made in the number, designation, or Salaries of the fixed Establishment entertained in any Office under the authority of the Sudder Board, without the sanction of the Board, and no increase of aggregate expense shall be allowed, without the sanction of Government

XXXI The Commissioners of Revenue will authorize, without reference to the Sudder Board such temporary Establishments of Native Officers, as may be necessary, for the measurement of lands, previous to Settlement, and will determine the scale of remuneration to be paid to such Officers

XXXII The Commissioners of Revenue shall also be competent to authorize the entertainment of the necessary Establishment for the partition of any Estate, and to fix the amount of remuneration to be allowed, furnishing Periodical Statements of such

[*Government Gazette, 6th September,* 1842.]

বার অনুমতি দিতে পারেন্। কিন্তু এই বিধানমতে বোর্ডের সাহেবেরা যে অনুমতি দেন্ তাহার বিষয়ে গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের নিমিত্ত রিপোর্ট করিবেন।

২৪। যে ব্যক্তির যাবজ্জীবন মুশাহেরা মোকরর থাকে তাহার যখন মৃত্যু হয় তখন রাজস্বের কমিস্যনর সাহেবের পরামর্শক্রমে কিম্বা অন্য কোন কারণে যদি সদর বোর্ডের সাহেবেরা বোধ করেন্ যে গবর্ণমেণ্টের উপর ঐ মুশাহেরাদারের উত্তরাধিকারিরদের কোন দাওয়া থাকন প্রযুক্ত অথবা অন্য কোন মাতবর হেতুপ্রযুক্ত মৃত ব্যক্তির ঐ মুশাহেরা অথবা তাহার কোন অংশ ঐ মুশাহেরাদারের উত্তরাধিকারিরদের পক্ষে বহাল রাখা উচিত হয় তবে বোর্ডের সাহেবেরা ঐ বিষয় গবর্ণমেণ্টের মঞ্জুরীর নিমিত্ত রিপোর্ট করিবেন।

২৫। বারো মাসপর্য্যন্ত মুশাহেরাদারেরদের হাজির না হওনপ্রযুক্ত তাহারদের মুশাহেরা মৌকুফ হইলে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা বিশিষ্ট হেতু দেখিলে তাহারদের মুশাহেরা পুনর্ব্বার দেওনের হুকুম দিতে পারেন্।

বাজে খরচ।

২৬। সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা এবং কমিস্যনর সাহেবেরা আপনারদের অধীন কার্য্যকারকেরদের বাজেখরচের নিমিত্ত ৫০০৲ টাকাপর্য্যন্ত ব্যয় করণের অনুমতি দিতে পারেন্।

দেওয়ানী আদালতের ডিক্রীক্রমে এবং মোকদ্দমার খরচার নিমিত্ত টাকা ব্যয়করণ।

২৭। কোন আদালতের জাবেতামত ডিক্রীর দ্বারা যে টাকা দেওনের হুকুম হইয়াছে তাহা দিতে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম করিতে পারেন্ এবং গবর্ণমেণ্টের প্রতিকূলে ডিক্রী হওনপ্রযুক্ত অথবা আসামীরদের মৃত্যু কি দরিদ্রতাপ্রযুক্ত মোকদ্দমার খরচার নিমিত্ত যে টাকা আগাম দেওয়া গিয়াছিল তাহা নিতান্ত অপ্রাপ্য হইলে ঐ সকল টাকা কালেক্টর সাহেবের বহীহইতে উঠাইতে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম দিতে পারেন এবং তদ্বিষয় গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের নিমিত্ত রিপোর্ট করিবেন।

খোরাকী।

২৮। রাজস্বের বাকীদারেরদিগকে যে খোরাকী টাকা দেওয়া গিয়াছে তাহা নিতান্ত অপ্রাপ্য বোধ হইলে ঐ টাকা কালেক্টর সাহেবের হিসাবের বহীহইতে উঠাইয়া ফেলিতে কমিস্যনর সাহেব হুকুম করিলে তাহা উঠাইয়া ফেলা যাইবেক।

তাগাবী।

২৯। সদর বোর্ড রেবিনিউর হুকুম না পাইলে রাজস্বের কমিস্যনর সাহেবেরা তাগাবী দেওনের হুকুম দিতে পারেন না।

সিরিশ্তার আমলাগণ।

৩০। সদর বোর্ডের অধীন কোন সিরিশ্তায় যে সকল আমলা মোকরর আছে ঐ বোর্ডের অনুমতিভিন্ন তাহারদের সংখ্যা কি খ্যাতি কি মাহিয়ানার কোন প্রকারে ফেরফার হইবেক না এবং গবর্ণমেণ্টের অনুমতি না পাইলে সিরিশ্তার মোট খরচের বৃদ্ধি হইবেক না।

৩১। ভূমির বন্দোবস্তহওনের পূর্ব্বে তাহা জরীপ করণের নিমিত্ত এদেশীয় আমলারদিগকে কিছু কালের নিমিত্ত নিযুক্তকরণের আবশ্যক হইলে রাজস্বের কমিস্যনর সাহেবেরা সদর বোর্ডকে না জানাইয়াও তাহারদিগকে নিযুক্ত করিতে হুকুম দিতে পারেন এবং ঐ আমলারদিগকে যে হারে মাহিয়ানা দিতে হইবেক তাহা নির্দ্দিষ্ট করিবেন।

৩২। কোন মহালের বাঁটওয়ারাকরণের নিমিত্তে যে আমলারদিগকে নিযুক্তকরণের আবশ্যক হয় তাহারদিগকে নিযুক্ত করিতে এবং তাহারদিগকে যে মেহনতানা দিতে হয় তাহা স্থির করিতে রাজস্বের কমিস্যনর সাহেবেরদের ক্ষমতা আছে। কিন্তু পরে সদর বোর্ডের অনুমতি

Establishments for the eventual sanction of the Sudder Board

Periodical Statements

XXXIII The Commissioners will submit to the Sudder Board, and the Sudder Board to Government, the following periodical Statements.

পাওনের নিমিত্ত ঐ আমলাবদের বিষয়ের সাময়িক কৈফিয়ৎ কমিস্যনর সাহেবেরা তথায় পাঠাইবেন।

সাময়িক কৈফিয়ৎ।

৩৩। নীচের লিখিত সাময়িক কৈফিয়ৎ কমিস্যনর সাহেবেরা সদর বোর্ডে পাঠাইবেন এবং সদর বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টে পাঠাইবেন।

PERIODICAL STATEMENTS.

Nature of Return	By Commissioners to Board	By Board to Government	
Settlements confirmed by Commissioners,	Quarterly,	Annually,	Old
Remissions of Revenue granted by Board,	———	Quarterly,	New
Refunds by Order of Board, . . .	———	Do	Old
Malikana payments ordered by Commissioners, .	Quarterly,	———	New
Prisoners confined for Government demands,	Do	Annually,	Old
Sales for arrears of Revenue,	Do	Do	New
Cases under Regulations II 1819, and III 1828,	Do	Quarterly,	Old
Suits in Civil Court in which Government is a party,	Annually,	Annually,	Do
General Statement of Ward's Estates, . ..	Do	———	Do
Butwarrah Establishments, ...	Quarterly,	———	New
Operation Returns,	Annually,	Annually,	Old
Irrecoverable Balances, ...	Do	———	Do
Revision of Securities of Officers entrusted with public money,	Do	———	Do
Statement of Business performed in Commissioner's Office,	Quarterly,	———	New

সাময়িক কৈফিয়ৎ।

যাহার বিষয়ে কৈফিয়ৎ।	কমিস্যনর সাহেবেরা বোর্ডে যাহা পাঠাইবেন।	বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টে যাহা পাঠাইবেন।	
কমিস্যনর সাহেবেরা যে বন্দোবস্ত মঞ্জুর করিয়াছেন তাহার	ত্রৈমাসিক	বার্ষিক	পূর্ব্ববৎ
বোর্ডের সাহেবেরা যে জমা মাফ করিয়াছেন তাহার	———	ত্রৈমাসিক	নূতন
বোর্ডের হুকুমক্রমে যে টাকা ফিরিয়া দেওয়া যায় তাহার	———	ঐ	পূর্ব্ববৎ
কমিস্যনর সাহেবেরদের হুকুমক্রমে যে মালিকানা দেওয়া গিয়াছে তাহার	ত্রৈমাসিক	———	নূতন
গবর্ণমেণ্টের দাওয়ার নিমিত্ত যে কয়েদ হইয়াছে তাহার	ঐ	বার্ষিক	পূর্ব্ববৎ
বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত যে নীলাম হয় তাহার	ঐ	ঐ	নূতন
১৮১৯ সালের ২ আইন এবং ১৮২৮ সালের ৩ আইনানুসারে যে মোকদ্দমা হয় তাহার	ঐ	ত্রৈমাসিক	পূর্ব্ববৎ
দেওয়ানী আদালতে যে মোকদ্দমায় গবর্ণমেণ্ট বাদী বা প্রতিবাদী হন তাহার	বার্ষিক	বার্ষিক	ঐ
ওয়ার্ডসের জমীদারীর সাধারণ কৈফিয়ৎ	ঐ	———	ঐ
বাঁটওয়ারার নিমিত্ত যে আমলাগণ নিযুক্ত হয় তাহারদের	ত্রৈমাসিক	ত্রৈমাসিক	নূতন
নিষ্পাত্তিহওয়া কার্য্যের রেওয়া	বার্ষিক	বার্ষিক	পূর্ব্ববৎ
যে জমা পাওয়া যাইতে পারে না তাহার	ঐ	ঐ	ঐ
যে আমলারদের হাতে সরকারী টাকার তহবীল থাকে তাঁহারদের জামিনের পুনর্দৃষ্টিকরণ	ঐ	ঐ	ঐ
কমিস্যনর সাহেবের দফতরখানায় যে কার্য্য হইয়াছে তাহার কৈফিয়ৎ	ত্রৈমাসিক	ত্রৈমাসিক	নূতন

XXXIV It is to be clearly understood that the above Rules of practice, do not affect the power of Government to call for, revise, and alter any thing, order, or proceeding of any Revenue Authority, not made final by Law

F J HALLIDAY,
Secy to the Govt. of Bengal.

Fort William, 27th June, 1842

৩৪। স্পষ্টতঃ বুঝিতে হইবেক যে রাজস্বের যে কার্য্যকারকের কোন বিষয় বা হুকুম কি কার্য্য আইনমতে চূড়ান্ত নহে তাহা গবর্ণমেণ্টের তলবকরণ ও পুনর্দৃষ্টি করণ এবং ফেরফার করণের যে ক্ষমতা আছে সেই ক্ষমতার উপরের লিখিত বিধানের দ্বারা কিছুমাত্র অন্যথা হইবেক না।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৭ জুন।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৬ সেপ্টেম্বর।

ERRATUM

In Circular Order No 1275, *dated* 15*th April and published in Bengalee Gazette, of the* 10*th May*, 1842

In paragraph 3, line 3, for "whose salaries exceed 20 Rupees a month" Read "who receive a monthly salary of 20 Rupees and upwards"

J HAWKINS *Register*

NOTIFICATION

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 19TH AUGUST 1842

Baboo Obhoy Coomar Dutt, who has obtained a Diploma, to be Acting Moonsiff of Nicklee, Zillah Mymensing

THE 26TH AUGUST, 1842

Baboo Nobinchunder Mitter, who has obtained a Diploma, to be Acting Moonsiff of Habra, Zillah 24-Pergunnahs

Moulvee Gudda Hossein, 1st grade Moonsiff of Puttea, Zillah Chittagong, to be Moonsiff of the 1st Town Division, in the room of Moonshee Radhachurn, dismissed Rumeezooddeen, who has obtained a Diploma, to be Moonsiff of Puttea

J HAWKINS, *Register*

CIVIL APPOINTMENTS.

No 629

FORT WILLIAM,

FINANCIAL DEPARTMENT,

The 30*th August*, 1842

The Honourable the President in Council is pleased to direct, under the instructions of the Right Honourable the Governor General, that the following Notification be published for general information

NOTIFICATION

FINANCIAL DEPARTMENT,

Cawnpore, the 23*d August*, 1842

The Right Honourable the Governor General has been pleased to nominate, as Corresponding Members at the Presidency of the Finance Committee appointed by his Lordship on the 23d June last—

F Millett, Esq, Member of the Law Commission,

G A Bushby, Esq, Secy of the Govt of India, and

T R Davidson, Esq, Offg Member of the Board of Revenue,—and C. B Greenlaw, Esq, to be their Secretary

(Signed) T H MADDOCK,

Secy to the Govt of India with the Governor General.

By order of the Honourable the President in Council,

G A BUSHBY,

Secy to the Govt of India

Government Gazette, 6*th September*, 1842

অশুদ্ধ শোধন।

১৫ আপ্রিল তারিখের ১২৭৫ নম্বরী যে সরকুলর অর্ডর ১৮৪২ সালের ১০ মে তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহার অশুদ্ধ শোধন।

তাহার ৩ ধারার ৩ পঁক্তিতে "মাসে ২০ টাকার অধিক বেতন পাইতেছে" এই কথার পরিবর্ত্তে "মাসে ২০ টাকা এবং তাহার অধিক বেতন পাইতেছে" এই কথা পাঠ করিতে হইবেক।

জে হকিন্স। রেজিষ্টর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ১৯ আগষ্ট।

শ্রীযুত বাবু অভয়কুমার দত্ত যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা ময়মনসিংহের নিকলি মোকামের একটিং মুনসেফ হইবেন।

১৮৪২ সাল ২৬ আগষ্ট।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র মিত্র যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা চব্বিশ পরগনার হাবড়ার একটিং মুনসেফ হইবেন।

শ্রীযুত রাধাচরণ মুনশী তগীর হওয়াতে তাঁহার স্থানে পটিয়ার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী গদ্দা হুসেন জিলা চাটিগাঁর শহরের প্রথম পল্লীর মুনসেফ হইবেন। শ্রীযুত রমীজউদ্দীন যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে পটিয়ার মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৬২৯ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ৩০ আগষ্ট।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে হুকুম করিতেছেন যে সর্ব্ব সাধারণকে জানাইবার নিমিত্ত নীচের লিখিত বিজ্ঞাপন প্রকাশ হয়।

বিজ্ঞাপন।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

কানপুর। ১৮৪২ সাল ২৩ আগষ্ট।

গত জুন মাসের ২৩ তারিখে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে ফিনান্স কমিটি নিযুক্ত করিয়াছিলেন তাঁহারদের সাহায্যার্থ শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নীচের লিখিত সাহেবেরদিগকে রাজধানীতে মেম্বরস্বরূপ নিযুক্ত করিয়াছেন।

ব্যবস্থাপক কমিস্যনের মেম্বর শ্রীযুত এফ মিলেট সাহেব।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত জি এ বুসবি সাহেব।

এবং সদর বোর্ডের একটিং মেম্বর শ্রীযুত টি আর ডেবিডসন সাহেব। এবং শ্রীযুত সি বি গ্রীন্‌লা সাহেব ঐ কমিটির সেক্রেটারী হইবেন।

টি এচ মাডক।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বাহাদুরের হজুর কৌন্সেলের হুকুমক্রমে।

জি এ বুসবি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 2
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
EDUCATION
The 24th August, 1842

Captain Percy Eld, Officiating Magistrate of Gowahatty, is appointed a Member of the Local Committee of Education at that Station

H V BAYLEY,
Depy Secy to the Govt of India

No 1155

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT
The 22d August, 1842

The Honourable the Deputy Governor of Bengal has this day been pleased to invest the Judges of Nuddea, Purneah and Beerbhoom with the powers of Special Commissioner under Regulation III of 1828, in their respective Districts

Mr R N Shore to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector, in the Southern Division of Cuttack (Pooree)

The 30th August, 1842

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to invest Captain F C Elwall, Assistant Superintendent for the Suppression of Thuggee, with the powers of a Joint Magistrate in the Districts of Midnapore and Cuttack

LEAVES OF ABSENCE

Mr John French, Additional Judge of Tirhoot, during the ensuing Dusserah Vacation, on private affairs

Mr E A Samuells, Magistrate of Tirhoot, for six weeks, from the 5th proximo, to proceed on the River for the benefit of his health, making over charge of his office to Mr A Young, who is appointed to officiate as Magistrate, in addition to his present duties, during the absence of Mr Samuells or until further orders

Mr A S Annand Magistrate of Tipperah, for one month, from the 10th October ensuing, under Section XI of the Rules of 29th January 1840, making over charge of his office to Mr J Alexander, who is appointed to officiate as Magistrate, in addition to his present duties, during the absence of Mr Annand, or until further orders

Mr T C Trotter, Joint Magistrate and Deputy Collector at Patna, for one month, from the 9th instant, on Medical Certificate

Mr C A Ravenshaw, Assistant to the Magistrate and Collector of Bhaugulpore, for one month, on Medical Certificate

Mr Sub-Assistant L. Grange, attached to the District of Nowgong in Assam, for two months, from the 1st proximo, on private affairs

Baboo Byjenath Sen, 1st Principal Sudder Ameen of Jessore, for ten days, on account of illness, in extension of the leave granted to him on the 25th ultimo

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৬ সেপ্টেম্বর।]

১ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনবল ডিপার্টমেণ্ট।
বিদ্যাধ্যাপন।
১৮৪২ সাল ২৪ আগষ্ট।

গৌহাটির একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত কাপ্তান পর্সি এলডে সাহেব ঐ স্থানের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বরী পদে নিযুক্ত হইয়াছেন।

এচ বি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১১৫৫ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২২ আগষ্ট।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব অদ্য নদীয়া ও পূরণিয়া এবং বীরভূমের জজ সাহেবদিগকে আপন২ জিলাতে ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতা অর্পণ করিয়াছেন।

শ্রীযুত আর এন শোর সাহেব কটকের দক্ষিণাঞ্চলে অর্থাৎ পুরীতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৪২ সাল ৩০ আগষ্ট।

ঠগী নিবারণার্থ আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান এফ সি এলউয়াল সাহেবকে বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব মেদিনীপুর ও কটক জিলার মধ্যে জাইন্ট মাজিষ্ট্রেটের ক্ষমতা দিয়াছেন।

ছুটী।

ত্রিহুতের অতিরিক্ত জজ শ্রীযুত জান ফ্রেঞ্চ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশরার বন্দে ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এ সামুয়েল্স সাহেব আপনার স্বাস্থ্যের নিমিত্ত নদীতে গমনার্থ আগামি মাসের ৫ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন এবং আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ ইয়ং সাহেবের প্রতি অর্পণ করিবেন। শ্রীযুত সামুয়েল্স সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ ইয়ং সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত মাজিষ্ট্রেট সাহেবের কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে আগামি ১০ অক্টোবরঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন এবং আপনার কর্ম্মের ভার শ্রীযুত জে আলেকজান্দর সাহেবের প্রতি অর্পণ করিবেন। আনাণ্ড সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আলেকজান্দর সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

পাটনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি সি ট্রটর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের আসিষ্টান্ট শ্রীযুত সি এ রেবেন্সা সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামের নওগাঁ জিলাতে নিযুক্ত দ্বিতীয় আসিষ্টান্ট শ্রীযুত ই গ্রেঞ্জ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের প্রথম প্রধান সদর আমীন শ্রীযুত বাবু বৈদ্যনাথ সেন গত মাসের ২৫ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত পীড়াপ্রযুক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

NOTIFICATION

Mr W N Garrett, Civil and Sessions Judge of West Burdwan, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen Baboo Doorganarain Roy, on the 22d instant.

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

বিজ্ঞাপন।

পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এন গারেট সাহেব বর্ত্তমান মাসের ২২ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু দুর্গানারায়ণ রায়ের প্রতি অর্পণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT

নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম জেলা হিজলীর মোং কালীনগরের সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জিলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০৲ মোন
জেলা হিজলী	দক্ষিণ কালীনগর উত্তর ঐ	১২৪৭ সাল ঐ	মোন ৩,০০,০০০/ ২,০০,০০০/	কোং টাকা ৪১৪৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১ সেপ্টেম্বর সন ১৮৪২ সাল।　　এস টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম জেলা ২৪ পরগনার মোং নারায়ণপুরের গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
২৪ পরগনা শ্রীযুত প্রিন্সেপ সাহেবের নারায়ণপুরের দোসরা রকম	নারায়ণপুর	১২৪৮ সাল	৪০০০/ মোন	কোং টাকা ৪০৪৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১ সেপ্টেম্বর সন ১৮৪২ সাল।　　এস টরেন্স। সেক্রেটারী।

ADVERTISEMENT

Found in the Village of Duggorah Pergunnah Havellee Zillah Purneah the halves of 3 Bank of Bengal Notes, of the value of 100 Rupees each, and one of 50 Rupees

The above will be delivered to any person who can produce the other halves

G L MARTIN, *Magistrate*
Purneah Magistracy, 22d August, 1842

ইশ্‌তিহার।

জিলা পুরণিয়ার হাবিলি পরগনার ডগরা গ্রামে ১০০৲ টাকা করিয়া ৩ কেতা বাঙ্গাল ব্যাঙ্ক নোটের অর্দ্ধ খণ্ড এবং ৫০৲ টাকার এক নোটের অর্দ্ধ খণ্ড পাওয়া গিয়াছে।

যে কেহ ঐ সকল নোটের দ্বিতীয় অর্দ্ধ খণ্ড দেখাইতে পারে তাহাকে ঐ অর্দ্ধ খণ্ড দেওয়া যাইবেক।

জি এল মার্টিন। মাজিষ্ট্রেট।
পুরণিয়ার মাজিষ্ট্রেট। ১৮৪২ সাল ২২ আগষ্ট।

SHERIFF'S SALES

সরিফের নীলাম।

চার্লস ব্রোনফিলড সাহেব এবং জান চার্লস সাহেবের বিরুদ্ধে বাইরাই ফেসিয়স নামক যে এক পরওয়ানা সরিফ সাহেবের হাতে আছে তদনুসারে তিনি বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে ওলড কোর্ট হৌস রাস্তার বাটীতে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

ঘড়ি সোরামৎকরণিয়া চার্লস কোম্পানি সাহেবেরদের দোকানের সমস্ত জিনিস বিক্রয় হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অথবা টালা কোম্পানি সাহেবেরদের বাটীতে জিজ্ঞাসা করিলে নীলামের নিয়ম এবং তাহার বিশেষ রেওরা জানা যাইতে পারিবেক।

[*Government Gazette*, 6th *September* 1842]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম রিচর্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 13, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৩ সেপ্টেম্বর।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

Extract from a letter from the Acting Secretary of the Sudder Board of Revenue at Allahabad, No 54, dated the 25th August 1835, to the Commissioners 1st to 5th Divisions, Delhi, and Saugor, relative to the systematic employment and instruction of the Junior Officers of the Revenue Department

2nd It must be premised that it is essential to the success of the plan that the Collector himself should regularly attend his Public Office a point of duty, which the Board doubt not you are already careful to enforce, and which any Commissioner must be held directly responsible for, should he suffer those under his authority to neglect

3rd The next essential is that the Collector should require that his Assistants regularly attend office, and it is the duty of the Commissioner to see and know that the Collector does require the regular attendance of the Assistants in office, during office hours, to enforce the performance of this duty, should the Collector neglect it, and if necessary, to report any failure, after due warning given, to the Sudder Board

4th The Collector himself and his Assistants being each in his own place in office, the next matter is the distribution of business.

5th It is the object of Government that the Collector and Magistrate should retain in his own hand the general superintendence and conduct of every Department of his office and should prescribe the principles on which his subordinates are to conduct their duties in the same way, as it is the duty

সদর বোর্ড রেবিনিউর সরকুলার অর্ডর।

রাজস্বসম্পর্কীয় যুবা কার্য্যকারকেরদের নিয়মমত কার্য্যে নিযুক্তকরণের এবং শিক্ষাকরণের বিষয়ে আলাহাবাদের সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেব ১৮৩৫ সালের ২৫ আগষ্ট তারিখের ৫৪ নম্বরী যে পত্র ১অবধি ৫পর্য্যন্তসংখ্যক এলাকার এবং দিল্লী ও সাগরের কমিস্যনর সাহেবেরদের নিকটে পাঠান তাহার চুম্বক।

২। প্রথমে ইহা কহা উচিত যে কালেক্টর সাহেব আপনি নিয়মিতমতে যদি কাছারীতে হাজির না হন তবে এই নিয়ম কদাচ সফল হইতে পারে না। বোর্ডের সাহেবেরা নিঃসন্দেহ বোধ করেন যে ঐ কর্ত্তব্য কার্য্যের ত্রুটি না হয় এ বিষয়ে পূর্ব্বাবধি তুমি অতিমনোযোগ করিয়া আসিতেছ। কিন্তু যদি কমিস্যনর সাহেব আপনার অধীন কোন কার্য্যকারককে কাছারীতে হাজির হওনের বিষয়ে ত্রুটি করিতে দেন তবে তাহার বিষয়ে তিনি আপনি দায়ী হইবেন।

৩। এবং কালেক্টর সাহেবের অত্যাবশ্যক যে তাঁহার আসিষ্টাণ্টেরদিগকে নিয়মমত কাছারীতে হাজির হইতে হুকুম দেন্ এবং কমিস্যনর সাহেবের কর্ত্তব্য যে কাছারীর সময়েতে কালেক্টর সাহেব আপনার আসিষ্টাণ্টেরদিগকে নিয়মমত হাজির থাকিতে হুকুম দেন্ ইহা আপনি তদারক করেন এবং যদি কালেক্টর সাহেব তাহার বিষয়ে শৈথিল্য করেন্ তবে আপনি ঐ আসিষ্টাণ্টেরদিগকে কাছারীতে হাজির করান্ এবং তাঁহারদিগকে উপযুক্তমতে চেতাইলে পর যদি তাঁহারা পুনরায় সেইরূপে ত্রুটি করেন তবে আবশ্যক বোধ হইলে সদর বোর্ডে তাহা জানান্।

৪। এইরূপে কালেক্টর সাহেব এবং তাঁহার আসিষ্টাণ্ট সাহেবেরা আপন২ স্থানে উপস্থিত হইলে কার্য্যের বিলির বিষয়ে উদ্যোগ করিতে হইবেক।

৫। গবর্ণমেণ্টের অভিপ্রায় যে কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেব আপনার দফতরের প্রত্যেক সিরিশ্তার সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধারণের ভার আপনার প্রতি রাখেন্ এবং কালেক্টর সাহেবের উপদেশের নিমিত্ত সাধারণ নিয়ম ও মূল বিধান নিরূপণ করা যেমন কমিস্যনর সাহেবের উচিত তেমনি কালেক্টর সাহেবের উচিত

of the Commissioner to lay down the general rules and principles for the Collector's guidance

6th The Collector then is to maintain his position as the controlling Head and spring of action of every department of his office He is not to make a transfer in perpetuity of any branch of his duty The time which he gives to the actual transaction of business should be reserved for matters of the greatest moment, none of which in any Department, should be disposed of except under his cognizance and approval At the same time he is to be far from taking up the childish, but the Board fear too prevalent, notion that every matter connected with his office is of too great importance to be committed to any other than himself, it is incumbent on him to have just confidence in his Junior Officers—there are few men to whom public business appears easy at first sight But one case well understood, serves as a rule and guide to an hundred, and when young men are judiciously brought forward, and can have the benefit of the advice of an experienced senior whenever required, there are few cases of common occurrence which may not safely be left to their management It is a melancholy sight to see a man delaying the march of business, harassing with hopeless expectation those who have concerns to transact with his office and blighting the rising prospects of the Junior Service, by weakly and pertinaciously imagining that no one but himself can perform office duties Nor is it intended, as the Board believe many Collectors suppose, that they should revise all the orders given by their Assistants When there is more work than can well be done once, it is idle to do the least important portion twice, and all the benefit of relief from details is lost Ten minutes occupied in hearing from an Assistant the abstract of his operations and correcting or settling his views will more benefit him and the public than days spent in revising his work in his absence

7th The real mode in which the Head of the Department is to derive aid from the Junior Officers and is to do his own duty to the Public by teaching his subordinates to perform theirs, is by making a due distribution of work to each according to his ability, explaining the principles on which it is to be performed holding the subordinates to their responsibility for its due performance, affording every facility of reference to himself, and cheerfully assisting with his advice on all occasions of difficulty

8th I am directed to explain somewhat more in detail the mode in which the sketch above given may be filled up

9th The Collector and Magistrate may, for instance, assign to an Assistant the Revenue management of a certain Tehsildaree or the Police of one or more Thanahs or both In the same way, he may commit to one the conduct of the Abkaree Department, or he may assign to the same Assis

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৩ সেপ্টেম্বর।]

যে আপনার আসিষ্টাণ্টেরদের কার্য্য নির্ব্বাহের মূল বিধি নিরূপণ করিয়া দেন্।

৬। কালেক্টর সাহেব আপনার দপ্তরের প্রত্যেক সিরিশ্তার কর্ত্তৃত্বকারী এবং সকল কার্য্যের মূলস্বরূপ হইবেন। আপনার কার্য্যের কোন ভাগ তিনি নিয়ত অন্যেরে অর্পণ করিবেন না। যে সময় তিনি প্রকৃত কার্য্য নির্ব্বাহের নিমিত্তে নিরূপণ করেন সেই সময়ে কেবল অতিভারি কর্ম্মে প্রবর্ত্ত হওয়া উচিত এবং তাঁহার কোন সিরিশ্তার ঐ প্রকার ভারি কার্য্য তাঁহার অজ্ঞাতসারে ও বিনাঅনুমতিতে নিষ্পত্তিকরা অনুচিত কিন্তু বোর্ডের সাহেবেরদের ভয় আছে যে অনেক কালেক্টর এমত ছেলোমী জ্ঞান করেন যে আমার কাছারীর কার্য্য এমত গুরুতর যে তাহা আমিভিন্ন আর কেহ নির্ব্বাহ করিতে পারেন না কিন্তু কালেক্টর সাহেবের এইমত কদাচ বোধ করিতে হইবেক না বরং তাঁহার আসিষ্টাণ্টেরদের উপর যথার্থরূপে নির্ভর রাখিতে হয় যাহারা সরকারী কার্য্য প্রথম দেখিয়া সুগম বোধ করেন এমত অত্যল্প লোক আছেন কিন্তু যদি এক মোকদ্দমা কোন কেহ আমূল বুঝিতে পারেন তবে তদনুসারে এক শত মোকদ্দমাও বুঝিতে পারিবেন এবং যখন আসিষ্টাণ্ট সাহেবেরা সুবিবেচনামতে কার্য্যে নিযুক্ত হন এবং আবশ্যকমতে তাঁহারদের বহুদর্শি কর্ত্তার পরামর্শের সাহায্য পান তখন তাঁহারা প্রায় সামান্য সকল মোকদ্দমা অনায়াসে নির্ব্বাহ করিতে পারেন। কোন২ কালেক্টর সাহেবেরা একগুঁয়ামীরূপে বোধ করেন যে আমিভিন্ন আর কেহ কাছারীর কার্য্য চালাইতে পারিবেন না ইহাতে কার্য্যের ব্যাঘাত হইতেছে এবং কাছারীতে যাহারদের কর্ম্ম থাকে তাহারা নিরাশ হইয়া ত্যক্ত হয় এবং আসিষ্টাণ্ট সাহেবেরদের কার্য্যদক্ষতা হইবার যে আশা ছিল তাহাও ব্যর্থ হয় ইহা দেখিয়া কাহার খেদ না জন্মে। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে অনেক কালেক্টর সাহেবের এমত অনুভব আছে যে তাঁহারদের আসিষ্টাণ্ট যে সকল হুকুম দেন্ তাহা অবশ্য তাঁহারদের সংশোধিত করিতে হইবেক কিন্তু বোর্ডের সাহেবেরদের কদাচ এমত অভিপ্রায় নহে। যখন কার্য্যের এমত বাহুল্য হয় যে একবারও তাহা নির্ব্বাহকরা দুঃসাধ্য তখন তাহার মধ্যে যে কার্য্য অন্যাপেক্ষা অল্প গুরুতর তাহা দুইবার করা অসঙ্গত এবং কার্য্যের বেওরার ভারহইতে কালেক্টর সাহেব কখনো মুক্ত হইতে পারিবেন না। আসিষ্টাণ্ট সাহেবের কার্য্যের স্থূল বিবরণ তাঁহার প্রমুখাৎ শুনিতে এবং তাঁহার মত শুধরিয়া স্থির করিতে দশ মিনিট ক্ষেপণ করিলে যেমন তাহার ও সর্ব্ব সাধারণ লোকের অধিক উপকার হইবেক তেমনি ঐ আসিষ্টাণ্টের অবর্ত্তমানে তাঁহার হুকুম শুধরণেতে অনেক দিবস ক্ষেপণ করিলেও হইবেক না।

৭। যদি কালেক্টর সাহেব আপনার অধীন কার্য্যকারকদিগকে তাঁহারদের কার্য্যকরণের বিষয়ে উপদেশ দেন্ এবং প্রত্যেক জনের শক্তি বুঝিয়া তাঁহারদিগকে কার্য্য বিলি করিয়া দেন্ এবং যে নিয়মক্রমে তাহা নির্ব্বাহ করিতে হইবেক তাহা বুঝাইয়া দেন এবং উত্তমরূপে তাহা নির্ব্বাহ করণের নিমিত্তে ঐ অধীন ব্যক্তিরদিগকে দায়ী রাখেন্ এবং তাঁহাকে কোন বিষয় জিজ্ঞাসা করিতে নিয়ত অনুমতি দেন্ এবং দুষ্কর বিষয়ে পরামর্শ দিয়া তাঁহারদের সাহায্য করেন্ তবে ঐ কালেক্টর সাহেব আপনার অধীন কার্য্যকারকেরদের দ্বারা উপকার পাইতে পারিবেন এবং তাঁহার কর্ত্তব্য কার্য্য করা হইবেক।

৮। উক্ত সাধারণ নিয়মসকল যেরূপে আমলে আসিতে পারে তাহার কিছু বৃত্তান্ত এক্ষণে লেখা যাইতেছে।

৯। কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেব আপনার আসিষ্টাণ্ট সাহেবকে কোন এক তহসীলদারীতে রাজস্বের সরবরাহী কার্য্য অথবা এক বা ততোধিক থানায় পোলীসের কার্য্য অর্পণ করিতে পারেন্ কিম্বা উভয় কার্য্য দিতে পারেন্। এইরূপে কালেক্টর সাহেব কোন এক জন আসিষ্টাণ্ট সাহেবকে আবকারীর কার্য্যে নিযুক্ত

tant all of these several duties within a limited tract, say the extent of one Tehsildaree, and may give him the trial of the Foujdaree and Revenue Cases within the same tract The Collector will, of course, apportion the nature and extent of the duty assigned to each, according to the ability and experience of the party But he is not to set aside any one, on the ground of youth and inexperience, or to employ him on the mere pretence of signing and correcting papers Every one is to have a substantive duty assigned him and to be held responsible for its careful performance

10th In assigning one or more of those Departments of duty where the Officer is young and without experience, the Collector should require, that the Assistant should take a note of each matter which comes before him and of the order passed by him upon it, and the first duty of every day should be to Report to the Collector from his notes what cases were tried on the preceeding day and what orders were passed on them The Collector should encourage the Assistant always to have recourse to him in all cases of doubt, and should require that in any case of importance, the Assistant should verbally state the case and obtain his opinion before passing an order

11th In the early part of an Assistant's career the Collector may find it expedient now and then to call for and examine a case from among those disposed of by the Assistant in order to ascertain, how he performs his duty, and should verbally make to him any observations which may appear necessary But as the Assistant acquires experience and the Collector is aware of his mode of transacting business this minute kind of surveillance may be altogether abandoned

18th The Board are much concerned to believe, as observation has forced them to believe, that there are very few Districts in the country in which the Assistants are properly taught their duty, or are in fact acquainted with it There is hardly a higher duty to the Public than that of instructing, guiding, and bringing forward the Junior Officers and the Board believe that many of the Assistants themselves lament and complain of the useless idleness and unacquaintance with Public business to which they are condemned by the injudicious facility or culpable supineness or monopolizing tenaciousness of their immediate superiors in office The Board rely on your using every exertion to introduce a better system, and enforce the adoption of the plan which I have sketched out, and at the time of your periodical visits to the Districts of your Division they will expect you to state in some detail, how far you find the

[*Government Gazette*, *13th September*, 1842.]

করিতে পারেন অথবা ঐ আসিষ্টান্ট সাহেবকে কোন নির্দ্দিষ্ট সীমায় যথা এক তহশীলদারীর মধ্যে ঐ সমস্ত কার্য্য অর্পণ করিতে পারেন্ এবং ঐ তহসীলদারের মধ্যে ঐ আসিষ্টান্ট সাহেবকে ফৌজদারীর এবং রাজস্বের সমস্ত মোকদ্দমা বিচারকরণের ভার দিতে পারেন্। সুতরাং প্রত্যেক আসিষ্টান্ট সাহেবের বুদ্ধি ও অনুশীলন বিবেচনা করিয়া কালেক্টর সাহেব তাঁহাকে কার্য্যে নিযুক্ত করিবেন কিন্তু যুবা কিম্বা কর্ম্মে অনভিজ্ঞ বলিয়া কালেক্টর সাহেব কোন আসিষ্টান্ট সাহেবকে উপেক্ষা করিবেন না কিম্বা কেবল কাগজে দস্তখৎ ও শুধরণের কার্য্যে তাঁহাকে নিযুক্ত করিবেন না। প্রত্যেক জনকে বিশেষ কর্ম্মে নিযুক্ত করিতে হইবেক এবং সেই কর্ম্ম অতিসাবধানতাপূর্ব্বক নির্ব্বাহকরণের বিষয়ে তিনি দায়ী হইবেন।

১০। যে আসিষ্টান্ট সাহেবকে কালেক্টর সাহেব উক্ত প্রকার কোন কার্য্যে নিযুক্ত করেন্ সেই সাহেব যদি যুবা ও কর্ম্মে অনভিজ্ঞ হন্ তবে কালেক্টর সাহেব তাঁহাকে হুকুম করিবেন যে তোমার নিকটে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তাহার মর্ম্ম এবং তাহার বিষয়ে যে হুকুম দেও তাহা লিখিয়া রাখ এবং ঐ আসিষ্টান্ট সাহেবের কর্ত্তব্য যে প্রত্যেক দিন প্রথমে যে সকল বিষয়ের বিচার পূর্ব্ব দিবসে করিয়াছেন এবং তাহার উপর যে সকল হুকুম দিয়াছেন তাহার বিষয়ে ঐ লিপিহইতে কালেক্টর সাহেবকে এক রিপোর্ট দেন্। এবং কালেক্টর সাহেবের উচিত যে আসিষ্টান্ট সাহেবের যে কোন বিষয়ে সন্দেহ হয় তাহা তাঁহাকে জিজ্ঞাসা করিতে প্রবোধ দেন্ এবং কোন গুরুতর বিষয় হইলে তাহাতে হুকুম দেওনের পূর্ব্বে আসিষ্টান্ট সাহেব ঐ বিষয়ের সমস্ত বেওরা জোবানীতে কালেক্টর সাহেবকে কহিয়া তাঁহার মত লন্।

১১। আসিষ্টান্ট সাহেব প্রথমে কার্য্যে নিযুক্ত হইলে কালেক্টর সাহেবের কর্ত্তব্য যে ঐ আসিষ্টান্ট সাহেব যেরূপে কর্ম্ম করিতেছেন তাহা জানিবার নিমিত্ত যে সকল মোকদ্দমার নিষ্পত্তি আসিষ্টান্ট সাহেব করিয়াছেন তাহার মধ্যে কোন একটা তলব করিয়া তজবীজ করেন্ এবং সেই বিষয়ে কোন উপদেশ দেওয়া আবশ্যক বোধ হইলে তাহা আসিষ্টান্ট সাহেবকে জোবানীতে দেন্। কিন্তু আসিষ্টান্ট সাহেব ক্রমে২ কর্ম্মাভিজ্ঞ হইলে এবং কালেক্টর সাহেব তাঁহার কর্ম্ম চালাইবার রীতি জানিলে এইরূপ তত্ত্বাবধারণকরণের আবশ্যক থাকিবেক না।

১৮। বোর্ডের সাহেবেরা দেখাশুনাতে অবগত হইয়াছেন যে দেশের মধ্যে অত্যল্প জিলাতে আসিষ্টান্টেরদিগকে কার্য্য উত্তমরূপে শিখান যায় কিম্বা ফলতঃ আপনারদের কর্ত্তব্য কার্য্য তাঁহারা জ্ঞাত আছেন ইহাতে বোর্ডের সাহেবেরা অতিখেদিত হইয়াছেন। যুবা কার্য্যকারকেরদিগকে শিখাওন ও পথদেখাওন ও কার্য্যে নিযুক্ত করণ অপেক্ষা গুরুতর কার্য্য নাহি এবং বোর্ডের সাহেবেরা অবগত আছেন যে কর্ত্তৃত্বকারি সাহেবেরদের অনিষ্টজনক আলস্যেতে অথবা তাঁহারদের অতিদূষণীয় শৈথিল্যেতে অথবা তাঁহারদের সকল কর্ম্ম একচেটিয়ারূপে আপনারদের হাতে রাখাতে তাঁহারদের অধীন আসিষ্টান্টেরা অলসরূপে কাল যাপন করেন্ এবং সরকারী কার্য্যের বিষয়ে কিছু পটুতা জন্মে না ইহাতে ঐ আসিষ্টান্ট সাহেবেরদের নিয়ত খেদ জন্মিতেছে। অতএব বোর্ডের সাহেবেরা হুকুম দিতেছেন যে তুমি যথাসাধ্য এক্ষণকার নিয়মাপেক্ষা উত্তম নিয়ম চালাইবার নিমিত্ত এবং যে নিয়মের মুসাবিদা আমি এক্ষণে দিয়াছি তাহা কার্য্যে ব্যবহার করিতে চেষ্টা কর এবং তোমার এলাকার নানা জিলার মধ্যে তুমি ভ্রমণ করণের সময়ে এই বিষয়ে বোর্ডের সাহেবেরদের অপেক্ষামত কালেক্টর

Collectors acting up to the Board s expectations in this respect

(True Copy and Extract,)

E CURRIE, *Secretary*

Fort William 10th August, 1842

সাহেবেরা কিপর্য্যন্ত কার্য্য করিতেছেন তাহার রেওরা বোর্ডের সাহেবদিগকে জানাইবা।

প্রকৃত চুম্বক। ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪১। ১০ আগষ্ট।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 3099

To the Civil Authorities in the Lower Provinces

I am directed by the Court to request that you will inform them, with as little delay as practicable, whether any and what inconvenience has arisen from the practice prescribed by Circular Order No 68, Volume III Civil Circulars, which prohibits Judges calling upon their Treasurers to examine and report upon account books, in suits pending before their Courts

2 You are requested to send your reply within 15 days from the receipt of this letter

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 19th August, 1842

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৩০৯৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডরের ৩ বালমের ৬৮ নম্বরী সরক্যুলর অর্ডরে জজ সাহেবেরদের আদালতে উপস্থিতহওয়া মোকদ্দমায় আপনারদের খাজাঞ্চীরদিগকে কোন হিসাবের বহী তজবীজ করিয়া তাহার বিষয়ে রিপোর্ট করিতে হুকুম দেওয়া জজ সাহেবেরদের প্রতি নিষেধ হইয়াছিল। উক্ত সরক্যুলর অর্ডরে কিছু অনিষ্ট হইয়াছে কি না এবং কি অনিষ্ট হইয়াছে তাহার রিপোর্ট করিবা।

২। তোমাকে হুকুম দেওয়া যাইতেছে যে এই পত্র প্রাপ্তহওনের পরে ১৫ দিবসের মধ্যে তুমি তাহার উত্তর পাঠাইবা।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪২। ১৯ আগষ্ট।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

EDUCATION

RULES, &c

FOR GOVERNMENT SCHOLARSHIP &C EXAMINATIONS of 1842

AT HINDOO COLLEGE HOOGHLY COLLEGE, CALCUTTA MADRISSA, SANSCRIT COLLEGE

No Candidate will be entitled to a Scholarship, whatever may be his superiority over others, unless his knowledge of the different branches of study mentioned in the following Scheme comes up to the standard therein described, or, unless his knowledge of any one or more of those branches is, in the estimation of the Committee, so much above the standard as to compensate for his deficiency in other branches

The qualifications for obtaining the Junior English Scholarships are—

English Reading The candidate must be able to read with facility and correctness a passage of English prose, selected from Dryden, Swift, Addison, or Johnson

English Grammar He must be able to parse correctly, and correct false Grammar

History He must know the leading facts of the Histories of Greece, Rome, England, and India, and the leading facts of Universal History, such as the rise and decline of nations and religions

Geography He must know the form of the Earth, its great divisions, and their sub-divisions into countries, the names of the capitals, and principal cities of each country, and of the principal mountains and rivers

Arithmetic He must know the Simple and Compound Rules

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৩ সেপ্টেম্বর।]

বিদ্যাধ্যাপন।

১৮৪২ সালে হিন্দু কালেজে ও হুগলি কালেজ ও কলিকাতার মদরসা এবং সংস্কৃত কালেজে গবর্ণমেন্টের ছাত্রবৃত্তি ইত্যাদির নিমিত্ত পরীক্ষালওনের বিধানপ্রভৃতি।

বৃত্ত্যাকাঙ্ক্ষি ব্যক্তি যদ্যপি অন্যান্য ছাত্রঅপেক্ষা অধিক গুণোপেত হন তথাপি নীচের লিখিত পাণ্ডুলেখ্যে যে নানা প্রকার বিদ্যা লিখিত হইয়াছে তাহাতে যদি তাঁহার তত্তুল্য নৈপুণ্য না হয় অথবা যদি কমিটির বোধে ঐ২ প্রকার বিদ্যার এক বা তদধিক বিদ্যাতে তাঁহার এমত অধিক নৈপুণ্য না থাকে যে অন্যান্য বিদ্যাতে তাঁহার কিছু ন্যূনতা থাকিলেও হানি নাই তবে তিনি বৃত্তি পাইবেন না।

ইঙ্গরেজী ভাষার ছাত্রেরদের অধোবৃত্তি প্রাপণার্থ এই২ বিদ্যাতে নিপুণ হওনের আবশ্যক।

ইঙ্গরেজী পাঠ। ড্রাইডেন ও সুইফট বা আডিসন অথবা জনসন নামক সাহেবেরদের গ্রন্থহইতে ইঙ্গরেজী কোন গদ্য রচনা বৃত্ত্যাকাঙ্ক্ষি ব্যক্তির অনায়াসে ও শুদ্ধরূপে পাঠ করিতে হইবেক।

ইঙ্গরেজী ব্যাকরণ। শুদ্ধরূপে ইঙ্গরেজী ব্যাকরণানুসারে পদসাধন এবং অশুদ্ধ পদ শোধন করিতে হইবেক।

পুরাবৃত্ত বিবরণ। গ্রীক ও রুম এবং ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের পুরাবৃত্ত বিবরণের স্থূল২ বিষয় এবং সাধারণ পুরাবৃত্ত বিবরণের প্রধান বিষয় অর্থাৎ নানা রাজ্যের ও ধর্ম্মের বৃদ্ধি ও হ্রাস ইত্যাদি স্থূল কথা জানিবার আবশ্যক।

গোলাধ্যায়। পৃথিবীর আকার ও তাহার প্রধান ভাগ এবং নানা দেশে তাহার ক্ষুদ্র বিভাগ ও প্রত্যেক দেশের রাজধানী ও প্রধান শহর ও প্রধান২ পর্ব্বত ও নদীর নাম জ্ঞাত হইতে হইবেক।

অঙ্কবিদ্যা। সহজ ও মিশ্র ত্রৈরাশিকপ্রভৃতি বিধি জ্ঞাত থাকিবেন।

Hindoostanee or *Bengalee* He must be able to translate correctly from one of these languages into English, and from English into one of these languages

Note If the candidate is a pupil of any of the Zillah Schools he will not be entitled to a Scholarship unless he has a certificate of good conduct from the Local Committee

The qualifications for the Senior English Scholarships are as follows —

English Composition The candidate must be able to compose an English Essay, equal at least in style and matter to the Prize Essays at the Hindoo College in the examinations of 1838 1839

History —He must be able to answer a set of questions equal in number and difficulty to those given in 1838 1839 to the students of the Hindoo College, as fully and correctly as those questions were answered by the students who obtained the Prize

General Literature —He must be able to explain passages of prose and verse, selected from Shakspeare, Bacon, Milton, Dryden, Swift, Addison, Johnson, and any other authors with any of whose works he may be acquainted

Mathematics —He must have a knowledge of Algebra, as far as Simple and Quadratic Equations, of Plane Trigonometry, and of the four first books of Euclid

Natural Philosophy —He must have a knowledge of Mechanics, Astronomy, Hydrostatics, Pneumatics, and Optics, as far as these subjects are treated of in the popular introduction to Natural Philosophy, published by the Society for the Diffusion of Useful Knowledge

The qualifications for obtaining the Arabic Scholarships are as follows

Junior

1 The candidate must have an intimate knowledge of Seref Noho, and be able to read and explain any part of Nufatul Yemmee

2 He must be able to translate an easy tale from the Vernacular into the Arabic, and from the Arabic into the Vernacular language

3 He must know the Principles of Practical Arithmetic

Senior

1 The candidate must be able to translate and analyze Tareek-i-Tymoree, and Dewanee Mutanubee, with facility and correctness

2 He must possess a knowledge of the Principles of some one of the Sciences

3 He must be able to translate into and compose in Arabic with facility and correctness

The qualifications for the Sanscrit Scholarships are as follows

Junior

1 *Grammar* The candidate must have an intimate knowledge of Grammar and be able to read and understand readily any part of the easier class books read in the Sahetya, or General Literature class

[*Government Gazette, 13th September,* 1842]

হিন্দুস্থানীয় ও বঙ্গভাষা। এই দুয়ের কোন এক ভাষা হইতে ইঙ্গরেজী ভাষাতে এবং ইঙ্গরেজী ভাষাহইতে ইহার কোন ভাষাতে শুদ্ধরূপে তরজমা করিতে হইবেক।

মন্তব্য। বৃত্ত্যাকাঙ্ক্ষি ব্যক্তি যদি জিলাস্থ কোন বিদ্যালয়ের ছাত্র হন তবে তৎস্থানের কমিটির স্থানে সদাচরণের সর্টিফিকট না আনিলে বৃত্তি পাইতে পারিবেন না।

ইঙ্গরেজী ভাষাতে ছাত্রের প্রধান বৃত্তিপ্রাপণার্থ এই২ বিদ্যাতে নিপুণ হওনের আবশ্যক।

ইঙ্গরেজী ভাষার রচনা। ১৮৩৮। ১৮৩৯ সালের পরীক্ষা সময়ে হিন্দুকালেজের ছাত্রেরা পুরস্কার প্রাপণার্থ যে রচনা প্রস্তুত করিয়াছিলেন তাহার তুল্য শব্দ বিন্যাস ও প্রকৃতার্থে ইঙ্গরেজীভাষাতে রচনা বৃত্ত্যাকাঙ্ক্ষি ব্যক্তিকে প্রস্তুত করিতে হইবেক।

পুরাবৃত্ত বিবরণ। ১৮৩৮। ১৮৩৯ সালে হিন্দুকালেজের ছাত্রেরদের পুরাবৃত্ত বিবরণের যে সকল প্রশ্ন করা গিয়াছিল তত্তুল্য সংখ্যক ও তত্তুল্য কঠিন কএক প্রশ্নের ঐ পুরস্কারপ্রাপ্ত ছাত্রেরা যেমন উত্তর করিয়াছিলেন তেমনি সম্পূর্ণ ও ঠিকরূপে উত্তর দিতে হইবেক।

সাধারণ বিদ্যা। সেক্সপিয়র ও বেকন ও মিল্টন ও ড্রাইডেন ও সুইফট ও আডিসন ও জনসন এবং অন্যান্য যে কোন গ্রন্থকর্ত্তারদের পুস্তক ঐ ছাত্র অভ্যাস করিয়াছেন তাহাহইতে মনোনীত কোন গদ্য বা পদ্য প্রবন্ধ ব্যাখ্যা করিতে হইবেক।

ক্ষেত্র পরিমাণাদি বিদ্যা। বীজগণিত বিদ্যার ২ এবং ৪ অঙ্কের সমান করণীয় বিধিপর্য্যন্ত অবগত হইতে হইবেক এবং সমভূমিস্থ ত্রিকোণ পরিমাপক বিদ্যা ও ইউক্লিডের প্রথম চতুষ্টয় গ্রন্থ জ্ঞাত থাকিতে হইবেক।

পদার্থ বিদ্যা। কর্ম্মণ্য বিদ্যাপ্রতিপোষক সোসাইটির দ্বারা প্রকাশিত পদার্থ বিদ্যাবিষয়ক প্রথম গ্রন্থে শিল্প বিদ্যা ও জ্যোতির্বিদ্যা ও দ্রব বস্তু বায়ু নিরূপণীয় বিদ্যা ও দৃষ্টি বিদ্যা বিষয়ে যেপর্য্যন্ত লিখিত হইয়াছে সমুদয় জ্ঞাত হইতে হইবেক

আরবীয় ভাষার ছাত্রবৃত্তি প্রাপণার্থ এই২ বিদ্যাতে নিপুণ হওনের আবশ্যক।

অধোবৃত্তি।

১। সরফ নোহো নামক গ্রন্থ বিলক্ষণরূপে জ্ঞাত থাকিতে হইবেক এবং নফাতল য়ামিনীর কোন প্রকরণ পাঠ ও ব্যাখ্যা করিতে হইবেক।

২। এতদ্দেশীয় ভাষাহইতে আরবীয় ভাষাতে এবং আরবীয় ভাষাহইতে এতদ্দেশীয় ভাষাতে কোন সহজ ইতিহাস তরজমা করিতে হইবেক।

৩। চলিত অঙ্ক বিদ্যার মুলসূত্র জ্ঞাত থাকিতে হইবেক।

প্রধান বৃত্তি।

১। এই বৃত্ত্যাকাঙ্ক্ষি ব্যক্তিরদের তারিখী তাইমোরী এবং দেওয়ানী মোতানব্বী গ্রন্থ অনায়াসে ও শুদ্ধরূপে তরজমা ও ব্যাখ্যা করিতে হইবেক।

২। কোন এক বিদ্যার মুলসূত্র জ্ঞাত থাকিতে হইবেক।

৩। কোন ক্ষুদ্রপদ শুদ্ধরূপে ও অনায়াসে আরবীয় ভাষাতে তরজমা এবং রচনা করিতে হইবেক।

সংস্কৃত ভাষার ছাত্রের বৃত্তি প্রাপণার্থ এই২ বিদ্যাতে নিপুণ হওনের আবশ্যক।

অধোবৃত্তি।

১। ব্যাকরণ। বৃত্ত্যাকাঙ্ক্ষি ব্যক্তি ব্যাকরণ বিলক্ষণরূপে জানিবেন এবং সাহিত্যাধ্যায়িরদের পাঠ্য কোন এক সুগম গ্রন্থের কোন প্রকরণ পাঠ করিবেন এবং অনায়াসে তাহার অর্থ বুঝিবেন।

2 *Translation* He must be able to translate from the Vernacular into the Sanscrit language, and from the Sanscrit into the Vernacular, with correctness

3 *Arithmetic* He must know the Principles of Practical Arithmetic

Senior

1 *Grammar* The candidate must be able to translate and analyze any common Sanscrit work with facility

2 *Science* He must possess a knowledge of the Principles of one of the Sciences

3 *Composition* He must be able to translate into and compose in Sanscrit with facility and correctness

---

Mode in which the Examinations for Scholarships are to be conducted

Printed sets of questions, and the subject for an Essay will be sent on the previous day to the Examiners The Examiners will give out as many questions as can easily be answered in one day, and seal up the remainder without communicating their contents to any one

The students will not be allowed to communicate with each other during the examination, and on that account will be placed at a proper distance from each other

They will be required to answer the questions, and to write the Essay without any assistance whatever, and to ensure this one of the Members of the Council will remain in the room and superintend during the whole examination

At the hour fixed for the close of each day's examination, each student will deliver to the superintending Member of the Council his answers or his Essay signed by himself The Member will immediately put them all into an envelope and seal it up

The answers and Essays will be opened *and fully reported upon by the Examiners who will carefully compare the answers and Essays, and will report to whom, in their opinion,* the Scholarships should be awarded, and transmit their report together with all the answers and Essays, under seal to the Council for its final Resolution

---

The Scholarships will be forfeited if the holders of them do not make a reasonable progress in their studies

An examination will take place for the purpose of ascertaining if the holders of Scholarships have made such reasonable progress

This examination will be conducted in the same way, and with all the same precautions as the examinations for Scholarships

The Examiners, in transmitting the answers to the questions sent for this examination, will add any remarks of their own, and also the report of the Head Master as to the manner in which the holders of Scholarships have conducted themselves in the course of the year

২। তরজমা। এতদ্দেশীয় ভাষাহইতে সংস্কৃত ভাষাতে এবং সংস্কৃত ভাষাহইতে এতদ্দেশীয় ভাষাতে শুদ্ধরূপে তরজমা করিতে হইবেক।

৩। অঙ্কবিদ্যা। চলিত অঙ্কবিদ্যার মূলসূত্র জানিতে হইবেক।

প্রধান বৃত্তি।

১। ব্যাকরণ। সামান্য কোন সংস্কৃত গ্রন্থ অনায়াসে তরজমা ও ব্যাখ্যা করিতে হইবেক।

২। বিদ্যা। কোন এক বিদ্যার মূলসূত্র অবগত থাকিতে হইবেক।

৩। বাক্য রচনা। সংস্কৃত ভাষাতে অনায়াসে এবং শুদ্ধরূপে তরজমা ও রচনা করিতে হইবেক।

ছাত্রের বৃত্তি প্রাপণার্থ পরীক্ষা গ্রহণের নিয়ম।

এক প্রশ্ন এবং রচনার নিমিত্ত কোন এক বিষয় পরীক্ষা করণের পূর্ব্ব দিবসে পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠান যাইবেক। এক দিবসের মধ্যে স্বচ্ছন্দে যত জিজ্ঞাসার উত্তর দেওয়া যাইতে পারে তাহা পরীক্ষক সাহেবেরা বিলি করিয়া অবশিষ্ট পুনর্ব্বার মোহরাঙ্কিত করিয়া রাখিবেন এবং তাহার মধ্যে লিখিত বিষয় কোন ব্যক্তিকে জানাইবেন না।

পরীক্ষা হওন সময়ে ছাত্রেরা পরস্পর কোন কথাবার্ত্তা কহিবেন না এবং সেই নিমিত্ত তাঁহারা উপযুক্তমতে পৃথক২ স্থানে অন্তর হইয়া বসিবেন।

তাঁহারা কাহারো স্থানে সাহায্য না পাইয়া ঐ তাবৎ জিজ্ঞাসার উত্তর লিখিবেন ও রচনা প্রস্তুত করিবেন এবং ইহাতে কোন কাপট্য না হয় এ নিমিত্ত কৌন্সেলের এক জন মেম্বর সাহেব পরীক্ষা গ্রহণের তাবৎ সময় ব্যাপিয়া ঐ কামরায় থাকিয়া তত্ত্বাবধারণ করিবেন।

প্রত্যেক দিবসের পরীক্ষা শেষকরণের নিরূপিত সময়ে প্রত্যেক ছাত্র কৌন্সেলের তত্ত্বাবধারক মেম্বর সাহেবের হস্তে আপনার স্বাক্ষরিত ঐ জিজ্ঞাসার উত্তর কিম্বা রচনা অর্পণ করিবেন। তাহাতে কৌন্সেলের মেম্বর সাহেব ঐ সকল উত্তরপ্রভৃতি খামের মধ্যে রাখিয়া মোহরাঙ্কিত করিবেন।

পরে ঐ সকল উত্তর ও রচনা পাঠ করণার্থ তাহা খোলা যাইবেক এবং ঐ পরীক্ষক সাহেবেরা ঐ তাবৎ উত্তর ও রচনা মনোযোগপূর্ব্বক ঐক্য করিয়া তাহার বিষয়ে সম্পূর্ণ রূপে রিপোর্ট করিবেন এবং তাঁহারদের বিবেচনায় যে ছাত্রেরা বৃত্তি প্রাপণোপযুক্ত তাহার রিপোর্ট করিবেন এবং বিদ্যাধ্যাপনীয় কৌন্সেলের নিকটে তাবৎ উত্তর ও রচনা খামের মধ্যে মোহরাঙ্কিত করিয়া আপনারদের রিপোর্টের সঙ্গে পাঠাইবেন এবং ঐ কৌন্সেল তদ্বিষয় নিশ্চয় করিবেন।

বৃত্তি প্রাপ্ত হইলে পর বৃত্তিভোগি ব্যক্তির যদি উপযুক্ত মতে বিদ্যাবৃদ্ধি না হয় তবে ঐ বৃত্তি রহিত হইবেক।

বৃত্তিভোগি ব্যক্তির উপযুক্তমতে বিদ্যাবৃদ্ধি হইয়াছে কি না ইহার নিশ্চয়করণার্থ পরীক্ষা হইবেক।

এই পরীক্ষাও বৃত্তি দানের পরীক্ষার নিয়মমতে এবং তত্তুল্য সতর্কতাপূর্ব্বক লওয়া যাইবেক।

পরীক্ষক সাহেবেরা এই পরীক্ষার নিমিত্ত প্রেরিত জিজ্ঞাসার উত্তর পাঠাইলে তাঁহারা আপনারদের মত লিখিবেন এবং ঐ বৃত্তিভোগি ছাত্রেরা সমুদায় বৎসরে যেরূপ আচরণ করিয়াছেন তদ্বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের রিপোর্টও পাঠাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৩ সেপ্টেম্বর।]

The Council after carefully examining the answers, and considering the remarks of the Examiners and the report of the Head Master, will decide whether any of the Scholarships are forfeited for want of the requisite progress

---

HINDOO COLLEGE

In this College the 1st and 2d Senior Classes compete for Senior Scholarships, and 3d, 4th and 5th Senior Classes for Junior

In this College the examination for Scholarships will be confined to testing the "reasonable progress" and "conduct"—as there are no vacancies

The Annual General Examination of this College will also be held at the same time, i e between 19th of September and 4th of October, by the parties specified below

HINDOO COLLEGE

Examiners for Scholarships

Senior Department—The Examiners for Scholarships are also Examiners of the Annual Examination

General Literature, including History

Monday Tuesday and Wednesday, 19th, 20th and 21st September

C H Cameron Esq F J Halliday, Esq	First Division
J Grant Esq T A Wise, Esq	Second Division

Mathematics

Thursday, Friday and Saturday 22d, 23d and 24th September

E Lodge Esq, T A Wise Esq,	First and Second Divisions *

Vernacular and Translation

Monday, Tuesday, and Wednesday 26th, 27th and 28th September

Baboo Prossunnocomar Tagore, and he will assist generally

JUNIOR DEPARTMENT

General Examination

Wednesday, Thursday, Friday and Saturday, 21st 22d 23d, and 24th September

M Rochford, Esq, Head Master Senior Department, Hooghly College

L Clint, Esq of the Hooghly College

R H Halford, Esq of the Senior Department, Hindoo College

Vernacular and Translation

Monday, Tuesday and Wednesday, 26th, 27th and 28th September

Gobindchunder Seeromoney, of the Hooghly College

Baboo Sreekissen Sing, who will also assist generally

---

* Mr Sutherland has written to say if he is able he will assist

[*Government Gazette*, 13th *September*, 1842.]

কৌন্সেলের সাহেবেরা ঐ তাবৎ উত্তর মনোযোগপূর্ব্বক বিবেচনা করিলে পর এবং পরীক্ষক সাহেবেরদের মত এবং প্রধান শিক্ষকের মত বিবেচনা করিয়া নিশ্চয় করিবেন যে উপযুক্তরূপে বিদ্যাবৃদ্ধি না হওয়াপ্রযুক্ত বৃত্তিভোগি কোন ব্যক্তির বৃত্তি রহিতকরা উচিত কি না।

হিন্দু কালেজ।

এই কালেজে ১ এবং ২ প্রধান শ্রেণীর ছাত্রেরা প্রধান ছাত্রবৃত্তি পাইবার উদ্যোগ করিবেন ও ৩। ৪। ৫ প্রধান শ্রেণীর ছাত্রেরা অধোবৃত্তি পাইবার উদ্যোগ করিবেন।

এই কালেজে কোন ছাত্রবৃত্তি শূন্য না হওয়াতে বৃত্তিভোগি ছাত্রেরদের উপযুক্তমতে বিদ্যাবৃদ্ধির বিষয় এবং তাঁহারদের সদাচরণের বিষয়ের পরীক্ষা হইবেক।

এই কালেজের বার্ষিক সাধারণ পরীক্ষা অন্যান্য কালেজের পরীক্ষার সমকালে অর্থাৎ সেপ্টেম্বর মাসের ১৯ তারিখঅবধি অক্টোবর মাসের ৪ তারিখপর্য্যন্তের মধ্যে নীচের লিখিত সাহেবেরদের দ্বারা করা যাইবেক।

হিন্দু কালেজ।

ছাত্রবৃত্তি পরীক্ষক।

প্রধান শ্রেণীর ছাত্র। ছাত্রবৃত্তির পরীক্ষক সাহেবেরা বার্ষিক পরীক্ষাসময়েও পরীক্ষা লইবেন।

সাধারণ বিদ্যা ও পুরাবৃত্ত।

সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ সোমবারে ও ২০ তারিখ মঙ্গলবারে এবং ২১ তারিখ বুধবারে।

শ্রীযুত সি এচ কামিরন সাহেব। শ্রীযুত এফ জে হালিডে সাহেব।	প্রথম ভাগ।
শ্রীযুত জে গ্রান্ট সাহেব। শ্রীযুত টি এ উয়াইস সাহেব।	দ্বিতীয় ভাগ।

ক্ষেত্র পরিমাণাদি বিদ্যা।

সেপ্টেম্বর মাসের ২২ তারিখ বৃহস্পতিবারে ও ২৩ তারিখ শুক্রবারে এবং ২৪ তারিখ শনিবারে।

শ্রীযুত ই লজ সাহেব। শ্রীযুত টি এ উয়াইস সাহেব।	প্রথম ও দ্বিতীয় ভাগ।*

দেশীয় ভাষা ও তরজমা।

সেপ্টেম্বর মাসের ২৬ তারিখ সোমবারে ও ২৭ তারিখ মঙ্গলবারে এবং ২৮ তারিখ বৃহস্পতিবারে।

শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর এবং তিনি সাধারণমতে পরীক্ষার সাহায্য করিবেন।

অধোবৃত্তি।

সাধারণ পরীক্ষা।

সেপ্টেম্বর মাসের ২১ তারিখ বুধবারে ও ২২ তারিখে বৃহস্পতিবারে ও ২৩ তারিখ শুক্রবারে এবং ২৪ তারিখ শনিবারে।

হুগলি কালেজের প্রধান শ্রেণীর ছাত্রেরদের প্রধান শিক্ষক শ্রীযুত এম রচফোর্ড সাহেব।

হুগলিকালেজের শিক্ষক শ্রীযুত এল ক্লিণ্ট সাহেব।

হিন্দু কালেজের প্রধান শ্রেণীর ছাত্রেরদের শিক্ষক শ্রীযুত আর এচ হালফোর্ড সাহেব।

এদেশীয় ভাষা ও তরজমা।

সেপ্টেম্বর মাসের ২৬ তারিখ সোমবারে ও ২৭ তারিখ মঙ্গলবারে এবং ২৮ তারিখ বুধবারে।

হুগলিকালেজের গোবিন্দচন্দ্র শিরোমণি।

শ্রীযুত বাবু শ্রীকৃষ্ণ সিংহ। তিনি সাধারণমতে পরীক্ষার সাহায্য করিবেন।

---

* শ্রীযুত সথরলাণ্ড সাহেব লিখিয়াছেন যে যদি আমি আসিতে পারি তবে এই পরীক্ষাতে সাহায্য করিব।

PATSHALA

General Examination

Monday, Tuesday and Wednesday 19th, 20th and 21st September

Baboo Gobind Chunder Sen, and 2 Senior Students of the Sanscrit College

পাঠশালা।

সাধারণ পরীক্ষা।

সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ সোমবারে ও ২০ তারিখ মঙ্গলবারে এবং ২১ তারিখ বুধবারে।

শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সেন এবং সংস্কৃত কালেজের প্রধান দুই জন ছাত্র।

SCHOOL SOCIETY'S SCHOOL

General English Examination

Monday Tuesday, and Wednesday, 26th, 27th and 28th September

E Lodge Esq

VERNACULAR

Thursday Friday and Saturday, 22d, 23d and 24th September

Baboo Gobind Chunder Sen, and 2 Senior Students of the Sanscrit College

ইস্কুল সোসাইটির বিদ্যালয়।

সাধারণ ইঙ্গরেজী পরীক্ষা।

সেপ্টেম্বর মাসের ২৬ তারিখ সোমবারে ও ২৭ তারিখ মঙ্গলবারে এবং ২৮ তারিখ বুধবারে।

শ্রীযুত ই লজ সাহেব।

এদেশীয় ভাষা।

সেপ্টেম্বর মাসের ২২ তারিখ বৃহস্পতিবারে ও ২৩ তারিখ শুক্রবারে ও ২৪ তারিখ শনিবারে।

শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সেন এবং সংস্কৃত কালেজের প্রধান দুই জন ছাত্র।

CALCUTTA MADRISSA

Examination for Balance of Scholarships* and for testing reasonable progress of holders Three years attachment to the Junior Department is the limit beyond which none can compete for Junior Scholarships

কলিকাতার মদরসা।

বাকী ছাত্রবৃত্তি* প্রাপণের নিমিত্ত এবং বৃত্তিভোগি ছাত্রেরদের উপযুক্ত বিদ্যাবৃদ্ধি হইয়াছে কি না ইহা জানিবার নিমিত্তে পরীক্ষা হইবেক। যাঁহারা তিন বৎসরের অধিক অধস্থ ছাত্রেরদের মধ্যে গণ্য আছেন তাঁহারা অধোবৃত্তি প্রাপণের নিমিত্ত প্রতিযোগী হইতে পারেন না।

ENGLISH DEPARTMENT

Monday, Tuesday and Wednesday, 19th 20th and 21st

F Millett Esq †

T A Wise Esq M D

ইঙ্গরেজী বিদ্যা।

সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ সোমবারে ও ২০ তারিখ মঙ্গলবারে এবং ২১ তারিখ বুধবারে।

শ্রীযুত এফ মিলেট সাহেব।†

শ্রীযুত ডাক্তর টি এ উয়াইস সাহেব।

ORIENTAL DEPARTMENT

Monday and Tuesday, 19th and 20th September

Honourable H T Prinsep

Hafiz Ahmed Kubeer

The Cazee ool Cazat

দেশীয় ভাষা।

সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ সোমবারে ও ২০ তারিখ মঙ্গলবারে।

শ্রীযুত অনরবল এচ টি প্রিন্সেপ সাহেব।

শ্রীযুত হফিজ আহমদ কবীর।

শ্রীযুত কাজি উলকুজ্জাৎ।

HOOGHLY COLLEGE

Examination for Balance of Scholarships‡ and for testing reasonable progress of holders Three years attachment to the Junior Department is the limit beyond which none can compete for Junior Scholarships

হুগলি কালেজ।

বাকী ছাত্রবৃত্তির‡ নিমিত্ত এবং বৃত্তিভোগিরদের উপযুক্তমতে বিদ্যাবৃদ্ধি হইয়াছে কি না ইহা জানিবার নিমিত্ত পরীক্ষা হইবেক। যাঁহারা তিন বৎসরপর্য্যন্ত অধস্থ শ্রেণীতে আছেন তাঁহারা অধোবৃত্তি প্রাপণের নিমিত্ত প্রতিযোগী হইবেন না।

ENGLISH DEPARTMENT

Monday and Tuesday, 19th and 20th September

J Kerr, Esq

E Lodge, Esq

ইঙ্গরেজী।

সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ সোমবারে ও ২০ তারিখ মঙ্গলবারে।

শ্রীযুত জে কার সাহেব।

শ্রীযুত ই লজ সাহেব।

ORIENTAL DEPARTMENT

Monday and Tuesday, 19th and 20th September

Major Ouseley

দেশীয় ভাষা।

সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ সোমবারে ও ২০ তারিখ মঙ্গলবারে।

শ্রীযুত মেজর উসলি সাহেব।

* See p 9 of Report for 1840 41 1841 42

† The Rules require a Member of the Council to be in attendance

‡ See p 9 of Report for 1840 1, 1841 2

* ১৮৪০ ও ১৮৪১ এবং ১৮৪১ ও ১৮৪২ সালের রিপোর্টের ৯ পৃষ্ঠা দেখ।

† নিয়মের দ্বারা কৌন্সেলের এক জন মেম্বর সাহেবের উপস্থিত থাকিতে আবশ্যক।

‡ ১৮৪০ ও ১৮৪১ এবং ১৮৪১ ও ১৮৪২ সালের রিপোর্টের ৯ পৃষ্ঠা দেখ।

(গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৩ সেপ্টেম্বর।)

Mahomed Murtuza
The Cazee of Calcutta
Mulvie Abdood Ruheem
H V Bayley, Esq *

SANSCRIT COLLEGE

General Examination and Examination for Scholarships—All open—see p 9 of Report for 1841-2—or p 22 of printed Rules and Regulations Three years attachment to the Junior Department is the limit beyond which none can compete for Junior Scholarships

---

Monday 19th Tuesday 20th, Wednesday 21st Thursday 22d, Friday 23d, Saturday 24th September

Capt Marshall,

Baboo Russomoy Dutt,

Baboo Ramcomul Sein, Members of the Council, in attendance

Kamalakaunt Pundit of the Asiatic Society

Ramchunder Bidyabagish, Assistant Secretary Sanscrit College

H V Bayley, *Secretary*

Council of Education September 7th, 1842

NOTIFICATION

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 26th August, 1842

Mr H S Thompson, who has obtained a Diploma to be Additional Moonsiff of Jungypore, City Moorshedabad

Baboo Gourhurree Bose, who has obtained a Diploma to be Moonsiff of Ghosgong, Mymensing, in the room of Baboo Kalikauth Chowdree removed for unfitness

The 2nd September, 1842

Baboo Greeschunder Chatterjee who has obtained a Diploma, to be officiating Moonsiff of Jheenidah Zillah Jessore

J Hawkins, *Register*

CIVIL APPOINTMENTS

No 1183

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

The 30th August, 1842

LEAVES OF ABSENCE

Mr E Wilkinson Collector of Tirhoot, for one

---

* The Rules require a Member of the Council to be in attendance A Steamer will start from Cossipore each morning at 5 A M and leave Hooghly at 1 P M or stay both days, as may be most convenient

[*Government Gazette* 13*th September*, 1842]

শ্রীযুত মহম্মদ মর্ত্তজা।
কলিকাতার শ্রীযুত কাজি।
শ্রীযুত মৌলবী আবদুর রহিম।
শ্রীযুত এচ বি বেলি সাহেব।*

সংস্কৃত কালেজ।

সাধারণ পরীক্ষা এবং ছাত্রবৃত্তির নিমিত্ত পরীক্ষা হইবেক। সকল ছাত্রবৃত্তি শূন্য আছে। ১৮৪১ ও ১৮৪২ সালের রিপোর্টের ৯ পৃষ্ঠা অথবা মুদ্রাঙ্কিত বিধি ও হুকুমের ২২ পৃষ্ঠা দেখ। যাহারা তিন বৎসরপর্য্যন্ত অধম শ্রেণীতে আছেন তাঁহারা অধোবৃত্তি প্রাপণের নিমিত্ত প্রতিযোগী হইবেন না।

সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ সোমবারে ও ২০ তারিখ মঙ্গলবারে এবং ২১ তারিখ বুধবারে ও ২২ তারিখ বৃহস্পতিবারে ও ২৩ তারিখ শুক্রবারে এবং ২৪ তারিখ শনিবারে।

শ্রীযুত কাপ্তান মার্স্যাল সাহেব।

শ্রীযুত বাবু রসময় দত্ত।

শ্রীযুত বাবু রামকমল সেন। কৌন্সেলের মেম্বর এই২ মহাশয়েরা সেই সময়ে বর্ত্তমান থাকিবেন।

আসিয়াটিক সোসাইটির শ্রীযুত কমলাকান্ত পণ্ডিত।

সংস্কৃত কালেজের আসিষ্টান্ট সেক্রেটারী শ্রীযুত রামচন্দ্র বিদ্যাবাগীশ।

এচ বি বেলি। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল।

১৮৪২ সাল ৭ সেপ্টেম্বর।

John C Marshman *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ২৬ আগস্ট।

যোগ্যতার পত্র প্রাপ্ত শ্রীযুত এচ এস টামসন সাহেব শহর মুরশিদাবাদের জঙ্গীপুরের অতিরিক্ত মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কালীকান্ত চৌধুরীর অনুপযুক্ততা প্রযুক্ত তদীয় পদেতে তাঁহার বদলে যোগ্যতার পত্র প্রাপ্ত শ্রীযুত বাবু গৌরহরি বসু ময়মনসিংহের ঘোষগাঁর মুনসেফ হইবেন।

১৮৪২ সাল ২ সেপ্টেম্বর।

যোগ্যতার পত্র প্রাপ্ত শ্রীযুত বাবু গিরিশচন্দ্র চাটুর্য্যে জিলা যশোহরের ঝীনিদহের মুনসেফ হইলেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১৮৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ৩০ আগস্ট।

ছুটী।

ত্রিহুতের কালেক্টর শ্রীযুত ই উইল্কিনসন সাহেব

---

* বিধানানুসারে কৌন্সেলের এক জন মেম্বর সাহেবের উপস্থিত থাকিবার আবশ্যক আছে। এক বাষ্পীয় জাহাজ প্রতিদিবস প্রাতঃকালে পাঁচ ঘন্টার সময় কাশীপুর হইতে যাইবেক এবং অপরাহ্নের এক ঘন্টার সময় হুগলিহইতে প্রস্থান করিবেক অথবা প্রয়োজনমত দুই দিন হুগলিতে থাকিবেক।

month, from the 25th of October next, under Section XI of the Rules of 29th January 1840

Baboo Goluckchunder Bole, Deputy Collector under Regulation IX of 1833, in Sylhet, for one month, from 3d October next

Baboo Ramguttee Mitter, ditto ditto under ditto, in ditto, for one month, from the same date

Baboo Govindpersaud Pundit, ditto ditto under ditto, in ditto, for two months, from the 5th proximo

APPOINTMENT

Moulvie Saduq Ahmed Law Officer of Mymensing, to be Law Officer of Jessore

The 5th September, 1842

Mr W Money to officiate as Civil and Sessions Judge of Mymensing, during the absence of Mr Onslow, or until further orders

Mr Robert Abercrombie to be an Assistant to the Joint Magistrate and Deputy Collector of Bullooah (Noacolly)

LEAVE OF ABSENCE

Mr W Onslow, Officiating Civil and Sessions Judge of Mymensing, for two months, or until the end of the Dusserah Vacation, on Medical Certificate, to enable him to proceed to Cheerapoonjee, for the benefit of his health

F J Halliday,
Secy to the Govt of Bengal

No 1198

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT,

The 5th September, 1842

To be Members of a Committee for the management of the Surplus Chowkeedaree Funds in Jessore

Dr J Anderson

Bydenath Sein Behadoor,

Soorjkanth Mookerjee,

Ramcoomar Chowdree,

Revd J Parry

The leave of absence granted to Mr R N Farquharson, Collector of Sarun, for one month, on the 15th ultimo, has been cancelled at his own request

The 6th September, 1842

Mr C K Robison, a Magistrate of the Calcutta Police, has been permitted to proceed to Sea for the benefit of his health, under the Orders of the 25th July 1842 instead of to Darjeeling

Mr R Torrens, Civil and Sessions Judge of 24-Pergunnahs, made over charge of the current duties of his office to Roy Hurrochunder Ghose, the Additional Principal Sudder Ameen of that District, on the 26th ultimo

F J Halliday,
Secy to the Govt of Bengal

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৩ সেপ্টেম্বর।]

১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে আগামি ২৫ অক্টোবর তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ছিলটের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোলোকচন্দ্র বসু আগামি ৩ অক্টোবরঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

ঐ আইনানুসারে ঐ স্থানের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামগতি মিত্র ঐ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

ঐ আইনানুসারে ঐ স্থানের ঐ ঐ শ্রীযুত বাবু গোবিন্দ প্রসাদ পণ্ডিত আগামি মাসের ৫ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

ময়মনসিংহের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী সাদক আহমদ যশোহরের ফতওয়াদায়ক হইবেন।

১৮৪২ সাল ৫ সেপ্টেম্বর।

শ্রীযুত অনস্লো সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ মনি সাহেব ময়মনসিংহের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত রাবর্ট আবরক্রম্বি সাহেব বলুযার নওয়াখালির জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টান্ট হইবেন।

ছুটী।

ময়মনসিংহের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ অনস্লো সাহেব স্বাস্থ্যার্থে চেরাপুঞ্জীতে গমনের নিমিত্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের কি দশরার বন্দের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৯৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ৫ সেপ্টেম্বর।

নীচের লিখিত মহাশয়েরা যশোহরের চৌকীদারীর ফাজিল টাকা ব্যয়করণার্থ কমিটির মেম্বরস্বরূপ নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডাক্তর জে আণ্ডরসন সাহেব।

" বাবু বৈদ্যনাথ সেন বাহাদুর।

" বাবু সূর্য্যকান্ত মুখুয্যা।

" বাবু রামকুমার চৌধুরী।

" পাদরী জে পারি সাহেব।

সারণের কালেক্টর শ্রীযুত আর এন ফারকারসন সাহেবকে গত মাসের ১৫ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া গিয়াছিল তাহা তাহার প্রার্থনায় রহিত হইয়াছে।

১৮৪২ সাল ৬ সেপ্টেম্বর।

কলিকাতার পোলীসের এক জন মাজিষ্ট্রেট শ্রীযুত সি কে রাবিসন সাহেব ১৮৪২ সালের ২৫ জুলাই তারিখের হুকুমক্রমে দারজিলিঙ্গে গমন না করিয়া স্বীয় স্বাস্থ্যার্থে সমুদ্রে গমনের অনুমতি পাইয়াছেন।

চব্বিশ পরগনার সিবিল ও সেশন জজ শ্রীযুত আর টরেন্স সাহেব গত মাসের ২৬ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত রায় হরচন্দ্র ঘোষের প্রতি অর্পণ করেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT নিমক।

বাকীজাত নমক সন ১৮৪২ সাল তারিখ ৩১ জুলাই।

হিজলী।

ঘাট দক্ষিণ কালীনগর	১২৪৬ সাল	৩৭৮৮৮।।ঌ
ঐ ঐ	১২৪৭	৫৯৮৭৯৪।।০
ঐ ঐ	১২৪৮	৫৫৪৭৩৫।।০
উত্তর কালীনগর	১২৪৬	৮২৫/০
ঐ ঐ	১২৪৭	২৯৮৭৯৪/০
কৃষ্ণনগর	,,	১৭০২১৮।৫।।
ঐ	১২৪৮	৩৩৯৫৩১/০
রামনগর	,,	৮৮৪৩৭/০
ভেরোপাইকা	,,	৩৪১৯৮২/০

তমলুক।

নারায়ণপুর	১২৪৭	১৯৭৭০৬৸৬।।
ঐ	১২৪৮	৫৬৭২৩৮/০
ক্রোকী	,,	৮৯৸২।।

২৪ পরগনা।

নারায়ণপুর বাহিরবুনি	১২৪৭	১২৫০/০
ঐ ভাফাল	,,	২১৮১।৮।৶
ঐ ঐ	১২৪৮	৮০৩৪০।০
বেঁওতা	১২৪৭	৩১।৪।।
ঐ	১২৪৮	১৬৪০।।০
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের নারায়ণপুর পহিলা রকম	১২৪৪	২।১
ঐ ঐ	১২৪৮	৭৬৪।।৯
ঐ দোসরা রকম	,,	৪৬৯০।৩।।
বালিয়াঘাটা	,,	১৮৫।।৪
ডাইমন হারবোর	১২৪৭	২৩২৯১/৫
ঐ ঐ	১২৪৮	৩২৯৮৬/০
বাগুণ্ডি	১২৪৭	১৩৬৪/০
ঐ	১২৪৮	২৩২৮৯।।৩

চট্টগ্রাম।

নেজামপুর ডোমখালি	১২৪৭	৩৬১৮।।০
ঐ ঐ	১২৪৮	১৪১৬৭২/০
সদর ঘাট	,,	৪২১১৬৪।।৭
আরাকেন পাঙ্গা	১৮৪০ । ৪১	৩৩ঽ৸০
ঐ ঐ	১৮৪১ । ৪২	৮৬১৪৭৸০
ক্রোকি নেমক	১৮৪২	৫১।।৪।৶

শালিখা।

মাদরাজ পরমিট	১৮৪১ । ৪২	২৯৪৯৭৭।৪
ঐ ঐ	১৮৪২ । ৪৩	৮২০০১।।৫
মক্কা নেমক	১৮৩৯ । ৪০	১৮/৮
ঐ	১৮৪০ । ৪১	২৩/৫
গুড়া সৈন্ধব ইনকিরিয়র	,,	৭৮।।৭।।/
ক্রোকি করকচ	১৮৪১ । ৪২	৮।।০
ঐ	১৮৪২ । ৪৩	৩৭।।৮
কটক পাঙ্গা	১২৪৬	৯৯৩৯।।৭
ঐ	১২৪৭	৩১৪২৫২।০
ঐ	১২৪৮	৮৬৩৫১।০
খোরদা পাঙ্গা	১২৪৬	৭২৬৫।৯
ঐ	১২৪৭	৭৫১৩৫৸০
বালেশ্বর পাঙ্গা	১২৪৭	২৬৪৫৯৮৸৫
ঐ	১২৪৮	১২১০৮৭৸১
ক্রোকি পাঙ্গা	১৮৪২। ৪৩	২৸০৸

বিমোশিব হুকুম সাহেবান অলীশান বোর্ড পরমিটসয়ক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩১ আগষ্ট।

এচ টরেন্স সেক্রেটারী।

[*Government Gazette*, 13th *September*, 1842.]

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং সদর ঘাটের সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০/ মোন
চট্টগ্রাম	সদর ঘাট	১২৪৮ সাল	মোন ৫০০০০/	কোং টাকা ৪১৭৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ৭ সেপ্টেম্বর সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

নীচের লিখিত ঘাট ও গোলাহায়ে নমক মৌজুদ থাকিলে যে প্রকার নির্দ্ধারিত মূল্যে হোল সেল অর্থাৎ রওয়ানায় বিক্রীর জন্য খরিদ করিতে পাওয়া যাইবেক তাহার তালিকা।

	ফিশত মোনের মূল্য সন ১২৪৭ সাল মোতাবকে ইং ১৮৪০। ৪১ সাল	সন ১২৪৮ সাল মোতাবকে ইং ১৮৪১। ৪২ সাল
হিজলী। পাঙ্গা নেমক। ঘাট কালীনগর	৪১৪	
ঐ ঐ ঐ কৃষ্ণনগর	৪০১	
তমলুক। পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর	৪২০	
২৪ পরগনা। পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর বাহিরবুনী	——	৪৩৩
ঐ ঐ ঐ তফাল	——	৪৩০
ঐ * { বেলিয়াঘাটা		
নারায়ণপুর পোক্তানি টেবিল সাল্ট		
ঐ ঐ ১ পহিলা রকম		
ঐ ঐ ২ দোসরা রকম		
গোবরা }		
ঐ ডাইমণ্ড হারবর		
ঐ বাগণ্ডী		
চট্টগ্রাম। পাঙ্গা নেমক। ডোমখালি	——	৪১৭
ঐ সদর ঘাট	——	৪১৭
ঐ আবাকীম	——	৪১২
শালিখা। করকচ। মান্দ্রাজ পরমিট		
ঐ ১ পহিলা রকম	——	৪০২
ঐ ২ দোসরা রকম	——	৩৯৬
ঐ ৩ তেসরা রকম	——	৩৯০
ঐ বেলিয়াঘাটা		
পাঙ্গা নেমক। কটক	৪৪৪	
ঐ খোরদা	৪৪৬	
ঐ বালেশ্বর	৪৪৫	
ঐ চিলকা	৪৫৪	

রিটেল অর্থাৎ খুদরা বিক্রীর জন্য নির্দ্ধারিত মূল্যের তালিকা।

হিজলী। পাঙ্গা নেমক ফিশত মোন দর ৩৫৯।৶ টাকা অর্থাৎ ফিমোন ৩৷৴৬

তমলুক। পাঙ্গা নেমক ফিশত মোন দর ৪১২৷৹ টাকা অর্থাৎ ফিমোন ৪৶

২৪ পরগনা। ডাইমণ্ডহারবরের পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩০৲ টাকা
ঘাট নারায়ণপুরের পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩০৲ টাকা
ঘাট বাগণ্ডী পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩৯৷৹ টাকা

চট্টগ্রাম। মান্দ্রাজ করকচ নেমক ফিশত মোন ২৬২৷৹ টাকা অর্থাৎ ফিমোন ২৷৶
আবাকিম পাঙ্গা সদর ঘাট ফিশত মোন ৪৫০৲ টাকা অর্থাৎ ফিমোন ৪৷৹

ভুলুয়া। মান্দ্রাজ করকচ যাহা তটস্থ গোলায় মৌজুদ আছে তাহার ফিশত মোন কোং ৩০০৲ টাকা অর্থাৎ ফিমোন ৩৲ টাকা ও যাহা উপদ্বীপস্থ গোলায় আছে তাহার দর ফিশত মোন ২৬২৷৹ টাকা অর্থাৎ ফিমোন ২৷৶

কটক। এই জেলার নিরিখ মফস্বলের হাকিমানের বিবেচনানুসারে সময়ক্রমে ফেরফার হয়।

পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানা ইং সন ১৮৪২ সাল তারিখ ১ সেপ্টেম্বর মোতাবকে বাঙ্গলা সন ১২৪৯ সাল তারিখ ১৮ শ্রাবণ। এচ টরেন্স সেক্রেটারী।

* এই সকল রকম নমক নূতন পোক্তানের জন্য অনিশ্চিত এবং অল্প পরিমাণে প্রস্তুত হয় তাহাতে অনেকের গ্রাহকতাপ্রযুক্ত সম্প্রতি মহাজনেরদিগের টেণ্ডর অর্থাৎ দরখাস্ত লইয়া বাজারভাওমতে বিক্রী করা যাইতেছে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৩ সেপ্টেম্বর।]

SALES OF LAND

জমীদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ঢাকা জালালপুর এই যে সন ১৮৪১ সনের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধি অনুসারে ও গবর্ণমেণ্ট গেজেটের সন ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশ মতে যে সকল মহালাতের জমা ১০০৲ টাকার উর্দ্ধ সেই সকল মহালাতের সন ১২৪৯ সনের লাগাগেত কিস্তী ভাদ্রের বাকী খাজানা আদায় না হইলে ঐ সকল মহালাত সন ১৮৪২ সনের ২৮ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৪৯ সনের ১৩ আশ্বিন এ জিলার কালেক্টরি কাছারিতে বিক্রী হইবেক ও উক্ত মহালাতের মালগুজারদারানের উচিত যে আপন জিম্মার বাকী খাজানা ২৭ সেপ্টেম্বর সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে ও যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকী টাকা না লইয়া বাকীর মহালাত নীলাম করা যাইবেক আর খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না ও যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয়া খরিদ করে এতাতে তাগিদ২ জানিবা ইতি সন ১৮৪২। তারিখ ১৭ আগষ্ট মোতাবেক সন ১২৪৯ সাল তারিখ ২ ভাদ্র।

Dacca Collectorate, 17th August, 1842 W J ALLEN, *Offg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে মোকাম কলিকাতার সদর দেওয়ানী আদালতের ডিক্রীর টাকা রাজা কৃষ্ণনাথ রায় বাহাদুর রেসপাণ্ডেণ্টের পাওনা রামকৃষ্ণ সরকার ও কৃষ্ণনাথ সরকার ও ভাগবতচরণ দাস আপিলাণ্টীয়ানের দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের শ্রীযুত রেবিনিউ কমিস্যনর সাহেবের সন ১৮৪২ ইংরেজীর ২৭ জানুআরি তারিখের চিঠী ও এ জেলার শ্রীযুত জজ সাহেবের উক্ত মাসের ১৩ তারিখের রুবকারির হুকুমানুযায়ি নীচের লিখিত জায়দাদের নীলামের লাটবন্দি হইয়া এ জেলার শ্রীযুত জজ সাহেবের চলিত সনের ৮ মার্চ তারিখের রুবকারির হুকুমসুরত নীলাম স্থগিত থাকে এইক্ষণ প্রশংসতি জজ সাহেবের চলিত আগষ্ট মাসের ১১ তারিখের রুবকারি আপীলাণ্টীয়ান মধ্যে জামিনদার ভাগবতচরণ দাসের জায়দাদ প্রশংসিতের পূর্ব্ব হুকুমানুযায়ি নীলাম করার আদেশ পঁহুছিল অতএব সন ১৭৯৩ সালের ৪৫ আইনের ও সন ১৭৯৬ সালের ১২ আইনের মর্ম্মানুযায়ি নীচের লিখিত জায়দাদ সকল সন ১৮৪২ সালের ২৬ মাহ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৪৯ সালের তারিখ ১১ মাহ আশ্বিন রোজ সোমবার নীলামের দিবস ধার্য্য হইয়া ইস্তাহার দেওয়া যাইতেছে যে যদি আপিলাণ্টীয়ান এই ইস্তাহারের লিখিত সমুদয় পাওনা টাকা নীলামের দিবস দ্বিতীয় প্রহরপর্য্যন্ত নীলামের ডাক আরম্ভ হওয়ার পূর্ব্বে দাখিল না করে তবে নীচের লিখিত জায়দাদ ঐ নীলামের নির্দ্ধারিত দিবসে এই কালেক্টরিতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ আপন২ ডাক সংখ্যার কিশত ১৫ টাকা হিসাবে ফিসের টাকা সমেত হাজির হইয়া উক্ত আইনমত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাতকারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ২২ আগষ্ট মোং সন ১২৪৯ সাল তারিখ ৭ ভাদ্র।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম তালুকদার	সালিয়ানা সদর জমা	তাইন রকম যাহা নীলাম হইবেক	তাইন ডিগরীর টাকা	নীলামি মহালের বাকী যাহা খরিদারকে দিতে হইবেক।	কৈ.
১	২৬০২	কিং পরগনে উজিরাবাদ	ভাগবতচরণ ও শিবনাথ দাস ও রঙ্গলাল ও শ্যামাসুন্দরী দাস্যা ও গৌরগোবিন্দ ও গুরুদয়াল শাহা	১৯৪৯॥৩ মধ্যে ।০ আনার জমা ৪৮৭৶৬	ইংরেজী নক্সা ও জজ সাহেবের উপরউক্ত রুবকারি সকলের হুকুমানুযায়ি এই দুই মহালে র চারি২ ।০ আনা রকম ভাগবতচরণ দাসের হিস্যা নীলাম হইবেক।	১০৬৩০।১১ সুদ ইস্তক ১৭ জুন সন ১৮৩৯ লাগাইদ ২৫ সেপ্টেম্বর সন ১৮৪২ সাল ৪২১৭৶৫ —— ১৪৮৪৭৷৶৪	২০১৸/৪
২	১৪৬৬	তং টেকারায়পুর	ভাগবতচরণ ও শিবনাথ ও রঙ্গলাল ও শ্যামাসুন্দরী দাস্যা ও রামেশ্বর বাগচি	৪৭০৷/৯ মধ্যে ।০ রকম জমা ১১৭॥/৫।			১১১॥৶১০

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বরের ২৫ নম্বরের সরক্যুলর চিঠীর আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন করা যায় যে উক্ত ভূমির সাবেক মালিকের পর যে সকল দায় আছে তাহা খরিদারকে অর্শিবেক এবং মহালের পর সরকারের যে দাওয়া থাকে এই নীলামের দ্বারা তাহার কিছু লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 22nd August, 1842 C D RUSSELL *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে অত্র জেলার প্রধান সদর আমীনের বিচার্য্য ডিক্রীর টাকা বিজয়গোবিন্দ বড়াল স্বয়ং ও অলি জানবে যদুনন্দন বড়াল ও মধুসূদন বড়াল ও মুনমোহন বড়াল ও মদনমোহন বড়াল ডিক্রীদারের পাওনা কালিদাস ধর ও সানন্দময়ী দাস্যা ও আলমচন্দ্র ধর উর্ফ জানবে শ্রীনাথ

[*Government Gazette, 13th September, 1842*]

ধর ও জামিনদার গুরুদয়াল রায় দেনদারানের দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের প্রবল প্রতাপ শ্রীযুত রেবিনিউ কমিস্যনর সাহেব বাহাদুরের সন ১৮৪২ সালের ৮ আগষ্টের চিঠী ও শহর মুরশিদাবাদের শ্রীযুত জজ সাহেবের ঐ সনের ২৮ জুলাই তারিখের রুকারবির আজ্ঞানুযায়ি কালিদাস ধরপ্রভৃতি দেনদারানের সম্পত্তি সন ১৭৯৩ সালের ৪৫ আইন ও সন ১৭৯৬ সালের ১১ আইন অনুয়াগি নীচের তফসীলমত ইঙ্গরেজীর সন ১৮৪২ সাল তারিখ ২৮ সেপ্টেম্বর মোৎ সন ১২৪৯ সালের তারিখ ১৩ আশ্বিন রোজ বধবার নীলাম,হওনের ইস্তাহার জারি হইল যদি উক্ত দেনদারান এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নীলামের তারিখে দ্বিতীয় প্রহর দিবসপর্য্যন্ত ডাক আরম্ভ হওয়ার পূর্ব্বে দাখিল না করে তবে ঐ তারিখে দ্বিতীয় প্রহর দিবা রাত্রিবার সময় এই জেলার কালেক্টরির কাছারিতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ফিশত ১৫ টাকার হিসাবে কিস সমেত হাজির হইয়া আইন মত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ২৪ মাহ আগষ্ট মোৎ সন ১২৪৯ সাল তারিখ ৯ ভাদ্র।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম তালুকদারের	সালিয়ানা সদর জমা	তাইন রকম যাহা নীলাম হইবেক শ্রীযুত জজ সাহেবের রুবকারি অনুযায়ি	তাইন ডিক্রীর টাকা	নীলামী মহালের সরকারের বাকী যাহা খরিদারকে দিতে হইবেক।	কৈং
১	৭৪	কীং মৌজা বৃন্দাবনপুর	গোবাচাদ ও বঙ্কবিহারি ও বিজয়গোবিন্দ ও যদুনন্দন ও মধুসূদন ও ভুবনমোহন ও মদনমোহনর ড়াল ও কালিদাস ও শ্রীনাথ ধর	২৪৮।।৶৮	এই মহালের মধ্যে কালিদাস ওশ্রীনাথ ধরের হক নীলাম হইবেক		উক্ত রুবকারী অনুযায়ি ২২৬২।।/ সুদ ইস্তক ২৩ জুলাই লাৎ ২৭ সেপ্টেম্বর সন ১৮৪২ ইং ২২৩৪৸৴ কাত ৪৯৶৮ ——— ২৩১১।।৶৮	৩৬৸১১ ৫।/৪
২	২০৭১	কীং মুকুন্দপুর	রামমোহন রায়	৭৯৲৪ মধ্যে রকম ।১১।। কাত জমা ২২।।/৬	এই মহালের রকম ।১১।। কালিদাস ও শ্রীনাথ ধরের হক নীলাম হইবেক।			
৩	৩২৫	কীং শ্রীপুর	বিজয়গোবিন্দ ও যদুনন্দন ও মধুসূদন ও ভুবনমোহন ও মদনমোহন বড়াল ও কালিদাস ওশ্রীনাথ ধর।	২৯।৶৪ মধ্যে রকম ।১১।। — ক্রান্তি কাত জমা ৮।৶৮।।	এই মহালের রকম ১১।। — কালিদাস ও শ্রীনাথ ধরের হক নীলাম হইবেক।			৬।৶৫
৪	৫০৫	কীসমত বামকুন্দবাটী	ঐ	১০৸১০ মধ্যে রকম ।১১।। _ ক্রান্তি কাতজমা ৩/৫।।	এই মহালের রকম ।১১।। কালিদাস ও শ্রীনাথ ধরের হক নীলাম হইবেক।			
৫	১৫৫৫	কীং জয়রামপুর।	আলমচন্দ্র ধর ও নেত্রমণি দাস্যা।	১৬০।৶৪ মধ্যে রকম ।।০ আট আনার জমা ৮০৴২	এই মহালের রকম ।।০ আট আনা আলমচন্দ্র ধরের হক নীলাম হইবেক।			২৩।৴১১

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরের সরকুলর চিঠীর আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন করা যায় যে উক্ত জমির সাবেক মালিকের উপর যে সকল দায় আছে তাহা খরিদারকে অর্শিবেক এবং মহালের পর সরকারের যে দাওয়া থাকে ঐ নীলামের দ্বারা কিছু লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 24th August, 1842 C. D Russell, *Actg Collector*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৩ সেপ্টেম্বর।]

SHERIFF'S SALES

ইহাব দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ইলিজেবেথ ডিবাইনের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়স নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ১৫ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় বিক্রয় করিবেন।

বিশেষতঃ ঘরের সরঞ্জাম অর্থাৎ ছবি লান্টন চৌকি টিপাই কৌচ এবং খাট ইত্যাদি উক্ত ইলিজেবেথ ডিবাইনের সম্পত্তি নীলাম হইবেক।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইবেক।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ভবতচন্দ্রের পুত্র রামচন্দ্র ও গোবিন্দচন্দ্রের বিরুদ্ধে ১৮৪০ সালের ২৩ আইনানুসারে চাটিগাঁর দেওয়ানী আদালতের মোহরাঙ্কিত বাহির হওয়া যে দুই পরওয়ানা কলিকাতার সরিফ শ্রীযুত উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ১৫ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের শোভাবাজারের সূতানুটির শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি কমবেশ ।১॥০ ছয় কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত ভবতচন্দ্রের পুত্র রামচন্দ্র ও গোবিন্দ চন্দ্রের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে গলি দক্ষিণ দিগে কালীচরণ দত্তের ভূমি উত্তর দিগে প্রাণকৃষ্ণ ঘোষের বাটী ও ভূমি পূর্ব্ব দিগে মোহন চাঁদ গোস্বামির বাটী ও ভূমি।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে কৈলাশচন্দ্র মিত্র ওগয়রহের বিরুদ্ধে চাটিগাঁর দেওয়ানী আদালতের মোহরাঙ্কিত বাহিরহওয়া যে দুই পরওয়ানা কলিকাতার সরিফ শ্রীযুত উইলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ১৫ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের সূতানুটির যোড়া পুষ্করিণীর পশ্চিম দিগে যোড়াসাঁকো নামে খ্যাত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত ভদ্রাসন বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ।৪ নয় কাটা তাহার তিন অংশের এক অংশে ও তাহার তিন অংশের এক অংশের মধ্যে ও তাহার তিন অংশের এক অংশের উপর উক্ত কৈলাশচন্দ্র মিত্র ওগয়রহের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গুরুদাস মজুমদারের বাটী ও ভূমি দক্ষিণ দিগে সরকারি রাস্তা পশ্চিম দিগে মধুসূদন ছিলিমিলির বাটী ও ভূমি উত্তর দিগে হলধর চক্রবর্ত্তির বাটী ও ভূমি।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতার সরিফ সাহেবের হাতে ফাইরাই ফেসিয়স নামক যে দুই পরওয়ানা আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান সেপ্টে

[*Government Gazette, 13th September, 1842*]

সরিফের নীলাম।

ম্বর মাসের ১৫ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন। ঐ দুই পরওয়ানার মধ্যে যে মোকদ্দমায় আশুতোষ দে ও প্রমথনাথ দে এবং এড্বার্ড হিল্ডর সাহেব ফরিয়াদী এবং নরসিংহলাল দাস আসামী সেই মোকদ্দমায় এক পরওয়ানা বাহির হয় এবং যে মোকদ্দমায় আশুতোষ দে ও প্রমথনাথ দে এবং এড্বার্ড হিল্ডর সাহেব ফরিয়াদী এবং নরসিংহ লাল দাস ও মাধবচন্দ্র দাস আসামী সেই মোকদ্দমায় অপর এক পরওয়ানা বাহির হয়।

১ দফা। কলিকাতা নগরের সূতানুটির যোড়াবাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৮১।০ ষোল কাটা চারিছটাক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নরসিংহলাল দাসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বলরাম সেটের বাটী ও ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে কৃষ্ণমোহন সেটের বাটী ও ভূমি এবং পশ্চিম দিগের এক ভাগে রঘুনাথ করের বাটী ও ভূমি এবং অপর ভাগে রামকৃষ্ণ পোদ্দারের ভূমি।

২ দফা। এবং জিলা চব্বিশ পরগনার ডিহি পঞ্চান্ন গ্রামের দক্ষিণ পাইকপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি কমবেশ ২৪॥৶ চব্বিশ বিঘা দশ ছটাক তাহাতে এক পুষ্করিণী ও অনেক বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নরসিংহ লাল দাসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে রাজনারায়ণ দাসের বাগান দক্ষিণ দিগে গদাধর মিত্রের বাগান পূর্ব্ব দিগে কৃষ্ণচন্দ্র পালের ধান্য ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা।

৩ দফা। এবং কলিকাতা নগরের যোড়া বাগানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥৪ চৌদ্দ কাটা তাহাতে কএক খান খাপরেলের ঘর এবং চারি দিগে ইষ্টক নির্ম্মিত প্রাচীর আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নরসিংহলাল দাসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে গোকুল কারফরমার বাটী ও ভূমি এবং পূর্ব্ব ও পশ্চিম দিগে শিবনারায়ণ ঘোষের বাটী ও ভূমি।

৪ দফা। এবং কলিকাতা নগরের বড়বাজারের দরমাহাটার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত গুদাম এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ।১ ছয় কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নরসিংহলাল দাস ও মাধবচন্দ্র দাসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে হরচন্দ্র দাসের গুদাম দক্ষিণ দিগে সরকারী গলি এবং উত্তর দিগে গোকুল মিত্রের ভূমি।

৫ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক গুদাম এবং তাহার সঙ্গে যে একখণ্ড ও বন্দ ভূমি কমবেশ ।১ ছয় কাটা তাহার তিন অংশের এক অংশের ও তাহার তিন অংশের এক অংশের মধ্যে ও তাহার তিন অংশের এক অংশের উপর উক্ত নরসিংহলাল দাস ও মাধবচন্দ্র দাসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে হরচন্দ্র দাসের গুদাম উত্তর দিগে গলি এবং দক্ষিণ দিগে রাজা শিবকৃষ্ণ রায়ের ভূমি।

৬ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে

এক দোতালা ইষ্টক নির্ম্মিত গুদাম এবং তাহার সঙ্গে যে একখণ্ড ও বন্দ ভূমি কমবেশ /১৮/ এক কাটা তেরছটাক তাহার তিন অংশের এক অংশে এবং ঐ অংশের মধ্যে ও ঐ অংশের উপর উক্ত নরসিংহলাল দাস ও মাধবচন্দ্র দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে রাজা কালীকৃষ্ণের এক গুদাম এবং উত্তর দিগে গলি।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইবেক।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মৃত শ্রীনাথ রায়ের উত্তরাধিকারিণী মাতা শ্রীমতী তিলকমণি দাসীর বিরুদ্ধে রেন্দিসিয়োনৈ এক্সপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ১৫ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ দফা। কলিকাতার চিৎপুরের মসিদবাড়ীর রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ।১ ছয় কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে কৃষ্ণমণি বাঁড়ের বাটী ও ভূমি পশ্চিম দিগে হরমণি বাঁড়ের বাটী ও ভূমি দক্ষিণ দিগে এক্ষণে বা পূর্ব্বে প্যারীমণি বাঁড়ের বাটী ও ভূমি উত্তর দিগে মসীদবাড়ী নামক কোম্পানির গলি।

২ দফা। এবং বাঙ্গলা প্রদেশের কলিকাতার শহর তলির ডিহি পঞ্চান্ন গ্রামের বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত একতালা বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৪৬ ২ ছেচল্লিশ বিঘা দুই কাটা তাহার উপর দুইটা বসতবাপের ভাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ব ও অধিকার সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগের একাংশে এক্ষণে বা পূর্ব্বে মৃত ফকিরচাঁদ দাসের সম্পত্তি অপরাংশে এক্ষণে বা পূর্ব্বে রামহরি মুখুয্যের সম্পত্তি পশ্চিম দিগের একাংশে এক্ষণে বা পূর্ব্বে মৃত হরিমোহন ঠাকুরের সম্পত্তি অপরাংশে এক্ষণে বা পূর্ব্বে মৃত জগন্নাথ বসুর সম্পত্তি অন্যাংশে মৃত কৃষ্ণকান্ত সেনের সম্পত্তি অপরাংশে বৃন্দাবন ঘোষের সম্পত্তি এবং অন্যাংশে হর সেটের সম্পত্তি পশ্চিম দিগের একাংশে রামধন সিমলির সম্পত্তি এবং অপরাংশে উক্ত হর সেটের সম্পত্তি।

৩ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৬।৪৮০ ছয় বিঘা নয় কাটা সাত ছটাক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পশ্চিম দিগে এক্ষণে বা পূর্ব্বে উক্ত হর সেটের সম্পত্তি দক্ষিণ দিগের একাংশে এক্ষণে বা পূর্ব্বে মৃত বারাণসী ঘোষের সম্পত্তি অপরাংশে রামহরি মুখুয্যের এক খণ্ড ব্রহ্মোত্তর ভূমি এবং অন্যাংশে এক্ষণে বা পূর্ব্বে তাহার বাটী পূর্ব্ব দিগে এক্ষণে বা পূর্ব্বে মাধব বাবুর বাটী ও ভূমি।

৪ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি কমবেশ ৩/ তিন বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে এক্ষণে বা পূর্ব্বে উক্ত হর সেটের ধান্য ভূমি দক্ষিণ দিগে এক্ষণে বা পূর্ব্বে রামশঙ্কর বসাকের ধান্য ভূমি পশ্চিম দিগে এক্ষণে বা পূর্ব্বে মকিম দারোগার বাগাৎ ভূমি পূর্ব্ব দিগে এক্ষণে বা পূর্ব্বে দেবোত্তর ধান্য ভূমি।

৫ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি কমবেশ ১ এক বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে এক্ষণে বা পূর্ব্বে উক্ত রামশঙ্কর বসাকের ধান্য ভূমি দক্ষিণ দিগে এক্ষণে বা পূর্ব্বে মথুর মুদির ধান্য ভূমি পশ্চিম দিগে এক্ষণে বা পূর্ব্বে রামনারায়ণ মুখুয্যের ধান্য ভূমি পূর্ব্ব দিগে এক্ষণে বা পূর্ব্বে কসাই ঘরার ধান্য ভূমি।

৬ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১॥৪ এক বিঘা চৌদ্দ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে এক্ষণে বা পূর্ব্বে রাধামোহন গোসাঞির বাগান দক্ষিণ দিগে এক্ষণে বা পূর্ব্বে কালীনাথ মুনশীর ধান্য ভূমি পশ্চিম দিগে এক্ষণে বা পূর্ব্বে মৃত হরলাল দত্তের ধান্য ভূমি পূর্ব্ব দিগে এক্ষণে বা পূর্ব্বে উক্ত হরিমোহন ঠাকুরের ধান্য ভূমি।

৭ দফা। এবং উক্ত বীরপাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১/ এক বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত শ্রীনাথ রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে এক্ষণে বা পূর্ব্বে গোলোক দাসের ধান্য ভূমি দক্ষিণ দিগে এক্ষণে বা পূর্ব্বে উক্ত মৃত হর সেটের ধান্য ভূমি পশ্চিম দিগে রামলোচন রায়ের ধান্য ভূমি পূর্ব্ব দিগে এক্ষণে বা পূর্ব্বে উক্ত কালীনাথ মুনসীর ধান্য ভূমি।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENTS

সাধারণ ব্যক্তিবদের ইশতিহার।

কলিকাতা শহরের বড়বাজারের কালাকর রাস্তা নিবাসি বণিক মৃত উদয়চাঁদ বসাকের দানপত্রের প্রোবেট বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট এক্লিসিয়াষ্টিকল ডিপার্টমেন্টে অদ্য উক্ত কলিকাতার যোড়াসাঁকো নিবাসি ভূম্যধিকারী এবং কলিকাতার ইউনিয়ন ব্যাঙ্কের খাজাঞ্চী শ্রীরমানাথ ঠাকুরকে এবং উক্ত কলিকাতা নগরের পাঁচু ধোপানির বাগানবাসি ভূম্যধিকারি এবং উক্ত কলিকাতা নগরের সওদাগর ও এজেন্ট শ্রীযুত কার ঠাকুর কোম্পানির কুঠিতে নিযুক্ত আসিষ্টান্ট শ্রীমদনমোহন চাটুয্যেকে অর্থাৎ উক্ত দানপত্রে নামাঙ্কিত টর্ণির দিগকে দেওয়া গিয়াছে অতএব উক্ত মৃত ব্যক্তির সম্পত্তির উপর যাঁহারদের কোন দাওয়া থাকে তাঁহারা ঐ দাওয়া উক্ত টর্ণিরদিগকে জানাইবেন এবং যাহারদের স্থানে উক্ত মৃত ব্যক্তির পাওনা থাকে তাঁহারা ঐ পাওনা অবিলম্বে উক্ত টর্ণিরদিগকে দিবেন।

হেজর ও স্মালি। প্রকটর

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৩ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 20, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ২০ সেপ্টেম্বর।

৮

ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 2D SEPTEMBER, 1842

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council on the 2d of September 1842, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No VIII OF 1842

An Act for describing in Legislative Acts, with greater certainty and convenience, the Courts of the highest jurisdiction in the respective Presidencies

It is hereby declared and enacted that the powers vested in the Court of Sudder Dewanny Adawlut by Acts No XIX of 1841 and No XX of 1841, shall be applicable to the Courts of highest Civil jurisdiction in the Madras and Bombay Presidencies respectively, and that, in future Acts generally applicable to all the Presidencies, the terms "Sudder Court" shall be deemed applicable to the Courts respectively of the highest Civil and Criminal jurisdiction, as the case may be, of all the Presidencies

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

CONSTRUCTIONS

আইন।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ২ সেপ্টেম্বর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ভারতবর্ষের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪২ সালের ২ সেপ্টেম্বর তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ঐ অনুমতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে লেখা গেল।

হুকুম হইল যে এই আইন সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ৮ অষ্টম আইন।

নানা রাজধানীর উপরিস্থ আদালত পূর্ব্বাপেক্ষা নিশ্চয় ও সুগমরূপে আইনের মধ্যে নির্দ্দিষ্ট করণের বিষয়ি আইন।

ইহাতে নির্দ্দিষ্ট ও হুকুম হইল যে ১৮৪১ সালের ১৯ ও ২০ আইনের দ্বারা সদর দেওয়ানী আদালতে যে সকল ক্ষমতা দেওয়া গিয়াছে সেই সকল ক্ষমতা মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর উপরিস্থ দেওয়ানী আদালতেরদের হইবেক এবং উত্তর কালে যে২ আইন সকল রাজধানীর দেশে চলন হয় সেই সকল আইনের মধ্যে "সদর আদালত" এই কথা লেখা থাকিলে তাহা সকল রাজধানীর দেওয়ানী ও ফৌজদারীর সর্ব্বাপেক্ষা উপরিস্থ আদালত বুঝাইবেক এমত জ্ঞান করিতে হইবেক।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

আইনের অর্থ।

CONSTRUCTIONS

No 1345

1813
Reg X
Sec 32

Held on a reference from the Session Judge of 24 Pergunnahs that the mere keeping open of liquor shops at late hours is not within the meaning and intent of the terms "disorderly conduct" and consequently not punishable by the Magistrate under Section 32, Regulation X 1813, but that if any breach of the peace or other misdemeanor occur in consequence of such keeping open of the shops during prohibited hours, the conduct of the Abkar may be considered disorderly, and himself consequently liable to the penalty provided for disorderly conduct

Calcutta Court, 20th May, Western Court, 1st July, 1842

No 1346

1817
Reg XII
Sec 24
1819
Reg I
Sec 3
Clause 2

Held on a reference from the Judge of Purneah, that the rule in Section 24, Regulation XII 1817, which requires Putwarees to produce their accounts when required by the Courts of Justice is applicable to the subordinate Courts, Moonsiffs who may require to put the rule in force should send the Putwaree with a proceeding to that effect to the Zillah Judge

Calcutta Court, 24th June, Western Court, 2d August, 1842

No 1347

1840
Act IV

Held on a reference from the Session Judge of 24 Pergunnahs that a Magistrate is not authorised to attach lands, (paying revenue to Government or under tenures) *pending* the decision of a case under Act IV of 1840, or to call on the Collector to attach lands according to Regulation V of 1827, *before* he has come to a decision in a case under the above Act

Calcutta Court, 24th June, Western Court, 2d August, 1842

No 1348

1805
Reg II
Section 2
Rule of limitation in executing Decrees passed in favour of Government

On a reference from the additional Judge of Benares, as to the right of Government to take out execution of a decree in its favor, after the expiration of 12 years from the date of judgment It was held that the terms of Section 2, Regulation II 1805, which Section declares claims on the part of Government to be cognizable by the Courts if preferred within 60 years from the origin of the cause of action, have reference to "*hearing, trying*, and *determining*" by the Courts of Civil justice of all *claims preferred* on the part of Government, but do not extend to the case of claims *already adjudged*, and that, therefore, Construction No 136, declaring that Decrees may be executed after 12 years, provided, good and sufficient cause for the delay be shown, must be the rule of guidance in all cases whether the decree may be in favor of Government or a private individual

Western Court, 1st July, Calcutta Court, 22d idem, 1842

No 1349

Rule regarding illegal and forcible dispossession from moveable property, and the Magistrates right of interference in such cases

On a reference from the Session Judge of Azimgurh as to the competency of a Magistrate to interfere in a case of illegal and forcible dispossession of chattels or other moveable property with a view to restitution It was ruled, that supposing the fact of illegal and forcible dispossession to have been established the Magistrate is competent to exercise interference in the case, but, if the property should be found to have come into the possession of the party it was discovered with, without proof of any violence or other illegal act in the acquisition, and such party detained it on the plea of some claim or lien on the property, the matter would then be one of Civil and not of Criminal cognizance

Western Court, 1st July, Calcutta Court, 29th Idem, 1842

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২০ সেপ্টেম্বর।]

কনষ্ট্রকসন অর্থাৎ আইনের অর্থ।

১৩৪৫ নম্বর।

চব্বিশ পরগনার সেশন জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে শরাবের দোকান কেবল অধিক রাত্রিপর্য্যন্ত খোলা রাখিলে তাহা "অসঙ্গত কর্ম্মের" মধ্যে গণ্য হয় আইনের এমত অর্থ ও অভিপ্রায় নহে অতএব মাজিষ্ট্রেট সাহেব ১৮১৩ সালের ১০ আইনের ৩২ ধারানুসারে ঐ কর্ম্মের দণ্ড করিতে পারেন্ না। কিন্তু যে সময়ে দোকান খোলা রাখিবার নিষেধ আছে সেই সময়ে দোকান খোলা রাখাতে যদি কোন হঙ্গামা কিম্বা অন্য কোন অপরাধ হয় তবে আবকারের কর্ম্ম অসঙ্গত বোধ হইতে পারে এবং অসঙ্গত কর্ম্মের যে দণ্ড নিরূপণ হইয়াছে সেই ব্যক্তি সেই দণ্ডের যোগ্য হইতে পারে।

১৮১৩ সাল
১০ আইন
৩২ ধারা।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২০ মে।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ১ জুলাই।

১৩৪৬ নম্বর।

পূরণিয়ার জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে ১৮১৭ সালের ১২ আইনের ২৪ ধারাতে যে হুকুম আছে অর্থাৎ আদালতের জজ সাহেব পাটওয়ারীরদের হিসাব তলব করিলে তাহারদের সেই হিসাব দাখিল করিতে হইবেক সেই হুকুম অধস্থ আদালতের বিষয়েও খাটিবেক। এবং যে মুনসেফেরদের ঐ ধারার মতে আচরণ করা আবশ্যক হয় তাঁহারদের উচিত যে কোন পাটওয়ারী তাঁহারদের হুকুম না মানিলে তাহাকে এক লিখনসমেত জিলার জজ সাহেবের নিকটে পাঠান।

১৮১৭ সাল
১২ আইন
২৪ ধারা।
১৮১৯ সাল
১ আইন
৩ ধারা
২ প্রকরণ।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২৪ জুন।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ২ আগষ্ট।

১৩৪৭ নম্বর।

চব্বিশ পরগনার সেশন জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে ১৮৪০ সালের ৪ আইনানুসারে কোন বিষয়ের নিষ্পত্তি না হইতে২ মাজিষ্ট্রেট সাহেব মালগুজারীর অথবা পাট্টাদারের কোন ভূমি ক্রোক করিতে পারেন না এবং উক্ত আইনানুসারে তিনি কোন বিষয়ের নিষ্পত্তি করণের পূর্ব্বে ১৮১৭ সালের ৫ আইনক্রমে কালেক্টর সাহেবকে কোন ভূমি ক্রোক করিবার হুকুম দিতে পারেন্ না।

১৮৪০ সাল
৪ আইন।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২৪ জুন।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ২ আগষ্ট।

১৩৪৮ নম্বর।

বারাণসের অতিরিক্ত জজ সাহেব জিজ্ঞাসা করিয়াছেন যে সরকারের পক্ষে যে ডিক্রী হইয়া থাকে সেই ডিক্রী হওনের বারো বৎসরের পর সরকার তাহা জারীকরণের দরখাস্ত করিবার অধিকার রাখেন্ কি না। তাহাতে বিধান হইল যে ১৮০৫ সালের ২ আইনের ২ ধারাতে যে কথা লেখা আছে অর্থাৎ সরকারের তরফহইতে কোন মোকদ্দমার হেতু আরম্ভঅবধি ৬০ বৎসরের মধ্যে যদি নালিশ হয় তবে আদালত তাহা গ্রাহ্য করিতে পারেন্ সেই কথা সরকারের তরফহইতে উপস্থিতহওয়া সকল দাওয়া দেওয়ানী আদালতের জজ সাহেবের দ্বারা "শুননি ও বিচার এবং নিষ্পত্তি হওনের' বিষয়ে সম্পর্ক রাখে কিন্তু যে দাওয়ার "নিষ্পত্তি হইয়া গিয়াছে' তাহার সঙ্গে সম্পর্ক রাখে না। অতএব ১৩৬ নম্বরী আইনের অর্থেতে যে বিধি আছে অর্থাৎ ডিক্রী জারীকরণের দরখাস্ত করিতে বিলম্বের কোন যথার্থ ও মাতবর কারণ দর্শান গেলে ঐ ডিক্রী বারো বৎসরের পরেও জারী হইতে পারে সেই বিধির অনুসারে কি সরকারের পক্ষে কি সাধারণ ব্যক্তির পক্ষের ডিক্রী জারীর বিষয়ে সর্ব্বত্র কার্য্য করিতে হইবেক।

১৮০৫ সাল
২ আইন
২ ধারা।
গবর্ণমেণ্টের পক্ষে যে ডিক্রী হইয়াছে তাহা জারী করিবার মিয়াদের বিধান।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ১ জুলাই।
কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২২ জুলাই।

১৩৪৯ নম্বর।

আজিমগড়ের সেশন জজ সাহেব জিজ্ঞাসা করিয়াছেন যে অন্যায়মতে এবং জবরদস্তীতে কোন ব্যক্তি কোন জায়দাদ কি অন্য অস্থাবর সম্পত্তিহইতে বেদখল হইলে ঐ সম্পত্তি ফিরিয়া দেওয়ানের নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ে হস্তক্ষেপ করিতে পারেন্ কি না। তাহাতে বিধান হইল যে ঐ সম্পত্তি অন্যায়মতে এবং জবরদস্তীতে বেদখল করা গিয়াছে এই বিষয় সাব্যস্ত হইলে মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ে হস্তক্ষেপ করিতে পারেন্। কিন্তু যদি এইমত প্রমাণ হয় যে ঐ সম্পত্তি যে ব্যক্তির নিকটে পাওয়া গিয়াছে সেই ব্যক্তি ঐ সম্পত্তি জবরদস্তী করিয়া অথবা বেআইনী কোন কর্ম্মের দ্বারা দখল করে নাই এবং ঐ সম্পত্তির উপর তাহার কোন দাওয়া অথবা অধিকার আছে বলিয়া সেই ব্যক্তি তাহা আটক করিয়া রাখিয়াছে তবে সেই মোকদ্দমা দেওয়ানী আদালতে শুননির যোগ্য ফৌজদারী আদালতে শুননির যোগ্য নহে।

অস্থাবর বস্তু অন্যায় ও জবরদস্তী করিয়া বেদখল করণের বিষয়ের এবং এমত গতিকে মাজিষ্ট্রেট সাহেবের হস্তক্ষেপ করণের অধিকারের বিষয়ের বিধান।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ১ জুলাই।
কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২৯ জুলাই।

[*Government Gazette, 20th September,* 1842]

No. 1350

1839
Circular Order
No 30
Regarding a Decree holder purchasing his debtor's property at public sale

With reference to the printed C O No 30, dated the 18th January 1839, it was held on a reference from the Judge of Midnapore, that a decree holder purchasing his debtor's property at a public sale by the Collector, for a higher sum than the amount of his decree must deposit 15 per cent on the whole amount of the purchase money, or the balance in full, as should the balance above the amount of his decree not be paid, the sale falls to the ground, and the purchaser forfeits the earnest money or the sum total bid by him

Calcutta Court, 15th July, Western Court, 5th August, 1842

No 1351

1793,
Reg XXXVI

Extract from a letter from the Judge of Backergunge to the Register of the Presidency Court of Sudder Dewanny Adawlut, dated 11th July, 1842

"*Par* 2 A petition has been presented to this Court, by A, stating that on the rejection by the officer in charge of the Registry Office of a Deed of Sale executed by him in favor of B, on the ground of a similar deed purporting to have been executed by him in favor of C, a third party, having been already registered by a person acting under A's Mookhtyarnamah, duly attested and sworn to by witnesses A applied by written petition to the officer before mentioned, alleging that the Deed and Mookhtyarnamah were both forgeries and requesting that such proceedings should be taken as might protect his interests from prejudice, but that this petition was rejected without any reasons assigned Now as the order on the petition does not state whether any and what enquiry into the validity of the Mookhtyarnamah was instituted subsequent to the date of the Petition, I should think the proper course for the ends of justice would be to direct the Register to institute an enquiry, if it had not been done, both as to the Mookhtyarnamah and Deed of Sale already registered, and if they, or at any rate if the Mookhtyarnamah appeared to be a forgery, to cause the delinquents to be proceeded against by application to the Judge for commitments for forgery or perjury, or both as might be warranted '

"3d I cannot however discover any thing in the Regulations authorizing such interference of the Judge with the proceedings of the officer in charge of the office for the Registry of Deeds, on the contrary he is directed to bring any irregularities to the notice of Government, and therefore particularly as the case is a novel one I have decided on applying for instructions"

"4th Another point apparently requires to be cleared up On the Mookhtyarnamah or registered Deed being proved before a competent tribunal to be a forgery it would I conceive be the duty of the Registering Officer to cancel the Registry already made and to admit the Deed now tendered to registry, would the Judge be competent under these or any other circumstances to receive an appeal brought with a view to compel the Registering Officer to register or cancel the registry of a Deed, on his refusal to do either?"

Extract from the reply of the Calcutta Court

"The Register should register the Deed brought to him for that purpose, leaving it to the Courts to declare which of the two Deeds of Sale is the true and valid document, wherever that question may be raised in a regular suit The Register, however, must satisfy himself of the identity of the party registering the Deed, if the latter appear in person, or, if by attorney, ascertain the due attestation and validity of the Mooktyarnamah"

Western Court concurred

Calcutta Court, 22d July, Western Court, 12th August, 1842

No 1352

1812
Reg III
Section 9
Clause 3, 4 and 5

Held on a reference from the Session Judge of Azimgurh that the requisition by the Magistrate from the Zumindars of villages within a certain distance from that where an affray attended with homicide occurred, of certificates that the

১৩৫০ নম্বর।

১৮৩৯ সালের
৩০ নম্বরী সরকুা
লর অর্ডর।

ডিক্রীদার যখন নীলা
মে আপন খাতকের সম্প
ত্তি খরীদ করে তাহার বি
ষয়ি বিধান।

১৮৩৯ সালের ১৮ জানুআরি তারিখের ৩০ নম্বরী ছাপাহওয়া সরকুলর অর্ডরের বিষয়ে মেদিনীপুরের জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে যদি ডিক্রীদার আপন খাতকের কোন সম্পত্তি কালেক্টরী নীলামে আপন ডিক্রীর সংখ্যার অপেক্ষা অধিক টাকাতে খরীদ করে তবে ঐ ডিক্রীদারের ঐ খরীদের সমুদয় টাকার উপর শতকরা ১৫ টাকার হিসাবে আমানৎ করিতে হইবেক অথবা আপনার পাওনা টাকা বাদ দিয়া বাকী সমস্ত টাকা দাখিল করিতে হইবেক যেহেতুক আপনার ডিক্রীর টাকা বাদে বাকী টাকা যদি ডিক্রীদার দাখিল না করে তবে ঐ নীলাম অসিদ্ধ হইবেক এবং খরীদার যে বায়নার যত টাকা দিয়াছিল অথবা যত টাকা ডাকিয়াছিল সেই সমুদয় হারিবেক।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ১৫ জুলাই।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ৫ আগস্ট। ০

১৩৫১ নম্বর।

১৭৯৩ সাল
৩৬ আইন।

সদর দেওয়ানী আদালতের রেজিস্টর সাহেবের প্রতি বাকরগঞ্জের জজ সাহেব ১৮৪২ সালের ১১ জুলাই তারিখে যে পত্র লিখেন তাহার চুম্বক।

“২ দফা। রাম এই দেওয়ানী আদালতে দরখাস্ত করিয়াছে যে আমি গোপালকে এক বিক্রয়পত্র লিখিয়া দিয়াছিলাম কিন্তু রেজিস্টরী দফ্তরের কার্য্যকারক ঐ বিক্রয়পত্র এই ওজর করিয়া গ্রাহ্য করিলেন না যে ইহার পূর্ব্বে কোন এক ব্যক্তি সাক্ষিরদের দ্বারা দস্তখৎহওয়া রামের এক মোখ্তারনামা আনিয়া এবং ঐ সাক্ষিরদিগকে তাহার বিষয়ে শপথ করাইয়া সেই মোখ্তারনামার ক্ষমতাক্রমে অন্য ব্যক্তি অর্থাৎ কৃষ্ণের নামে লেখা রামের সেইরূপ এক বিক্রয়পত্র রেজিস্টরী করিয়া লইয়াছে। তাহাতে রাম রেজিস্টরী কর্ম্মকারকের নিকটে দরখাস্ত করিল যে ঐ বিক্রয়পত্র এবং মোখ্তারনামা উভয়ই জাল অতএব যাহাতে আমার ক্ষতি না হয় আপনি এমত উদ্যোগ করুন কিন্তু উক্ত কার্য্যকারক সাহেব কোন কারণ না দিয়া ঐ দরখাস্ত নামঞ্জুর করিলেন। ঐ দরখাস্তের উপর যে হুকুম লেখা গেল তাহাতে এমত কিছু নির্দ্দিষ্ট নাই যে ঐ দরখাস্তের তারিখের পরে মোখ্তারনামা প্রকৃত কি জাল এই বিষয়েতে কোন তজবীজ করা গিয়াছিল কি না। তাহাতে আমি বোধ করি যে যে মোখ্তারনামা ও বিক্রয়পত্র পূর্ব্বে রেজিস্টরী করা গিয়াছে সেই উভয়ের বিষয়ে যদি কিছু তজবীজ না করা গিয়া থাকে তবে যাথার্থ্য প্রতিপালনের নিমিত্তে রেজিস্টর সাহেবকে সেইমত তজবীজকরণের হুকুম দেওয়া উচিত এবং যদি ঐ উভয় পত্র বিশেষতঃ মোখ্তারনামা জাল হইয়াছে দৃষ্ট হয় তবে জালকরণের কি মিথ্যা শপথকরণের নিমিত্তে কি মাতবর কারণ হইলে উভয় দোষের নিমিত্ত অপরাধিদিগকে ফৌজদারী আদালতে সোপর্দ্দ করিতে জজ সাহেবের নিকটে দরখাস্ত করিতে রেজিস্টর সাহেবের উচিত।

“৩ দফা। কিন্তু দলীলদস্তাবেজের রেজিস্টরী দফ্তরের কার্য্যকারকের কোন কার্য্যেতে হাত দেওনের ক্ষমতা জজ সাহেবকে দেওয়া গিয়াছে ইহা আমি কোন আইনেতে দেখি না বরং জজ সাহেবের প্রতি হুকুম আছে যে ঐ দফ্তরের কোন বেদাঁড়া কর্ম্ম দেখিলে তাহা গবর্ণমেণ্টে জানান্। অতএব ইহা নূতন বিষয়হওয়াতে আমি সদর আদালতের হুকুম পাইবার নিমিত্ত তাহার বিষয়ে দরখাস্তকরা স্থির করিলাম।

“৪ দফা। বোধ হয় যে অন্য এক বিষয়ে আপনারদের অভিমত স্পষ্ট করিয়া জানাইতে হইবেক। উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে যদি ঐ মোখ্তারনামা কি রেজিস্টরীহওয়া বিক্রয়পত্র জাল সাব্যস্ত হয় তবে আমি বোধ করি যে রেজিস্টরী কার্য্যকারকের উচিত যে পূর্ব্বের রেজিস্টরী কাটিয়া ফেলেন্ এবং এক্ষণে রেজিস্টরীর নিমিত্ত যে বিক্রয়পত্র আনা গিয়াছিল তাহা রেজিস্টরী করেন্। এইমত হইলে কি অন্য কোন অবস্থায় রেজিস্টর সাহেব যদি কোন পত্র রেজিস্টরী করিতে কিম্বা রেজিস্টরী হইলে পর তাহা বাতিল করিতে অস্বীকার করেন্ তবে তাঁহাকে সেইরূপ কার্য্য করাইবার নিমিত্ত জজ সাহেব কোন আপীলের দরখাস্ত লইতে পারেন্ কি না।”

তাহাতে কলিকাতার সদর আদালত এই উত্তর করিলেন।

“রেজিস্টরী হইবার নিমিত্ত যে দলীলদস্তাবেজ দাখিল হয় তাহা রেজিস্টর সাহেবের অবশ্য রেজিস্টরী করিতে হইবেক। এবং দুই বিক্রয়পত্রের মধ্যে কোন পত্র যথার্থ ও প্রকৃত এই বিষয়ে জাবেতামত মোকদ্দমা করিতে হইবেক এবং দেওয়ানী আদালত তাহার নিষ্পত্তি করিবেন। কিন্তু রেজিস্টর সাহেবের উচিত যে ঐ দলীলদস্তাবেজ রেজিস্টরীকারি ব্যক্তি যদি আপনি হাজির হয় তবে সেই ব্যক্তি সেই কি না ইহা মনঃপ্রত্যয়রূপে অবগত হন্ কিন্তু যদি মোখ্তারের দ্বারা ঐ দলীলদস্তাবেজ রেজিস্টরীহওনের নিমিত্ত পাঠান যায় তবে মোখ্তারনামাতে রীতিমতে সাক্ষিরদের দস্তখৎ আছে কি না এবং তাহা মাতবর কি না এই বিষয় নিশ্চয় করিতে হইবেক।”

পশ্চিম দেশের সদর আদালত তাহাতে সম্মত হইলেন।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২২ জুলাই।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ১২ আগস্ট। +

১৩৫২ নম্বর।

১৮১২ সাল
৩ আইন
৯ ধারা
৩। ৪ ও ৫ প্রকরণ।

আজিমগড়ের সেশন জজ সাহেবের জিজ্ঞাসাকরাতে বিধান হইল যে যে স্থানে দাঙ্গা হাঙ্গামা হওয়াতে মনুষ্যের প্রাণহানি হইয়াছে সেই স্থানের কিছু অন্তর নানা গ্রামের জমীদারেরদিগকে ১৮১২ সালের ৩ আইনের ৯ ধারার ৩। ৪। ৫ প্রকরণের অনুসারে

[*Government Gazette, 20th September, 1842.*]

absconded offenders implicated in the affray were not within the limits of their Estates, was not warranted by the provisions of Clauses 3, 4 and 5, Section 9, Regulation III 1812

Western Court, 25th July, Calcutta Court, 19th August, 1842

No 1353

1841
Act XXXI

Extract from a letter from the Session Judge of Azimgurh to the Register of the Nizamut Adawlut North Western Provinces, dated the 2nd of July, 1842

"The point which I wish determined is, what is the measure of a petty offence? that is, does every crime of every denomination which a Magistrate may deem to deserve no larger penalty than that which he can inflict under Section 8, Regulation VI 1803, thereby become a petty offence therein described or not Two cases have induced me to refer this point —In one A was convicted of contempt of Court or resistance of process and fined Rs 30 for his offence which is specifically punishable by a higher penalty, does this thereby become a petty offence and is the defendant thereby precluded from appeal? In the second case B a Chowdry was charged with extorting money by detaining unjustly C's cart on pretence of being compelled to furnish conveyance for the despatch of Treasure and was fined a sum less than Rs 50 Extortion is a serious charge in itself, but in this case the Magistrate deemed the case light Is this a petty offence wherein the sentence is conclusive or not?

Extract from the proposed reply of the Western Court

"This Court would inform the Session Judge that, under the law as it exists, the Magistrate must be the authority to determine the character of the offence, and the measure of punishment deemed commensurate thereto, always provided he exceed not the limitation prescribed by Sections 8 and 9 Regulation VI 1803, and that consequently there can be no appeal to the Sessions Court in either of the cases mentioned Such an appeal would, moreover, have no result as respects the award of heavier punishment with reference to the prohibition of enhancement contained in Section 4 of the Act"

Calcutta Court concurred

Western Court, 25th July, Calcutta Court, 26th August, 1842

No 1354

1832
Reg II
Section 2
Clause 2

Held on a reference from the Session Judge of Furruckabad, that though it is irregular under Clause 2, Section 2, Regulation II 1832, for a police officer to make a local enquiry into cases of the nature therein specified without the written application thereby prescribed, it is not irregular in the Magistrate to direct the police officer to make the enquiry, whenever he may consider such a step to be advisable

Western Court, 5th August, Calcutta Court, 26th Idem, 1842

No 1355

1829
Reg XIV

Held on a reference from the Judge of Futtehpore that parties instituting and defending suits in the Company's Courts and who reside in a foreign state, but hold lands and other property within the limits of the British Territories, must nevertheless find security for costs, under the provisions of Regulation XIV of 1829

Western Court, 5th August, Calcutta Court, 26th idem, 1842

J HAWKINS, *Register.*

মাজিষ্ট্রেট সাহেব এমত সর্টিফিকট দিতে হুকুম করিতে পারেন্ না যে ঐ দাঙ্গাহাঙ্গামার পলাতক দোষিরা আমারদের জমীদারীর সরহদ্দের মধ্যে নহে।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ২৫ জুলাই।
কলিকাতার সদর আদালত। ১৮৪২। ১৯ আগষ্ট।

১৩৫৩ নম্বর।

১৮৪১ সাল ৩১ আইন।

উত্তর পশ্চিম দেশের নিজামৎ আদালতের রেজিষ্টর সাহেবের নিকটে আজিমগড়ের সেশন জজ সাহেব ১৮৪২ সালের ১ জুলাই তারিখে যে পত্র লেখেন তাহার চুম্বক।

"আমি এই বিষয় নিশ্চয় জানিতে চাহি যে কি প্রকার অপরাধকে ক্ষুদ্র অপরাধ কহা যায় অর্থাৎ ১৮০৩ সালের ৬ আইনের ৮ ধারানুসারে মাজিষ্ট্রেট সাহেব যে দণ্ড করিতে পারেন্ তাহার অনধিক দণ্ডের যোগ্য তিনি যে অপরাধ বোধ করেন্ এইমত প্রত্যেক অপরাধ ঐ আইনের নির্দ্দিষ্ট ক্ষুদ্র অপরাধের মধ্যে গণ্য হইবেক কি না। দুই মোকদ্দমা আমার নিকটে উপস্থিত হওয়াতে আমি এই বিষয় জিজ্ঞাসা করিতেছি। এক মোকদ্দমাতে রামের নামে আদালতের অবজ্ঞা কি হুকুমের বাধকতাকরণের দোষ সাব্যস্ত হওয়াতে সেই অপরাধের নিমিত্ত তাহার ৩০৲ টাকা জরীমানা হইয়াছে অথচ ঐ অপরাধ তদপেক্ষা ভারি দণ্ডের যোগ্য। অতএব জিজ্ঞাসা করি যে সেই অপরাধে মাজিষ্ট্রেট সাহেবের অল্প দণ্ড করাতে তাহা ক্ষুদ্র অপরাধ জ্ঞান হইয়া আসামীর তৎপ্রযুক্ত আপীল করিতে প্রতিবন্ধকতা আছে কি না। দ্বিতীয় মোকদ্দমাতে গোপাল চৌধুরীর নামে এই নালিশ হইয়াছিল যে খাজানার টাকা পাঠাইবার নিমিত্ত তাহার গাড়ি যোগাইয়া দিতে হইয়াছিল এই ছল করিয়া ঐ গোপাল অযথার্থরূপে কৃষ্ণের গাড়ি আটক করিয়া জবরদস্তী করিয়া তাহার স্থানে টাকা লইল তাহাতে ঐ গোপালের ৫০৲ টাকার কম জরীমানা হইল। জবরদস্তী করিয়া টাকা লওন অতিভারি অপরাধ কিন্তু এই মোকদ্দমাতে মাজিষ্ট্রেট সাহেব তাহা ক্ষুদ্র বোধ করিলেন অতএব জিজ্ঞাসা করি মাজিষ্ট্রেট সাহেবের তাহা ক্ষুদ্র বোধ করাতে সেই অপরাধ ক্ষুদ্র জ্ঞান হইয়া মাজিষ্ট্রেট সাহেবের দণ্ডাজ্ঞা চূড়ান্ত হইবেক কি না।

তাহাতে পশ্চিম দেশের সদর আদালত যে উত্তর দিতে প্রস্তাব করিলেন তাহা এই।

"এই সদর আদালত সেশন জজ সাহেবকে জানাইতেছেন যে অপরাধ ভারি কি না ইহা নিশ্চয় করণের এবং সেই অপরাধে কত শাস্তি দেওয়া বিহিত তাহা নিশ্চয় করণের ভার চলিত আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি আছে কিন্তু ১৮০৩ সালের ৬ আইনের ৮ ও ৯ ধারায় যে সীমা নিরূপিত আছে তাহার অতিরিক্ত দণ্ড তিনি করিতে পারেন না। অতএব উপরের উক্ত উভয় মোকদ্দমার উপর সেশন জজ সাহেবের আদালতে আপীল হইতে পারে না। ফলতঃ সেইরূপ আপীল হইলেও তদপেক্ষা ভারি দণ্ড করণের বিষয়ে সেশন জজ সাহেব কিছু করিতে পারেন না যেহেতুক ১৮৪১ সালের ৩১ আইনের ৪ ধারানুসারে কোন আপীল আদালতকে দণ্ড বৃদ্ধি করিতে নিষেধ হইয়াছে।"

কলিকাতার সদর আদালত তাহাতে সম্মত হইয়াছেন।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ২৫ জুলাই।
কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২৬ আগষ্ট।

১৩৫৪ নম্বর।

১৮৩১ সাল ১ আইন ১ ধারা ১ প্রকরণ।

ফরক্কাবাদের সেশন জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে ১৮৩১ সালের ২ আইনের ১ ধারার ২ প্রকরণের লিখিত প্রকার বিষয়ে পোলীসের আমলা ঐ আইনের লিখিত দরখাস্ত না পাইয়া সরেজমীনে গিয়া তদারক করিলে তাহা বেআইনী হয় কিন্তু মাজিষ্ট্রেট সাহেব সেইরূপ তদারককরা যদি বিহিত বোধ করেন্ তবে পোলীসের আমলাকে সেইরূপ তদারক করিতে হুকুম দিলে তাহা বেআইনী হয় না।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ৫ আগষ্ট।
কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২৬ আগষ্ট।

১৩৫৫ নম্বর।

১৮২৯ সাল ১৪ আইন।

Accepted Bills of Exchange, Interest, Drafts and other Demands, which may become payable before and during the abovementioned Holidays, will be discharged on application at the Treasury, on or after Saturday, the 1st October 1842

W H BELLI, *Offg Sub-Treasurer*

General Treasury, the 20th September, 1842

বিজ্ঞাপন।

সংবাদ দেওয়া যাইতেছে যে জেনরল ট্রেজুরী আগামি মাসের ৩ তারিখে হিন্দুরদের মহালয়া পর্ব্বের নিমিত্ত বন্দ হইবেক এবং ঐ মাসের ৮ তারিখ শনিবারঅবধি ১৫ তারিখ শনিবারপর্য্যন্ত দুর্গোৎসবের নিমিত্ত বন্দ হইবেক।

দস্তখৎহওয়া সমস্ত এক্সচেঞ্জ বিল এবং সুদ ও হুণ্ডী ও অন্যান্য যে সকল টাকা পাওনার মিয়াদ উক্ত বন্দের পূর্ব্বে বা তাহার সমকালে পূর্ণ হয় তাহা ট্রেজরীতে দরখাস্ত করিলে ১৮৪২ সালের ১ অক্টোবর তারিখ শনিবারে কি তাহার পরে দেওয়া যাইবেক।

ডবলিউ এচ বেলাই। একটিং সবট্রেজুরর।

জেনরল ট্রেজুরী। ১৮৪২ সাল ২০ সেপ্টেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৭ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 4, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ৪ অক্টোবর।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No 22

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

1st It has been held by the Supreme Government in a letter to the Secretary to the Government of Bengal under date the 5th Ultimo that after an Estate has been put up and sold under Act XII of 1841, if the purchaser should fail to make good the purchase money in the manner prescribed in Section XVI it is incumbent on the Collector to proceed to a resale and he is not at liberty to receive the arrears due from the defaulting proprietor in bar of such resale The notification of resale is to be issued as provided in the forms prescribed by Section VIII but it is not to contain any declaration regarding payment of arrears

2nd The Sudder Board of Revenue request that you will furnish the several Collectors of your Division with a Copy of these instructions for their information and guidance

E CURRIE, *Secretary*

Fort William 7th September, 1842

No 23

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

1st The Sudder Board of Revenue having observed, that it has been a common practice in the Mofussil Courts and Offices to affix to all proceedings and processes the names of the Heathen Deities, and having learnt that the Court of Sudder Dewanny and Nizamut Adawlut has enjoined the discontinuance of the practice in the several Courts of Justice, are pleased to direct that the practice al-

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

২২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

১। বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে সুপ্রিম গবর্ণমেণ্টের গত মাসের ৫ তারিখে যে পত্র লিখিলেন তাহাতে এই বিধান করিলেন যে ১৮৪১ সালের ১২ আইনানুসারে কোন মহাল নীলাম হইলে পর যদি খরীদার ঐ আইনের ১৬ ধারার নির্দিষ্ট মতে খরীদের টাকা দাখিল করিতে ত্রুটি করে তবে কালেক্টর সাহেবের উচিত যে ঐ মহাল পুনর্ব্বার নীলাম করেন। এবং পুনর্ব্বার এইরূপ নীলাম না হইবার নিমিত্ত তিনি বাকীদার ভূম্যধিকারির স্থানে বাকী মালগুজারী লইতে পারেন না। পুনর্ব্বার নীলামের এস্তেহার ঐ আইনের ৮ ধারার নির্দিষ্ট পাঠানুসারে দিতে হইবেক কিন্তু বাকী মালগুজারী দেওনের বিষয়ের তাহার মধ্যে কোন কথা লেখা যাইবেক না।

২। সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম করিতেছেন যে তুমি আপন এলাকার প্রত্যেক কালেক্টর সাহেবের নিকটে এই পত্রের এক নকল তাহারদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত পাঠাইবা।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৭ সেপ্টেম্বর।

২৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

১। সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা অবগত হইয়াছেন যে মফস্বল কাছারীতে এবং দপ্তরে রুবকারী ও পরওয়ানার শিরোভাগে দেবতারদের নাম লিখিবার ব্যবহার চলিয়া আসিতেছে। তাহারা আরো অবগত হইয়াছেন যে সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সাহেবেরা নানা আদালতে ঐ ব্যবহার রহিত করণের হুকুম দিয়াছেন অতএব সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম

luded to be in like manner discontinued in the Offices of the Revenue Authorities subject to their control

2d You will understand, and explain to your Subordinates, that this order is applicable only to proceedings held, and processes issued, by the Officers of Government, and has no reference whatever to petitions, documents, or papers of any kind, which may be presented by individuals

E Currie, *Secretary*

Fort William, 7th September, 1842

NOTIFICATION

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 23rd September, 1842

Baboo Gopal Kishen Rae, Moonsiff of Dwarhatta, to be Moonsiff of Byedbattee, Zillah Hooghly, vacant by the demise of Rae Brojomohun Sein

Baboo Ramnarain Sandial who has obtained a Diploma, to be Moonsiff of Dwarhatta

J Hawkins, *Register*

CIVIL APPOINTMENTS

No 220

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT,

The 21st September, 1842

The Honourable the President in Council is pleased to attach Mr J D Inglis, of the Civil Service, reported qualified for the Public Service, to the North Western Provinces

H V Bayley,

Depy Secy to the Govt of India

No 384

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT,

The 21st September, 1842

Mr J D Inglis, of the Civil Service, is reported qualified for the Public Service, by proficiency in two of the Native Languages

H V Bayley,

Depy Secy to the Govt of Bengal

No 1286

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENT

The 19th September, 1842

Captain C G Landon, 8th Regt N I to be Commandant of the Khoordah and Balasore Paik Companies, vice Lieutenant Wroughton

LEAVES OF ABSENCE

Baboo Hurreenarain Ghose, Principal Sudder Ameen of the 24-Pergunnahs, for fourteen days, in extension of the leave granted to him on the 15th ultimo, under Medical Certificate

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৪ অক্টোবর।]

করিতেছেন যে তোমারদের অধীন রাজস্বের সমস্ত কার্য্য কারকেরদের নানা দফ্তরে উক্ত ব্যবহার রহিত হয়।

২। তোমাকে জানান যাইতেছে যে সরকারী কার্য্য কারকেরা যে কারকারী করেন এবং যে হুকুম দেন কেবল তাহার বিষয়ে এই হুকুম খাটিবেক এবং লোকেরা যে দর খাস্ত কি দলীলদস্তাবেজ অথবা অন্য যে কোন প্রকার কাগজপত্র কাছারীতে দাখিল করে তাহার বিষয়ে এই হুকুম খাটিবেক না। তোমার অধীন কর্ম্মকারককে তুমি ইহা জানাইবা।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৭ সেপ্টেম্বর।

John C Marshman, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ২৩ সেপ্টেম্বর।

রায় ব্রজমোহন সেনের মৃত্যু হওয়াতে দ্বারহাটার মুন সেফ শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ রায় জিলা হুগলীর বৈদ্য বাটীর মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রামনারায়ণ সান্যাল দ্বারহাটার মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২২০ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২১ সেপ্টেম্বর।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে ডি ইঙ্গলিস সাহেব সর কারী কর্ম্মের নিমিত্ত উপযুক্ত হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে শ্রীযুত প্রসীডেন্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সে লে তাঁহাকে উত্তর পশ্চিম দেশে নিযুক্ত করিয়াছেন।

এচ বি বেলি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

৩৮৪ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২১ সেপ্টেম্বর।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে ডি ইঙ্গলিস সাহেব এ দে শীয় দুই ভাষায় সুশিক্ষিত হওয়াতে সরকারী কর্ম্মের উপ যুক্ত এইমত রিপোর্ট হইয়াছে।

এচ বি বেলি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১২৮৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ১৯ সেপ্টেম্বর।

শ্রীযুত লেপ্টেনেন্ট রটন সাহেবের পরিবর্ত্তে এ দে শীয় পদাতিক সৈন্যেরদের ৮ সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত সি জি লাণ্ডন সাহেব খোরদা ও বালেশ্বরের পাইক সৈন্যেরদের অধ্যক্ষ হইবেন।

ছুটী।

চব্বিশ পরগনার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরি নারায়ণ ঘোস গত মাসের ১৫ তারিখে যে ছুটী পান্ তদ তিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চৌদ্দ দিবসের ছুটী পাইয়াছেন।

The 24th September, 1842

Mr E. Lee Warner, a Judge of the Sudder Dewanny and Nizamut Adawlut, for one month, under Section XI of the Rules of 29th January, 1840, to proceed to the Sand Heads

The 26th September, 1842

Mr W N Garrett, Judge of West Burdwan, to the end of October next on private affairs, in extension of the leave granted to him on the 25th July last

Mr W St Quintin Quintin, Additional Judge of Behar, during the Dusserah Vacation

Mr Sub-Assistant C R Strong, attached to Jeypore in Assam, for six months, to visit Calcutta, on private affairs

Mr Assistant Surgeon C G Andrews, of the Civil Station of Ramree, for one month, to visit the Presidency on private affairs—the same to take effect from the date of the last sailing of the Ship Amherst from Arracan

Mr E Da Costa, 2d Principal Sudder Ameen of Behar, from the 21st instant to the close of the Dusserah Vacation

Mr J Knott Deputy Collector under Regulation IX of 1833, in Backergunge, during the Dusserah Vacation

Moulvie Lootf Hussein, Sudder Ameen of Dacca, during ditto

Baboo Shamchunder Roy, Sudder Ameen of Manbhoom, for three weeks, in extension of Dusserah Vacation

NOTIFICATIONS

Mr G C Cheap made over charge of the Office of Civil and Sessions Judge of Hooghly, to Mr W Money, on the 15th instant

Roy Hurrochunder Ghose, Additional Principal Sudder Ameen of the 24-Pergunnahs, made over charge of the Judge's Office to Mr G C Cheap, on the 17th idem

Lieutenant E R Lyons, Superintendent of Cachar, reported his return from Sea on the 20th idem

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

১৮৪২ সাল ২৪ সেপ্টেম্বর।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের এক জন জজ শ্রীযুত ই লি ওয়ারনর সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে আড়কাটি জাহাজে গমনকরণের নিমিত্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ২৬ সেপ্টেম্বর।

পশ্চিম বর্দ্ধমানের জজ শ্রীযুত ডবলিউ এন গারেট সাহের গত জুলাই মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে অক্টোবর মাসের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বেহারের অতিরিক্ত জজ শ্রীযুত ডবলিউ সেন্ট কুইন্টিন কুইন্টিন সাহেব দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

আসামের জয়পুরের দ্বিতীয় আসিষ্টান্ট শ্রীযুত সি আর ষ্ট্রঙ্গ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতায় গমনের নিমিত্ত ছয় মাসের ছুটী পাইয়াছেন।

রামড়ি সদর স্থানের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি জি আনড্রুস সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে রাজধানীতে গমনের নিমিত্ত এক মাসের ছুটী পাইয়াছেন। ঐ ছুটী আরাকাণহইতে "আমহর্ষ্ট" নামক জাহাজের গমনের তারিখঅবধি গণ্য হইবেক।

বেহারের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত ই ডিকষ্টা সাহেব বর্ত্তমান মাসের ২১ তারিখঅবধি দশহরার বন্দের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে বাকরগঞ্জের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে নট সাহেব দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

ঢাকার সদর আমীন শ্রীযুত মৌলবী লুতফ হুসেন ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

মানভূমের সদর আমীন শ্রীযুত বাবু শ্যামচন্দ্র রায় দশহরার বন্দের অতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

শ্রীযুত জি সি চীপ সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখে হুগলীর সিবিল ও সেশন জজী কর্ম্ম শ্রীযুত ডবলিউ মনি সাহেবের প্রতি অর্পণ করেন্।

চব্বিশ পরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত রায় হরচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ১৭ তারিখে জজী কর্ম্মের ভার শ্রীযুত জি সি চীপ সাহেবের প্রতি অর্পণ করেন্।

কাছাড়ের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত লেপ্টেনেন্ট ই আর লৈয়ন্স সাহেব বর্ত্তমান মাসের ২০ তারিখে সমুদ্রহইতে আপনার প্রত্যাগমনের রিপোর্ট করিয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT

নিমক।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদদারের উচিত যে ঐ নেমকের রকম জেলা ২৪ পরগনা মোং নারায়ণপুরের সরকারী গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদকরেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০/ মোন
জেলা ২৪ পরগনা তাফাল নেমক	নারায়ণপুর	১২৪৮ সাল	মোন ৭০০০০/	কোং টাকা ৪৩০৲

বোর্ড পরমিট নেমক ও আফিম তারিখ ১৭ সেপ্টেম্বর সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী

[*Government Gazette, 4th October,* **1842.**]

SALES OF LAND

NOTICE is hereby given that agreeably to the orders of the Sudder Board of Revenue, dated the 3d August, 1842, the first periodical sale in future (for the Kists of Bysack and Jystee) will take place on the 28th June every year, in this District, until otherwise provided for by the said Board

RAMAPRUSAD ROY, *Uncov Depy Coll.*
in charge of the Collectorate

Hooghly Collector's Office,
26th September, 1842

NOTICE

THE General Treasury will be closed on Monday the 3d Proximo, on account of the Hindoo Holiday Mohaloyah, and from Saturday the 8th to Saturday the 15th Proximo inclusive, for the Doorgah Poojah Holidays

Accepted Bills of Exchange, Interest, Drafts and other Demands, which may become payable before and during the abovementioned Holidays, will be discharged on application at the Treasury, on or after Saturday, the 1st October 1842

W H BELLI, *Offg Sub-Treasurer*
General Treasury, the 20th September, 1842

NOTICE

Notice is hereby given that the office of Commissioner for the 14th or Moorshedabad Division will move from Beauleah to Berhampore on the 8th Instant

F GOLDSBURY, *Officiating Commissioner*
Beauleah, 6th September, 1842

THE BENGALEE GOVERNMENT GAZETTE

THE *Bengalee Government Gazette* is published under the authority of Government every Tuesday morning, and contains, in the English and Bengalee languages, the Drafts of Acts, the Acts when passed, the Constructions of the Sudder Dewanny and Nizamut Adawlut, the Circular Orders of the Sudder Dewanny and Nizamut Adawlut of the Sudder Board, of the Special Commissioners, and of the Superintendent of Police the Civil Appointments made by the Governor or Deputy Governor of Bengal and the Appointment of Moonsiffs by the Sudder Dewanny Adawlut as well as all Government Notification of whatever kind

The subscription is Eight Rupees a year payable in advance Subscriptions commence on the 1st of January and 1st July of each year Those who may begin to subscribe to the paper at any intermediate periods are expected to take the back numbers

It is circulated in Calcutta and its neighbourhood, in Chandernagore, Chinsurah and Hooghly by Peons, without charge and to other stations by Post, bearing postage, at an expense of two annas a cover, or Six Rupees Eight annas a year

Applications should be addressed to the Editor at Serampore or to the Superintendent of the Serampore Press

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৪ অক্টোবর।]

জমীদারী নীলাম।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সদর বোর্ডের সন ১৮৪২ সালের ৩ আগষ্ট তারিখের চিঠীর হুকুমানুসারে জেলা হুগলীর কালেক্টরী তালুকাত ঐ সদর বোর্ডের দ্বিতীয় হুকুমপর্য্যন্ত আগত প্রতিসনে বৈশাখ ও জ্যৈষ্ঠ তলবের কিস্তীর বাকীর কারণ ২৮ জুন নীলাম হইবেক ইতি।

শ্রীরমাপ্রসাদ রায়। ইঞ্চার্জ কালেক্টর।
হুগলীর কালেক্টরী।
১৮৪২। ২৬ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

সংবাদ দেওয়া যাইতেছে যে জেনরল ট্রেজুরী আগামি মাসের ৩ তারিখে হিন্দুরদের মহালয়া পর্ব্বের নিমিত্ত বন্দ হইবের এবং ঐ মাসের ৮ তারিখ শনিবারঅবধি ১৫ তারিখ শনিবারপর্য্যন্ত দুর্গোৎসবের নিমিত্ত বন্দ হইবেক।

দস্তখৎহওয়া সমস্ত এক্সচেঞ্জ বিল এবং সুদ ও হুণ্ডী ও অন্যান্য যে সকল টাকা পাওনার মিয়াদ উক্ত বন্দের পূর্ব্বে বা তাহার মধ্যে পূর্ণ হয় তাহা ট্রেজুরীতে দরখাস্ত করিলে ১৮৪২ সালের ১ অক্টোবর তারিখ শনিবারে কি তাহার পরে দেওয়া যাইবেক।

ডবলিউ এচ বেলাই। একটিং সবট্রেজরর।
জেনরল ট্রেজুরী। ১৮৪২ সাল ২০ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মাসের ৮ তারিখের ১৪ সংখ্যার অর্থাৎ মুরশিদাবাদ এলাকার কমিস্যনরী দফ্তরখানা বোয়ালিয়াহইতে স্থানান্তর হইয়া বহরমপুরে স্থাপিত হইবেক।

গোল্ডসবেরি। একটিং কমিস্যনর।
বোয়ালিয়া। ১৮৪২ সাল ৬ সেপ্টেম্বর।

বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেট

বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেট গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রতি মঙ্গলবারের পূর্ব্বাহ্ণে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশ হইতেছে এই গেজেটে আইনের মুসাবিদা ও জারী হওয়া আইন এবং সদর দেওয়ানী ও নিজামৎ আদালত যে কনষ্ট্রক্শন অর্থাৎ আইনের অর্থ করেন তাহা এবং সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের ও সদর বোর্ডের ও স্পেশ্যল কমিস্যনর সাহেবেরদের ও পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সর্কুলর অর্ডর এবং বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর অথবা ডেপুটী গবর্নর সাহেবের দ্বারা রাজকর্ম্মে নিয়োগ ও সদর দেওয়ানী আদালতের দ্বারা মুনসেফেরদের নিয়োগ এবং গবর্ণমেণ্টের সকল প্রকার ইশ্‌তিহার ও এক্তেলানামা প্রকাশ হইতেছে।

এই গেজেটের মূল্য বৎসরে আগাম ৮ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে। যাহারা এই গেজেট গ্রহণ করিতে চাহেন তাহারা প্রতিবৎসরের ১ জানুআরি অথবা ১ জুলাই তারিখ অবধি তাহা গ্রহণ করিবেন এবং যাঁহারা জানুআরি ও জুলাই মাসের অথবা জুলাই ও জানুআরি মাসের মধ্যে কোন সময়ে লইতে চাহেন তাঁহারদিগকে তাহার পূর্ব্ব ১ জানুআরি তারিখঅবধি অথবা ১ জুলাই তারিখঅবধি যত নম্বর প্রকাশ হইয়াছে তাহাও লইতে হইবেক।

এই গেজেট কলিকাতা ও তাহার নিকটবর্ত্তি স্থানে ও চন্দননগর ও চুঁচুড়া এবং হুগলিতে পত্রবাহক ব্যক্তির দ্বারা বিনা খরচে পাঠান যাইতেছে এবং অন্যান্য স্থানে ডাকযোগে বেরিংপে পাঠান যাইতেছে। ঐ ডাক মাশুল প্রতিসপ্তাহে ⁄৵ আনা করিয়া অথবা বৎসরে ৬৷৹ টাকা লাগিবেক।

যাঁহারা এই পত্র গ্রহণ করিতে চাহেন তাঁহারা শ্রীরামপুরে গেজেটের শ্রীযুত সম্পাদক মহাশয়ের নিকট জানাইলে তাহা পাইতে পারিবেন।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 11, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১১ অক্টোবর।

DRAFTS OF ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 30TH SEPTEMBER, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 30th of September 1842 —

ACT No —— OF 1842

An Act for the better Administration of Justice within the Town of Calcutta, in small causes not included within the jurisdiction of the Court of Requests

I It is hereby enacted, that from and after it shall be lawful for any one of the Judges of Her Majesty's Supreme Court to hold a Court for the hearing and decision of all matters for which a Civil Action at Law will lie in the said Supreme Court except as hereinafter mentioned, according to the Law there administered, subject to such modifications as are hereinafter authorized—provided that the amount claimed by the Plaintiff do not exceed 400 Company's Rupees, and provided the suit be not founded on any demand of damages for an assault or battery, or for written or verbal defamation

II. And it is hereby enacted, that Suits at present cognizable by the Court of Requests shall be brought before that Court as heretofore, and not before the Judge holding the Court indicated in the last Section—provided that no judgment passed by the Judge holding such Court shall be impeached for error, or be held as extra judicial on the ground that the Suit ought to have been brought in the Court of Requests

III And it is hereby enacted, that the said Supreme Court shall make Rules for the proceedings before a Judge holding such Court as is established by this Act—which Rules shall regulate the manner of proceeding in the said Court, viz. the in-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ৩০ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৩০ সেপ্টেম্বর তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

১৮৪২ সাল —— আক্ট।

যে২ ছোট মোকদ্দমা কোর্ট রিক্বেষ্টের এলাকার মধ্যে নহে সেই২ মোকদ্দমা কলিকাতা শহরের মধ্যে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বিচার করিবার নিমিত্ত আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে পশ্চাৎ লিখিত বিষয় ছাড়া যে সকল বিষয়ের আইনমতে সুপ্রিম কোর্টে দেওয়ানী নালিশ হইতে পারে সেই সকল বিষয় শুনিবার ও নিষ্পত্তি করিবার নিমিত্ত শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের কোন এক জন জজ সাহেব অন্য এক আদালত করিতে পারেন্। এবং আইনের যে মতান্তর ইহার পরে লেখা আছে তাহাতে দৃষ্টি রাখিয়া ঐ সুপ্রিম কোর্টে যে আইন চলন আছে তাহার অনুসারে ঐ সকল বিষয়ের নিষ্পত্তি করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ফরিয়াদীর দাওয়া কোম্পানির ৪০০ টাকার উর্দ্ধ হইবেক না। এবং কোন উপদ্রব অথবা মারপিটের কিম্বা লিখিত বা জোবানীর তহমতের ক্ষতি পূরণের দাওয়াঘটিত কোন মোকদ্দমা সেই আদালতে শুনা যাইবেক না ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কোর্ট রিক্বেষ্টে এক্ষণে যে প্রকার মোকদ্দমার শুননি হইতে পারে সেই প্রকার মোকদ্দমা পূর্ব্বের মত সেই আদালতে উপস্থিত করিতে হইবেক এবং ১ ধারার লিখিত আদালতে যে জজ সাহেব বৈঠক করেন্ তাঁহার সম্মুখে উপস্থিত হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আদালতে যে জজ সাহেব বৈঠক করেন্ তাঁহার নিকটে উপস্থিত হওয়া নালিশ কোর্ট রিক্বেষ্টে উপস্থিত করা উচিত ছিল ইহা বলিয়া ঐ মোকদ্দমাতে ঐ জজ সাহেবের করা ডিক্রী অসঙ্গত অথবা বেআইনী জ্ঞান হইবেক না ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে আদালত স্থাপন হইল সেই আদালতে বৈঠককরণিয়া জজ সাহেবের কার্য্য নির্ব্বাহের নিয়ম সুপ্রিম কোর্ট করিবেন। এবং মোকদ্দমা উপস্থিতকরণ ও নালিশের আরজী দাখিলকরণ এবং হুকুম জারীকরণ ও জওয়াব

stitution of the Suit, the entry of the Plaint, the Process, the entry of the Defence, and other subsequent allegation by either party, and the practice of the said Court, the fees to be taken, and the costs to be allowed. Provided that both Plaintiffs and Defendants be liable to be examined at the discretion of the Judge, and that no witness be deemed incompetent to give testimony upon any ground whatever Provided further that all such Rules shall receive the confirmation of the Governor General in Council before they are put in force

IV And it is hereby enacted, that in order to reduce the Costs of Suit and to render the same proportionate to the amount of the demand recoverable before the said Court the allegations of the parties be not entered in any written pleadings to be delivered between party and party, but be made orally before the Officiating Judge and be by him directed to be entered in a book to be kept for that purpose to be termed the Book of Pleadings of the said Court, and be entered accordingly under his direction in untechnical and concise language, according to the legal effect thereof, to which Books the parties shall have at all times access without the payment of any fee or reward

V And it is hereby enacted, that no Costs of employing any Counsel or Attorney shall be allowed on the taxation of Costs in any Suit in the Court hereby established unless the Judge who presided at the trial shall certify that the nature of the case was such as to render the employment of Counsel or Attorney expedient for the attainment of justice

VI And it is hereby enacted that the said Supreme Court shall with the consent of the Governor General in Council thereto previously obtained, and with the like consent previously obtained to the salaries hereinafter mentioned, appoint such Officers as shall be necessary for transacting the business of the said Court established by this Act to be remunerated as far as the same will extend out of the fees of the said last mentioned Court, Provided that the fees hereby directed to be imposed shall be subject to the revision of the said Governor General in Council from time to time, and that the same shall be reduced from time to time if the same shall be found to exceed the amount of the reasonable expenses of the maintenance of the said Court including all such salaries as aforesaid

VII And it is hereby enacted, that all the power and authority vested in the Supreme Court in the case of Civil Actions shall be vested in every Judge holding such Court as is established by this Act

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India, after the 30th day of November next.

F J HALLIDAY,
Offg. Secy to the Govt of India.

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১১ অক্টোবর।]

দাখিলকরণ এবং তাঁহার পরে উভয় বিবাদির কোন এক জনের কথা শুনন এবং ঐ আদালতের ব্যবহার এবং যে রসুম লইতে হইবেক এবং যে খরচা দেওয়াইতে হইবেক এই সকল বিষয়ে ঐ২ নিয়মানুসারে ঐ আদালতের কার্য্য নির্ব্বাহ হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে জজ সাহেব আপনার বিবেচনামতে ফরিয়াদী ও আসামীর জোবানবন্দী দেওনের হুকুম করিতে পাবেন এবং কোন সাক্ষী কোন হেতুপ্রযুক্ত সাক্ষ্য দেওনের অযোগ্য বোধ হইবেক না। আরো জানা কর্ত্তব্য যে ঐ সকল নিয়ম শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে মঞ্জুর না হইলে জারী হইবেক না ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মোকদ্দমার খরচা অল্পকরণের নিমিত্ত এবং উক্ত আদালতে যে টাকার নালিশ হইতে পারে তাহার সংখ্যার পরিমিত ঐ খরচা ধার্য্য হইবার নিমিত্ত বাদি প্রতিবাদিদিগকে পরস্পর দেওনের অর্থে সওয়ালজওয়াব লিখিয়া দাখিল করিতে হইবেক না কিন্তু নালিশ ও জওয়াব ঐ জজ সাহেবের সম্মুখে জোবানীতে করিতে হইবেক এবং সেই নিমিত্ত এক বহী রাখিতে হইবেক তাহাতে তাহা টুকিয়া রাখা যাইবেক। ঐ বহীর নাম সেই আদালতের সওয়ালজওয়াবের বহী থাকিবেক। এবং তাহার মধ্যে আইনঘটিত কথাছাড়া সংক্ষেপ কথায় এবং আইনমত তাৎপর্য্যের অনুসারে সওয়ালজওয়াব লেখা যাইবেক এবং ঐ বহী উভয় বিবাদী কোন রসুম বা পুরস্কার না দিয়া কোন সময়ে দেখিতে পারিবেক ইতি।

৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে আদালত স্থাপন হইল তাহাতে যে কোন মোকদ্দমা উপস্থিত হয় তাহার বিচারকারি জজ সাহেব যদ্যপি এইমত না লিখিয়া দেন্ যে মোকদ্দমার ভাব দৃষ্টে যথার্থ বিচারহওনের নিমিত্ত উকীল অথবা মোখ্তার নিযুক্তকরা উচিত তবে সেই মোকদ্দমার খরচা মঞ্জুরকরণের সময়ে কোন উকীল বা মোখ্তারের খরচা দেওয়ান যাইবেক না ইতি।

৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে আদালত স্থাপন হইল তাহার কার্য্য নির্ব্বাহের নিমিত্ত যে২ কর্ম্মকারকের আবশ্যক বোধ হয় তাহারদিগকে উক্ত সুপ্রিম কোর্ট শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতি লইয়া নিযুক্ত করিবেন। এবং তাহারদের পশ্চাৎ লিখিত মাহিয়ানা সুপ্রিম কোর্ট শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতি লইয়া ধার্য্য করিবেন এবং যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত ঐ মাহিয়ানা ঐ আদালতে দাখিল হওয়া রসুমহইতে দেওয়া যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের দ্বারা যে রসুম ধার্য্য হয় তাহার নিরিখ শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ে২ সংশোধন করিতে পারেন্ এবং ঐ আদালতের কার্য্য নির্ব্বাহের নিমিত্ত ও কর্ম্মকারকেরদের মাহিয়ানাতে যে ব্যয় ওয়াজিবী বোধ হয় যদ্যপি তদপেক্ষা অধিক টাকা রসুমের দ্বারা উসুল হয় তবে সময়ে২ ঐ রসুম কমান যাইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে দেওয়ানী মোকদ্দমার বিষয়ে সুপ্রিম কোর্টের যে ক্ষমতা ও শক্তি আছে সেই ক্ষমতা ও শক্তি এই আইনের দ্বারা স্থাপিত আদালতের প্রত্যেক জন জজ সাহেবের প্রতিও অর্পণ হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩০ নবেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CONSTRUCTIONS কনষ্ট্রক্‌সন অর্থাৎ আইনের অর্থ।

No 1356

Held by a majority of the Courts of Sudder Dewanny Adawlut that orders passed by the Zillah Judges under Section 1, Act IX of 1839, rejecting applications to sue in formâ pauperis are appealable to the Sudder Dewanny Adawlut

1839
Act IX
Section 1

Calcutta Court, 22d July, Western Court, 19th August, 1842.

১৩৫৬ নম্বর।

সদর দেওয়ানী আদালতের অধিকাংশ জজ সাহেবেরা বিধান করিতেছেন যে যোত্রহীনমতে নালিশকরণের অনুমতি পাইবার দরখাস্ত ১৮৩৯ সালের ৯ আইনের ১ ধারানুসারে জিলার জজ সাহেব নামঞ্জুর করিলে তাহার হুকুমের উপর সদর দেওয়ানী আদালতে আপীল হইতে পারে।

১৮৩৯ সাল
৯ আইন
১ ধারা।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২২ জুলাই।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ১৯ আগষ্ট।

No 1357

Held on a reference from the Session Judge of Midnapore, that the decision of a Principal Sudder Ameen or Sudder Ameen passed in a Summary Suit instituted under Regulation VI of 1823, which has been referred to him for decision under Section 5, Act X of 1836, is not appealable, with reference to the rule of Section 6 of the former enactment

1823
Reg VI
1836
Act X

Calcutta Court, 5th August, Western Court, 2d September, 1842

১৩৫৭ নম্বর।

মেদিনীপুরের সেশন জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে কোন সরাসরী মোকদ্দমা ১৮২৩ সালের ৬ আইনানুসারে উপস্থিত হইলে যদি নিষ্পত্তি হওনের নিমিত্ত তাহা ১৮৩৬ সালের ১০ আইনের ৫ ধারানুসারে প্রধান সদর আমীন কি সদর আমীনের প্রতি সোপর্দ্দ হয় তবে ১৮২৩ সালের ৬ আইনের ৬ ধারার বিধানমতে তাঁহার ফয়সলার উপর আপীল হইতে পারিবেক না।

১৮২৩ সাল
৬ আইন।
১৮৩৬ সাল
১০ আইন।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ৫ আগষ্ট।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ২ সেপ্টেম্বর।

No 1358

The following question was put to the Sudder Dewanny Adawlut for the North Western Provinces by the Judge of Cawnpore

1829
Reg X
Sch B
Art 8

" I have a suit before me for possession of a Government 4 per Cent Promissory note for 5000 Sa Rs, and have some doubt whether the appeal should not have been made to the Superior Court."

Extract of a letter from the Register of the Sudder Dewanny Adawlut for the North Western Provinces

" The majority of the Court do not think any legal objection exists to the Judge hearing the appeal They observe the suit is not brought for the recovery of 5000 *Sicca* Rupees, but for a document valued at 5000 Company's Rupees, and which, if now sold in the Bazar, would certainly not realize the sum at which the suit is brought. It was pledged for Rs 4,600, the amount for which it is said to be redeemable is 4,930 "

Reply of the Calcutta Court

" I am directed by the Court to acknowledge the receipt of your letter No 1557, of the 5th ultimo, and to state, in reply, that the suit in question having been brought to recover possession of a Government Promissory Note for Rs 5000, without mention of any currency, which amount is covered by a Stamp of 150 Rs, and no objection having been urged against the valuation in the Court of first instance, the Court are of opinion, with the majority of the Western Court, that the appeal lies to the Zillah Court."

Western Court, 5th August, Calcutta Court, 2d September, 1842.

[*Government Gazette*, 11*th October*, 1842.]

১৩৫৮ নম্বর।

১৮১৯ সাল
১০ আইন।
B তফসীলের
১০ প্রকরণ।

কানপুরের জজ সাহেব আলাহাবাদের সদর দেওয়ানী আদালতে নীচের লিখিত বিষয় জিজ্ঞাসা করিয়াছেন।

সিক্কা ৫০০০ টাকার শতকরা ৪ টাকা সুদের গবর্ণমেণ্টের এক প্রোমিসরি নোট অর্থাৎ কোম্পানির কাগজ ফিরিয়া পাইবার নিমিত্ত এক আপীলী মোকদ্দমা আমার আদালতে হইয়াছে কিন্তু আমার বোধ হয় যে ঐ আপীল উপরিস্থ আদালতে করা উচিত ছিল।

তাহাতে আলাহাবাদের সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেব যে পত্র লিখিলেন তাহার চুম্বক।

আলাহাবাদের সদর দেওয়ানী আদালতের অধিকাংশ জজ সাহেবেরা বোধ করেন যে জজ সাহেবের ঐ আপীল শুনিবার আইনমতে কোন আপত্তি নাই। তাঁহারা কহেন যে সিক্কা ৫০০০ টাকা পাওনের নিমিত্ত ঐ মোকদ্দমা উপস্থিত হয় নাই কিন্তু যে কাগজের মূল্য কোম্পানির ৫০০০ টাকা ধরা গিয়াছে এমত কোম্পানির কাগজের বিষয়ে মোকদ্দমা হইয়াছে এবং ঐ কাগজ এক্ষণে বাজারে বিক্রয় হইলে যত টাকার বাবৎ মোকদ্দমা উপস্থিত হইয়াছে তত টাকা পাওয়া যাইত না। ঐ কাগজ ৪৬০০ টাকার নিমিত্ত বন্ধক দেওয়া গিয়াছিল এবং কথিত আছে যে এক্ষণে ৪৯৩০ টাকা দিলে তাহা উদ্ধার হইতে পারে।

কলিকাতার সদর আদালতের উত্তর।

গত মাসের ৫ তারিখের ১২৫৭ নম্বরী তোমার পত্র সদর আদালত পাইয়া এই উত্তর দিতেছেন যে উক্ত মোকদ্দমা ৫০০০ টাকার কোম্পানির কাগজ ফিরিয়া পাইবার নিমিত্ত উপস্থিত হইয়াছিল কিন্তু ঐ টাকা সিক্কা কি কোম্পানির ইহা আরজীতে লেখা নাই এবং ঐ সংখ্যা অর্থাৎ ৫০০০ টাকার মোকদ্দমার ইষ্টাম্পের মাসুল ১৫০ টাকা এবং যে আদালতে ঐ মোকদ্দমা আদৌ উপস্থিত হয় ঐ আদালতে মোকদ্দমার মূল্যের বিষয়ে কোন ওজর হয় নাই। এই২ কারণে আলাহাবাদের সদর আদালতের অধিকাংশ জজ সাহেবেরদের মতে কলিকাতার সদর আদালতও সম্মত হইয়া বোধ করেন যে ঐ আপীল জিলার আদালতে বিচার হইতে পারে।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ৫ আগষ্ট।
কলিকাতার সদর আদালত। ১৮৪২। ২ সেপ্টেম্বর।

No 1359

1840
Act IV
Sec 2
1823
Reg VI
1836
Act X

The following question was submitted by the Magistrate of Midnapore through the Session Judge of that District

" A, a ryot, complains against C as likely to carry off indigo plant grown by him, and states himself to have received advances from, and to have grown the disputed plant for B, an indigo planter, C likewise an indigo planter declares that he has also made advances to A, and that A has cultivated plant for him too, which however A denies "

" Trying such a case under Section 2 of Act IV of 1840, I conclude that A is the person manifestly to be considered in possession of the crop disputed, and is to be allowed to deliver the disputed plant to either B or C as he may think fit, and that an order may be given by the Magistrate prohibiting C from attempting to take forcible possession C of course will have his redress in the Civil Court against A or B under Regulation VI of 1823, and Act X of 1836, and if he timely take his measures there, supposing his claim to be in reality a better one than that of B, he might upon giving security, on a summary enquiry be enabled to cut and carry away the disputed plant, which seems to me to be sufficient for the protection of his rights "

The Courts of Nizamut Adawlut were of opinion that the Magistrate had taken a correct view of the subject

Calcutta Court, 5th August, Western Court, 2d September, 1842

১৩৫৯ নম্বর।

১৮৪০ সাল
৪ আইন
২ ধারা।
১৮২৩ সাল
৬ আইন।
১৮৩৬ সাল
১০ আইন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেব ঐ জিলার সেশন জজ সাহেবের দ্বারা নীচের লিখিত বিষয় জিজ্ঞাসা করিয়াছেন।

স্বামনামে এক জন রাইয়ত আদালতে এই আরজী দিল যে B নামক এক জন নীলকর সাহেবের স্থানে দাদন লইয়া যে নীলগাছের বিষয়ে বিরোধ হইতেছে তাহা তাঁহার নিমিত্ত উৎপন্ন করিলাম। কিন্তু C নামক অন্য এক জন নীলকর সাহেব আমার উৎপন্ন ঐ গাছ লইয়া যাইতে উদ্যত আছেন। অপর C নামক ঐ নীলকর সাহেব কহেন যে আমি ঐ রায়তকে দাদন দিয়াছিলাম এবং সে ব্যক্তি আমার নিমিত্তেও নীলের কৃষি করিয়াছে। রাইয়ত কহে যে এ সকল মিথ্যা।

এই প্রকার মোকদ্দমা ১৮৪০ সালের ৪ আইনের ২ ধারানুসারে বিচার করিতে হই লে আমি বোধ করি যে ঐ বিবাদি ফসলের দখীলকার বামকে জ্ঞান করিতে হইবেক এবং সেই ব্যক্তি আপন বিবেচনামতে B নামক সাহেব অথবা C নামক সাহেব অর্থাৎ যাঁহাকে সে উচিত বোধ করে তাঁহাকে ফসল দিতে পারিবেক এবং C নামক সাহেবকে জবরদস্তী করিয়া ঐ ফসল লইতে মাজিস্ট্রেট সাহেব নিষেধ করিতে পারেন্। এবং C নামক সাহেব সুতরাং বাইয়তের নামে অথবা B নামক সাহেবের নামে ১৮২৩ সালের ৬ আইন ও ১৮৩৬ সালের ১০ আইনানুসারে দেওয়ানী আদালতে নালিশ করিতে পারেন্ এবং যদি ঐ সাহেব বিলম্ব না করিয়া ঐ আদালতে নালিশ করেন্ ও তাঁহার দাওয়া যদি B নামক সাহেবের দাওয়াহইতে বলবৎ হয় তবে সরাসরী তজবীজক্রমে জামিন দিয়া ঐ বিবাদি নীলগাছ কাটিয়া লইয়া যাইতে পারেন। আমি বোধ করি যে এইরূপ কার্য্য করাতে C নামক সাহেবের স্বত্ব উপযুক্তমতে রক্ষা হইতে পারে।

সদর নিজামৎ আদালতের সাহেবেরা কহিলেন যে মাজিস্ট্রেট সাহেব এই বিষয়ে যাহ বিবেচনা করিয়াছেন তাহা যথার্থ বটে।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ৫ আগষ্ট।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ২ সেপ্টেম্বর।

No 1360

Held on a reference from the Judge of Futtehpore, that money deposited in Court as payable to a party, should never be paid to a Vakeel, save under specific authority conveyed in the Vakulatnamah, and that for any sums paid away in any other mode, the officers making the disbursement must be held personally responsible

Rule regarding the payment of deposits to Vakeels

Western Court, 5th August, Calcutta Court, 9th September, 1842

১৩৬০ নম্বর।

ফতেপুরের জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে বাদি কি প্রতিবাদির পাওনা যে টাকা আদালতে আমানৎ হয় সেই টাকা তাহারদের উকীলকে দিতে যদি ওকালৎনামা তে বিশেষ হুকুম না লেখা থাকে তবে তাহা উকীলকে দেওয়া যাইবেক না এবং যদি ওকালৎনামায় বিশেষ হুকুম না হইলে ঐ টাকা উকীলকে দেওয়া যায় তবে আদালতের যে আমলা ঐ টাকা দেন্ তিনি ঐ টাকার বিষয়ে নিজে দায়ী হইবেন।

আমানৎ হওয়া টাকা উকীলকে দেওনের বিষয়ি বিধি।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ৫ আগষ্ট।
কলিকাতার সদর আদালত। ১৮৪২। ৯ সেপ্টেম্বর।

No. 1361

Held on a reference from the Session Judge of Cuttack, that the order of a Magistrate inflicting fine, not exceeding 200 Rs, under the express condition specified in Section 8, Regulation IX 1793, is not appealable, but that it is incumbent on the Magistrate, in passing an order of fine above 50 Rs under that enactment, to set forth that the person fined is in the condition mentioned, and that in the absence of any such declaration on the part of the Magistrate, any order of his, directing the payment of a fine above 50 Rs is primâ facie appealable.

1841
Act XXXI
Sec 2

Calcutta Court, 19th August, Western Court, 9th September, 1842.

১৩৬১ নম্বর।

কটকের সেশন জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে ১৭৯৩ সালের ৯ আইনের ৮ ধারার নির্দ্দিষ্ট বিশেষ গতিকে যদি মাজিস্ট্রেট সাহেব ২০০ টাকার অনধিক জরীমানা করেন্ তবে তাঁহার হুকুমের উপর আপীল হইতে পারে না। কিন্তু মাজিস্ট্রেট সাহেব যদি ঐ আইনানুসারে ৫০ টাকার অধিক জরীমানার হুকুম দেন্ তবে তাঁহার উচিত যে যে ব্যক্তির জরীমানা করেন্ সেই ব্যক্তি ঐ আইনের নির্দ্দিষ্ট প্রকার ব্যক্তি ইহা তাঁহার হুকুমের মধ্যে স্পষ্ট করিয়া লেখেন্। এবং মাজিস্ট্রেট সাহেব ঐ হুকুমে এই কথা স্পষ্ট করিয়া না লিখিলে তাঁহার দ্বারা ৫০ টাকার অধিক যে কোন জরীমানার হুকুম হয় তাহার উপর আপীল হইতে পারে।

১৮৪১ সাল
৩১ আইন
২ধারা।

কলিকাতার সদর আদালত। ১৮৪২। ১৯ আগষ্ট।
পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ৯ সেপ্টেম্বর।

[Government Gazette. 11th October. 1842.]

No 1362

1837
Act. XXV.
Sec 5

On a reference from the Judge of Furruckabad, whether in a suit referred to the Principal Sudder Ameen, under Section 5, Act XXV 1837, that officer would be bound by the rules regarding tullubana for service of process and the receipt of supplemental proceedings, applicable to the Court of the Moonsiff — It was held, that the law having made a specific declaration of the particular instances, viz as regards stamp duties, and appeal, in which Principal Sudder Ameens, acting in such a character are to be subject to the rules prescribed for the Courts of the Moonsiffs, the requirement must be held to be limited to the purport of that declaration, and that consequently, in the points instanced, the Principal Sudder Ameen would not be tied down by the restrictions imposed by law on the Moonsiff's Courts

Western Court, 26th August, Calcutta Court, 9th September, 1842

১৩৬২ নম্বর।

১৮৩৭ সাল
২৫ আইন
৫ ধারা।

ফরক্কাবাদের জজ সাহেব জিজ্ঞাসা করিয়াছেন যে ১৮৩৭ সালের ২৫ আইনের ৫ ধারানুসারে যদি কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের প্রতি সোপর্দ্দ হয় তবে হুকুম জারীকরণের তলবানার বিষয় এবং অবশেষ সওয়াল জওয়াব লইবার বিষয়ে মুনসেফেরদের আদালতে যে বিধান চলন আছে সেই বিধানমতে প্রধান সদর আমীনের কার্য্য করিতে হইবেক কি না। তাহাতে বিধান হইল যে প্রধান সদর আমীনেরা যেং বিশেষ বিষয়েতে মুনসেফেরদের আদালতের নির্দ্দিষ্ট বিধানমতে কার্য্য করিবেন তাহা ঐ ২৫ আইনে বিশেষরূপে নির্দ্দিষ্ট হইয়াছে অর্থাৎ ইষ্টাম্পের মাসুলের বিষয় এবং আপীলের বিষয়। অতএব এই দুই বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে তাঁহারা ঐ ২৫ আইনের ৫ ধারার বিধানমতে কার্য্য করিবেন না এবং তৎপ্রযুক্ত যে দুই বিষয়ের জিজ্ঞাসা হইতেছে সেই দুই বিষয়ে মুনসেফেরদের আদালতে যে হুকুম খাটে তাহাতে প্রধান সদর আমীনেরা বদ্ধ নহেন।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮৪২। ২৬ আগষ্ট।
কলিকাতার সদর আদালত। ১৮৪২। ৯ সেপ্টেম্বর ৮০

J HAWKINS, *Register*

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIVIL APPOINTMENTS

No 385
FORT WILLIAM,
SEPARATE DEPARTMENT,
The 28th September, 1842

Mr W Blunt, Senior Member of the Board of Customs, Salt and Opium, and of the Marine Board, has obtained leave of absence for one month, from the 15th proximo, under Section XI of the Absentee Rules of the 29th January 1840

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal

No 1307
ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.
JUDICIAL AND REVENUE DEPARTMENT.
APPOINTMENT
The 26th September, 1842

Moulvie Mynoodeen Sufdar, Sudder Ameen of Rungpore, to officiate as Additional Principal Sudder Ameen of Hooghly.

LEAVE OF ABSENCE

Mr W S Hudson, Sub-Assistant and Uncovenanted Deputy Collector, attached to the Province of Assam, for three months, from the 1st proximo, on private affairs—making over charge of his office to Mr Jas. Bedford, Deputy Assis-

রাজকর্ম্মে নিয়োগ।

৩৮৫ নম্বর।
ফোর্ট উলিয়ম।
স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৮ সেপ্টেম্বর।

হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের এবং মারিন বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত ডবলিউ ব্লণ্ট সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের ছুটী পাওনের বিধির ১১ ধারানুসারে আগামি মাসের ১৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১৩০৭ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
নিয়োগ।
১৮৪২ সাল ২৬ সেপ্টেম্বর।

রঙ্গপুরের সদর আমীন শ্রীযুত মৌলবী মৈনউদ্দীন সফদার হুগলীর অতিরিক্ত প্রধান সদর আমীনী কার্য্য নির্ব্বাহ করিবেন।

ছুটী

আসামে নিযুক্ত দ্বিতীয় আসিষ্টাণ্ট এবং বিলায়তের সনদঅপ্রাপ্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ হডসন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন এবং আপনার কার্য্যের ভার রাজস্বের ডেপুটী আসিষ্টাণ্ট সরবেয়র শ্রীযুত জে বেডফোর্ড সাহেবের প্রতি অর্পণ করেন এবং

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১১ অকটোবর।]

tant Revenue Surveyor, who will, in addition to his own duties, perform those of Mr Hudson during that Officer's absence.

[illegible] সাহেবের [illegible] প্রেডফোর্ড সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত ঐ সাহেবের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

NOTIFICATIONS.

Mr H Atherton made over charge of the Joint Magistracy and Deputy Collectorate of Pubna to Mr F A. Lushington on the 23rd instant.

Mr E Stirling, Collector of Hooghly, made over charge of the Treasury and current duties of his office to Baboo Rampersaud Roy, Uncovenanted Deputy Collector of that District, on the 23d instant

Mr J Wheler made over charge of the Treasury of the Collectorate of Bullooah to Mr Uncovenanted Deputy Collector L. Barber, on the 16th instant

F J Halliday,
Secy to the Govt of Bengal.

বিজ্ঞাপন।

শ্রীযুত এচ আথর্টন সাহেব বর্ত্তমান মাসের ২৩ তারিখে পাবনার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম শ্রীযুত এফ এ লশিংটন সাহেবের প্রতি অর্পণ করিলেন।

হুগলীর কালেক্টর শ্রীযুত ই ষ্টর্লিং সাহেব বর্ত্তমান মাসের ২৩ তারিখে খাজানাখানার এবং আপনার নিবিশ্ভার চলিত কর্ম্মের ভার ঐ জিলার বিলায়তের সনদঅপ্রাপ্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায়ের প্রতি অর্পণ করিলেন।

শ্রীযুত জে উইলর সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখে বলুয়ার কালেক্টরীর খাজানাখানার ভার বিলায়তের সনদঅপ্রাপ্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত এল বারবর সাহেবের প্রতি অর্পণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT.

নিমক।

বাকীজাত নমক সন ১৮৪২ সাল তারিখ ৩১ আগষ্ট।

	হিজলী।	
ঘাট দক্ষিণ কালীনগর	১২৪৬ সাল	৭৫১/ মোন
ঐ ঐ	১২৪৭	৫৯৮৫৫৯॥০
ঐ ঐ	১২৪৮	৬৮১০০৩॥০
উত্তর কালীনগর	১২৪৭	২৯৮৭৯৪/০
তেরোপাটকা	১২৪৮	৩৬৬৩৬০/০
কৃষ্ণনগর	১২৪৭	১৩১৭১৮।৫॥
ঐ	১২৪৮	৩৯৫৮৭১/০
রামনগর	,,	৯২৮০৬/০
	তমলুক।	
ঘাট নারায়ণপুর	১২৪৭	১২৭৮২৫৸৬॥
ঐ	১২৪৮	৫৬৭২৩৮/০
ক্রোকী নেমক	,,	৮৯৸৭
	২৪ পরগনা	
নারায়ণপুর বাহিরবুনি	১২৪৭	১২৫০/০
ঐ ঐ	১২৪৮	১০৯৫১/০
ঐ তাফাল	১২৪৭	২১৭০।৮৶
ঐ ঐ	১২৪৮	১৭২১৮৬।০
বেঁওতা	১২৪৭	৩১।৪॥
ঐ	১২৪[illegible]	১৬৪০॥০
নারায়ণপুর প্রথম রকম	১২৪৪	২।১
ঐ ঐ	১২৪৮	২৪৮৯॥৯
ঐ দ্বিতীয় রকম	,,	৪৬৯০।৩॥
বালিয়াঘাটা	,,	১৮৫॥৪
ডাইমন হারবোর	১২৪৭	২১৭৩৬/৫
ঐ ঐ	১২৪৮	৫৪৮২৯/০
বাগুণ্ডি	১২৪৭	১৪০২/০
ঐ	১২৪৮	৮৯৭১৩/০
	চট্টগ্রাম।	
নেজামপুর ডোমখালি	১২৪৭	১১১৮॥০
ঐ ঐ	১২৪৮	১৩৬৬৭২/০
সদর ঘাট	,,	৩২৪৪১০॥৯৷৶
আরাকেন পাঙ্গা	১৮৪১।৪২	৭৩১৪৭৸০
ক্রোকী নেমক	১৮৪২।	৭৶৯॥০

[*Government Gazette,* 11*th October,* 1842.]

	শালিখা।	
মাদরাজ পরমিট	১৮৪১ । ৪২	২৫৭০৫৪৸৯
ঐঐ	১৮৪২ । ৪৩	১৪৬৩৬৩॥৫
গুড়া সৈন্ধব ইনফিরিয়র	১৮৪০ । ৪১	৭৮॥৭॥/
ক্রোকী করকচ	১৮৪২ । ৪৩	১৪।০
কটক পাঙ্গা	১২৪৬	৯৯৩৯॥৭
ঐ ঐ	১২৪৭	২৯০০৭১৸৫
ঐ ঐ	১২৪৮	৮৬৩৫১।০
খোরদা পাঙ্গা	১২৪৬	৭২৬৬।৯
ঐ ঐ	১২৪৭	৬৫৭৩৫৸০
বালেশ্বর পাঙ্গা	„	১৬৪৬১৬।৩
ঐ ঐ	১২৪৮	১২১০৮৭৸১
ক্রোকী পাঙ্গা	১৮৪২। ৪৩	১৬৯৸৫।

বিমৌজিব হুকুম সাহেবান আলীশান বোর্ড পরমিট নমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ২৮ সেপ্টেম্বর।

এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND

NOTICE is hereby given that agreeably to the orders of the Sudder Board of Revenue, dated the 3d August, 1842, the first periodical sale in future (for the Kists of Bysack and Jystee) will take place on the 28th June every year, in this District, until otherwise provided for by the said Board

RAMAPERSAD ROY, *Uncov Depy Coll in charge of the Collectorate*

Hooghly Collector's Office,
26th September, 1842

জমীদারী নীলাম।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সদর বোর্ডের সন ১৮৪২ সালের ৩ আগষ্ট তারিখের চিঠীর হুকুমানুসারে জেলা হুগলীর কালেক্টরী তালুকাত ঐ সদর বোর্ডের দ্বিতীয় হুকুমপর্য্যন্ত আগত প্রতিসনে বৈশাখ ও জ্যৈষ্ঠ তলবের কিস্তীর বাকীর কারণ ২৮ জুন নীলাম হইবেক ইতি।

শ্রীরমাপ্রসাদ রায়। ইঞ্চার্জ কালেক্টর।

হুগলীর কালেক্টরী।
১৮৪২। ২৬ সেপ্টেম্বর।

THE BENGALEE GOVERNMENT GAZETTE

THE *Bengalee Government Gazette* is published under the authority of Government every Tuesday morning, and contains, in the English and Bengalee languages, the Drafts of Acts, the Acts when passed the Constructions of the Sudder Dewanny and Nizamut Adawlut, the Circular Orders of the Sudder Dewanny and Nizamut Adawlut of the Sudder Board, of the Special Commissioners, and of the Superintendent of Police, the Civil Appointments made by the Governor or Deputy Governor of Bengal, and the Appointment of Moonsiffs by the Sudder Dewanny Adawlut, as well as all Government Notifications of whatever kind

The subscription is EIGHT Rupees a year, payable in advance Subscriptions commence on the 1st of January and 1st July, of each year Those who may begin to subscribe to the paper at any intermediate periods are expected to take the back Numbers

It is circulated in Calcutta, and its neighbourhood, in Chandernagore, Chinsurah and Hooghly by Peons, without charge and to other stations by Post, bearing postage, at an expense of two annas a cover, or Six Rupees Eight annas a year

Applications should be addressed to the Editor at Serampore, or to the Superintendent of the Serampore Press

বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেট

বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেট গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রতি মঙ্গলবারের পূর্ব্বাহ্নে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশ হইতেছে এই গেজেটে আইনের মুসাবিদা ও জারী হওয়া আইন এবং সদর দেওয়ানী ও নিজামৎ আদালত যে১ কনষ্ট্রকসন অর্থাৎ আইনের অর্থ করেন তাহা এবং সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের ও সদর বোর্ডের ও স্পেসিয়ল কমিস্যনর সাহেবেরদের ও পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সরক্যুলর অর্ডর এবং বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর অথবা ডেপুটী গবরনর সাহেবের দ্বারা রাজকর্ম্মে নিয়োগ ও সদর দেওয়ানী আদালতের দ্বারা মুনসেফেরদের নিয়োগ এবং গবর্ণমেণ্টের সকল প্রকার ইশ্‌তিহার ও এত্তেলানামা প্রকাশ হইতেছে।

এই গেজেটের মূল্য বৎসরে আগাম ৮ টাকা নিরূপিত হইয়াছে। যাঁহারা এই গেজেট গ্রহণ করিতে চাহেন তাঁহারা প্রতিবৎসরের ১ জানুআরি অথবা ১ জুলাই তারিখ অবধি তাহা গ্রহণ করিবেন এবং যাঁহারা জানুআরি ও জুলাই মাসের অথবা জুলাই ও জানুআরি মাসের মধ্যে কোন সময়ে লইতে চাহেন তাহারদিগকে তাহার পূর্ব্ব ১ জানুআরি তারিখঅবধি অথবা ১ জুলাই তারিখঅবধি যত নম্বর প্রকাশ হইয়াছে তাহাও লইতে হইবেক।

এই গেজেট কলিকাতা ও তাহার নিকটবর্ত্তি স্থানে ও চন্দননগর ও চুঁচুড়া এবং হুগলী তে পত্রবাহক ব্যক্তির দ্বারা বিনা খরচে পাঠান যাইতেছে এবং অন্যান্য স্থানে ডাকযোগে বেরিংরূপে পাঠান যাইতেছে। ঐ ডাক মাসুল প্রতিসপ্তাহে ৵ আনা করিয়া অথবা বৎসরে ৬॥০ টাকা লাগিবেক।

যাঁহারা এই পত্র গ্রহণ করিতে চাহেন্ তাঁহারা শ্রীরামপুরে গেজেটের শ্রীযুত সম্পাদক মহাশয়ের অথবা শ্রীরামপুরের যন্ত্রালয়ের শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট জানাইলে তাহা পাইতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১১ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 18, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৮ অক্টোবর।

DRAFTS OF ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 30TH SEPTEMBER, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 30th September 1842

ACT No —— of 1842

An Act for the better Execution of Decrees in the Territories subject to the Presidency of Fort William in Bengal

I It is hereby enacted, that so much of Sections 10 and 11, Regulation I 1793, Section 7, Regulation XXVII 1795, Sections 37 and 38, Regulation XXV 1803, and Sections 27 and 28, Regulation IX 1805, as relate to the adjustment of the Government Jumma on Lands exposed to public sale, in satisfaction of the Decrees of the Courts of Civil Judicature, Regulations XLV 1793 and XX 1795, Sections 15 to 26 inclusive of Regulation XXVI 1803, so much of Section 27 of the same Regulation as relates to sales of Land in satisfaction of Decrees, and Sections 4 and 5, Regulation VII 1825, be repealed.

II And it is hereby enacted, that attachments and sales of Land, or of any interest in Land in satisfaction of the Decrees, or other Process of the Courts of Civil Judicature shall hereafter be made by such Courts, or under their immediate directions, and that the Rules now in force for the attachment and sale of such real property as the Courts of Civil Judicature were heretofore authorized to sell in satisfaction of Decrees without application to the Revenue Authorities, shall apply to all attachments and sales made under the authority of this Act

III And it is hereby enacted, that all sales of Land, or of any interest in Land made under the authority of this Act, shall be deemed to be of the nature of private transfers

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ৩০ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৩০ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

১৮৪২ সাল——আক্ট।

বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের রাজধানীর অধীন দেশেতে ডিক্রী পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে জারী করণের বিষয়ি আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে ১৭৯৩ সালের ১ আইনের ১০ ও ১১ ধারার ও ১৭৯৫ সালের ২৭ আইনের ৭ ধারার এবং ১৮০৩ সালের ২৫ আইনের ৩৭ ও ৩৮ ধারার ও ১৮০৫ সালের ৯ আইনের ২৭ ও ২৮ ধারার যে২ ভাগে দেওয়ানী আদালতের ডিক্রীক্রমে নীলামহওয়া ভূমিতে সরকারের জমা ধার্য্যকরণের বিষয়ে হুকুম আছে সেই২ ভাগ এবং ১৭৯৩ সালের ৪৫ আইন ও ১৭৯৫ সালের ২০ আইন এবং ১৮০৩ সালের ২৬ আইনের ১৫ ধারাঅবধি ২৬ ধারা পর্য্যন্ত এবং ঐ আইনের ২৭ ধারার যে ভাগে ডিক্রী জারীক্রমে ভূমি নীলামের বিষয় লেখা আছে তাহা এবং ১৮২৫ সালের ৭ আইনের ৪ ও ৫ ধারা রদ হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে দেওয়ানী আদালতের ডিক্রী অথবা অন্য হুকুম জারীক্রমে ভূমি অথবা ভূমির কোন সম্পর্ক ক্রোক ও বিক্রয় করিতে হইলে তাহা ঐ আদালতের দ্বারা অথবা তাঁহারদের নিজ হুকুমানুসারে করিতে হইবেক। এবং দেওয়ানী আদালতে যে স্থাবর সম্পত্তি ইহার পূর্ব্বে রাজস্বের কর্ম্মকারকেরদের নিকটে দরখাস্ত না করিয়া ডিক্রী জারীকরণার্থ বিক্রয় করিতে পারিতেন সেই স্থাবর সম্পত্তির ক্রোক ও নীলামের বিষয়ে এক্ষণে যে২ বিধি চলন আছে সেই২ বিধি এই আইনানুসারে হওয়া সকল ক্রোক ও নীলামের বিষয়ে খাটিবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ভূমির বা ভূমির সম্পর্কের যে সকল নীলাম এই আইনানুসারে হয় তাহা খোশখরীদের দ্বারা হস্তান্তরহওয়ার মত জ্ঞান করিতে হইবেক ইতি।

IV. And it is hereby enacted, that the Courts of Sudder Dewanny Adawlut shall from time to time frame such Rules as to them shall seem meet for the attachment and sale of property in satisfaction of Decrees or other Process of the Courts of Civil Judicature, which Rules shall, after they have been approved by the Governor General of India in Council, have the same force, as if they had been part of this Act, until revoked by the said Courts of Sudder Dewanny Adawlut with the approbation of the said Governor General of India in Council, or by the said Governor General of India in Council

V And it is hereby enacted, that all applications which may have been made by the Courts of Civil Judicature to the Revenue Authorities for the sale of Land or of any interest in Land, in satisfaction of Decrees or other Process of such Courts, previously to the passing of this Act, shall be proceeded upon in the same manner as if this Act had not been passed

VI And it is hereby enacted, that the operation of this Act shall be confined to the territories subject to the Presidency of Fort William in Bengal, and that no part of this Act shall affect the process of Her Majesty's Supreme Court of Judicature, or of the Court of Requests at Calcutta, or of the Recorder's Court in the Straits of Malacca

---

Ordered, that the Draft now read, be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 30th day of November next

F J HALLIDAY,
Offg Secy. to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT

No 3358

To the Civil and Session Judges in the Lower Provinces

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিবিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদদারেদের উচিত যে ঐ নেমকের রকম মোং নারায়ণপুরের গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০ মোন
জেলা ২৪ পরগনা তাফাল নেমক	নারায়ণপুর	১২৪৮ সাল	মোন ১৬৫০০/	কো° টাকা ৪৩০

বোর্ড পবমিট নেমক ও আফিম তারিখ ২১ অক্টোবর সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদদারেদের উচিত যে ঐ নেমকের রকম মোং চট্টগ্রামের সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০ মোন
জেলা চট্টগ্রাম	সদর ঘাট	১২৪৮ সাল	৫০০০০/ মোন	কো° টাকা ৪২৫

বোর্ড পবমিট নিমক ও আফিম তাং ২১ অক্টোবর সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

NOTICE

Required a Treasurer for the Mymensing Collectorate, unexceptionable security to the extent of Cos Rs. 38351, Salary 50 Cos Rs. per mensem

R M Skinner, *Collector*

Mymensing, Collector's Office,
The 11th October, 1842

ইশ্‌তিহার।

ময়মনসিংহের কালেক্টরীতে এক জন খাজাঞ্চীর আবশ্যক আছে যে কেহ ঐ কর্ম লইতে চাহেন্ তাঁহার ৩৮,৩৫১ টাকার মাতবর জামিন দিতে হইবেক। মাসিক বেতন ৫০ টাকা।

আর এম স্কিনর। কালেক্টর।

ময়মনসিংহের কালেক্টরের কাছারী।
১৮৪২ সাল ১১ অক্টোবর।

[*Government Gazette, 25th October*, 1842]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 1, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১ নবেম্বর।

ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 14TH OCTOBER, 1842

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council on the 14th of October, 1842, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No X OF 1842

An Act for enabling the Inhabitants of any place of public resort or residence under the Presidency of Fort William, not within the Town of Calcutta, to make better provision for purposes connected with public health and convenience

I It is hereby enacted, that if it shall appear to either of the Governments of the Presidency of Fort William, that two-thirds in number of the householders of any Town, Suburb, Settlement or place of public resort and residence within that Presidency are desirous of making better provision for the repairing cleansing, lighting, draining or watching of any public streets, roads, drains or tanks, or any like local purpose, it shall be lawful for the Local Government to which such place as above described is subject to authorize the same in manner following

II And it is hereby enacted, that the Local Government, upon any application made to it for the purpose by or on the part of the householders aforesaid, may, at its discretion, authorize the persons whose names shall be presented or so many of them as may be thought proper being inhabitants of the place as above described to be a Committee for the purpose of effecting the local objects specified in the application

[*Government Gazette*, 1st *November*, 1842]

আইন।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ১৪ অক্টোবর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত প্রসাডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪২ সালের ১৪ অক্টোবর তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ অনুমতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে লেখা গেল।

হুকুম হইল যে এই আইন সকল লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ১০ আইন।

কলিকাতা শহরের বাহিরে ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন সাধারণ লোকেরদের গমনাগমনের কোন স্থানের অথবা কোন বাসস্থানের নিবাসিরদিগকে সাধারণের স্বাস্থ্য ও উপকারের বিষয়ে পূর্ব্বাপেক্ষা উত্তম উপায় করণের ক্ষমতা দেওনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে ফোর্ট উলিয়ম রাজধানীর দুই গবর্ণমেণ্টের কোন এক গবর্ণমেণ্টের যদ্যপি এমত বোধ হয় যে ঐ রাজধানীর অন্তঃপাতি কোন শহর কি শহরতলী কি বসতি কি সাধারণ লোকেরদের গমনাগমনের স্থানের ও নিবাসের গৃহস্থেরদের তিন অংশের দুই অংশ ব্যক্তি কোন সরকারী রাস্তা বা পথ বা নরদমা কি পুষ্করিণী মেরামৎ ও পরিষ্কারকরণের ও তাহাতে আলো দেওনের ও জলপথ করণের অথবা চৌকী দেওনের নিমিত্ত কিম্বা সেইরূপ অন্য কোন স্থানবিশেষের কার্য্যের নিমিত্তে পূর্ব্বাপেক্ষা উত্তম উপায় করিতে চাহে তবে উপরের লিখিত সেই স্থান যে গবর্ণমেণ্টের অধীন সেই গবর্ণমেণ্ট নীচের লিখিতমতে তাহার হুকুম দিতে পারেন ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে গবর্ণমেণ্ট উক্ত গৃহস্থেরদের স্থানে অথবা তাহারদের পক্ষে উক্ত অভিপ্রায়ের বিষয়ের দরখাস্ত পাইলে যে ব্যক্তিরদের নাম গবর্ণমেণ্টে অর্পণ হয় অথবা তাহারদের মধ্যে ঐ স্থাননিবাসিরদের যত ব্যক্তিকে উচিত বোধ হয় তাহারদিগকে দরখাস্তের নির্দ্দিষ্ট তৎস্থানীয় কার্য্য সম্পাদনের নিমিত্তে আপন বিবেচনাক্রমে এক কমিটিস্বরূপ নিযুক্ত করিতে পারেন ইতি।

III And it is hereby enacted, that any such Committee may make such assessments and at such rates as may be necessary for effecting the objects aforesaid, and may make all necessary contracts and appoint such servants as may be required with reasonable salaries Provided always that no rate exceeding the amount of five per cent on the rent or yearly value of the premises within the place as above described, or more than one rate in any year shall be raised without the express sanction of the Local Government Provided also that no Member of any such Committee shall be personally liable in respect of any contract entered into by such Committee on behalf of the inhabitants of any place as above described Provided that the said Committee and every Member thereof shall be liable for the misapplication of all monies collected, and the same shall be recoverable in a Civil action as the money and at the suit of the Local Government

IV And it is hereby enacted, that the Local Government shall in every case prescribe such rules for every Committee as may appear necessary for the proper security of the funds collected from the inhabitants And shall have the power of removing any Member of every such Committee on its appearing to such Government that the security or efficiency of the trust is in danger of being impaired And in case of no person being named by the remaining Members of the Committee to the satisfaction of the Local Government to act upon such Committee in the place of the person removed within one month, the Local Government may appoint a Member of the Committee in the place of the person removed

V And it is hereby enacted, that every such Committee shall on the 30th day of April, in every year, or oftener, if required by the Local Government, render to the Local Government an account of all sums received and expended in the preceding year, in such form and with such vouchers as the Local Government may from time to time require

VI And it is hereby enacted, that upon the application of such Committee to any Magistrate or Justice of the Peace, such Magistrate or Justice is required to exercise the same powers for levying the rate which may be due from any defaulter as are specified in Act II of 1839

VII And it is hereby enacted, that no rate shall be invalidated for defect of form, and it shall be sufficient if in any such rate as aforesaid, or any assessment for the purposes of such rate the property assessed shall be sufficiently identified, and it shall not be necessary to specify the name of the owner or occupier thereof And all property found at any time upon the premises rated shall be liable to be seized and sold under Warrant from a Magistrate or Justice of the Peace for the payment of the rate

VIII And it is hereby further enacted, that it shall be competent at all times to the Local Government to dissolve any such Committee, and to

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে উক্ত অভিপ্রায় সম্পাদনের নিমিত্ত যে ট্যাক্সের আবশ্যক হয় তাহা এবং যে হারে ঐ টাক্স বসান যাইবেক তাহা ঐ কমিটি নিরূপণ করিতে পারেন্ এবং তাঁহারা আবশ্যক সকল বন্দোবস্ত করিতে পারেন্ এবং যে২ চাকরের আবশ্যক হয় তাহারদিগকে উপযুক্ত বেতন দিয়া নিযুক্ত করিতে পারেন। কিন্তু ঐ গবর্ণমেণ্টের বিশেষ অনুমতিব্যতিরেকে ঐ স্থানের মধ্যে বাটীর খাজানার কি বার্ষিক মূল্যের উপর শতকরা ৫ টাকাহ অধিক টাক্সের হার নির্দ্দিষ্ট হইবেক না এবং সম্বৎসরে এক টাক্সের অধিক লইতে হইবেক না। কিন্তু ঐ স্থাননিবাসি লোকেরদের পক্ষে ঐ কমিটি যে কোন বন্দোবস্ত করেন তাহার বিষয়ে ঐ কমিটির কোন এক জন মেম্বর অর্থাৎ অন্তঃপাতী স্বয়ং দায়ী হইবেন না। এবং উক্ত প্রকার যে সকল টাকা আদায় হয় তাহা অনুপযুক্ত মতে খরচ হইলে ঐ কমিটি এবং তাহার প্রত্যেক জন মেম্বর তাহার দায়ী হইবেন এবং ঐ টাকা গবর্ণমেণ্টের টাকা বলিয়া গবর্ণমেণ্টের নালিশক্রমে দেওয়ানী মোকদ্দমার দ্বারা পুনর্ব্বার পাওয়া যাইতে পারিবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে গৃহস্থেরদের স্থানে যে টাকা আদায় হয় তাহা নির্ব্বিঘ্নে থাকিবার নিমিত্ত যে বিধি আবশ্যক বোধ হয় তাহা ঐ স্থানের গবর্ণমেণ্ট প্রত্যেক গতিকে প্রত্যেক কমিটির নিমিত্তে নিরূপণ করিতে পারেন। এবং ঐ গবর্ণমেণ্টের যদি এমত বোধ হয় যে ঐ টাকা অপচয় হইবার অথবা ঐ কর্ম্মের ব্যাঘাতহওনের সম্ভাবনা আছে তবে ঐ কমিটির কোন এক জন মেম্বরকে কর্ম্মচ্যুত করিতে পারেন। এবং ঐ কর্ম্মচ্যুত ব্যক্তির পরিবর্ত্তে ঐ কমিটিতে কার্য্য করিতে যদ্যপি কমিটির অবশিষ্ট মেম্বরেরা এক মাসের মধ্যে ঐ রাজধানীতে গবর্ণমেণ্টের খাতিরজমামত কোন এক জনকে মনোনীত না করেন তবে ঐ রাজধানীর গবর্ণমেণ্ট ঐ কর্ম্মচ্যুত ব্যক্তির পরিবর্ত্তে অন্য কাহাকে নিযুক্ত করিতে পারেন্ ইতি।

৫ ধারা। প্রতিবৎসরে একবার আপ্রিল মাসের ৩০ তারিখে অথবা গবর্ণমেণ্ট হুকুম করিলে বৎসরে ততোধিকবার উক্ত কমিটি গত বৎসরের সকল টাকার জমা খরচের হিসাব গবর্ণমেণ্ট সময়ে২ যে কোন পাঠ নিরূপণ করেন্ ও খরচের যে নিদর্শনপত্র দেখাইতে হুকুম করেন সেই পাঠানুসারে এবং সেই নিদর্শনপত্র সমেত গবর্ণমেণ্টকে অর্পণ করিবেন ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কমিটি কোন মাজিস্ট্রেট অথবা জষ্টিস অফ দি পীসের নিকটে দরখাস্ত করিলে ১৮৩৯ সালের ২ আইনে যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতানুসারে ঐ মাজিস্ট্রেট অথবা জষ্টিস অফ দি পীস সাহেব কোন বাকীদারের স্থানে পাওনা টাক্স আদায় করিবেন ইতি।

৭ ধারা। আরো ইহাতে হুকুম হইল রীতিব্যতিক্রম হইয়াছে বলিয়া কোন টাক্স অসিদ্ধ হইবেক না এবং যদ্যপি উক্তমতে কোন হার নিরূপণকরণেতে অথবা ঐ হারের অনুসারে কোন টাক্স বসানেতে টাক্সহওয়া বাটী ইত্যাদি প্রচুরমতে চেনা যাইতে পারে তবে কর্ম্ম সিদ্ধ হইবেক। এবং ঐ বাটীইত্যাদির স্বামী বা দখীলকার ব্যক্তির নাম বিশেষরূপে লিখনের আবশ্যক নাহি। এবং ঐ টাক্স হওয়া বাটীর মধ্যে কোন সময়ে যে সকল দ্রব্য পাওয়া যায় তাহা ঐ টাক্সের টাকা আদায়ের নিমিত্ত মাজিস্ট্রেট অথবা জষ্টিস অফ দি পীস সাহেবের পরওয়ানাক্রমে ক্রোক ও বিক্রয়হওনের যোগ্য হইবেক ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে গবর্ণমেণ্ট সর্ব্বদাই উক্ত প্রকার কোন কমিটি রহিত করিতে পারেন্ এবং ঐ কমিটি কি তাহার কোন মেম্বরেরা যে কার্য্যে

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১ নবেম্বর।]

appoint any person or persons to enquire into and report upon the conduct of such Committee or of any Members thereof in the execution of their Trusts, and such person or persons so appointed shall have power to send for persons, papers and records, and to compel the attendance or delivery of the same and to examine witnesses upon oath

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,

THE 21ST OCTOBER, 1842

Resolution —The following Act read a second time on the 2d ultimo, is brought up again before the Legislative Council on this day—The Honourable the President in Council being desirous that no time should be lost in passing the Act

Resolved, that the Rule requiring a previous publication of three months before the passing of any Act of the Government of India be suspended in respect to the following Act, which is passed by the Honourable the President of the Council of India in Council on this date, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded

ACT NO XI OF 1842

An Act for amending and explaining the Law concerning the importation of Foreign Sugar

It is hereby enacted and declared that the prohibition and penalties contained in Acts No XXXII of 1836 and No XV of 1839, against the landing or attempting to land in any part of the Territories subject to the Presidency of Fort William in Bengal or the Presidency of Fort St George, of any Foreign Sugar, or any Sugar which is the growth of any British possession into which Foreign Sugar can be legally imported, shall apply and be deemed to apply to such Sugar otherwise imported into any part of the Territories subject to the said Presidencies

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 3333

To the Civil Judges in the Lower Provinces

In modification of the Circular of the 24th June last, the Court are pleased to direct, that uncovenanted Judges may at their option sign their names in the English or in any other character, but that they shall always sign in full instead of employing initials, and only use one character on all occasions, instead of having recourse to different characters at different times

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 9th September, 1842

[*Government Gazette, 1st November,* 1842]

নিযুক্ত ছিলেন সেই কার্য্য কিরূপে নির্ব্বাহ করিয়াছেন তাহার বিষয় অনুসন্ধান করিয়া রিপোর্ট করিতে কোন ব্যক্তি বা ব্যক্তিরদিগকে নিযুক্ত করিতে পারেন্ এবং উক্ত প্রকার যে ব্যক্তি বা ব্যক্তিরা নিযুক্ত হন তাঁহারা কোন লোকেরদিগকে ও কোন কাগজপত্র ও রোয়দাদ তলব করিতে এবং বলপূর্ব্বক লোকেরদিগকে হাজির করিতে কি ঐ কাগজপত্র দাখিল করিতে এবং সুকৃতিপূর্ব্বক সাক্ষির দের জোবানবন্দী লইতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ২১ অক্টোবর।

নির্দ্ধারণ।—নীচের লিখিত আইন গত মাসের ২ তারিখে দ্বিতীয়বার পাঠ হইয়া অদ্য পুনর্ব্বার ব্যবস্থাপক কৌন্সেলের সম্মুখে উপস্থিত করা গেল। শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে এই আইন অগৌণে জারী করিতে ইচ্ছুক হইয়া

এই নির্দ্ধারণ করিয়াছেন যে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন আইন জারীকরণের তিন মাস পূর্ব্বে তাহা প্রকাশ করিতে যে বিধান আছে সেই বিধান নীচের লিখিত আইনের বিষয়ে স্থগিত হইবেক। এবং ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে ঐ আইন অদ্য জারী করিলেন। শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ঐ অনুমতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে লেখা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ১১ আইন।

ভিন্ন দেশজাত চিনি আমদানীকরণবিষয়ক আইন শুধরণ ও স্পষ্টকরণের আইন।

ইহাতে হুকুম ও নির্দ্দিষ্ট হইল যে ভিন্ন দেশজাত কোন চিনি অথবা ইঙ্গলণ্ডীয় অধিকারের মধ্যে যে কোন প্রদেশে ভিন্ন দেশজাত চিনি আইনমতে আমদানী হইতে পারে সেই প্রদেশজাত চিনি বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অথবা মান্দ্রাজ রাজধানীর অধীন কোন দেশের কোন ভাগে ডাঙ্গায় তুলিতে কি তুলিবার উদ্যোগ করিতে যে নিষেধ ও দণ্ড ১৮৩৬ সালের ৩২ আইনে এবং ১৮৩৯ সালের ১৫ আইনে লেখা আছে সেই নিষেধ ও সেই দণ্ড উক্ত দুই রাজধানীর অধীন্ কোন দেশের কোন ভাগেতে ভিন্ন দেশজাত যে চিনি অন্য কোন প্রকারে আমদানী হয় সেই চিনির বিষয়েও খাটিবেক ও খাটে এমত বোধ করিতে হইবেক ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩৩৩৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

গত জুন মাসের ২৪ তারিখের সরক্যুলর অর্ডর মতান্তর করিয়া সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে বিলায়তের সনদঅপ্রাপ্ত অর্থাৎ অচিহ্নিত বিচারকেরা স্বেচ্ছামতে ইঙ্গরেজী কিম্বা অন্য কোন অক্ষরে অপনারদের নাম দস্তখৎ করিতে পারেন্ কিন্তু তাঁহারা আপনারদের নামের কেবল প্রথম অক্ষর না লিখিয়া সর্ব্বদাই সম্পূর্ণ নাম দস্তখৎ করিবেন এবং নানা সময়ে নানা অক্ষরে না লিখিয়া সর্ব্বদাই একি অক্ষরে আপনারদের নাম দস্তখৎ করিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ৯ সেপ্টেম্বর।

No 3465

To the Civil Authorities in the Lower Provinces

The attention of the District Civil Authorities is called to the effect of Section 3, Act XXX 1841, under which the prohibition against Moonsiffs realizing fines imposed by them for disrespectful behaviour in open Court, without previous report to the Judge, is removed, and according to which Principal Sudder Ameens and Sudder Ameens are left at liberty to realize by their own authority any fines which they may impose under the general Regulations, Sections 42, and the further proviso of Section 74, Regulation XXIII 1814 (the latter having been applicable to Principal Sudder Ameens agreeably to the first part of Clause 4, Section 18, Regulation V 1831,) having been both rescinded Act XXX 1841, is thus, the sole law under which contempt of Court can be penally visited by the native tribunals

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 16th September, 1842

CIVIL APPOINTMENTS

No 388

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT,

The 19th October, 1842

Mr W S Bramly, appointed by the Honourable the Court of Directors, a Member of the Honourable Company's Civil Service, on the Bengal Establishment, reported his arrival at the Presidency on the 13th instant

H V Bayley,

Depy Secy to the Govt. of Bengal

No 389

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT,

The 25th October, 1842

The Honourable Robert Drummond has been permitted to proceed to Gyah and prosecute his study of the Oriental Languages, under the Superintendence of the Magistrate of that Station

H V Bayley,

Depy Secy to the Govt of Bengal

No 1399

ORDERS BY THE HONORABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENTS,

The 10th October, 1842

Mr J W Templer to officiate as Civil and Sessions Judge of West Burdwan

The 17th October, 1842

Mr R Abercrombie to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector at Noakolly

Mr J M Hay to be an Assistant to the Magistrate and Collector of Bhaugulpore, and to ex-

৩৪৬৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮১৪ সালের ২৩ আইনের ৪২ ধারা এবং ঐ আইনের যে ৭৪ ধারা ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারার ৪ প্রকরণের প্রথম ভাগের দ্বারা প্রধান সদর আমীনের বিষয়ে খাটিবার হুকুম হইয়াছিল সেই দুই ধারা রদহওয়াতে বৈঠকের সময়ে আদালতের অসম্ভ্রমকরণের বিষয়ে মুনসেফেরা যে জরীমানা করেন তাহা জজ সাহেবের নিকটে পূর্ব্বে রিপোর্ট না করিয়া উসুল করিতে তাঁহারদের প্রতি যে নিষেধ ছিল তাহা রহিত হইল এবং সাধারণ আইনানুসারে প্রধান সদর আমীন ও সদর আমীনেরা যে জরীমানা করেন্ তাহা তাঁহারা আপন২ ক্ষমতাক্রমে উসুল করিতে পারেন। এক্ষণে দেশীয় বিচারকেরদের আদালতের অবজ্ঞার দণ্ডকরণের বিষয়ে ১৮৪১ সালের ৩০ আইনভিন্ন আর কোন আইন চলন নাই অতএব ১৮৪১ সালের ৩০ আইনের ৩ ধারার যে ফল হইতেছে তাহাতে নানা জিলার দেওয়ানী আদালতের কার্য্যকারকেরদিগকে মনোযোগ করিতে হুকুম হইল।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪২। ১৬ সেপ্টেম্বর।

John C Marshman, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিযোগ।

৩৮৮ নম্বর।

ফোর্ট উলিযম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ১৯ অক্টোবর।

শ্রীযুত ডবলিউ এস ব্রামলি সাহেব শ্রীযুত কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশে সিবিল সম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১৩ তারিখে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্।

এচ বি বেলি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

৩৮৯ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২৫ অক্টোবর।

শ্রীযুত অনরবিল রাবর্ট ড্রমণ্ড সাহেব গয়াতে গমন পূর্ব্বক ঐ স্থানের মাজিষ্ট্রেটের অধীনে এ দেশীয় ভাষা শিক্ষাকরণের অনুমতি পাইয়াছেন।

এচ বি বেলি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১৩৯৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ১০ অক্টোবর।

শ্রীযুত জে ডবলিউ টেম্পলর সাহেব পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪২ সাল ১৭ অক্টোবর।

শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব নওয়াখালীতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে এম হে সাহেব ভাগলপুরের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের আসিস্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে

ercise the powers of Joint Magistrate and Deputy Collector in that District

The 21st October, 1842

Mr W J H Money to officiate as Collector of East Burdwan, vice Mr Templer, until further orders

NOTIFICATION

The leave of absence granted on the 30th August last to Mr Sub Assistant E Grange, attached to Nowgong, in Assam will take effect from the 20th instead of from the 1st September

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal.

No 1420

ORDERS BY THE HONORABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

LEAVES OF ABSENCE

The 24th October, 1842

Moonshee Muneeroodeen Mahomed, Principal Sudder Ameen of Chittagong, during the Dusserah Vacation

Moulvie Kumber Ullee, ditto ditto of ditto, during ditto

Moulvie Ashruff Ullee, Sudder Ameen of ditto, during ditto

Moulvie Mahomed Idris, Principal Sudder Ameen of Sylhet, during ditto

Syed Sudderool Hussein, ditto ditto of Rungpore, during ditto

Cazee Mahomed Ullee, ditto ditto of Tipperah, during ditto

Moulvie Mahomed Nazim, Sudder Ameen of ditto during ditto

Moulvie Saadut Ullee, ditto ditto of Rajeshye, during ditto

Moulvie Mahomed Rafik, ditto ditto of Monghyr, during ditto

Syed Izzut Ullee, Principal Sudder Ameen of Beerbhoom during ditto

Syed Hussein Buksh, Sudder Ameen of ditto, during ditto

Moulvie Abdool Wahid, Principal Sudder Ameen of Patna, during ditto

Syed Jonab Ullee, ditto ditto of East Burdwan, during ditto

Syed Osman Ullee, Sudder Ameen of ditto, during ditto

Baboo Doorganarain Rae, Principal Sudder Ameen of West Burdwan during ditto

Baboo Rammohun Rae, ditto ditto of Midnapore, during ditto

Pundit Sreeram Turklunkar, Sudder Ameen of ditto, during ditto

Syed Imdad Ullee, Principal Sudder Ameen of Sarun, during ditto

Pundit Leeladhur Tewaree, Sudder Ameen of ditto, during ditto

Baboo Chunder Seekur Chowdree, Principal Sudder Ameen of Backergunge, during ditto

[*Government Gazette*, 1st *November*, 1842.]

জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

১৮৪২ সাল ২১ অক্টোবর।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত টেম্পলর সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

আসামের নওগাঁয়ে নিযুক্ত সব-আসিষ্টান্ট শ্রীযুত ই গ্রেঞ্জ সাহেব গত আগষ্ট মাসের ৩০ তারিখে যে ছুটী পান তাহা সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি না হইয়া ২০ তারিখঅবধি আরম্ভ হইবেক।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪২০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়াল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

ছুটী।

১৮৪২ সাল ২৪ অক্টোবর।

চাটিগাঁর প্রধান সদর আমীন শ্রীযুত মুনশী মনিরুদ্দীন মহম্মদ দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের ঐঐ শ্রীযুত মৌলবী কুম্বর আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের সদর আমীন শ্রীযুত মৌলবী আশরফ আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ছিলটের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ইদ্রিস ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের ঐ ঐ শ্রীযুত সায়দ সদরুল হুসেন ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার ঐ ঐ শ্রীযুত কাজী মহম্মদ আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ঐ ঐ শ্রীযুত মৌলবী শাআদত আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের ঐ ঐ শ্রীযুত মৌলবী মহম্মদ রফিক ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত সায়দ ইজ্জৎ আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের সদর আমীন শ্রীযুত সায়দ হুসেন বক্শ ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

পাটনার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল বাহিদ ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমানের ঐ ঐ শ্রীযুত সায়দ জোনাব আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের সদর আমীন শ্রীযুত সায়দ ওসমান আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত দুর্গানারায়ণ রায় ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের ঐ ঐ শ্রীযুত বাবু রামমোহন রায় ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের সদর আমীন শ্রীযুত পণ্ডিত শ্রীরাম তর্কালঙ্কার ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত সায়দ ইমদাদ আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের সদর আমীন শ্রীযুত পণ্ডিত লীলাধর তেওয়ারী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্রশেখর চৌধুরী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

Moulvie Mahomed Kulleem, ditto ditto of Moorshedabad, during the Dusserah vacation, and seven days in excess of the same

Moulvie Nujoomool Huk, Sudder Ameen of ditto during ditto, and four days in excess of the same

মুরশিদাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলিম ঐ বন্দে এবং তদতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের সদর আমীন শ্রীযুত নজিমুল হক ঐ বন্দে এবং তদতিরিক্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

APPOINTMENTS

নিয়োগ।

Mr W H. Brodhurst to be an Assistant to the Joint Magistrate and Deputy Collector of Pubna, and to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in that District

Mr C A Lushington to be an Assistant to the Magistrate and the Collector of Sarun

Mr Apothecary J Davis to be in Medical charge of the District of Durrung, in Assam, vice Mr Apothecary Tresham resigned

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্স্ট সাহেব পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত সি এ লশিংটন সাহেব সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্ট হইবেন।

ঔষধপ্রস্তুতকারি শ্রীযুত ট্রেশাম সাহেব আপনার কর্ম্মে ইশ্‌তাফা দেওয়াতে ঔষধপ্রস্তুতকারি শ্রীযুত জে ডেবিস সাহেব আসামের দরঙ্গ জিলার চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

LEAVE OF ABSENCE

The 27th October, 1842

Mr W Bell, Magistrate of Dinagepore, for three months, under Medical Certificate, to proceed to Darjeeling for the benefit of his health Mr F B Kemp, Officiating Collector of Dinagepore, will receive charge of Mr Bell's office and officiate as Magistrate as well as Collector until relieved, or until further orders

ছুটী।

১৮৪২ সাল ২৭ অক্টোবর।

দিনাজপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ বেল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে স্বীয় স্বাস্থ্যার্থে দারজিলিঙ্গে গমন করিতে তিন মাসের ছুটী পাইয়াছেন এবং দিনাজপুরের একটিং কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব বেল সাহেবের দফ্তরখানার কর্ম্ম গ্রহণ করিবেন এবং অন্য সাহেব নিযুক্ত না হওন অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত মাজিষ্ট্রেটী এবং কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

NOTIFICATIONS

Mr R Torrens resumed charge of the Judgeship of the 24 Pergunnahs on the 21st instant

Mr Jas Alexander, the Officiating Collector of Tipperah, assumed charge of the Magistracy of that District from Mr Annand on the 10th instant

Mr J Morris received charge of the Collectorate of Hooghly on the 19th instant

Mr Deputy Assistant Revenue Surveyor Bedford received charge of Mr Sub Assistant W S Hudson's office, at Gowalparah, on the 12th idem

Lieutenant H L Bigge, Principal Assistant to the Commissioner of Assam, resumed charge of the Kamroop Division on the 7th idem

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

বিজ্ঞাপন।

শ্রীযুত আর টরেন্স সাহেব বর্ত্তমান মাসের ২১ তারিখে চব্বিশ পরগনার জজী কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

ত্রিপুরার একটিং কালেক্টর শ্রীযুত জেমস আলেক্জান্দর সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখে শ্রীযুত আনাণ্ড সাহেবের স্থানে ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্ম গ্রহণ করিলেন।

শ্রীযুত জে মরিস সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখে হুগলীর কালেক্টরী কর্ম্ম গ্রহণ করিলেন।

ডেপুটী আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত বেডফোর্ড সাহেব বর্ত্তমান মাসের ১২ তারিখে গোআলপাড়াতে সব আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেবের দফ্তরখানার কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

আসামের কমিস্যনরের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ এল বিগ সাহেব বর্ত্তমান মাসের ৭ তারিখে কামরূপ এলাকার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT.

নিমক।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ৩১ অক্টোবর রোজ সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার পূর্ব্বে যে কোন সময়ে হউক নীচের লিখিত মোয়াফিক নেমক যাহা মোং শালিখার গোলায় মৌজুদ আছে তাহার খরিদের জন্য দরখাস্ত শিল মোহর বন্দ করা এই দফ্তরখানায় লওয়া যাইবেক তদনন্তর ঐ নেমকের দর শ্রীযুত সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিমের হুকুমানুসারে নির্দ্ধারিত হইবেক ঐ সকল দরখাস্তে ফিশত মোন নেমকের উপর যে ব্যক্তি যত মূল্য দিতে চাহিবেক তাহা কোম্পানির টাকায় লিখিতে হইবেক আর ঐ দরখাস্তের উপর এমত জিকির থাকিবেক যে কটক ও খোরদার বাকী নেমকের বাবত দরখাস্ত এবং দরখাস্তের শিরনামার উপর দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা তাহার গোমাস্তার নাম লিখিত থাকিবেক ও দরখাস্ত খুলিবার নিরূপিত সময়ে দরখাস্তকারী অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তা কেহ এক জন উপস্থিত না থাকিলে দরখাস্ত খোলা যাইবেক না এবং দরখাস্তের মাতবরির জন্য এক২ শত টাকা আমানতের স্বরূপ দাখিল করিতে হইবেক ইং

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১ নবেম্বর।]

ব্যতীত কোন দরখাস্ত মাতবর জ্ঞান করা যাইবেক না ঐ ১০০৲ টাকা যে ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহার নামে এই নেমক খরিদের হিসাবে জমা হইবেক কিম্বা দরখাস্ত মঞ্জুর না হইলে ফেরত দেওয়া যাইবেক।

যে সকল ব্যক্তি নেমক খরিদের জন্য দরখাস্ত করিবেক তাহারদিগের উচিত যে দরখাস্তকরণের পূর্ব্বে ঐ নেমকের নমুনা মোং শালিখার গোলায় স্বচক্ষে দেখিয়া নেমকের রকম বুঝিয়া আপনার খাতিরজমামতে দরখাস্ত করে ইতি।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মোয়াজিয়ে নেমক
কটক পাঙ্গা	শালিখা	১২৪৬ সাল	মোন ১৮৮/২
খোরদা ঐ	ঐ	"	" ১৮৮/
ঐ ঐ	ঐ	১২৪৭ সাল	" ১০০০/

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২। তারিখ ২৪ অকটোবর।
এচ টরেন্স। সেক্রেটারী।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারের উচিত যে ঐ নেমকের রকম মোং শালিখার গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০৲ মোন
বালেশ্বর পাঙ্গা	শালিখা	১২৪৭ সাল	৪৬০০০/ মোন	কোং টাকা ৪৪৫

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২৪ অকটোবর সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারের উচিত যে ঐ নেমকের রকম মোং তেরপাইকার সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০/ মোন
হিজলী	তেরোপাইকা	১২৪৮ সাল	মোন ৩২০০০০/	কোং টাকা ৪২৪৲

বোর্ড পরমিট নেমক ও আফিম তারিখ ২৬ অকটোবর সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND

জমীদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে

মকীবদ্দীন মণ্ডল ও হেবাশতুল্লা সেখ বাং কান্দরার কাজীল টাকা পাইবার বাসনায় দরখাস্ত করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যা[illegible] যে সেওয়ায় মজকুর জন্য কেহ উক্ত মহালের কাজীল টাকার দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে [illegible] হইয়া আপনার দরখাস্ত মায় সাবদ প্রজনার নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল ২২ অক্টোবর মং সন ১২৪৯ সাল তাং ৭ কার্তিক।

Moorshedabad Collectorate, 25th October, 1842 R H RUSSELL, *Asst Collector in charge*

NOTICE

Required a Treasurer for the Mymensing Collectorate, unexceptionable security to the extent of Co's Rs 38,351, Salary 50 Co's Rs per mensem

R M SKINNER, *Collector*

Mymensing, Collector's Office,
The 11th October, 1842

ইশ্তিহার।

ময়মনসিংহের কালেক্টরীতে এক জন খাজাঞ্চীর আবশ্যক আছে যে ঐ কর্ম্ম কেহ লইতে চাহেন তাঁহার ৩৮,৩৫১ টাকার মাতবর জামিন দিতে হইবেক। মাসিক বেতন ৫০ টাকা।

আর এম স্কিনর। কালেক্টর।

ময়মনসিংহের কালেক্টরের কাছারী।
১৮৪২ সাল ১১ অক্টোবর।

[*Government Gazette*, 1*st November*, 1842]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 8, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ৮ নবেম্বর।

DRAFTS OF ACTS

[*Second Insertion.*]

FORT WILLIAM.

LEGISLATIVE DEPARTMENT,

THE 30TH SEPTEMBER, 1842.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 30th of September, 1842.

ACT No. —— OF 1842.

An Act for the better Administration of Justice within the Town of Calcutta in small causes not included within the jurisdiction of the Court of Requests.

I. It is hereby enacted that from and after ——— it shall be lawful for any one of the Judges of Her Majesty's Supreme Court to hold a Court for the hearing and decision of all matters for which a Civil Action at Law will lie in the said Supreme Court except as hereinafter mentioned, according to the Law there administered subject to such modifications as are hereinafter authorized—provided that the amount claimed by the Plaintiff do not exceed 400 Company's Rupees, and provided the suit be not founded on any demand of damages for an assault or battery, or for written or verbal defamation.

II. And it is hereby enacted, that Suits at present cognizable by the Court of Requests shall be brought before that Court as heretofore and not before the Judge holding the Court indicated in the last Section—provided that no judgment passed by the Judge holding such Court shall be impeached for error, or be held as extra judicial on the ground that the Suit ought to have been brought in the Court of Requests.

III. And it is hereby enacted, that the said Supreme Court shall make Rules for the proceedings before a Judge holding such Court as is established by this Act—which Rules shall regulate the

আইনের মুসাবিদা।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৪১ সাল ৩০ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪১ সালের ৩০ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

১৮৪১ সাল——আক্ট।

যে২ ছোট মোকদ্দমা কোর্ট রিক্বেষ্টের এলাকার মধ্যে নহে সেই২ মোকদ্দমা কলিকাতা শহরের মধ্যে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বিচার করিবার নিমিত্ত আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে পশ্চাৎ লিখিত বিষয়ছাড়া যে সকল বিষয়ের আইনমতে সুপ্রিম কোর্টে দেওয়ানী নালিশ হইতে পারে সেই সকল বিষয় শুনিবার ও নিষ্পত্তি করিবার নিমিত্ত শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের কোন এক জন জজ সাহেব অন্য এক আদালত করিতে পারেন। এবং আইনের যে মতান্তর ইহার পরে লেখা আছে তাহাতে দৃষ্টি রাখিয়া ঐ সুপ্রিম কোর্টে যে আইন চলন আছে তাহার অনুসারে ঐ সকল বিষয়ের নিষ্পত্তি করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ফরিয়াদীর দাওয়া কোম্পানির ৪০০ টাকার ঊর্দ্ধ হইবেক না। এবং কোন উপদ্রব অথবা মারিপিটের কিম্বা লিখিত বা জোবানীর হতমতের ক্ষতিপূরণের দাওয়াঘটিত কোন মোকদ্দমা সেই আদালতে শুনা যাইবেক না ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোর্ট রিক্বেষ্টে এক্ষণে যে প্রকার মোকদ্দমার শুননি হইতে পারে সেই প্রকার মোকদ্দমা পূর্ব্বের মত সেই আদালতে উপস্থিত করিতে হইবেক এবং ১ ধারার লিখিত আদালতে যে জজ সাহেব বৈঠক করেন তাহার সম্মুখে উপস্থিত হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আদালতে যে জজ সাহেব বৈঠক করেন তাহার নিকটে উপস্থিত হওয়া নালিশ কোর্ট রিক্বেষ্টে উপস্থিত করা উচিত ছিল ইহা বলিয়া ঐ মোকদ্দমাতে ঐ জজ সাহেবের করা ডিক্রী অসঙ্গত অথবা বেআইনী জ্ঞান হইবেক না ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে আদালত স্থাপন হইল সেই আদালতে বৈঠক করণিয়া জজ সাহেবের কার্য্য নির্ব্বাহের নিয়ম সুপ্রিম কোর্ট করিবেন। এবং মোকদ্দমা উপস্থিতকরণ ও নালি

manner of proceeding in the said Court, viz. the institution of the Suit, the entry of the Plaint, the Process, the entry of the Defence, and other subsequent allegation by either party, and the practice of the said Court, the fees to be taken, and the costs to be allowed Provided that both Plaintiffs and Defendants be liable to be examined at the discretion of the Judge, and that no witness be deemed incompetent to give testimony upon any ground whatever Provided further that all such Rules shall receive the confirmation of the Governor General in Council before they are put in force

IV And it is hereby enacted, that in order to reduce the Costs of Suit and to render the same proportionate to the amount of the demand recoverable before the said Court the allegations of the parties be not entered in any written pleadings to be delivered between party and party, but be made orally before the Officiating Judge and be by him directed to be entered in a book to be kept for that purpose to be termed the Book of Pleadings of the said Court, and be entered accordingly under his direction in untechnical and concise language, according to the legal effect thereof to which Books the parties shall have at all times access without the payment of any fee or reward

V And it is hereby enacted, that no Costs of employing any Counsel or Attorney shall be allowed on the taxation of Costs in any Suit in the Court hereby established unless the Judge who presided at the trial shall certify that the nature of the case was such as to render the employment of Counsel or Attorney expedient for the attainment of justice

VI And it is hereby enacted that the said Supreme Court shall with the consent of the Governor General in Council thereto previously obtained, and with the like consent previously obtained to the salaries hereinafter mentioned, appoint such Officers as shall be necessary for transacting the business of the said Court established by this Act to be remunerated as far as the same will extend out of the fees of the said last mentioned Court, Provided that the fees hereby directed to be imposed shall be subject to the revision of the said Governor General in Council from time to time, and that the same shall be reduced from time to time if the same shall be found to exceed the amount of the reasonable expenses of the maintenance of the said Court including all such salaries as aforesaid

VII And it is hereby enacted, that all the power and authority vested in the Supreme Court in the case of Civil Actions shall be vested in every Judge holding such Court as is established by this Act

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 30th day of November next

F J HALLIDAY,

Offg Secy to the Govt of India

রের আরজী দাখিলকরণ এবং হুকুম জারীকরণ ও জওয়াব দাখিলকরণ এবং তাহার পরে উভয় বিবাদির কোন এক জনের কথা শুনন এবং ঐ আদালতের ব্যবহার এবং যে রসুম লইতে হইবেক এবং যে খরচা দেওয়াইতে হইবেক এই সকল বিষয়ে ঐ২ নিয়মানুসারে ঐ আদালতের কার্য্য নির্ব্বাহ হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে জজ সাহেব আপনার বিবেচনামতে ফরিয়াদী ও আসামীর জোবানবন্দী দেওনের হুকুম করিতে পারেন এবং কোন সাক্ষী কোন হেতুপ্রযুক্ত সাক্ষ্য দেওনের অযোগ্য বোধ হইবেক না। আরো জানা কর্ত্তব্য যে ঐ সকল নিয়ম শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে মঞ্জুর না হইলে জারী হইবেক না ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মোকদ্দমার খরচা অল্পকরণের নিমিত্ত এবং উক্ত আদালতে যে টাকার নালিশ হইতে পারে তাহার সংখ্যার পরিমিত ঐ খরচা ধার্য্য হইবার নিমিত্ত বাদি প্রতিবাদিরদিগকে পরস্পর দেওনের অর্থে সওয়ালজওয়াব লিখিয়া দাখিল করিতে হইবেক না কিন্তু নালিশ ও জওয়াব ঐ জজ সাহেবের সম্মুখে জোবানীতে করিতে হইবেক এবং সেই নিমিত্ত এক বহী রাখিতে হইবেক তাহাতে তাহা টুকিয়া রাখা যাইবেক। ঐ বহীর নাম সেই আদালতের সওয়ালজওয়াবের বহী থাকিবেক। এবং তাহার মধ্যে আইনঘটিত কথাছাড়া সংক্ষেপ কথায় এবং আইনমত তাৎপর্য্যের অনুসারে সওয়ালজওয়াব লেখা যাইবেক এবং ঐ বহী উভয় বিবাদী কোন রসুম বা পুরস্কার না দিয়া কোন সময়ে দেখিতে পারিবেক ইতি।

৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে আদালত স্থাপন হইল তাহাতে যে কোন মোকদ্দমা উপস্থিত হয় তাহার বিচারকারি জজ সাহেব যদ্যপি এইমত না লিখিয়া দেন্ যে মোকদ্দমার ভাব দৃষ্টে যথার্থ বিচারহওনের নিমিত্ত উকীল অথবা মোখ্তার নিযুক্তকরা উচিত তবে সেই মোকদ্দমার খরচা মঞ্জুরকরণের সময়ে কোন উকীল বা মোখ্তারের খরচা দেওয়ান যাইবেক না ইতি।

৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে আদালত স্থাপন হইল তাহার কার্য্য নির্ব্বাহের নিমিত্ত যে২ কর্ম্মকারকের আবশ্যক বোধ হয় তাহারদিগকে উক্ত সুপ্রিম কোর্ট শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতি লইয়া নিযুক্ত করিবেন। এবং তাহারদের পশ্চাৎ লিখিত মাহিয়ানা সুপ্রিম কোর্ট শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতি লইয়া ধার্য্য করিবেন এবং যেপর্য্যন্ত হইতে পারে সেই পর্য্যন্ত ঐ মাহিয়ানা ঐ আদালতে দাখিলহওয়া রসুমহইতে দেওয়া যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে আইনের দ্বারা যে রসুম ধার্য্য হয় তাহার নিরিখ শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ে২ সংশোধন করিতে পারেন্ এবং ঐ আদালতের কার্য্য নির্ব্বাহের নিমিত্ত ও কর্ম্মকারকেরদের মাহিয়ানাতে যে ব্যয় ওয়াজিবী বোধ হয় যদ্যপি তদপেক্ষা অধিক টাকা রসুমের দ্বারা উসুল হয় তবে সময়ে২ ঐ রসুম কমান যাইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে দেওয়ানী মোকদ্দমার বিষয়ে সুপ্রিম কোর্টের যে ক্ষমতা ও শক্তি আছে সেই ক্ষমতা ও শক্তি এই আইনের দ্বারা স্থাপিত আদালতের প্রত্যেক জন জজ সাহেবের প্রতিও অর্পণ হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩০ নবেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৮ নবেম্বর।]

CIVIL APPOINTMENTS

No 390

FORT WILLIAM,

SEPARATE DEPARTMENT,

CUSTOMS, &c

The 19th October, 1842

The leave of absence granted to Mr W Blunt, Senior Member of the Board of Customs, Salt and Opium, and of the Marine Board, for one month, from the 15th of October, under Section XI of the Absentee Rules of the 29th January 1840, is cancelled at his request, from the 22d of October

By order of the Honourable the Deputy Governor of Bengal,

H V Bayley,

Depy Secy to the Govt of Bengal

No 1445

ORDERS BY THE HONORABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT,

LEAVES OF ABSENCE,

The 31st October 1842

Mr E H Lushington Assistant to the Magistrate and the Collector of the 24 Pergunnahs, for ten days, from the 2d proximo, under Medical Certificate

The 1st November, 1842

Mr H Atherton, Joint Magistrate and Deputy Collector of Pubna, to remain at the Presidency until the sailing of the 'Ellenborough' for the Cape of Good Hope

Doctor J Macrae, Civil Assistant Surgeon at Monghyr, for two months, on private affairs, from the 15th instant

Mr H Ricketts, Commissioner of Revenue of the 16th or Chittagong Division, for six weeks, under Section XI of the Rules of 29th January 1840, to take effect from the date on which he may make over charge of the current duties of his Office to Mr Additional Collector T C Scott

Mr G Loch, Officiating Magistrate of Nuddea, for one month from the 26th ultimo, on private affairs

Baboo Chunder Sein, Sudder Ameen of Durrung in Assam, for twenty days, in excess of the Dusserah Vacation

Moulvie Fuzli Rubbi, ditto ditto of Backergunge, for two weeks in excess of the same

APPOINTMENTS

The 1st November 1842

Mr J W Templer to be Civil and Sessions Judge of West Burdwan, vice Mr W N Garrett resigned

Mr T Taylor to be ditto ditto of Mymensing, vice Mr Templer Mr Taylor will continue to officiate as Civil and Sessions Judge of Nuddea, until relieved

Mr A J Sheridan to conduct the Medical duties of the Civil Departments at Kyook Phyoo in Arracan, until further orders

[*Government Gazette*, 8*th November*, 1842]

রাজকর্ম্মে নিয়োগ।

৩৯০ নম্বর।

ফোর্ট উলিয়ম।

স্বতন্ত্র ডিপার্টমেন্ট।

হাসিলপ্রভৃতি।

১৮৪২ সাল ১৯ অক্টোবর।

হাসিল ও নিমক ও আফীম ও মারিন বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত ডবলিউ ব্লন্ট সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের ছুটী পাওনের বিধির ১১ ধারানুসারে অক্টোবর মাসের ১৫ তারিখঅবধি যে এক মাসের ছুটী পান তাহা তাঁহারি প্রার্থনাক্রমে ২২ অক্টোবর তারিখে রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এচ বি বেলি।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

১৪৪৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

ছুটী।

১৮৪২ সাল ৩১ অক্টোবর।

চব্বিশ পরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের আসিষ্টান্ট শ্রীযুত ই এচ লশিংটন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ২ তারিখঅবধি দশ দিবসের ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ১ নবেম্বর।

পাবনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব 'এলেনবরা' নামক জাহাজ কেপে না যাওয়াপর্য্যন্ত রাজধানীতে থাকিবার অনুমতি পাইয়াছেন।

মুঙ্গেরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে মাক্রে সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁর রাজস্বের কমিস্যনর শ্রীযুত এচ রিকেট্‌স সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। ঐ সাহেব আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার যে তারিখে অতিরিক্ত কালেক্টর শ্রীযুত টি সি স্কট সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি তাঁহার ছুটী আরম্ভ হইবেক।

নদীয়ার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত জি লক সাহেব আগামি মাসের ২৬ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামের ডরঙ্গের সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্র সেন দশহরার বন্দের অতিরিক্ত বিশ দিবসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের ঐ ঐ শ্রীযুত মৌলবী ফজলি রব্বি ঐ বন্দের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

১৮৪২ সাল ১ নবেম্বর।

শ্রীযুত ডবলিউ এন গারেট সাহেব আপনার কর্ম্মে ইশ্‌তাফা দেওয়াতে শ্রীযুত জে ডবলিউ টেম্পলর সাহেব পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ হইয়াছেন।

শ্রীযুত টেম্পলর সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত টি টেলর সাহেব ময়মনসিংহের ঐ ঐ হইবেন। শ্রীযুত টেলর সাহেবের কর্ম্ম অন্য কোন সাহেবের না গ্রহণপর্য্যন্ত তিনি নদীয়ায় সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ জে শেরিডান সাহেব আরাকানের কিউক ফিউর সিবিল ডিপার্টমেন্টে চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

Mr A S Annand to officiate as Collector of Mooishedabad, until further orders

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব মুরশিদাবাদের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

NOTIFICATIONS

The 1st November, 1842

বিজ্ঞাপন।

১৮৪২ সাল ১ নবেম্বর।

Mr G C Cheap received charge of the Hooghly Judge's Office from Mr Money on the 24th ultimo

গত মাসের ২৪ তারিখে শ্রীযুত জি সি চীপ সাহেব হুগলীর জজের সিরিশতার কর্ম্মের ভার শ্রীযুত মনি সাহেবের স্থানে গ্রহণ করিলেন।

Mr W J H Money received charge of the Collectorship of West Burdwan from Mr J W Templer on the 28th idem

গত মাসের ২৮ তারিখে শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব পশ্চিম বর্দ্ধমানের কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত জে ডবলিউ টেম্পলর সাহেবের স্থানে গ্রহণ করিলেন।

Mr E A Samuells received charge of the Magistracy of Tirhoot from Mr A R Young on the 21st idem

গত মাসের ২১ তারিখে শ্রীযুত ই এ সামুএল্‌স সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত এ আর ইয়ং সাহেবের স্থানে গ্রহণ করিলেন।

Mr F B Kemp, Collector of Dinagepore, received charge of the Magistracy of that District, from Mr W Bell, on the 26th idem

গত মাসের ২৬ তারিখে দিনাজপুরের কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ বেল সাহেবের স্থানে গ্রহণ করিলেন।

Lieutenant H Bigge received charge of the Office of Principal Assistant to the Commissioner of Assam, Division of Kamroop, from Captain P Eld, on the 7th idem

গত মাসের ৭ তারিখে শ্রীযুত লেপ্টেনেন্ট এচ বিগ সাহেব আসাম কামরূপ এলাকার প্রধান আসিষ্টান্টী কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান পি এল্‌ড সাহেবের স্থানে গ্রহণ করিলেন।

The leave of absence granted on the 5th September last to Mr E F Radcliffe, Magistrate of Shahabad, for two months, has been cancelled at his own request

শাহাবাদের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেবকে গত সেপ্টেম্বর মাসের ৫ তারিখে যে দুই মাসের ছুটী দেওয়া গিয়াছিল তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 391
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 2d November, 1842

৩৯১ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২ নবেম্বর।

The Honourable the Deputy Governor of Bengal has been pleased to grant to Surgeon Duncan Stewart, M D, Presidency Surgeon and Superintendent General of Vaccination, leave of absence for ten days, on Medical Certificate Assistant Surgeon R O Shaughnessy will have charge of the Vaccine Office during Surgeon Stewart s absence

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব রাজধানীর চিকিৎসক এবং টিকা দেওনের প্রধান সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর ডনকান ষ্টুয়ার্ট সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিবসের ছুটী দিয়াছেন। শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ডাক্তর আর ওশাগনেসি সাহেব টিকা দেওনের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

No 393
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 26th October, 1842

৩৯৩ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৬ অক্টোবর।

The Honourable the Deputy Governor of Bengal is pleased to direct that the following Extract of a Resolution be published for the information of the Members of the Civil Service attached to the College of Fort William

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব হুকুম করিতেছেন যে ফোর্ট উলিয়ম কালেজের সিবিলসম্পর্কীয় শিক্ষক সাহেবদিগের বিজ্ঞাপনার্থ তাহার নির্দ্ধারণের নীচের লিখিত চুম্বক প্রকাশ করা যায়।

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

RESOLUTION

নির্দ্ধারণ।

The Honourable the Deputy Governor of Bengal apprehending that the Rule of the College of Fort William fixing 20 days as the period during which a Student shall remain in Calcutta after being reported qualified for the Public Service, is not on every occasion capable of being strictly enforced, is pleased to resolve in this Department that no Student of the College shall remain in Calcutta more than 30 days from the date of his final Exa-

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব বোধ করিতেছেন যে ফোর্ট উলিয়ম কালেজের যে বিধানেতে ঐ কালেজের প্রত্যেক জন শিক্ষক সাহেবকে সরকারী কর্ম্মের নিমিত্ত উপযুক্তওনের রিপোর্টের পর বিশ দিবস পর্য্যন্ত কলিকাতায় থাকিবার অনুমতি আছে সেই বিধান সর্ব্বদা প্রতিপালন হইতে পারে না অতএব শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব এই নিশ্চয় করিতেছেন যে কালেজের প্রত্যেক জন শিক্ষক সাহেব শেষ [illegible] দেওনের পর বিশেষ অনুমতি না পাইয়া ত্রিশ দিবসের অধিক কলি

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৮ নবেম্বর।]

mination, without obtaining special leave, and that no salary be passed to any Student so over staying in, or returning to, Calcutta, the departure in all cases to be intimated, as in other instances, to the Department under which the Officer serves in Bengal, and in Agra to this Department for communication to the Honourable the Lieutenant Governor of the North Western Provinces

By order of the Honourable the Deputy Governor,

H V BAYLEY,
Deputy Secy

Council Chamber, October 26

কাতায় থাকিবেন না এবং যে কোন শিক্ষক সাহেব ত্রিশ দিনের অধিক কলিকাতায় থাকেন অথবা কলিকাতা হইতে প্রস্থানকরণের পর যদি ফিরিয়া আইসেন তবে তাঁহাকে বেতন দেওয়া যাইবেক না এবং অন্যান্য কার্য্যে যেরূপ হইয়া থাকে সেইরূপে ঐ কালেজের প্রত্যেক জন শিক্ষক সাহেব কলিকাতাহইতে প্রস্থান করণসময়ে যদি বাঙ্গলা দেশে নিযুক্ত হন তবে শিক্ষক সাহেব যে ডিপার্টমেন্টের অধীন আছেন সেই ডিপার্টমেন্টে তাহার সম্বাদ দিবেন এবং যদি আগ্রাতে নিযুক্ত হন তবে উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবকে জানাইবার নিমিত্ত এই ডিপার্টমেন্টে সম্বাদ দিবেন।

শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এচ বি বেলি।
ডেপুটী সেক্রেটারী।

কৌন্সেল ঘর। ২৬ অকটোবর।

No 394
FORT WILLIAM,
SEPARATE DEPARTMENT,
The 26th October, 1842

Mr F J Morris received charge of the Office of Superintendent of the Hooghly Salt Chokeys on the 19th instant from Mr L Stirling

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal

৩৯৪ নম্বর।
ফোর্ট উলিয়ম।
স্বতন্ত্র ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ২৬ অকটোবর।

শ্রীযুত এফ জে মরিস সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখে হুগলীর নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেন্টী কর্ম্মের ভার শ্রীযুত ই ষ্টর্লিং সাহেবের স্থানহইতে গ্রহণ করিলেন।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

SALES OF LAND

জমীদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জিলা চট্টগ্রাম।

হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ১৬ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাইবেক।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

আইনের অর্থ।

অশুদ্ধ শোধন।

বর্ত্তমান বৎসরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৪৮১ পৃষ্ঠায় ১৩৫০ নম্বরী আইনের অর্থের অষ্টম পংক্তিতে "খরীদার বায়নার যত টাকা দিয়াছিল অথবা যত টাকা ডাকিয়াছিল সেই সমুদায় হারিবেক" এই কথার পরিবর্ত্তে "খরীদার আপনি যত টাকা ডাকিয়াছিল তাহার উপর যে টাকা বায়না দিয়াছিল তাহা হারিবেক" ইহা পাঠ করিতে হইবেক।

জে হকিন্স। রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালত।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপীলহওয়া মোকদ্দমার বিষয়ে সদর দেওয়ানী আদালতের হুকুম।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে যে মোকদ্দমার আপীল হয় সেই মোকদ্দমার খরচার জামিনস্বরূপ কোম্পানির প্রোমিসরি নোট দাখিল হইলে সেই নোটের বাজারে সময়ক্রমে যে মূল্য হয় সেই মূল্যে গ্রহণ হইবেক।

১৮৪২ সাল ২৫ নবেম্বর।

প্রতিমোকদ্দমার খরচার দরুন আপেলাণ্টের যে জামিন দিতে হইবেক তাহা ২৫,০০০ কোম্পানির টাকায় নিরূপণ হইল। ১৮৪২ সাল ২৫ নবেম্বর।

জে হকিন্স। রেজিষ্টর।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

বিদ্যাধ্যাপন।

৮১৩ নম্বর।

জেনরল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত জি এ বুসবি সাহেব বরাবরেষু।

১৮২০ নম্বরী আপনকার ১৯ নবেম্বর তারিখের পত্র বিদ্যাধ্যাপনের কৌন্সেল প্রাপ্ত হইয়াছেন তাহাতে ঐ কৌন্সেলের বিবেচনা ও রিপোর্ট করণের নিমিত্তে নানা পত্র আপনি পাঠাইয়াছেন ঐ নানা পত্রের দ্বারা দৃষ্ট হইতেছে যে ১৮৩৯। ৪০ সালের সাধারণ রিপোর্টের এপেণ্ডিক্সের ২০০। ২০১। ২০২ পৃষ্ঠায় যে নিয়ম লেখা আছে তদনুসারে যে২ কালেজের সম্পর্কে ছাত্রবৃত্তি নিযুক্ত হইয়াছে সেই২ কালেজে জিলার বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণীর ছাত্রবৃত্তি ভোগিরদিগকে গমন করণের প্রবোধ দেওয়া দুঃসাধ্য হইয়াছে।

২। তাহাতে বিদ্যাধ্যাপনের কৌন্সেল আমাকে এই উত্তর দিতে আজ্ঞা করিয়াছেন যে মধ্যস্থিত কালেজসম্পর্কে

should be attached to central places of Education had its origin in the desire to establish the larger Seminaries as Colleges to which youths educated in inferior Schools should resort in order to attain a higher proficiency by availing themselves of the superior facilities and better Teachers of these Institutions

3 But it appears evident from the references made, that these central places of Instruction are not yet regarded in this light in the Districts, and some of them are not in the requisite state of forwardness to be entitled to be so considered Under these circumstances, the Council see no objection to the Mofussil Schools, to which Scholarships at a Central College have been attached, being allowed to take them, subject of course to the same tests of proficiency, with an option to successful competitors either to join the Central College, or to enjoy the allowance and prosecute their studies at the Mofussil School

4 There can be no objection to this course on the score of account, for the Scholarships have been granted from the separate extra grant made by Government in 1840, and have not been regarded as appropriations to the Funds of the Central Colleges, that the option thus proposed to be given should be considered a re alienation

5 But though the Council admit that in the present state of the Government Institutions there are grounds for this change of plan, the Council think the arrangement should be temporary, and subject to be discontinued whenever the state of the Central Colleges, and of feeling in respect to them, shall enable the original Rule to be carried out with advantage

H V BAYLEY, *Secretary*

Council of Education, 1st Nov 1842

To H V BAYLEY, Esq

Secretary to the Council of Education

I am directed to acknowledge the receipt of your Letter, No 813, dated the 1st instant, and in reply to state that the Honourable the President in Council concurring generally in the opinion of the Council, approves of the suggestion submitted in your Letter for temporarily authorizing Mofussil Schools to which Scholarships at a Central College have been attached, to take them, subject to the usual tests of proficiency, with an option to successful competitors either to join the Central College, or to draw the allowance and prosecute their studies at the Institutions to which they may belong

2 The necessary communication will be made to all the Mofussil Schools under the Government of India

H V BAYLEY,

Depy Secy to the Govt of India

Council Chamber, the 16th November, 1842

PROCLAMATION

SECRET DEPARTMENT,

SIMLA, THE 1st OCTOBER, 1842

The Government of India directed its army to

[*Government Gazette, 29th November*, 1842]

ছাত্রবৃত্তি নিযুক্ত করিবার বিধির এই অভিপ্রায় ছিল যে মধ্যস্থানের বিদ্যালয় কালেজের ন্যায় স্থাপিত হয় এবং অধস্থ বিদ্যালয়ে শিক্ষিত ছাত্রেরা সেই স্থানে গমন পূর্ব্বক তথায় শিক্ষা করিবার অত্যুত্তম উপায়ের দ্বারা এবং ঐ বিদ্যালয়ের উত্তমতর শিক্ষকের উদ্যোগক্রমে তাহারদের নানা বিদ্যাতে অধিক সংস্কার হয়।

৩। কিন্তু নানা জিজ্ঞাসা করাতে যে উত্তর পাওয়া গিয়াছে তদ্দ্বারা বোধ হইতেছে যে ঐ মধ্যস্থিত বিদ্যালয় অদ্যাপি এমত পারিপাটী হয় নাই যে তাহা কালেজের ন্যায় জ্ঞান হইতে পারে। ইহা বিবেচনা করিয়া কৌন্সেলের সাহেবেরা বোধ করেন যে মধ্যস্থিত কালেজের সম্পর্কে যে বৃত্তি নিযুক্ত হইয়াছে সেই বৃত্তি মফঃসলের বিদ্যালয়ের ছাত্রেরদিগের সংস্কারের প্রমাণ হইলে তাহারদিগকে ভোগ করিতে অনুমতি দিলে এবং যাহারা কৃতবিদ্য হইয়া বৃত্তি প্রাপ্ত হয় তাহারদিগকে আপন২ ইচ্ছামতে মধ্যস্থানের কালেজে গমন করিতে অথবা মফঃসলের বিদ্যালয়ে থাকিয়া বিদ্যা শিক্ষা করিতে অনুমতি দিলে হানি নাই।

৪। এইমত নিয়ম করাতে হিসাবের বিষয়ে কিছু আপত্তি হইতে পারে না যেহেতুক ১৮৪০ সালে গবর্ণমেণ্ট যে পৃথক উপরি দান করিয়াছিলেন তাহা হইতে এই বৃত্তির টাকা দেওয়া গিয়াছে এবং তাহা মধ্যস্থানের কালেজের স্থিতের মধ্যে গণ্য হয় না অতএব ছাত্রেরদিগকে মফঃসলে আপন২ পাঠশালায় থাকিয়া বৃত্তি ভোগ করিতে অনুমতি দিলে ঐ কালেজের টাকার কিছু হস্তান্তর হইয়াছে এমত বোধ হইবেক না।

৫। কিন্তু যদ্যপি কৌন্সেলের সাহেবেরা স্বীকার করেন যে সরকারের বিদ্যালয়ের বর্ত্তমান অবস্থা বিবেচনা করিয়া নিয়মের এইরূপ মতান্তর করা উচিত তথাপি তাঁহারা বোধ করেন যে এইরূপ নিয়মের মতান্তর কেবল কিঞ্চিৎ কালের নিমিত্তে করিতে হইবেক এবং যখন মধ্যস্থানের কালেজের পারিপাট্য হইয়াছে এবং তথায় গমন করিতে ছাত্রেরদের আপত্তি খণ্ডন হইয়াছে তখন ঐ মূল নিয়মের মতাচরণ করিলে অত্যুপকার হইবেক।

এচ বি বেলি। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪২। ১ নবেম্বর।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী শ্রীযুত এচ বি বেলি সাহেব বরাবরেষু।

তোমার এই মাসের ১ তারিখের ৮১৩ নম্বরী পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে এবং কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বিদ্যাধ্যাপনের কৌন্সেলের মতে সম্মত হইয়া মধ্যস্থানের কালেজের সম্পর্কে মফঃসলের বিদ্যালয়ে ছাত্রেরদের যে বৃত্তি নিযুক্ত হইয়াছে বিদ্যার রীতিমত প্রমাণ হইলে সেই বৃত্তি ভোগ করিতে এবং কৃতার্থ প্রতিযোগিরদিগকে আপন২ ইচ্ছাক্রমে মধ্যস্থানের কালেজে গমন করিতে অথবা আপন২ বিদ্যালয়ে বিদ্যা শিক্ষা করিয়া সেই বৃত্তি ভোগ করিতে কিছু কালের নিমিত্তে নিয়ম করণের বিষয়ে কৌন্সেলের সাহেবেরা যে পরামর্শ দিয়াছেন তাহাতে শ্রীযুতও ঐক্য আছেন।

২। ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীন সকল বিদ্যালয়ে এই নিয়ম জ্ঞাপন করা যাইবেক।

এচ বি বেলি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

কৌন্সেল চেম্বর। ১৮৪২। ১৬ নবেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সিক্রেট ডিপার্টমেণ্ট।

সীমলা। ১৮৪২ সাল ১ অক্টোবর।

যে অধ্যক্ষ ইঙ্গলণ্ডীয়েরদের প্রতিকূল বোধ হইলেন

pass the Indus in order to expel from Affghanistan a Chief believed to be hostile to British interests, and to replace upon his throne a Sovereign represented to be friendly to those interests, and popular with his former subjects

The Chief believed to be hostile became a prisoner and the Sovereign represented to be popular was replaced upon his throne but after events which brought into question his fidelity to the Government by which he was restored, he lost by the hands of an assassin the throne he had only held amidst insurrections and his death was preceded and followed by still existing anarchy

Disasters unparalleled in their extent, unless by the errors in which they originated, and by the treachery by which they were completed, have in one short campaign been avenged upon every scene of past misfortune, and repeated victories in the field, and the capture of the cities and citadels of Ghuznee and Cabool, have again attached the opinion of invincibility to the British arms

The British army in possession of Affghanistan will now be withdrawn to the Sutlej

The Governor General will leave it to the Affghans themselves to create a Government amidst the anarchy which is the consequence of their crimes

To force a Sovereign upon a reluctant people would be as inconsistent with the policy as it is with the principles of the British Government, tending to place the arms and resources of that people at the disposal of the first invader and to impose the burthen of supporting a Sovereign without the prospect of benefit from his alliance

The Governor General will willingly recognize any Government approved by the Affghans themselves, which shall appear desirous and capable of maintaining friendly relations with neighbouring States

Content with the limits nature appears to have assigned to its empire the Government of India will devote all its efforts to the establishment and maintenance of general peace, to the protection of the Sovereigns and Chiefs its allies and to the prosperity and happiness of its own faithful subjects

The rivers of the Punjab and the Indus, and the mountainous passes and the barbarous tribes of Affghanistan, will be placed between the British army and an enemy approaching from the West, if indeed such enemy there can be, no longer between the army and its supplies

The enormous expenditure required for the support of a large force, in a false military position, at a distance from its own frontier and its resources will no longer arrest every measure for the improvement of the country and of the people

The combined army of England and of India, superior in equipment in discipline, in valour, and in the Officers by whom it is commanded, to any force which can be opposed to it in Asia, will stand in unassailable strength upon its own soil, and for

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২ । ২৯ নবেম্বর ।]

তাহাকে আফগানস্থানহইতে দূর করিতে এবং যে রাজা ইঙ্গলণ্ডীয়েরদের অনুকূল কথিত হইলেন এবং আপন প্রাচীন প্রজার প্রিয়পাত্র সেই রাজাকে আপন সিংহাসনে পুনঃস্থাপনের নিমিত্ত ভারতবর্ষের গবর্ণমেন্ট আপনার সৈন্যেরদিগকে সিন্ধু নদীর পারে পাঠাইলেন।

যে অধ্যক্ষ ইঙ্গলণ্ডীয়েরদের প্রতিকূল বোধ হইলেন তিনি ধৃত হইলেন এবং যে রাজা আপন প্রজার প্রিয়পাত্র বোধ ছিলেন তিনি পুনর্ব্বার সিংহাসনোপবিষ্ট হইলেন কিন্তু তৎপরের ঘটনাতে যে গবর্ণমেন্ট তাহাকে সিংহাসনে উপবিষ্ট করাইলেন সেই গবর্ণমেন্টের প্রতি তাঁহার বিশ্বস্ততার বিষয়ে সন্দেহ হইল এবং নিয়ত উপদ্রব হওনের পর তিনি এক জন দস্যুর দ্বারা মারা পড়িলেন এবং তাহার মরণের পূর্ব্বে দেশ যেমত বিশৃঙ্খল হইয়াছিল তাহার মরণের পরেও দেশ সেইমত বিশৃঙ্খলাবস্থায় আছে।

অপূর্ব্ব ভ্রমপ্রযুক্ত অপূর্ব্ব বিভ্রাট হইয়াছিল এবং অপূর্ব্ব বিশ্বাসঘাতকতার দ্বারা সেই বিভ্রাট সম্পন্ন হইল কিন্তু অল্প কালস্থায়ি যুদ্ধে তাহার প্রতিফল পূর্ব্বের দুর্ঘটনার প্রত্যেক স্থানে দেওয়া হইয়াছে এবং ইঙ্গলণ্ডীয়েরদের সৈন্যেরা রণস্থলে বারম্বার জয়ি হওয়াতে এবং গজনের ও কাবলের শহর ও কিল্লা অধিকার করাতে তাহারা পুনর্ব্বার অজেয়রূপে বিখ্যাত হইয়াছেন।

ইঙ্গলণ্ডীয় সৈন্যেরা আফগানস্থান পুনঃদখল করিয়া এক্ষণে শতদ্রু নদীর দক্ষিণপর্য্যন্ত ফিরিয়া আসিবেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর জানাইতেছেন যে আফগানীয়েরদের দোষপ্রযুক্ত যে দেশে যে অরাজকতা হইয়াছে তাহাহইতে আফগানীয়েরা আপনারদিগকে উদ্ধার করিয়া রাজ্য স্থাপন করুন।

প্রজারদের অনিচ্ছায় তাহারদের উপরে রাজা নিযুক্ত করা ব্রিটিস গবর্ণমেন্টের যেমন রাজনীতির বিরুদ্ধ তেমনি তাহারদের ব্যবহারের বিরুদ্ধ যেহেতুক তাহা করিলে সেই দেশে যে ব্যক্তি প্রথম আক্রমণ করেন প্রজারা তাহার অনুকূল হইবেক এবং দেশের সমস্ত ধনাদি তাঁহারি হইবেক অথচ যে রাজার সঙ্গে সম্পর্ক থাকাতে কোন উপকার নাই সেই রাজার সাহায্য করিতে হইবেক।

যে ব্যক্তিকে আফগানীয়েরা রাজার ন্যায় স্বীকার করে সেই রাজার চতুর্দ্দিকস্থ রাজারদের সঙ্গে যদি মিত্রতা রাখিতে ইচ্ছা ও শক্তি থাকে এমত রাজাকে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর স্বচ্ছন্দে স্বীকার করিবেন।

স্বভাবত এই সাম্রাজ্যের যে সীমা দৃষ্ট হয় সেই সীমার মধ্যস্থিত দেশে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তৃপ্ত হইয়া সাধারণ শান্তি স্থাপন ও রাখণেতে এবং সহকারি রাজা ও অধ্যক্ষেরদের রক্ষা করণেতে এবং আপনার বিশ্বস্ত প্রজারদের সুখ ও মঙ্গল বৃদ্ধি করণেতে সর্ব্বতোভাবে যত্ন করিবেন।

পশ্চিম দিগহইতে আগমনেচ্ছুক যদি কোন শত্রু থাকে তবে সেই শত্রু ও ইঙ্গলণ্ডীয়েরদের সৈন্যের মধ্যে পঞ্জাবের নদী ও সিন্ধু নদী ও আফগানীয়েরদের পর্ব্বতীয় পথ ও অসভ্য জাতীয়েরা ব্যবধান থাকিবেক এবং ঐ২ নদী ও পর্ব্বতীয় পথ ও অসভ্য জাতীয় ইঙ্গলণ্ডীয়েরদের সৈন্য ও তাঁহারদের যুদ্ধসম্পর্কীয় দ্রব্যের মধ্যে আর ব্যবধান থাকিবেক না।

ইঙ্গলণ্ডীয়েরদের রাজ্যের সীমা ও তাহার যুদ্ধসম্পর্কীয় দ্রব্যপ্রভৃতিহইতে অতিদূরে অনুপযুক্ত স্থানে বহু সংখ্যক সৈন্য নিযুক্ত ছিল এবং তাহারদের রক্ষণাবেক্ষণের নিমিত্ত বিস্তারিত খরচ হইতেছিল এবং তাহাতে এ দেশের ও প্রজার মঙ্গলের নিমিত্তে কোন উদ্যোগ করা যাইতে পারিল না এমত আর হইবেক না।

ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের সম্মিলিত সৈন্যেরদের প্রতিকূলে আশিয়াতে যে কোন সৈন্য আসিতে পারে তদপেক্ষা ঐ সৈন্য সজ্জাতে ও সুশাসনেতে ও বীর্য্যেতে এবং সেনাপতির সম্পর্কে শ্রেষ্ঠ এবং শ্রীশ্রী৺ ইচ্ছাক্রমে ঐ সৈন্যেরা যে রাজ্য অধিকার করিয়াছে সেই রাজ্য অতি

ever, under the blessing of Providence, preserve the glorious empire it has won, in security and in honor

The Governor General cannot fear the misconstruction of his motives in thus frankly announcing to surrounding States the pacific and conservative policy of his Government

Afghanistan and China have seen at once the forces at his disposal, and the effect with which they can be applied

Sincerely attached to peace for the sake of the benefits it confers upon the people, the Governor General is resolved that peace shall be observed and will put forth the whole power of the British Government to coerce the State by which it shall be infringed

By order of the Right Honourable the Governor General of India,

(Signed) T H MADDOCK

Sec to the Govt of India,
With the Governor General

CIVIL APPOINTMENTS

No 398

FORT WILLIAM,
ECCLESIASTICAL DEPARTMENT,

The 9th November, 1842

The Honourable the Court of Directors have appointed the Reverend J N Norgate now Officiating Chaplain at Malacca, to be an Assistant Chaplain on the Bengal Establishment

GENERAL DEPARTMENT

The 16th November, 1842

Mr J A Dorin, of the Civil Service, reported his return from England on board the Ship "Agincourt, which Vessel reached Kedgeree on the 13th instant

Presidency Surgeon Duncan Stewart, M D, resumed charge of the Office of Superintendent General of Vaccination on the 13th instant

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal

No 1541

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENT

The 21st November, 1842

Mr Assistant Surgeon H H Bowling to assume Medical charge of the Civil Station of Shahabad, vice Mr S H Batson

LEAVE OF ABSENCE

Mr W T Taylor, Collector of Purnea, for one day, in extension of the leave granted to him on the 23d August last.

NOTIFICATION

Mr E H Lushington, Assistant to the Magistrate and the Collector of the 24-Pergunnahs, returned to his duties on the 13th instant.

[*Government Gazette, 29th November*, 1842]

অনাক্রমণীয়রূপে আপনাবদের ভূমির উপর থাকিয়া নির্বিঘ্নে ও সম্ভ্রমে রক্ষা করিবেক।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এমত কোন ভয় নাই যে আপনার রাজশাসনের এইরূপ শান্তিকর যে নিয়ম এক্ষণে সপষ্টতঃ চতুর্দ্দিকস্থ সকল রাজার নিকটে জানাইতেছেন তাহার অভিপ্রায় কেহ অন্য প্রকার বুঝিবেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অধীনে যে সৈন্য আছে এবং সেই সৈন্য যেরূপে যুদ্ধ করিতে পারে তাহা আফগানস্থান ও চীন দেশ একি ক্রমে দেখিয়াছেন।

শান্তির দ্বারা প্রজারদের যে২ উপকার হয় তাহার নিমিত্তে শ্রীযুত গবরনর জেনরল বাহাদরের শান্তির প্রতি মন আছে এবং শান্ত্যবস্থায় থাকিতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নিশ্চয় করিয়াছেন কিন্তু যে রাজা শান্তি ভঙ্গ করেন তাহাকে ব্রিটিস গবর্ণমেণ্ট সম্পূর্ণরূপে শাসন করিবেন।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে। টি এচ মাড়ক।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিয়োগ।

৩৯৮ নম্বর।

ফোর্ট উলিয়ম।

১৮৪২ সাল ৯ নবেম্বর।

শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা মালাকার একটিং ধর্ম্মোপদেশক শ্রীযুত জে এন নর্গেট সাহেবকে বাঙ্গলা দেশের সিবিশতায় আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ১৬ নবেম্বর।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে এ ডোরিন সাহেব "আজিনকোর্ট' নামক জাহাজে ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৩ তারিখে খাজরীতে পহুছে।

রাজধানীর চিকিৎসক শ্রীযুত ডনকান ষ্টুয়ার্ট সাহেব বর্ত্তমান মাসের ১৩ তারিখে টীকা দেওনের সুপরিণ্টেণ্ডেণ্ট জেনরলী কর্ম্ম পুনর্ব্বার গ্রহণ করিলেন।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১৫৪১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ২১ নবেম্বর।

শ্রীযুত এস এচ বাটসন সাহেবের পরিবর্ত্তে আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ এচ বৌলিং সাহেব শাহাবাদের সদর স্থানের চিকিৎসকতা কর্ম্ম গ্রহণ করিবেন।

ছুটী।

পূরণিয়ার কালেক্টর শ্রীযুত ডবলিউ টি টেলর সাহেব গত আগষ্ট মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক দিবসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্ট শ্রীযুত ই এচ লশিংটন সাহেব বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার কর্ম্মে পুনর্ব্বার উপস্থিত হইলেন।

Lieutenant C Scott received charge of the Kamroop Division, from Lieutenant H L Bigge, on the 1st idem

The leave of absence granted to Syed Abbas Allee, Principal Sudder Ameen of Furreedpore on the 5th September last for ten days, in excess of the Dusserah vacation, has been cancelled at his own request

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

No 1550.

ORDERS BY THE HONORABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

LEAVE OF ABSENCE

The 21st November, 1842

Mr J Stainforth, Special Commissioner under Regulation III of 1828, of Cuttack, for one month, from the 10th proximo, on private affairs, under Section XI of the Rules of 29th January, 1840, making over charge of the current duties of his Office to Mr Malet, the Special Deputy Collector

The leave of absence granted under date the 1st instant to Dr J Macrae Civil Assistant Surgeon at Monghyr, is hereby cancelled

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

শ্রীযুত লেপ্টেনেন্ট সি স্কট সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে শ্রীযুত লেপ্টেনেন্ট এচ এল বিগ সাহেবের স্থানে কামরূপের অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করিলেন।

ফরিদপুরের প্রধান সদর আমীন শ্রীযুত সায়দ আব-বাস আলীকে গত সেপ্টেম্বর মাসের ৫ তারিখে দশহরার বন্দের অতিরিক্ত যে ১০ দিবসের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৫৫০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

ছুটী।

১৮৪২ সাল ২১ নবেম্বর।

১৮২৮ সালের ৩ আইনানুসারে কটকের স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত জে ষ্টানিফোর্থ সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। এবং আপনার দফ্তরখানার চলিত কর্ম্মের ভার স্পেসিয়ল ডেপুটী কালেক্টর শ্রীযুত মালেট সাহেবের প্রতি অর্পণ করিবেন।

মুঙ্গেরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে মাক্রে সাহেবকে বর্ত্তমান মাসের ১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

OPIUM

আফিম।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪২ সাল ৮ আক্টোবর মোতাবকে সন ১২৪৯ সাল তারিখ ২৩ আশ্বিন।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৩ সাল ইংরাজী তারিখ ২ জানুআরি মোতাবকে বাঙ্গলা সন ১২৪৯ সাল তারিখ ১৯ পৌষ সোমবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘটার সময় মোকাম কলিকাতা এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪১। ৪২ সালের পয়দায়সী আফিম সমুদ্রপথে রপ্তানি জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম	৩৫০০
বারাণসের পয়দায়শী আফিম	১৫০০
জুমুলা সিন্দুক	৫০০০

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এইরূপে রপ্তানির মাল ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূনসংখ্যা কোং ৪০০ টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপরি যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মুল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদায় ৫০০০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরিমিট নমক ও আফিম বোর্ডের সাহেবান আলিশানের এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকী থাকিবেক তাহা তাহার পর আগামী নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলামে আফিম খরিদ করণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজেষ্টরি হওনের পূর্ব্বে ফি লাট ১০০০ টাকার অর্থাৎ ফি সিন্দুক ২০০ টাকার হিসাবে আমানত পেশগী বাবতে দর্শনি প্রোমিসরি নোট অর্থাৎ তমঃসুক লিখিয়াদিতে হইবেক আর আগামি ৬ জানুআরি শুক্রবার বেলা দুইপ্রহর চারিঘণ্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রোমিসরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানত পেশগী হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকসান ও খরচ খরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনাফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জমা হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রোমিসরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি

পূর্ব্বোক্ত ৬ জানুআরি তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকীলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবদ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবদ আমানত পেশগী টাকা ৬ জানুআরি দিবা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক ১ মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৩ সালের ২ ফিব্রুআরি বৃহস্পতিবার দিবা দুই প্রহর চারি ঘণ্টার পর উক্ত কিম্মতের বাবত ট্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না, ও যে আফিমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবে তাহার ঐ পূর্ব্বোক্ত ফিলাট, ১০০০ টাকার হিসাবে অথবা ফি সিন্দুক ২০০ টাকার হিসাবে যে আমানত পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নমক ও আফিমের সাহেবান আলিশান দ্বারা যে তারিখ যে প্রকার নীলাম করা উচিত বোধ হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদ আফিমের প্রত্যেক সর্টিফিকটের মধ্যে কত লাট আফিম দস্তখত করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা সুস্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন কোন সর্টিফিকট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকট দেওয়া যায় তাহাভিন্ন অন্য কোন প্রকারে কমী বেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকট এক্ষে দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুযায়িক আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সব ট্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহীতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোখ্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানত পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুর খালাশ হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের ররাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুক্ত সাহেবান আলিশান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপ্রিন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত লাট খরিদ করণার্থ ডাকিবেক তাহার ফি লাট ১০০০ টাকার হিসাবে অর্থাৎ ফি সিন্দুক ২০০ টাকার হিসাবে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সব ট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামী খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বরহইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমত পহিলা লাট অবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকারে খরিদা লাটহায়ের ফি লাট ১০০০ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহায়ের কিম্মত ফি সিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ পঞ্চাশ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমিল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের তফশীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দফতরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এক্ষণে এই এস্তেহার হইল তাহার সর্টিফিকট।

২ নং ঐ আফিম তজবীজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪১। ৪২ সালের বেহার ও বারাণসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের লোচশুদ্ধা নির্ভাজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটি তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটিতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বারাণসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালান হইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারি সাহেবের দপ্তরখানায় তলব করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত দুই সনের পাদাগণী যে চারি সিন্দুক বেহার ও বারাণসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নির্ব্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার মেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বারাণসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহার	বারাণস	জুমলা সিন্দুক
৬ ফিব্রুআরি অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১১০০	৭০০	১৮০০
১৭ এপ্রেল অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	২১০০	১১০০	৩২০০
২২ মে অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১২০০	৮০০	২০০০
২৬ জুন অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	১৭৯৯	১৩৬৯	৩১৬৮
	৬১৯৯	৩৯৬৯	১০১৬৮

[*Government Gazette, 29th November, 1842*]

১৮ দফা। অধিকন্তু সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮১৫ সালের ৭ মার্চ তারিখে ইংরাজ ও ফরাস উভয়ে যে একরারনামা করিয়াছেন সেই একরারনামার লিখিত ষষ্ঠ প্রকরণানুসারে ফরাসের বাদশাহের তরফ যে এজেণ্ট সাহেবান বাঙ্গলায় থাকিবেন কিম্বা তাঁহারা যে ব্যক্তিরদিগকে নিযুক্ত করিবেন সেই সকল উপরের লিখিত সন ১৮৪৩ সালের জানুআরি ফিব্রুআরি এপ্রেল মে এবং জুন মাহার ৫ নীলামে যে মেকদার বেহার ও বারাণসের আফিম বিক্রয় হইবার এস্তেহার হইল তাহার মধ্যে ঊর্দ্ধ সংখ্যা সিন্দুকপর্য্যন্ত আফিম লইবার এক্তিয়ার রাখেন এই আফিম যে নীলামে অথবা নীলামহাদের সম্পর্কীয় হইবেক তাহার গড়দরে লইবেন আর ফরাসের এজেণ্ট সাহেবের সন মজুকুরের মধ্যে যতো আফিম লওনের প্রয়োজন হইবেক তাহা সমুদায় নীলামে অথবা নীলামহায়েতে লইবেন তাহার নির্ণয় করিয়া এই এস্তেহার হওনের পর ৩০ দিবসের মধ্যে প্রার্থনা লিপি লিখিবেন যদ্যপি ফরাসের এজেণ্ট সাহেবান উপরের মিয়াদ মধ্যে আফিম লওন কারণ কোন প্রার্থনা না করেন তবে উপরের লিখিত সমুদায় ১৫১৬৮ সিন্দুক বেহার ও বারাণসের আফিম ধারামতে নীলামে বিক্রয় হইবেক এবং ঐ পূর্ব্ব ৫ নীলামে যে মেকদার আফিম বিক্রয় হওনের এস্তেহার হইল তাহার অন্যরে যদ্যপি ফরাসের এজেণ্ট সাহেবান কোন মেকদার আফিম ঐ ৫ নীলামের প্রত্যেক অথবা কোন এক নীলামে লইবার দরখাস্ত করেন কিন্তু আফিম মজকুরের কিম্মত মেয়াদ মধ্যে না দেন তবে সেই আফিম বিক্রয় করিবার এক্তিয়ার সুবে বাঙ্গলার গবর্ণর বাহাদুর রাখেন হয় কিম্মত আদায়ের মেয়াদগতে যে নীলাম উপস্থিত হইবেক তাহার নিরূপিত মেকদার বৃদ্ধি করিয়া বিক্রয় করিবেন নতুবা ঐ নিমিত্তে এক স্বতন্ত্র নীলাম মোকরর করিয়া বিক্রয় করিবেন।

একরার নামা।

উপরের লিখিত ইঙ্গরেজ ও ফরাস জাতির মধ্যে একরার নামার ষষ্ঠ প্রকরণ আফিমের তেজারতের বিষয়ে উভয় সম্মত হইলেন যে আফিমের প্রত্যেক নীলামের কালে ফরাসের বাদশাহের এজেণ্ট সাহেবান কিম্বা তাহার দিগের তরফ যে ব্যক্তি নিযুক্ত হইবেন যতো সিন্দুক আফিম লইবার প্রার্থনা করিবেন ততো দেওয়া যাইবেক কিন্তু প্রত্যেক বৎসর ৩০০ সিন্দুকের অধিক লইতে পারিবেন না যে নীলামে আফিম লইবেন সেই নীলামের গড়দরে লইতে হইবেক আর কোন এক দফার যে মেকদার আফিমের দরখাস্ত করিবেন যদ্যপি ফরাসের বাদশাহের এজেণ্ট সাহেবান মেয়াদ মধ্যে তাহা খালাস না করেন তবে সেই আফিম উপরের লিখিত ৩০০ সিন্দুকের মধ্যে বাদ পড়িবেক আফিম লইবার দরখাস্ত কলিকাতার গবর্ণর জেনরল বাহাদুরের নিকট গবর্ণমেণ্ট গেজেট খবরের কাগজে বিক্রয়ের এস্তাহার দেওনের পর ৩০ দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি।

এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND — জমীদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই জেলার সংক্রান্ত ভদাইকুড়ির রাজা কৃষ্ণচন্দ্রের হিস্যা যাহাতে গোসাঞী গঙ্গারামের নাম জারি হইয়াছে তাহার বাটওয়ারার জন্য আমীনের দরমাহা সন ১২৪৬ সালের ইস্তক ১ কার্ত্তিক লাগাইদ ২০ পৌষ মুদ্দত ২। ২০ দুই মাস কুড়ি দিবসের ৩২ ০৲ টাকা না দেওয়াতে এই কালেক্টরির চলিত মাসের ৩০ সেপ্টেম্বরের আজ্ঞানুযায়ি উক্ত দরমাহার টাকা আদায় কারণ ঐ জমিদারের উল্লেখ মহালের হিস্যা নীচের তপশীলমত সন ১৮৪১ সালের দ্বাদশ আইনের ৮ ধারার মর্ম্মানুসারে সন ১৮৪২ সালের তারিখ ৯ ডিসেম্বর মোং সন ১২৪৯ সালের তারিখ ২৫ অগ্রহায়ণ নীলামহওনের ইস্তাহার জারি হইল যদি উক্ত মহালের হিস্যাদার এই ইস্তাহারের লিখিত সমুদয় দরমাহার টাকা নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে টাকা দিলেও তাহা গ্রহণ না হইয়া এই কালেক্টরির কাছারিতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখেন ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিস সমেত হাজির হইয়া আইনমত খরিদ করত এ বিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ১৮ নবেম্বর মোং সন ১২৪৯ সাল তারিখ ৪ অগ্রহায়ণ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা মায় থানাদারি	তাগাদায় বকয়া সালে নীলাম হইবেক	তা°ন বাটওয়ারার জন্য আমীনের দরমাহার টাকা।	কৈং
১	১৪৩৭	ভদাইকুড়ি ওগয়রহ	রাজা কৃষ্ণচন্দ্র গোসাঞী গঙ্গা রাম ও কোঙর রামচন্দ্র ও রাণী জগাত কোঙরী।	১০৫৪২৮৷৷৮	এই মহালের রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুরের হিস্যা যাহাতে গোসাঞী গঙ্গারামের নাম জারি হইয়াছে নীলাম হইবেক।	৩২০৲	

Moorshedabad Collectorate, 18*th November*, 1842 — A S Annand, *Offg Collector*.

ফৌজদারী ইশতিহার।

জিলা দিনাজপুরের অন্তঃপাতি জয়শঙ্করদাসপ্রভৃতি ভূম্যধিকারির পরগনে সালবাড়ীর মোকাম খড়ীবাড়ীর জমীদারী কাছারীর মাজুল বরকন্দাজ পশ্চিম প্রদেশীয় জওাহের সিংহ ও নীলু সিংহ ও দোহার সিংহ ওরফে দেবরাজ সিংহ বরকন্দাজান উক্ত কাছারির রামদুলাল দাস তহসীলদারকে খড়্গ দ্বারা ছেদনপূর্ব্বক হত্যা ও কালীচন্দ্র দাস ও কালুয়া পাইককে তলওয়ারের দ্বারা ক্ষত করিয়া এবং মালখানার সিন্দুক ও বাক্স ভগ্ন করণানন্তর নগদ টাকাদি ডাকাতিপূর্ব্বক অপহরণ করিয়া পলায়ন করিয়াছে অতএব সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এস্তাহার করা যাইতেছে

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৯ নবেম্বর।]

যে যে ব্যক্তি উক্ত পলায়িত অপরাধিগণকে অনুসন্ধানপূর্ব্বক ধৃত করাইয়া দিবেক সে ব্যক্তি উক্ত জমীদারদিগের স্বীকৃত ৫০৲ টাকা এবং শ্রীযুত সুপ্রিন্টেণ্ডেণ্ট পুলিস সাহেব বাহাদুরের মঞ্জুরী ৫০৲ টাকা প্রত্যেক অপরাধির জন্য ইনাম প্রাপ্ত হইবেক।

আকৃতী।

নীলু সিংহ বরকন্দাজ জাতিক্ষত্রী বয়স আন্দাজ ২৫। ২৬ বৎসর মোচ্ছ কিছু২ উঠিয়াছে মধ্যম শরীর উত্তম গৌরবর্ণ মাথাতে বাবরি আছে দেশওয়ালি লোক।

জওয়াহের সিংহ বরকন্দাজ ওলদে রামশহায় সিংহ বয়স আন্দাজ ৩০। ৩৫ বৎসর দন্ত সকল পানের পিকে কালো হইয়াছে পাতলা শরীর মধ্যম কদ মাথাতে অল্পচুল বাবরিরমত জাতি ছত্রী দেশওয়ালী লোক সাকিন রামপুর পরগনে সৈয়দপুর পথরি থানা সৈয়দপুর জিলা গাজিপুর।

দোহার সিংহ বরকন্দাজ ওরফে দেবরাজ সিংহ লম্বাকদ পাতলা শরীর গালমোচ্ছা ও মোচ্ছ আছে হাতে রূপার তক্তি ২ খান ও কবচ বয়স আন্দাজ ৩০। ৩৫ বৎসর দেশওয়ালি লোক সাকিন বরহি গোবিন্দপুর জিলা পাটনা ইতি।

NOTICE

Required a Treasurer for the Mymensing Collectorate, unexceptionable security to the extent of Co's Rs 38,351, Salary 50 Co's Rs per mensem

R M SKINNER, *Collector*

Mymensing, Collector's Office,
The 11th October, 1842

ইশতিহার।

ময়মনসিংহের কালেকটরীতে এক জন খাজাঞ্চীর আবশ্যক আছে ঐ কর্ম্ম যে কেহ লইতে চাহেন তাঁহার ৩৮,৩৫১৲ টাকার মাতবর জামিন দিতে হইবেক। মাসিক বেতন ৫০ টাকা।

আর এম স্কিনর। কালেক্টর।

ময়মনসিংহের কালেকটরের কাছারী।
১৮৪২ সাল ১১ অক্টোবর।

SHERIFFS SALES

সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত ও বদনচন্দ্র কুণ্ডের নামে বেন্দিসিয়োনৈ এক্সপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার হুকুম মতে তিনি আগামি ডিসেম্বর মাসের ১ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ দফা। যশোহর জিলার মামুদশাহী পরগনার কুমড়াদহের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৩/ তিন বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত এবং বদনচন্দ্র কুণ্ডের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে ফকিরচাঁদ শার বাটী ও ভূমি পশ্চিম দিগে গোবহরি শার বাটী ও ভূমি উত্তর দিগে কুমড়া নদী।

২ দফা। এবং উক্ত জিলা ও পরগনায় মীর্জাপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৪/ চারি বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত এবং বদনচন্দ্র কুণ্ডের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্বদিগে উক্ত আসামী রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত এবং বদনচন্দ্র কুণ্ডের নূতন বাগান পশ্চিমদিগে গুরুপ্রসাদ মণ্ডলের বাটী ও ভূমি উত্তরদিগে বথতলার রাস্তা এবং দক্ষিণ দিগে কাশীনাথ শার বাটী ও ভূমি।

৩ দফা। এবং উক্ত জিলা ও পরগনায় কুমড়াদহের শামিল ও তন্মধ্যস্থিত যে এক নীলের কুঠি আছে এবং তাহার সঙ্গে যে ২ দুই যোড়া হৌজ এবং অন্যান্য সরঞ্জাম ও ভূমি কমবেশ ২/ বিঘা তাহার তিন আনা দশ গণ্ডার অংশে ও ঐ অংশের মধ্যে ও ঐ অংশের উপর উক্ত রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত ও বদনচন্দ্র কুণ্ডের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মলয় সাহেবের কুঠি পশ্চিম দিগে সূর্য্য নারায়ণ শার বাটী ও ভূমি ও উত্তর দিগে কুমড়ানদী ও দক্ষিণ দিগে মলয় সাহেবের বাঙ্গলা।

৪ দফা। এবং উক্ত জিলা ও পরগনার কাঞ্চনপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক নীলের কুঠি ও তাহার সঙ্গে দুইযোড়া হৌজ ও এক নীল জাল দেওয়ার ঘর তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৩/ বিঘা তাহার ছয় আনার অংশে ও তাহার ছয় আনা অংশের মধ্যে ও তাহার ছয় আনা অংশের উপর উক্ত রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত ও বদনচন্দ্র কুণ্ডের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মাঠ ও দক্ষিণ দিগে ডিঙ্গামারা নদী ও উত্তর ও পশ্চিম দিগে মাঠ।

৫ দফা। এবং উক্ত জিলা ও পরগনার শামিল ও তন্মধ্যস্থিত নিজ অশ্বরচাট নামে খ্যাত যে এক তালুক কিম্বা জমীদারী তাহার আট আনা অংশে ও তাহার আট আনা অংশের মধ্যে ও তাহার আট আনা অংশের উপর উক্ত রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত ও বদনচন্দ্র কুণ্ডের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

৬ দফা। এবং উক্ত জিলা ও পরগনার শামিল ও তন্মধ্যস্থিত নিজ কুমড়াদহ নামে খ্যাত যে অন্য এক তালুক কিম্বা জমিদারী তাহার দুই আনা পনের গণ্ডা অংশে ও তাহার দুই আনা পনের গণ্ডা অংশের মধ্যে ও তাহার দুই আনা পনের গণ্ডা অংশের উপর উক্ত রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত ও বদনচন্দ্র কুণ্ডের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

৭ দফা। এবং উক্ত জিলা ও পরগনার শামিল ও তন্মধ্যস্থিত ফাজিলপুর নামে খ্যাত অন্য এক তালুক কিম্বা জমিদারী তাহার ছয় আনা অংশে ও তাহার ছয় আনা অংশের মধ্যে ও তাহার ছয় আনা অংশের উপর উক্ত রামতনু শা ও বেণিমাধব শা ও লক্ষ্মীকান্ত দত্ত ও বদনচন্দ্র কুণ্ডের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

৮ দফা। এবং উক্ত জিলা ও পরগনায় কুমড়াদহের

শামিল ও তন্মধ্যস্থিত যে এক বসত বাটী ও কএক খান খড়ুয়া ঘর তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /২ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত লক্ষ্মীকান্ত দত্তের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব দিগে কৃষ্ণদত্তের বাটী ও ভূমি পশ্চিম দিগে নারায়ণ চক্রবর্ত্তির বাটী ও ভূমি এবং দক্ষিণ দিগে এক খণ্ড ধান্যের ভূমি এবং উত্তর দিগে।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে এই নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

INSOLVENT COURT

যোত্রহীনেরদের আদালত।

কলিকাতার যোত্রহীন কর্জ্জদারানদিগের পরিত্রাণার্থে আদালত।

এতদ্দ্বারা খবর দেওয়া যাইতেছে যে এই বিষয়ের আরজী দ্বারা এই আদালতে হুকুম হইল যে চ্যারলস ডিউপিরি বসল যিনি বরহ্যামপুরনিবাসি ইষ্ট ইণ্ডিয়া অনরেবেল কোম্পানির সিবিল কর্ম্মেতে এক সিনিয়ার মারচ্যাণ্ট এবং পূর্ব্বে ইষ্ট বর্দ্ধমান এবং দিনাজপুর এবং রঙ্গপুর এবং বানারস এবং ময়মনসিং এবং বিরেলিতে বাস করিতেন এইক্ষণে দেনার নিমিত্তে প্রধান কারাগারে বদ্ধ আছেন তাহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ গত রাজার অধিকারে নবম বৎসরের নিয়ম যাহা জার্জ দি ফোর্থ কর্ত্তৃক ভারতবর্ষের এবং সমুদায় অক্ষম ঋণিগণের উপকারার্থে নির্ণীত হইয়াছে সেই নিয়মের বিধ্যনুসারে আপন উদ্ধারের নিমিত্তে প্রার্থনা করেন সেই দরখাস্ত শ্রবণের হেতু উক্ত আদালতে আগামি ৭ সাতুঞি জানের শনিবার তারিখ নির্দ্ধারিত হইয়াছে।

ঐ চ্যারল্‌স ডিউপিরি বসলের মহাজনেরদের নাম এক ফর্দ্দে নির্দ্দিষ্ট করিয়া তাহার দরখাস্তের সম্মিলিত উক্ত আদালতে চিফ কেলার্ক দপ্তরখানায় দাখিল করিয়াছেন যে মহাজনের অভিলাস হয় সেই দপ্তরখানায় যাইলে দেখিতে পাইবেন।

জোসেফ ইসপেনলুর জজ
অনাথের উকীল।

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

ইশতাহার যে জর্জ ডগলস বোরক (জর্জ ডি বোরক নামের দ্বারা কএদ হন) ভারতবর্ষীয় আনরএবিল কোম্পানির একাত্তর পল্টন নেটিব ইনফেনটরির কাপ্তেন পূর্ব্বে বাঙ্গাল প্রসিডেনসি উপর মুলুক সাজিহানপুর এবং সম্প্রতি বিরিলিত্যাগি এবং এইক্ষণে কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ আছেন তাঁহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ চতুর্থ জর্জ নামক রাজার অধিকারে নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষে সকল অক্ষম দেনাদারের উপকারার্থে হইয়াছে সেই নিয়মানুসারে আপন উদ্ধারজন্য প্রার্থনা করেন্ ঐ দরখাস্ত শ্রবণজন্য আগামি শনিবার ৭ জানুআরি ঐ আদালতে নির্দ্ধারিত হইয়াছে ঐ জর্জ ডগলস বোরকের মহাজনদিগের নাম এক ফর্দ্দ নির্দ্দিষ্ট করিয়া তাঁহার দরখাস্তের সম্মিলিত ঐ আদালতের প্রধান ক্লার্কের দপ্তরখানায় দাখিল হইয়াছে তাহাতে যে মহাজনের বাঞ্ছা হয় সেই দপ্তরখানায় গিয়া দেখিবেন ইতি।

মারস্যাল এবং ওসান্সর ঐ আদালতের উকীল।
কলিকাতা ১৯ নবেম্বর ১৮৪২।

শহর কলিকাতার দেনাপরিশোধ অক্ষম প্রাণিরদিগের পরিত্রাণের আদালত।

খবর দেওয়া যাইতেছে যে ঐ আদালতের বর্ত্তমান নবেম্বর মাহার ২৬ তারিখের হুকুমানুসারে শহর কলিকাতার রাইড ইষ্টীরিট সাকিনের শ্রীযুত মাং জর্জ ওয়াইট ফেলেমিং সাহেব যে ব্যক্তি কোম্পানি বাহাদুরের জুডিসিয়ল ডিপার্টমেণ্টের সেকসান রায়টর অর্থাৎ কেরাণিগিরি কর্ম্ম করেন তিনি এক্ষণে কলিকাতার প্রধান কারাগারে কএদ আছেন ঐ ব্যক্তি আপন পরিত্রাণার্থে জর্জ ফোর্থ নামক গত বাদশাহের নবম বৎসরের যে আইন দেনাপরিশোধ অক্ষম প্রাণিরদিগের নিমিত্তে ভারতবর্ষে হয় ঐ আইনানুসারে ঐ ব্যক্তির দরখাস্তের বিষয় আগামি জানুআরি মাহার ৭ তারিখ শনিবার বেলা ১১ ঘন্টার সময় ঐ আদালতে শুনানি হইবেক উক্ত শ্রীযুত মাং জর্জ ওয়াইট ফেলেমিং সাহেবের যত মাহাজন লোক আছে ঐ মাহাজনদিগের নাম এক ফর্দ্দে লিখিয়া উহার দরখাস্তের সম্মিলিত চিফ কেলার্কের আফিসে দরপেস হইয়াছে যদ্যপি কোন মহাজন লোক ঐ ফর্দ্দ দেখিতে বাঞ্ছা করেন তবে ঐ চিফ কেলার্কের আফিসে গমন করিলে দেখিতে পাইবেন ইতি তারিখ ২৬ নবেম্বর সন ১৮৪২ সাল।

কলিকাতা ২৬ নবেম্বর ১৮৪২।
ডবলিউ ডিসা। ইনসালবেণ্টের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৯ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 6, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ৬ ডিসেম্বর।

DRAFTS OF ACTS

[*Second Insertion*]
FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 7TH OCTOBER, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 7th of October 1842 —

ACT No —— OF 1842

An Act to facilitate the Execution of Process issued by any of her Majesty's Courts of Justice in India and for the improvement of the administration of Justice therein

Whereas it is desirable to render more effectual the execution of the Judgments, Decrees, Orders and of all Process of Her Majesty's Courts of Justice in India, beyond the local limits of their respective jurisdictions, and to that end to apply the provisions of the Act No XXIII of 1840, for the execution within the Local Limits of Her Majesty's Courts in India of Legal Process issued by the authorities in the Mofussil, to the execution without such Local Limits of the Legal Process issued by Her said Majesty's Courts as nearly as the same may be made applicable thereto

I It is hereby enacted, that any Writ, Order, Warrant, or other Process whatsoever issued by any of Her Majesty's Courts of Justice in India may be executed as follows out of the Local Limits of those Courts respectively and within the respective Presidencies in which they are established in addition to such ways and means whereby the same may now be executed / A copy of such Writ, Order, Warrant or other Process and of all indorsements thereon purporting to be made by the Court issuing the same or any Judge thereof and authenticated by the Seal of the Court out of which it issues, and which Seal shall be taken to prove itself, and shall be suf-

আইনের মুসাবিদা।

[দ্বিতীয়বার প্রকাশিত।]
ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেন্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ৭ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৭ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল —— আক্ট।

ভারতবর্ষের শ্রীশ্রীমতী মহারাণীর কোন আদালতের হুকুম জারীর সুগম করণার্থ এবং ঐ আদালতে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বিচার হইবার নিমিত্ত আইন

যেহেতুক ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে ঐ আদালতের ফয়সলা ও ডিক্রী ও সর্ব্ব প্রকার হুকুমনামা পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে জারী করিতে এবং সেই কর্ম্ম সিদ্ধ করিবার নিমিত্ত মফঃসলের কর্ম্মকারকেরদের হুকুম ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের বিশেষ সীমাসরহদ্দের মধ্যে জারী করণার্থ ১৮৪০ সালের ২৩ আইনে যে২ বিধান আছে সেই২ বিধান যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত ঐ শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের বিশেষ সীমাসরহদ্দের বাহিরে ঐ আদালতের হুকুম জারী করণের বিষয়ে খাটাইতে উচিত বোধ হইল।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতহইতে যে কোন হুকুমনামা কিম্বা রিট কি ওয়ারেণ্ট অথবা অন্য কোন প্রকার পরওয়ানা ঐ২ আদালতের বিশেষ সীমাসরহদ্দের বাহিরে এবং যে রাজধানীতে আদালত স্থাপিত আছে সেই রাজধানীর অধীন দেশের মধ্যে এক্ষণে যে প্রকারে এবং যে উপায়ের দ্বারা জারী হইতে পারে তাহার অতিরিক্ত নীচের লিখিত প্রকারে জারী হইতে পারিবেক। অর্থাৎ ঐ প্রকার যে হুকুমনামা কি রিট কি ওয়ারেণ্ট অথবা অন্য কোন প্রকার পরওয়ানা এবং তাহার পৃষ্ঠের লিখিত কথা ঐ শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের কিম্বা তাহার কোন এক জন জজ সাহেবের হুকুমে বাহির হয় সেই হুকুমনামা প্রভৃতি সেই আদালতের মোহরে প্রবল হইলে ঐ হুকুম-

ficient proof of such Writ, Order, Warrant, Process, and of such Indorsements as aforesaid shall be forwarded to any Judge of any Court of the Honourable East India Company, Justice of the Peace, or any Magistrate in the Service of the said Honourable Company in and for the district or place wherein the same is to be executed, and whose aid in the execution of the said Writ, Order, Warrant or other Process is desired, who is hereby authorized and required under his hand and signature to endorse the same, and to direct the same to be executed within the limits of his jurisdiction according to the nature of such Writ, Order, Warrant or other Process, as nearly as may be as any Writ, Warrant, Order, Process or Proceeding for the like purpose would be executed when originally issued or made by any such Judge, Justice of the Peace or Magistrate as aforesaid

II And it is hereby provided that the person or persons to whom the delivery of such Order, Writ, Warrant or Process so endorsed as aforesaid is made shall execute the same according to the said direction, and the same shall be executed in all cases as nearly as may be as if the same had originally been issued or made by the said Judge, Justice of the Peace or Magistrate, and shall be subject to the same rules touching priority and the mode and order of execution as shall be then in force in respect of process or proceedings originally issued by such Judge, Justice of the Peace or Magistrate Provided always that no Judge, Justice of the Peace, or Magistrate, nor any person acting according to the said direction, shall be liable to any suit or action or other proceeding for putting in execution the said Writ, Warrant, Order, or other Process aforesaid according to the direction therein contained

III And it is hereby provided, that if the said Writ, Order, Warrant or Process shall be bailable and shall by endorsement under the hand of any Judge of the Court issuing the same direct in what amount and with what number of Sureties bail shall be taken, the said Judge, Justice of the Peace, or Magistrate aforesaid is hereby authorized and required to take such bail as is thereby directed to be taken but if no such direction be given then to take such bail as he shall think fit, and the same shall in either case to all intents and purposes be as valid and the Recognizance or other instrument of bail shall be as binding to all intents and purposes as well for purposes of jurisdiction as otherwise, and shall have all the like consequences as if the same had been taken before the said Court from which such Writ, Order, Warrant or Process originally issued, or before any Judge thereof

IV And it is hereby enacted, that all persons disobeying or obstructing the execution of any Order, Writ, Warrant, or other Process endorsed under this Act, shall be punishable in like manner and amenable to the same jurisdiction for such disobedience or obstruction, as if the same had been originally issued by such Judge, Justice of the Peace

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৬ ডিসেম্বর।]

নামাপ্রভৃতি যে জিলা বা স্থানে জারী করিতে হইবেক সেই জিলার বা স্থানের কোম্পানি বাহাদুরের আদালতের যে জজ সাহেব অথবা যে জুষ্টিস অফ দি পীস সাহেব অথবা কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত যে কোন মাজিষ্ট্রেট সাহেবের সাহায্যেতে ঐ হুকুমনামাপ্রভৃতি জারী করণের আবশ্যক আছে তাঁহার নিকটে পাঠান যাইবেক। এবং ইহার দ্বারা ঐ জজপ্রভৃতিকে ক্ষমতা দেওয়া গেল এবং তাঁহারদের প্রতি হুকুম হইল যে ঐ হুকুমনামাপ্রভৃতির পৃষ্ঠে দস্তখৎ করেন এবং ঐ জজ অথবা জুষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেব আপনারাই সেই প্রকার হুকুমনামাপ্রভৃতি বাহির করিলে যেরূপে জারী হইত সেইরূপে ঐ শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের হুকুমনামাপ্রভৃতির ভাব বুঝিয়া তাহা আপন২ এলাকার সীমাসরহদ্দের মধ্যে জারী করিতে হুকুম দেন্। এবং ঐ হুকুমনামাপ্রভৃতিতে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের মোহর থাকিলে তাহাতেই প্রমাণ হইবেক যে ঐ মোহর নিতান্তই সেই আদালতের এবং ঐ হুকুমনামাপ্রভৃতি এবং তাহার পৃষ্ঠে লেখা কথা সেই আদালতহইতে বাহির হইয়াছে ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্তমতে পৃষ্ঠে দস্তখৎ দেওয়া হুকুমনামা কি রিট অথবা ওয়ারণ্ট বা অন্য কোন পরওয়ানা যে ব্যক্তি বা ব্যক্তিরদিগের নামে হয় সেই ব্যক্তি বা ব্যক্তিরা তাহার মধ্যের লিখিত নিয়মানুসারে তাহা জারী করিবেক। এবং ঐ হুকুমনামাপ্রভৃতি আদৌ জজ কি জুষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেবের হুকুমে বাহির হইলে যেরূপে জারী হইত সাধ্য পর্য্যন্ত তাহা প্রত্যেক গতিকে সেইরূপে জারী হইবেক। এবং জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবেরা নিজে সেই২ হুকুম দেন সেই হুকুমনামাপ্রভৃতি যে ক্রমে ও যে প্রকারে ও যে অনুসারে জারী করিতে হয় সেই বিষয়ে যে দাড়া আছে সেই দাঁড়ামতে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের ঐ হুকুমনামাপ্রভৃতি জারী হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ হুকুমনামাপ্রভৃতির মধ্যে যে নিয়ম লেখা থাকে তদনুসারে তাহা জারী করণের নিমিত্ত কোন জজ বা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের নামে কি সেই নিয়মানুসারে যে কোন ব্যক্তি কর্ম্ম করেন্ তাঁহার নামে কোন প্রকারে নালিশ হইতে পারিবেক না ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ঐ হুকুমনামাপ্রভৃতিক্রমে যদি জামিন লওয়া যাইতে পারে এবং যে আদালতহইতে তাহা বাহির হয় সেই আদালতের কোন এক জন জজ সাহেব কত টাকার এবং কয় জন জামিন লইতে হইবেক ইহা যদি তাহার পৃষ্ঠে লিখিয়া থাকেন্ তবে পূর্ব্বোক্ত জজ কি জুষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেবের প্রতি হুকুম হইল যে তাহার মধ্যে যে জামিন লইবার হুকুম আছে সেই জামিন লন্। কিন্তু যদি ঐ হুকুমনামাপ্রভৃতির মধ্যে জামিনের বিশেষ কোন নিয়ম লেখা না থাকে তবে ঐ জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেব যেমত উচিত বুঝেন্ সেইমত জামিন লইবেন। এবং যে আদালতহইতে ঐ হুকুমনামাপ্রভৃতি বাহির হয় সেই আদালতের মধ্যে অথবা তাহার কোন এক জন জজ সাহেবের সম্মুখে জামিন লওয়া গেলে যেরূপ হইত মফঃসলের জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের লওয়া জামিন সর্ব্ব প্রকারে সেইরূপ মাতবর জ্ঞান হইবেক এবং যে মুচলকা কিম্বা জামিনী পত্র লওয়া যায় তাহা আদালতের এলাকার সম্পর্কে এবং অন্যান্য বিষয়ের সম্পর্কে সেইরূপ বলবৎ হইবেক এবং তাহার সেইরূপ ফলও হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনক্রমে যে হুকুমনামাপ্রভৃতির পৃষ্ঠে দস্তখৎ হয় ঐ হুকুমনামাপ্রভৃতি যে সকল ব্যক্তি না মানে অথবা তাহা জারীর বাধকতা করে ঐ হুকুমনামাপ্রভৃতি জজ বা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের আদালতহইতে আদৌ বাহির হইলে তাহা না মানন কি তাহার বাধকতা করণে যেরূপ ও যে আদালতে দণ্ডনীয় হইত সেইরূপ

or Magistrate as aforesaid Provided always that in the case of Process for the attendance of Witnesses, the same rules shall be observed concerning the tender of expenses and other matters as are established in regard to Subpœnas issued from Her Majesty's said Courts

V And it is hereby enacted, that in the case of persons seized or detained by virtue of any Order, Writ, Warrant or other Process executed under the authority of this Act, where the same is endorsed as hereinafter mentioned, it shall be the duty of such Judge, Justice of the Peace, or Magistrate, and they are hereby required to deliver the person or persons in custody to the authority of persons specified by endorsement on the said Writ, and who shall have been charged with the execution of the Writ, Warrant, or other Process by the authority originally issuing the same, and for that purpose to cause the party to be conveyed to any place within the Company's Territories beyond the Local Limits of the jurisdiction of such Judge, Justice of the Peace or Magistrate And it is further provided that the same indorsement shall be signed by one of the Judges of the said Court

VI And it is hereby enacted, that all Writs, Process and other proceedings as aforesaid of Her said Majesty's Courts which are intended to be executed by the aid of any Judge of any of the Courts of the Honourable East India Company, or of any Justice of the Peace, or of any such Magistrate as aforesaid, shall be in the same form and be addressed in like manner as they are now addressed but in addition thereto shall have endorsed on the same under the hand of any of the Judges of the Court out of which the same shall issue

The following word or words to the like effect

'This (describing the instrument,) may be executed under the provisions of the Act of by any Judge, Justice of the Peace or Magistrate thereby authorized to act in aid of the execution of the Process of Her Majesty's Courts in India,' and thereupon the same may either be executed by and under the provisions of this Act, or in any manner in which the same may otherwise by Law be executed, and the party or parties suing out such Process as aforesaid may instead of delivering the same to the Sheriff or other person to whom the same is addressed, transmit the same for execution to the Judge, Justice of the Peace or Magistrate, by whom the same is intended to be executed in aid, and in such case the Sheriff or other person to whom the same is addressed shall not be liable in any way in respect of the execution or non-execution of the same, nor be in any manner called upon to return the same

